তৎকালে ভীষ্ম রৌপ্যময় রথে অবস্থান করিতেছিলেন এবং সে রথে স্বর্ণ-

(১৯)…সর্বে বলিনো মুক্তমালিনঃ—বা ব রা নি। (২০)…সমৃদ্ধা দশ বাহিন্যঃ…পি।

দৃষ্ট্বা চমূমুখে ভীষ্মং সমকম্পন্ত পাণ্ডবাঃ।
সৃঞ্জয়াশ্চ মহেষ্বাসা ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ ॥২৪॥
জৃম্ভমাণং মহাসিংহং দৃষ্ট্বা ক্ষুদ্রমৃগা যথা।
ধৃষ্টদ্যুম্নমুখাঃ সর্ব্বে সমুদ্বিবিজিরে মুহুঃ ॥২৫॥
একাদশৈতাঃ শ্রীজুষ্টা বাহিন্যস্তব পার্থিব !।
পাণ্ডবানাং তথা সপ্ত মহাপুরুষপালিতাঃ ॥২৬॥
উন্মত্তমকরাবর্ত্তৌ মহাগ্রাহসমাকুলৌ।
যুগান্তে সমবেতৌ দ্বৌ দৃশ্যেতে সাগরাবিব ॥২৭॥
নৈব নস্তাদৃশো রাজন্ ! দৃষ্টপূর্ব্বো ন চ শ্রুতঃ।
অনীকানাং সমেতানাং কৌরবাণাং তথাবিধঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি সৈন্যবর্ণনে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। চমূমুখে সেনাগ্রদেশে। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরা অপি ॥২৪॥
জৃম্ভেতি। জৃম্ভমাণম্ আক্রমণায় দীর্ঘীকৃতদেহম্। মুহুরনবরতম্ ॥২৫॥
একেতি। শ্রীজুষ্টা বীরশোভাযুক্তাঃ, বাহিন্যঃ অক্ষৌহিণ্যঃ। সপ্ত অক্ষৌহিণ্যঃ ॥২৬॥
উন্মত্তেতি। উন্মত্তা মকরা জলজন্তুবিশেষা যেষু তে তাদৃশা আবর্ত্তা জলভ্রমযো যয়োস্তৌ, মহাগ্রাহৈর্ভীষণজলজন্তুবিশেষৈঃ সমাকুলৌ ব্যাপ্তৌ। দ্বৌ সৈন্যসমূহৌ ॥২৭॥

খচিত তালপ্রমাণ একটা ধ্বজ ছিল। সুতরাং কৌরবগণ ও পাণ্ডবগণ ভীষ্মকে শ্বেতমেঘে অবস্থিত সূর্য্যের ন্যায় দেখিতে লাগিলেন ॥২৩॥

পাণ্ডবগণ ও ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি মহাধনুর্দ্ধর সৃঞ্জয়গণ কৌরবসৈন্যের সম্মুখে ভীষ্মকে দেখিয়া কম্পিত হইতে লাগিলেন ॥২৪॥

আক্রমণের জন্য দেহবিস্তারকারী মহাসিংহকে দেখিয়া ক্ষুদ্র মৃগসমূহের ন্যায় ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি বিপক্ষেরা সকলেই ভীষ্মকে দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন হইলেন ॥২৫॥

রাজা! বীরশোভায় শোভিত আপনার এই এগার অক্ষৌহিণী সৈন্যকে এবং পাণ্ডবগণের সাত অক্ষৌহিণী সৈন্যকে মহাপুরুষেরা রক্ষা করিতে লাগিলেন ॥২৬॥

উন্মত্ত মকরযুক্ত আবর্ত্তে (ঘোলায়) পরিপূর্ণ এবং মহাজলজন্তুসঙ্কুল প্রলয়-কালীন সমবেত দুইটা সমুদ্রের ন্যায় সেই দুইটা সৈন্যকে দেখা যাইতে লাগিল ॥২৭॥

(২৭)…যুগান্তে সমুপেতৌ দ্বৌ… পি।

সপ্তদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

যথা স ভগবান্ ব্যাসঃ কৃষ্ণদ্বৈপায়নোঽব্রবীৎ।
তথৈব সহিতাঃ সর্বে সমাজগ্মুর্মহীক্ষিতঃ ॥১॥
মঘাবিষয়গঃ সোমস্তদ্দিনং প্রত্যপদ্যত।
দীপ্যমানাশ্চ সম্পেতুর্দিবি সপ্ত মহাগ্রহাঃ ॥২॥

ভারতকৌমুদী

নেতি। নঃ অস্মাভিঃ। কৌরবাণাং কুরুপাণ্ডবানাম্, তথাবিধঃ সংঘর্ষ ইতি শেষঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্বণি ভগবদ্গীতাপর্ব্বণি ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

যথেতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবত্ত্বেন মাহাত্ম্যবান্, স কৃষ্ণদ্বৈপায়নো ব্যাসঃ, যথা উৎপাতান্, (অস্যৈব পর্ব্বণো দ্বিতীয়তৃতীয়াধ্যায়য়োঃ) অব্রবীৎ; সহিতাঃ সর্ব এব মহীক্ষিত উভয়পক্ষীয়া আসন্নমৃত্যবো রাজানঃ, তথৈব উৎপাতান্, সমাজগ্মুঃ প্রত্যক্ষমপ্রত্যক্ষঞ্চ প্রাপুঃ ॥১॥

তত্র যোগিব্যতিরিক্তানামপ্রত্যক্ষমুৎপাতমাহ দ্বাভ্যাম্। মঘেতি। তদ্দিনং তস্মিন্ যুদ্ধারম্ভদিনে। অত্যন্তসংযোগে দ্বিতীয়া। সোমশ্চন্দ্রঃ, মঘায়া ইব বিষয়ো মাত্রায়ামনিষ্ট-

ভারতভাবদীপঃ

তূণবন্তঃ ॥১৪—১৮॥ বদ্ধকৃষ্ণাজিনা ইতি যুদ্ধে মরণদীক্ষাং কৃতবন্ত ইত্যর্থঃ ॥১৯—২৬॥ তথাবিধঃ সম্মর্দ্দ ইতি শেষঃ ॥২৭—২৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

রাজা! সম্মিলিত কুরুপাণ্ডবসৈন্যের সেইরূপ সংঘর্ষ আমরা পূর্ব্বে দেখি নাই, কিংবা শুনিও নাই' ॥২৮॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'ভগবান্ সেই কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস যেরূপ উৎপাতের বিষয় বলিয়াছিলেন, সম্মিলিত রাজারা সকলেই সেইরূপ উৎপাত অনুভব করিতে লাগিলেন ॥১॥

ভারতকৌমুদী

করণরূপং লক্ষ্যং যস্য তৎ মঘাবিষয়ং ভরণীনক্ষত্রং গচ্ছতীতি স তাদৃশঃ, প্রত্যপদ্যত অভবৎ তদানীং চন্দ্রো ভরণ্যামতিষ্ঠদিত্যর্থঃ। অনেন চোৎপাতেন তদানীং শিবিরতো যুদ্ধায় নির্গতানাং মরণমেব সূচিতম্, "উত্তরাসু বিশিখাসু মঘার্দ্রাভরণীষু চ। কৃত্তিকাশ্লেষয়োশ্চাপি যাত্রায়াং মরণং ধ্রুবম্॥" ইতি জ্যোতির্বচনাদিতি ভাবঃ। তত্রাষাত্রিকনক্ষত্রেষু মঘায়া এব প্রাধান্যেন প্রসিদ্ধেস্তদুপাদানং ভরণ্যা অপি তত্তুল্যতাজ্ঞাপনার্থম্। দিবি আকাশে চ, রাহুকেতুভিন্না রব্যাদয়ঃ সপ্ত মহাগ্রহা এব, দীপ্যমানাঃ সন্তঃ, সম্পেতুঃ সমুদীয়ুঃ। রবিপ্রকাশে গ্রহান্তরাণাং দীপ্যমানত্বমেবোৎপাতঃ প্রজানর্থসূচকঃ।

প্রথমার্দ্ধস্যৈদৃশব্যাখ্যানে চ "হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্। প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥" ইতি ভারতসাবিত্রীবচনৈকবাক্যতাপি সুষ্ঠু সঙ্গচ্ছতে। হেমন্তে প্রথমে মাসি মার্গশীর্ষে মাসি, "সহশ্চ সহস্যশ্চ হৈমন্তিকাবৃতূ" ইতি তিথিতত্ত্বধৃতশ্রুতেঃ; যমদৈবতে ভরণ্যাম্, "অশ্বি-যম-দহন-" ইত্যাদিনক্ষত্রদেবতাবোধকজ্যোতির্বচনাৎ। ন চেদানীন্তনমহাভারতপুস্তকেষু স্বর্গারোহণপর্বণি অস্যাদৃশভারতসাবিত্রীদর্শনাদিদমপ্রমাণমিতি বাচ্যম্, অস্যার্ষগ্রন্থান্তরত্বাৎ তেনৈব চ সমাজবিশেষেঽস্য শ্রাদ্ধাদৌ পাঠব্যবহারাৎ নীলকণ্ঠাদিভিরনেকৈরেব প্রাচীনৈর্ধৃতত্বাচ্চ।

অথ মার্গশীর্ষশুক্লপক্ষত্রয়োদশ্যাং ভরণীনক্ষত্রে যুদ্ধারম্ভে "সপ্তমাচ্চাপি দিবসাদমাবস্যা ভবিষ্যতি। সংগ্রামো যুজ্যতাং তস্যাং তাং হ্যাহুঃ শক্রদৈবতাম্॥" ইত্যুদ্যোগপর্ব্বণি ত্রয়স্ত্রিংশদধিকশততমাধ্যায়ে কর্ণং প্রতি কৃষ্ণস্য অমাবস্যায়াং যুদ্ধারম্ভোক্তির্ন সঙ্গচ্ছত ইতি চেন্ন, অনেন বচনেন কৃষ্ণেন স্বমতমাত্রাভিধানাৎ তত্রামাবস্যায়াং যুদ্ধং প্রবৃত্তমিত্যর্থপ্রত্যায়না ভাবাৎ। "প্রয়াধ্বং বৈ কুরুক্ষেত্রং পুষ্যোঽদ্যেতি পুনঃ পুনঃ।" ইত্যুদ্যোগপর্ব্বণি চত্বারিংশদধিকশততমাধ্যায়ে কৃষ্ণস্য দুর্য্যোধনবাক্যানুবাদোঽপি পুষ্যনক্ষত্রে কুরুক্ষেত্রে গমনোপদেশমেব প্রত্যায়য়তি, ন তু তত্র যুদ্ধারম্ভম্।

যচ্চ "চত্বারিংশদহান্যদ্য দ্বে চ মে নিঃসৃতস্য বৈ। পুষ্যেণ সংপ্রয়াতোঽস্মি শ্রবণে পুনরাগতঃ। শিষ্যয়োর্বৈ গদাযুদ্ধং দ্রষ্টুকামোঽস্মি মাধব!॥" ইতি শল্যপর্ব্বণি দুর্য্যোধনহ্রদপ্রবেশপ্রকরণে গদাযুদ্ধারম্ভাৎ পূর্বং বলরামবচনম্, তত্রাপি ন কাচিদনুপপত্তিঃ। তথা চ যাত্রাপ্রশস্তনক্ষত্রে পুষ্যে রামস্য দ্বারকাতো নির্যাণম্, কার্য্যবিশেষবশাৎ পথি বিলম্ব্য বিলম্ব্য বন্ধুসংবাদসংগ্রহার্থং যুদ্ধারম্ভাৎ পূর্ব্বং পাণ্ডবশিবিরে সমাগমনম্, ততস্তীর্থপর্য্যটনম্, যুদ্ধস্যাষ্টাদশদিনে শিষ্যয়োর্ভীমদুর্য্যোধনয়োর্গদাযুদ্ধদর্শনার্থং শ্রবণানক্ষত্রে কুরুক্ষেত্রে পুনরুপস্থিতিঃ। এবঞ্চ পুষ্যাবধিশ্রবণাপর্য্যন্তানি পঞ্চদশ নক্ষত্রাণি, পুনর্নিষ্ঠাবধিশ্রবণাপর্য্যন্তানি সপ্তবিংশতির্নক্ষত্রাণীতি মেলনাৎ দ্বিচত্বারিংশদ্দিনেষু দ্বিচত্বারিংশন্নক্ষত্রাণি ভবন্তীতি। অথাগ্রহায়ণশুক্লত্রয়োদশ্যাং ভরণীনক্ষত্রে যুদ্ধারম্ভ ইতি ভারতসাবিত্র্যামুক্তম্, "অমাবস্যান্তু সন্ধ্যায়াং রাজা দুর্য্যোধনো হতঃ" ইতি চ ভারতসাবিত্রীবচনম্। ততশ্চ শুক্লত্রয়োদশীতঃ অমাবস্যা অষ্টাদশী তিথিরেব ভবতি; কিন্তু ভরণীতঃ শ্রবণায়া একবিংশনক্ষত্রতয়া অষ্টাদশসু দিনেষু একবিংশতি-

ভারতকৌমুদী

নক্ষত্রাণাং সমাবেশো ন ভবিতুমর্হতীতি চেন্ন, শুক্লত্রয়োদশ্যাং প্রাতর্য্যুদ্ধারম্ভকালে ভরণী, ততস্তদ্দিন এব কৃত্তিকাক্ষয়ঃ, দিনান্তরে বা নক্ষত্রান্তরক্ষয়ঃ, পরামাবস্যায়ামপরাহ্ণে যাবদুত্তরাষাঢ়া, পরঞ্চ সায়াহ্নে শ্রবণাপাতঃ, তত্র চ রামোপস্থিতিরিত্যষ্টাদশস্থ দিনেষু একনক্ষত্রক্ষয়সম্ভবাৎ সর্ব্বথোপপত্তেঃ। নন্থ তথাপি "অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ ফাল্গুনশ্চ ত্রিভো মতঃ। শেষা মাসা দ্বিভা জ্ঞেয়াঃ কৃত্তিকাদিব্যবস্থয়া॥" ইতি জ্যোতির্ব্বচনাৎ মৃগশির আর্দ্রান্যতরস্য মার্গশীর্ষপূর্ণিমায়ামাবশ্যকত্বাৎ তয়োশ্চ মিথুনরাশিঘটকত্বাৎ পূর্ণিমামাবস্যয়োশ্চ পরস্পরং সপ্তমরাশিপাতনিয়মাৎ মিথুনাদ্ধনুষশ্চ সপ্তমত্বাৎ শ্রবণানক্ষত্রস্য চ তদঘটকত্বাৎ গুরুতরৈবানুপপত্তিরস্তীতি চেৎ, সত্যম্, তদানীমৌৎপাতিকতয়া প্রায়েণৈব গ্রহনক্ষত্রাদীনাং বিনিয়মাদুপপত্তিরিতি ক্রমঃ, এতৎপর্ব্বণ এব তৃতীয়াধ্যায়ে ব্যাসোক্তৌ একস্যামেব ত্রয়োদশ্যাং চন্দ্রসূর্য্যোভয়গ্রহণবৎ।

অথ "অষ্টপঞ্চাশতং রাত্র্যঃ শয়ানস্যাদ্য মে গতাঃ। শরেষু নিশিতাগ্রেষু যথা বর্ষশতং তথা॥ মাঘোঽয়ং সমনুপ্রাপ্তো মাসঃ পুণ্যো যুধিষ্ঠির!। ত্রিভাগশেষঃ পক্ষোঽয়ং শুক্লো ভবিতুমর্হতি॥" ইত্যনুশাসনপর্ব্বণি ভীষ্মস্বর্গারোহণপ্রকরণে ভীষ্মোক্তির্ন সঙ্গচ্ছতে। তথা চ "মার্গে মাসি হতো ভীষ্মঃ শুক্লপক্ষে যথাষ্টমি।" ইতি ভারতসাবিত্রীবচনেন মুখ্যচান্দ্রাগ্রহায়ণকৃষ্ণপক্ষসপ্তম্যাং ভীষ্মস্য শরশয্যাশয়নজ্ঞাপনে পরবর্ত্তিমাঘশুক্লাষ্টম্যাঃ সপ্তচত্বারিংশত্তিথিরূপত্বেন অষ্টপঞ্চাশদ্রাত্রিষু শরশয্যায়াং ভীষ্মস্য শয়নং ন সম্ভবতি। ন চ যথাষ্টমীত্যনেন সপ্তম্যাং পতনং কথং লভ্যত ইতি বাচ্যম্, অষ্টমীমনতিক্রম্যেত্যব্যয়ীভাবসমাসেন অষ্টম্যাঃ কিয়ন্তমপ্যংশমনতিক্রম্যেত্যর্থলাভেন সপ্তম্যামেব তৎপতনলাভাৎ ভীষ্মস্য দশদিনযুদ্ধপ্রসিদ্ধের্যুদ্ধারম্ভতিথিশুক্লত্রয়োদশীতঃ কৃষ্ণসপ্তম্যা এব দশমতিথিত্বাচ্চ। "অর্জ্জুনেন হতো ভীষ্মো মাঘমাসেঽসিতাষ্টমী" ইতি নীলকণ্ঠধৃতো ভারতসাবিত্রীপাঠস্থ প্রামাদিক এব, "…হতোঽস্য শিখণ্ডিনা" ইতি সঞ্জয়োক্ত্যা অর্জ্জুনেন ভীষ্মস্যাহননাৎ তদানীং মাঘমাসানাগমাৎ অসিতাষ্টম্যাভাবাৎ আকরেষ্বসত্ত্বাচ্চ। ন চ মাঘশুক্লাষ্টম্যামসৌ ভীষ্মোক্তিঃ তত্রৈব চাসৌ মৃত ইতি কুতো লভ্যত ইতি বাচ্যম্। যেন হি ত্রিংশত্তিথ্যাত্মকমাসস্য সার্দ্ধসপ্তরূপ একৈকো ভাগঃ স্যাৎ। এবঞ্চ "মাঘোঽয়ং সমনুপ্রাপ্তঃ" ইত্যাদ্যুক্তবচনে ত্রয়ো ভাগাঃ শেষা যস্যেত্যর্থকতয়া সার্দ্ধসপ্ততিথের্লব্ধত্বাৎ "ত্রিভাগশেষঃ" ইত্যনেনৈব মাঘশুক্লাষ্টম্যামসৌ ভীষ্মোক্তিস্তন্মৃত্যুশ্চ লভ্যতে। ইতি চেৎ সত্যম্, অষ্টানাং পঞ্চভির্গুণনে চত্বারিংশদুবস্থি, তেন চাষ্টপঞ্চেত্যনেন চত্বারিংশৎ সংখ্যা লভ্যন্তে, অশতঞ্চ সপ্ত "অশতং সপ্ত নির্দ্দিষ্টং সাহ্বং সাহ্বয়কে যথা" ইতি সম্প্রদায়বচনাৎ। ততশ্চ "অষ্টপঞ্চাশতং রাত্র্যঃ" ইত্যনেনৈব সপ্তচত্বারিংশদ্রাত্রয়ো লভ্যন্তে। ইত্থঞ্চ মুখ্যচান্দ্রাগ্রহায়ণকৃষ্ণপক্ষসপ্তম্যাং শরশয্যায়াং শয়িতস্য ভীষ্মস্য মাঘশুক্লাষ্টম্যাং সপ্তচত্বারিংশদ্রাত্রিষ্বেব শয়নং ভবতীতি সর্ব্বমবদাতম্।

সেই দিনে চন্দ্র ভরণীনক্ষত্রে গিয়াছিলেন এবং রাহু ও কেতু ভিন্ন সাতটা মহাগ্রহই উজ্জ্বল হইয়া আকাশে উঠিয়াছিল ॥২॥

ভারতকৌমুদী

অত্রায়মিতিহাসসংক্ষেপঃ—অদ্য ১৮৫৭ শকাব্দীয়সৌরপৌষমাসগতপঞ্চমদিবসঃ, (১৩৪২ বঙ্গাব্দীয়সৌরপৌষমাসপঞ্চমদিনম্, ১৯৩৫ খৃষ্টাব্দীয়ডিসেম্বরমাসগতৈকবিংশদিনঞ্চ)। ইতঃ পূর্ব্ববর্ত্তিনি ষট্‌ত্রিংশদধিকপঞ্চসহস্রতমে বৎসরে (৫০৩৬ অব্দে) (ক) সৌরজ্যৈষ্ঠমাসস্যাষ্টাদশদিবসে কৃষ্ণপক্ষসপ্তম্যামপরাহ্নে ত্রিগর্ত্তরাজেন সুশর্ম্মণা সহ দক্ষিণগোগ্রহে বিরাটরাজস্য যুদ্ধম্। তৎপরদিনে সৌরজ্যৈষ্ঠমাসস্যোনবিংশদিবসে পূর্ব্বাহ্নে কৃষ্ণাষ্টম্যাম্ উত্তরগোগ্রহে কৌরবৈঃ সার্দ্ধমর্জ্জুনস্য যুদ্ধম্ (খ)। ততস্তস্যৈব সৌরজ্যৈষ্ঠমাসস্য শেষভাগে উপপ্লব্যনগরে উত্তরয়া সহাভিমন্যোর্বিবাহঃ (গ)। তত আষাঢ়াদারভ্য কার্ত্তিকার্দ্ধং যাবদুভয়োঃ কুরুপাণ্ডবপক্ষয়োর্যুদ্ধায়োজনম্ (ঘ)। ততঃ সন্ধিসম্পাদনায় কার্ত্তিকশুক্লদ্বাদশ্যাং রেবতীনক্ষত্রে কৃষ্ণস্য হস্তিনানগরে প্রস্থানম্ (ঙ)। ততো দুর্য্যোধনেন সন্ধ্যনঙ্গীকারে কৃষ্ণস্যোপপ্লব্যনগরে প্রত্যাবর্ত্তনম্, কুরুপাণ্ডবপক্ষয়োঃ কুরুক্ষেত্রে শিবিরসন্নিবেশঃ সেনানির্যাপণঞ্চ (চ)। ততশ্চাগ্রহায়ণমাসস্য শুক্লপক্ষত্রয়োদশ্যাং ভরণীনক্ষত্রে কুরুক্ষেত্রে কুরুপাণ্ডবয়োর্যুদ্ধারম্ভঃ (ছ)। তদ্দশমদিনে কৃষ্ণপক্ষসপ্তম্যাং ভীষ্মস্য শরশয্যায়াং পতনম্ (জ)। তৎপঞ্চদশদিবসে স্বল্পদ্বাদশীযুক্তত্রয়োদশ্যাং মধ্যাহ্নে দ্রোণবধঃ (ঝ)। তৎসপ্তদশদিবসে কৃষ্ণচতুর্দ্দশ্যাং

(ক) ইতঃ পঞ্চবৎসরপূর্ব্বং ১৮৫২ শকাব্দে বঙ্গভাষয়া মৎপ্রণীতে যুধিষ্ঠিরসময়াখ্যে আদিপর্ব্বসন্নিবেশিতে গ্রন্থে কুরুপাণ্ডবযুদ্ধবৎসরপ্রকরণে সপ্রমাণং সবিস্তরঞ্চেদং দ্রষ্টব্যম্।

(খ) "প্রথমং তৈগ্রহীতব্যং মৎস্যানাং গোধনং মহৎ। সপ্তম্যামপরাহ্নে বৈ তথা তৈস্তু সমাহিতম্॥ অষ্টম্যাং পুনরস্মাভিরাদিত্যস্যোদয়ং প্রতি। ইমা গাবো গ্রহীতব্যা গতে মৎস্যে গবাং পদম্॥" ইতি বিরাটপর্ব্বণি ৪২ অধ্যায়ে ১০—১১ শ্লোকৌ। "আদত্ত গাঃ সুশর্ম্মা তু কৃষ্ণপক্ষস্য সপ্তমীম্।" ইতি বিরাটপর্ব্বণি ২৮ অধ্যায়ে ২৭ শ্লোকার্দ্ধম্। তদব্দীয়সৌরজ্যৈষ্ঠমাসস্য অষ্টাদশোনবিংশদিবসয়োর্দক্ষিণগোগ্রহোত্তরগোগ্রহয়োঃ প্রমাণন্তু বিরাটপর্ব্বণি ৪৭ অধ্যায়ে চতুর্থশ্লোকস্য মৎপ্রণীতায়াং ভারতকৌমুদীটীকায়ামেতদনুসন্ধেয়ম্।

(গ) বিরাটপর্ব্বণঃ ৬৫ অধ্যায়াৎ সমাপ্তিপর্য্যন্তং দ্রষ্টব্যম্। কিঞ্চ "এতাবানিহ সংবাসো বিহিতস্তে ময়া সহ। ষণ্মাসান্ সপ্তমে মাসি বীর! ত্বং নিধনং গতঃ॥" ইতি স্ত্রীপর্ব্বণি উত্তরায়া বিলাপবাক্যং জ্যৈষ্ঠে বিবাহং বিনা অগ্রহায়ণস্য সপ্তমত্বাভাবান্নোপপদ্যতে।

(ঘ) উদ্‌যোগপর্ব্বণঃ প্রথমাবধিভগবদ্‌যানপ্রকরণপর্য্যন্তং দ্রষ্টব্যম্।

(ঙ) "কৌমুদে মাসি রেবত্যাং শরদন্তে হিমাগমে। স্ফীতশস্যমুখে কালে কল্যঃ সত্ত্ববতাং বরঃ॥" ইত্যুদ্‌যোগপর্ব্বণি সপ্তসপ্ততিতমাধ্যায়ে কার্ত্তিকে মাসি রেবতীনক্ষত্রে কৃষ্ণস্য সন্ধিকরণায় প্রস্থানমভিহিতম্। ততশ্চ "অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ" ইত্যাদি জ্যোতির্ব্বচনেন তৎপূর্ণিমায়াং কৃত্তিকারোহিণ্যন্যতরনক্ষত্রস্য নিয়তত্বাৎ রেবত্যাং দ্বাদশী প্রতীয়তে।

(চ) উদ্‌যোগপর্ব্বণো ভগবদ্‌যানপ্রকরণশেষঃ সৈন্যনির্যাণপ্রকরণঞ্চ প্রমাণম্।

(ছ) "হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্। প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥" ইতি ভারতসাবিত্রীবচনং দ্রষ্টব্যম্।

(জ) "মার্গে মাসি হতো ভীষ্মঃ কৃষ্ণপক্ষে যথাষ্টমি।" ভারতসাবিত্রী।

ভারতকৌমুদী

সায়াহ্নে কর্ণবধঃ (ঞ)। তদষ্টাদশদিবসে অমাবস্থায়াং মধ্যাহ্নে শল্যবধঃ, সায়াহ্নে চ দুর্য্যোধনস্যোরুভঙ্গঃ (ট)। তৎপরদিনে পৌষশুক্লপ্রতিপদি যুধিষ্ঠিরস্য রাজ্যলাভো যৌধিষ্ঠিরাব্দপ্রবর্ত্তনঞ্চ (ঠ)। ততো মাঘশুক্লাষ্টম্যাং ভীষ্মস্য স্বর্গারোহণম্ (ড)। ততো মাঘপূর্ণিমায়াং কলিযুগারম্ভশ্চেতি (ঢ) ॥২॥

ভারতভাবদীপঃ

যথা স ইতি ॥১॥ মঘাবিষয়গঃ সোমস্তদ্দিনং প্রত্যপদ্যতেতি। মঘা পিত্র্যং নক্ষত্রং তস্য বিষয়ো দেশঃ পিতৃলোকস্তদ্গতঃ সোমঃ। কুরুপাণ্ডবযুদ্ধারম্ভদিনমুক্তং ভারতসাবিত্র্যাম্—"হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্। প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥" প্রথমে মার্গশীর্ষে। অত্র ত্রয়োদশীশব্দেন তদ্যুক্তা চতুর্দ্দশ্যেব গ্রাহ্যা। "অর্জ্জুনেন হতো ভীষ্মো মাঘমাসেঽসিতাষ্টমি" ইতি। "ত্রয়োদশ্যান্তু মধ্যাহ্নে ভারদ্বাজো নিপাতিত" ইতি তত্রৈব, যুদ্ধস্য দশমে পঞ্চদশে চাহ্নি হতয়োর্ভীষ্মদ্রোণয়োরষ্টমীত্রয়োদশীসংযোগদর্শনাৎ অত্র পৌষেঽপি মাঘশব্দো মকরায়নাভিপ্রায়েণ তদানীং তৎসম্ভবাৎ অসিতাষ্টমীতি চ্ছেদঃ। অন্যথা সপ্তমীদ্বাদশ্যোরেব তয়োর্হননং প্রাপ্নোতি। যত্তু অমাবাস্যায়াং দুর্য্যোধনহননং তত্রৈবোক্তং তত্রাপ্যমাবাস্যাশব্দ ইষ্টিদিনে প্রতিপদ্যেব প্রযুক্তো বেদিতব্যঃ। যমদৈবতে ইতি ভরণী ন গ্রাহ্যা, কিন্তু যুগ্মদৈবতং মৃগশীর্ষমেব গ্রাহ্যম্; তস্য হি পূর্ব্বদলং শুক্রদৈবত্যত্বাদাসুরম্ উত্তরার্দ্ধং বুধদৈবত্যত্বাদ্দৈবম্, তেন তত্রাসুরাণামুপরমো দেবানামভ্যুদয়শ্চ সিধ্যতি। কিঞ্চ "চত্বারিংশদহান্যদ্য দ্বে চ মে নিঃসৃতস্য বৈ। পুষ্যেণ সম্প্রয়াতোঽস্মি শ্রবণে পুনরাগতঃ॥" ইতি যুদ্ধারম্ভাদষ্টাদশেঽহ্নি তীর্থযাত্রাত আগতস্য বলদেবস্য বচনাৎ শ্রবণে যুদ্ধসমাপ্তির্দৃশ্যতে ততঃ প্রাচীনেঽষ্টাদশর্ক্ষে মৃগশীর্ষ এব যুদ্ধারম্ভঃ সম্ভবতি ন ত্বেকবিংশে ভরণ্যাম্, অষ্টাদশদিনমধ্যে নক্ষত্রত্রয়ক্ষয়স্য কল্পয়িতুমযুক্তত্বাৎ। কার্ত্তিকীকৃত্তিকাযোগানুপাতেন, চতুর্দ্দশ্যাং মৃগস্যৈব সম্ভাবনাচ্চ। এতেন যুদ্ধারম্ভং প্রকৃত্য "মঘাবিষয়গঃ সোমস্তদ্দিনং প্রত্যপদ্যতে"তি ভীষ্মপর্ব্বণি সঞ্জয়বাক্যান্মঘায়াং যুদ্ধারম্ভ ইত্যপি নিরস্তং বলদেববাক্যবিরুদ্ধত্বাৎ। শব্দার্থস্তু—মঘাপদেন তৎসহচরাঃ পিতরো লক্ষ্যন্তে, তেন যুদ্ধে মৃতানামুত্তমদেহপ্রদানার্থং চন্দ্রস্তদা পিতৃলোকে সন্নিহিতোঽভূদিতি; স্বর্গিণাং দিব্যদেহলাভশ্চন্দ্রাধীন ইতি শাস্ত্রপ্রসিদ্ধেঃ। তথা দ্বাদশ্যাং রাত্রিযুদ্ধে চন্দ্রোদয়কালে "ত্রিভাগমাত্রশেষায়াং রাত্রৌ যুদ্ধমবর্ত্তত" ইত্যুক্তম্, তত্র ত্রিভাগে-

---

(ঝ) "ত্রয়োদশ্যান্তু মধ্যাহ্নে ভারদ্বাজো নিপাতিতঃ।" ভারতসাবিত্রী।

(ঞ) "চতুর্দ্দশ্যান্তু সন্ধ্যায়াং কর্ণো বৈকর্ত্তনো হতঃ।" ভারতসাবিত্রী।

(ট) "অমাবস্যান্তু মধ্যাহ্নে নিহতঃ শল্য এব চ। অমাবস্যান্তু সন্ধ্যায়াং রাজা দুর্য্যোধনো হতঃ।" ভারতসাবিত্রী।

(ঠ) "সপ্ত বিত্তাগমা ধর্ম্ম্যা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ" ইত্যাদিনা মনুবচনেন জয়স্য স্বত্বজনকত্বাভিধানাৎ জয়েন যুধিষ্ঠিরস্য রাজ্যে স্বত্বং জাতম্। তদবধি যৌধিষ্ঠিরাব্দপ্রবর্ত্তনঞ্চ যুধিষ্ঠিরসময়গ্রন্থে দ্রষ্টব্যম্।

(ড) অনুশাসনপর্ব্বণি ভীষ্মস্বর্গারোহণপ্রকরণমনুসন্ধেয়ম্।

(ঢ) যুধিষ্ঠিরসময়গ্রন্থে এতৎপ্রমাণং প্রাপ্তব্যম্।

দ্বিধাভূত ইবাদিত্য উদয়ে প্রত্যদৃশ্যত ।
জ্বলন্ত্যা শিখয়া ভূয়ো ভানুমানুদিতো রবিঃ ॥৩॥
ববাশিরে চ দীপ্তায়াং দিশি গোমায়ুবায়সাঃ ।
লিপ্সমানাঃ শরীরাণি মাংসশোণিতভোজনাঃ ॥৪॥
অহন্যহনি পার্থানাং বৃদ্ধঃ কুরুপিতামহঃ ।
ভরদ্বাজাত্মজশ্চৈব প্রাতরুত্থায় সংযতৌ ॥৫॥

ভারতকৌমুদী

দ্বিধেতি । দ্বিধাভূতো দ্বিখণ্ডীভূতঃ । শিখয়া ভানুমান্ শিখাত্মককিরণবান্ ॥৩॥
ববাশির ইতি । ববাশিরে শব্দং চক্রুঃ । দীপ্তায়ামিত্যনেন দিগ্দাহঃ সূচিতঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

ত্যস্য ত্রিমুহূর্ত্তশেষায়ামিত্যর্থঃ । তথা "অষ্টপঞ্চাশতং রাত্র্যঃ শয়ানস্যাদ্য মে গতাঃ" ইতি ভীষ্মবচনন্তু "মাঘোঽয়ং সমনুপ্রাপ্তঃ" "ত্রিভাগমাত্রঃ পক্ষোঽয়"মিতি বাক্যশেষানুসারাৎ অশতং শতহীনং যথা স্যাত্তথা অষ্টপঞ্চ অষ্টপঞ্চাশদ্রাত্রয়ো ব্যতীতা ইতি ব্যাখ্যেয়ম্ । বিলোমশোধনাৎ অষ্টপঞ্চাশদূনং শতং রাত্রয়ো দ্বিচত্বারিংশদ্রাত্রয়ো ব্যতীতা ইত্যর্থঃ । তথা চ পৌষকৃষ্ণাষ্টমীতো মাঘশুক্লপঞ্চম্যাং তাবতী দিনসংখ্যা পূর্য্যতে, পক্ষস্য চ তৃতীয়ো ভাগো গতো ভবতি ; তত্রাপ্যেকতিথিক্ষয়াৎ পঞ্চম্যাঃ দ্বিচত্বারিংশত্ত্বমপ্যেবং জ্ঞেয়ম্ । শেষো ভবিতুমর্হতীত্যত্র কার্য্যশেষো দেহত্যাগাদিরেব শেষো ন তু পক্ষশেষ ইতি ব্যাখ্যা জ্ঞেয়া । তত্রায়ং নিষ্কর্ষঃ—কার্ত্তিকশুক্লদ্বাদশ্যাং রেবত্যাং কৃষ্ণপ্রয়াণম্, ততো মার্গশীর্ষকৃষ্ণপঞ্চম্যাং পুষ্যে সেনয়োর্নির্যাণম্, ততঃ পঞ্চম্যা উপরি ষষ্ঠীমারভ্য সপ্তদিনানি গণয়িত্বা তদুপর্য্যষ্টমেঽহ্নি অমাবাস্যা ভবিষ্যতীত্যনেন ত্রয়োদশদিনাত্মকোঽয়ং কৃষ্ণপক্ষো মহোৎপাতজনক ইতি সূচিতম্ । ক্ষীণয়োশ্চ তিথ্যোঃ পক্ষান্তরে পুনর্বৃদ্ধ্যা সংখ্যাপূরণং ভবতীতি মার্গশীর্ষকৃষ্ণপঞ্চমীমারভ্য পৌষশুক্লপ্রতিপৎ দ্বিচত্বারিংশী তিথির্ভবতীতি বলদেববাক্যোক্তা দিনসংখ্যা নক্ষত্রসংখ্যা চান্দ্রগৃহীতা ভবতি । যত্তু "সপ্তমাচ্চাপি দিবসাদমাবাস্যা ভবিষ্যতি । সংগ্রামং যোজয়েত্তত্র তাং হ্যাহুঃ শক্রদৈবতাম্ ॥ প্রয়াধ্বং বৈ কুরুক্ষেত্রং পুষ্যোঽদ্যেতি পুনঃ পুনঃ" ইতি দুর্য্যোধনবাক্যং তত্র সংগ্রামমিত্যনেন সংগ্রামে জয়সাধনং ধারাবন্ধাদিকং তস্যাং যোজয়েদিত্যুক্তম্ । শক্রদৈবতামিত্যনেন তস্যাং জ্যেষ্ঠানক্ষত্রযোগ উচ্যতে, স চ তিথিদ্বয়ক্ষয়াৎ তত্রাসম্ভবন্নপি তত্র তিথিবদেব নক্ষত্রক্ষয়াদ্বা তিথিনক্ষত্রয়োরান্তরযোগাদ্বা জ্ঞেয়ম্, ইতি সর্ব্বং সমঞ্জসম্ । মহাগ্রহাঃ রাহু-

উদয়কালে সূর্য্যমণ্ডলটা যেন দুই খণ্ডের মত দেখা গিয়াছিল এবং সূর্য্য উজ্জ্বলশিখাশালী হইয়া উদিত হইয়াছিলেন ॥৩॥

রক্ত-মাংসভোজী শৃগালগণ ও কাকগণ মৃতশরীর লাভ করিবার ইচ্ছা করিয়া উজ্জ্বল দিকে রব করিতেছিল ॥৪॥

কৌরব ও পাণ্ডবগণের পিতামহ বৃদ্ধ ভীষ্ম এবং দ্রোণাচার্য্য এই অরিন্দম

জয়োঽস্তু পাণ্ডুপুত্রাণামিত্যুচতুররিন্দমৌ।
যুযুধাতে তবার্থায় যথা স সময়ঃ কৃতঃ ॥৬॥ (যুগ্মকম্)
সর্বধর্ম্মবিশেষজ্ঞঃ পিতা দেবব্রতস্তব।
সমানীয় মহীপালানিদং বচনমব্রবীৎ ॥৭॥
ইদং বঃ ক্ষত্রিয়া দ্বারং স্বর্গায়াপাবৃতং মহৎ।
গচ্ছধ্বং তেন শক্রস্য ব্রহ্মণঃ সহলোকতাম্ ॥৮॥
এষ বঃ শাশ্বতঃ পন্থাঃ পূর্বৈঃ পূর্ব্বতরৈঃ কৃতঃ।
সম্ভাবয়ধ্বমাত্মানমব্যগ্রমনসো যুধি ॥৯॥
নাভাগোঽথ যযাতিশ্চ মান্ধাতা নহুষো নৃগঃ।
সংসিদ্ধাঃ পরমং স্থানং গতাঃ কর্ম্মভিরীদৃশৈঃ ॥১০॥
অধর্ম্মঃ ক্ষত্রিয়স্যৈষ যদ্ব্যাধিমরণং গৃহে।
যদয়োনিধনং যাতি সোঽস্য ধর্ম্মঃ সনাতনঃ ॥১১॥

ভারতকৌমুদী

অহনীতি। ভরদ্বাজাত্মজো দ্রোণঃ। সময়স্তব পক্ষে যুদ্ধকরণশপথঃ ॥৫—৬॥

সর্বেতি। পিতা পিতৃপর্য্যায়ো জ্যেষ্ঠতাতঃ, দেবব্রতো ভীষ্মঃ ॥৭॥

ইদমিতি। সহ সমানো লোকো যেষাং তে তথা তেষাং ভাবস্তাম্ ॥৮॥

এষ ইতি। শাশ্বতো নিত্যঃ, পূর্বৈর্মন্বাদিভিঃ, পূর্ব্বতরৈর্ব্রহ্মাদিভিঃ। সম্ভাবয়ধ্বমুন্নময়ত ॥৯॥

নাভাগ ইতি। সংসিদ্ধা নিষ্পন্নজীবনপ্রয়োজনাঃ। ঈদৃশৈর্যুদ্ধাদিভিঃ ॥১০॥

দুই জন প্রত্যহই প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া সংযত হইয়া এই কথা বলিতেন যে, 'পাণ্ডবগণের জয় হউক' তবে আপনার পক্ষে যুদ্ধ করিবার শপথ করিয়াছিলেন বলিয়া আপনার জন্যই যুদ্ধ করিতেন ॥৫—৬॥

সমস্ত ধর্ম্মের বিশেষজ্ঞ ও দেবব্রত আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম রাজগণকে আনয়ন করিয়া এই কথা বলিলেন—॥৭॥

'ক্ষত্রিয়গণ! আপনাদের স্বর্গগমনের জন্য এই বিশাল দ্বার উদ্ঘাটিত হইয়াছে। সুতরাং আপনারা এই পথে ইন্দ্রলোকে ও ব্রহ্মলোকে গমন করুন ॥৮॥

প্রাচীন ও অতিপ্রাচীনগণের নির্দ্দিষ্ট এইটাই আপনাদের চিরন্তন পথ। সুতরাং আপনারা যুদ্ধে অনাকুলচিত্তে আত্মোন্নতি করুন ॥৯॥

নাভাগ, যযাতি, মান্ধাতা, নহুষ ও নৃগরাজা জীবনের সমস্ত প্রয়োজন নিষ্পন্ন হইলে, এইরূপ কার্য্যদ্বারাই উত্তম স্থান লাভ করিয়াছিলেন ॥১০॥

এবমুক্তা মহীপালা ভীষ্মেণ ভরতর্ষভ ! ।
নির্যযুঃ স্বান্যনীকানি শোভয়ন্তো রথোত্তমৈঃ ॥১২॥
স তু বৈকর্ত্তনঃ কর্ণঃ সামাত্যঃ সহ বন্ধুভিঃ ।
ন্যাসিতঃ সমরে শস্ত্রং ভীষ্মেণ ভরতর্ষভ ! ॥১৩॥
অপেতকর্ণাঃ পুত্রাস্তে রাজানশ্চৈব তাবকাঃ ।
নির্যযুঃ সিংহনাদেন নাদয়ন্তো দিশো দশ ॥১৪॥
শ্বেতৈশ্ছত্রৈঃ পতাকাভির্ধ্বজবারণবাজিভিঃ ।
তান্যনীকানি শোভন্তে রাজন্ ! রথপদাতিভিঃ ॥১৫॥
ভেরীপণবশব্দৈশ্চ দুন্দুভীনাঞ্চ নিস্বনৈঃ ।
রথনেমিনিনাদৈশ্চ বভূবাকুলিতা মহী ॥১৬॥

ভারতকৌমুদী

অধর্ম্ম ইতি। অধর্ম্মঃ অন্যায়ঃ। অয়োভির্লৌহনির্ম্মিতাস্ত্রৈর্নিধনং মরণম্ ॥১১॥

এবমিতি। অনীকানি সৈন্যানি ॥১২॥

স ইতি। ন্যাসিতঃ পূর্ব্বপ্রতিজ্ঞাবশাত্ত্যাজিতঃ। এতেনাপি পাণ্ডবশুভানুধ্যানং সূচিতম্ ॥১৩॥

অপেতেতি। অপেতকর্ণাঃ কর্ণরহিতাঃ। তাবকাস্ত্বদীয়াঃ ॥১৪॥

শ্বেতৈরিতি। বারণা হস্তিনঃ, বাজিনঃ অশ্বাঃ। শোভন্তে স্ম ॥১৫॥

ভেরীতি। পণবস্তদানীন্তনো বাদ্যবিশেষঃ। আকুলিতা ব্যাপ্তাঃ ॥১৬॥

গৃহে রোগদ্বারা ক্ষত্রিয়ের যে মৃত্যু হয়, তাহা ধর্ম্ম নহে; কিন্তু ক্ষত্রিয় লৌহময় অস্ত্রের আঘাতে যে মৃত্যু লাভ করেন, তাহাই তাঁহার সনাতন ধর্ম্ম' ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! ভীষ্ম এইরূপ বলিলে, রাজারা আপন আপন উত্তম রথদ্বারা আপন আপন সৈন্য শোভিত করিতে থাকিয়া নির্গত হইলেন ॥১২॥

মহারাজ! ভীষ্ম, অমাত্য ও বন্ধুবর্গের সহিত সেই সূর্য্যনন্দন কর্ণকে যুদ্ধে অস্ত্রত্যাগ করাইলেন ॥১৩॥

তাহার পর আপনার পুত্রেরা ও আপনার পক্ষীয় রাজারা কর্ণকে ত্যাগ করিয়া সিংহনাদদ্বারা দশ দিক্ নিনাদিত করিয়া নির্গত হইলেন ॥১৪॥

রাজা! তৎপরে শ্বেতচ্ছত্র, পতাকা, ধ্বজ, হস্তী, অশ্ব, পদাতি এবং রথদ্বারা সেই সৈন্য শোভা পাইতে লাগিল ॥১৫॥

ভেরী, পণব ও দুন্দুভির শব্দে এবং রথচক্রের শব্দে পৃথিবী ব্যাপ্ত হইল ॥১৬॥

(১৫)···গজৈরথপদাতিভিঃ—বা ব রা নি।

কাঞ্চনাঙ্গদকেয়ূরৈঃ কার্ম্মুকৈশ্চ মহারথাঃ।
ভ্রাজমানা ব্যরাজন্ত সাগ্নয়ঃ পর্বতা ইব ॥১৭॥
তালেন মহতা ভীষ্মঃ পঞ্চতারেণ কেতুনা।
বিমলাদিত্যসঙ্কাশস্তস্থৌ কুরুচমূমুখে ॥১৮॥
যে ত্বদীয়া মহেষ্বাসা রাজানো ভরতর্ষভ!।
অবর্ত্তন্ত যথাদেশং রাজন্! শান্তনবস্য তে ॥১৯॥
স তু গোবাসনঃ শৈব্যঃ সহিতঃ সর্বরাজভিঃ।
যযৌ মাতঙ্গরাজেন রাজার্হেণ পতাকিনা ॥২০॥
পদ্মবর্ণস্ত্বনীকানাং সর্ব্বেষামগ্রতঃ স্থিতঃ।
অশ্বত্থামা যযৌ যত্তঃ সিংহলাঙ্গূলকেতুনা ॥২১॥

ভারতকৌমুদী

কাঞ্চনেতি। কাঞ্চনময়াঙ্গদকেয়ূরকার্ম্মুকাণাম্ অগ্নিবর্ণত্বাৎ সাগ্নয় ইব ॥১৭॥
তালেনেতি। তালেন তালতরুময়েন, পঞ্চ তারাঃ স্বর্ণময়ানি নক্ষত্রচিহ্নানি যত্র তেন ॥১৮॥
য ইতি। শান্তনবস্য ভীষ্মস্য, আদেশমনতিক্রম্যেতি যথাদেশম্ ॥১৯॥
স ইতি। গোবাসনো গোবাসনদেশীয়ঃ। রাজার্হেণ রাজযোগ্যেন ॥২০॥
পদ্মেতি। যত্তো যুদ্ধায় যত্নবান্ সন্ ॥২১॥

ভারতভাবদীপঃ

কেত্বোরুপগ্রহত্বাৎ সপ্তেব ॥২—৩॥ ববাশিরে শব্দং কৃতবন্তঃ ॥৪—১০॥ অয়োনিধনম্ অয়সা শস্ত্রেণ মরণম্ ॥১১—১৭॥ তালেন ধ্বজভূতেন ॥১৮—১৯॥ গোবাসনঃ তদ্দেশ্যঃ ॥২০—২১॥

মহারথগণ স্বর্ণময় অঙ্গদ, কেয়ূর ও ধনুদ্বারা উজ্জ্বল হইয়া অগ্নিসমন্বিত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৭॥

ভীষ্ম, পঞ্চতারাযুক্ত বিশাল তালধ্বজশালী রথে আরোহণ করিয়া নির্ম্মল সূর্য্যের ন্যায় কৌরবসেনার সম্মুখভাগে অবস্থান করিতে থাকিলেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ রাজা! আপনার পক্ষে যে সকল মহাধনুর্দ্ধর রাজা ছিলেন, তাঁহারা ভীষ্মের আদেশ অনুসারে চলিতে লাগিলেন ॥১৯॥

গোবাসনদেশীয় শৈব্যরাজা অন্যান্য রাজাদের সহিত মিলিত হইয়া পতকাশালী রাজযোগ্য বৃহৎ হস্তীতে আরোহণ করিয়া যাইতে থাকিলেন ॥২০॥

যুদ্ধের প্রতি যত্নবান্ পদ্মবর্ণ অশ্বত্থামা সকল সৈন্যের অগ্রে থাকিয়া সিংহলাঙ্গূলযুক্তধ্বজশালী রথে গমন করিতে লাগিলেন ॥২১॥

---

(১৮)...কুরুচমূপরি—বা ব রা নি।

শ্রুতায়ুধশ্চিত্রসেনঃ পুরুমিত্রো বিবিংশতিঃ।
শল্যো ভূরিশ্রবাশ্চৈব বিকর্ণশ্চ মহারথঃ ॥২২॥
এতে সপ্ত মহেষ্বাসা দ্রোণপুত্রপুরোগমাঃ।
স্যন্দনৈর্বরবর্ম্মাণো ভীষ্মস্যাসন্ পুরোগমাঃ ॥২৩॥ (যুগ্মকম্)
তেষামপি মহোৎসেধাঃ শোভয়ন্তো রথোত্তমান্।
ভ্রাজমানা ব্যরোচন্ত জাম্বূনদময়া ধ্বজাঃ ॥২৪॥
জাম্বূনদময়ী বেদী কমণ্ডলুবিভূষিতা।
কেতুরাচার্য্যমুখ্যস্য দ্রোণস্য ধনুষা সহ ॥২৫॥
অনেকশতসাহস্রমনীকমনুকর্ষতঃ।
মহান্ দুর্য্যোধনস্যাসীন্নাগো মণিময়ো ধ্বজঃ ॥২৬॥
তস্য পৌরবকালিঙ্গাঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
ক্ষেমধন্বা চ শল্যশ্চ তস্থুঃ প্রমুখতো রথাঃ ॥২৭॥

ভারতকৌমুদী

শ্রুতেতি। মহারথ ইতি সর্বত্র সম্বধ্যতে। স্যন্দনৈ রথৈঃ ॥২২—২৩॥
তেষামিতি। মহানুৎসেধ উচ্চতা যেষাং তে। জাম্বূনদময়াঃ স্বর্ণখচিতাঃ ॥২৪॥
জাম্বূনদেতি। বেদ্যাকারস্বর্ণখণ্ডযুক্তো ধ্বজ আসীদিত্যর্থঃ ॥২৫॥
অনেকেতি। অনুকর্ষত আকৃষ্য নয়তঃ। নাগো হস্তী ॥২৬॥
তস্যেতি। প্রমুখতঃ সম্মুখে, রথাঃ পৌরবাদয়ো রথারোহিণঃ ॥২৭॥

শ্রুতায়ুধ, চিত্রসেন, পুরুমিত্র, বিবিংশতি, শল্য, ভূরিশ্রবা ও বিকর্ণ এই সাত জন উত্তমবর্ম্মধারী মহাধনুর্দ্ধর মহারথ অশ্বত্থামাকে অগ্রবর্ত্তী করিয়া রথে আরোহণপূর্ব্বক ভীষ্মের অগ্রগামী হইলেন ॥২২—২৩॥

তাঁহাদেরও অত্যুচ্চ, উজ্জ্বল ও স্বর্ণময় ধ্বজগুলি রথগুলিকে শোভিত করিয়া দীপ্তি পাইতে লাগিল ॥২৪॥

আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণের ধ্বজে ধনু, স্বর্ণময়ী বেদী এবং কমণ্ডলুর চিহ্ন ছিল ॥২৫॥

দুর্য্যোধন একটা হস্তীর উপরে আরোহণপূর্ব্বক বহু সহস্র সৈন্য আকর্ষণ করিয়া লইয়া চলিলেন; সেই হস্তীর উপরে বিশাল একটা মণিময় ধ্বজ ছিল ॥২৬॥

তাঁহার সম্মুখে পৌরবরাজ, কলিঙ্গরাজ, কম্বোজরাজ সুদক্ষিণ, ক্ষেমধন্বা ও শল্য রথে আরোহণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥২৭॥

(২৭) তস্য পৌরবকালিঙ্গকাম্বোজাঃ সমুদক্ষিণাঃ…বা ব রা নি।

স্যন্দনেন মহার্হেণ কেতুনা বৃষভেণ চ।
প্রকর্ষন্নেব সেনাগ্রং মাগধস্য কৃপো যযৌ ॥২৮॥
তদঙ্গপতিনা গুপ্তং কৃপেণ চ মনস্বিনা।
শারদাম্বুধরপ্রখ্যং প্রাচ্যানাং সুমহদ্বলম্ ॥২৯॥
অনীকপ্রমুখে তিষ্ঠন্ বরাহেণ মহাযশাঃ।
শুশুভে কেতুমুখ্যেন রাজতেন জয়দ্রথঃ ॥৩০॥
শতং রথসহস্রাণাং তস্যাসন্ বশবর্ত্তিনঃ।
অষ্টৌ নাগসহস্রাণি সাদিনামযুতানি ষট্ ॥৩১॥
তৎ সিন্ধুপতিনা রাজ্ঞা পালিতং ধ্বজিনীমুখম্।
অনন্তরথনাগাশ্বমশোভত মহদ্বলম্ ॥৩২॥
ষষ্ট্যা রথসহস্রৈস্তু নাগানামযুতেন চ।
পতিঃ সর্বকলিঙ্গানাং যযৌ কেতুমতা সহ ॥৩৩॥

ভারতকৌমুদী

স্যন্দনেনেতি। বৃষভেণ বৃষভচিহ্নযুক্তেন। মাগধস্য মগধরাজস্য।২৮॥
তদিতি। অঙ্গপতিনা কর্ণেন, গুপ্তম্ অস্ত্রত্যাগাৎ পূর্বং রক্ষিতম্, তদানীং কৃপেণ ॥২৯॥
অনীকেতি। বরাহেণ বরাহলাঞ্ছিতেন। রাজতেন রজতময়েন ॥৩০॥
শতমিতি। রথসহস্রাণাং শতং লক্ষসংখ্যকা রথাঃ। সাদিনামশ্বারোহিণাম্ ॥৩১॥
তদিতি। সিন্ধুপতিনা জয়দ্রথেন। নাগা হস্তিনঃ ॥৩২॥
ষষ্ট্যেতি। নাগানাং হস্তিনাম্। কেতুমতা তদাখ্যেন রাজ্ঞা ॥৩৩॥

কৃপাচার্য্য মগধসেনা লইয়া মহামূল্য রথে গমন করিতে থাকিলেন; তাঁহার ধ্বজে একটা বৃষের চিহ্ন ছিল ॥২৮॥

শরৎকালের মেঘের ন্যায় সেই পূর্ব্বদেশীয় বিশাল সৈন্য পূর্ব্বে কর্ণ রক্ষা করিতেন; কিন্তু তখন মনস্বী কৃপাচার্য্য রক্ষা করিতে লাগিলেন ॥২৯॥

মহাযশা জয়দ্রথ আপন সৈন্যের সম্মুখে থাকিয়া বরাহলাঞ্ছিত রজতময় উৎকৃষ্ট ধ্বজদ্বারা শোভা পাইতে থাকিলেন ॥৩০॥

তাঁহার অধীনে একলক্ষ রথী, অষ্টসহস্র হস্তী এবং ষষ্টিসহস্র অশ্বারোহী ছিল ॥৩১॥

সিন্ধুরাজ জয়দ্রথ সেই সৈন্যের সম্মুখভাগ রক্ষা করিতে লাগিলেন; তখন অসংখ্য রথ, হস্তী ও অশ্বযুক্ত সেই বিশাল সৈন্য শোভা পাইতে থাকিল ॥৩২॥

(৩০) অনীকপ্রমুখে তস্মিন্…পি।

তস্য পর্বতসঙ্কাশা ব্যরোচন্ত মহাগজাঃ।
যন্ত্রতোমরতূণীরৈঃ পতাকাভিঃ সুশোভিতাঃ ॥৩৪॥
শুশুভে কেতুমুখ্যেন পাবকেন কলিঙ্গকঃ।
শ্বেতচ্ছত্রেণ নিষ্কেণ চামরব্যজনেন চ ॥৩৫॥
কেতুমানপি মাতঙ্গং বিচিত্রপরমাঙ্কুশম্।
আস্থিতঃ সমরে রাজন্! মেঘস্থ ইব ভানুমান্ ॥৩৬॥
তেজসা দীপ্যমানস্তু বারণোত্তমমাস্থিতঃ।
ভগদত্তো যযৌ রাজা যথা বজ্রধরস্তথা ॥৩৭॥
গজস্কন্ধগতাবাস্তাং ভগদত্তেন সম্মিতৌ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কেতুমন্তমনুব্রতৌ ॥৩৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। ব্যরোচন্ত ব্যরাজন্ত। যন্ত্রাণি বৃহদ্গুলিকাক্ষেপকাণ্যস্ত্রাণি ॥৩৪॥
শুশুভ ইতি। পাবকেন অগ্নিবর্ণেন। নিষ্কেণ কণ্ঠাভরণেন ॥৩৫॥
কেতুমানিতি। কেতুমান্ নাম রাজা, মাতঙ্গং গজম্। আস্থিত আরূঢ়ঃ ॥৩৬॥
তেজসেতি। বারণোত্তমং হস্তিশ্রেষ্ঠম্। বজ্রধর ইন্দ্র ঐরাবতারূঢ় ইত্যাশয়ঃ ॥৩৭॥
গজেতি। সম্মিতৌ তুল্যৌ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, অনুব্রতৌ অনুগতৌ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

অঙ্গপতিনা কর্ণপুত্রেণ বৃষকেতুনা ॥২৮—২৯॥ বরাহেণ কেতুমুখ্যেনেতি সম্বন্ধঃ ॥৩০—৩৪॥
নিষ্কেণ কণ্ঠাভরণেন ॥৩৫—৪০॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

কলিঙ্গরাজ, কেতুমানের সহিত মিলিত হইয়া ষাট হাজার রথী ও দশ হাজার হস্তী লইয়া গমন করিতে লাগিলেন ॥৩৩॥

তখন কামান, তোমর, তূণীর ও পতাকাদ্বারা সুশোভিত তাঁহার পর্বতপ্রমাণ মহাহস্তী সকল শোভা পাইতে লাগিল ॥৩৪॥

কলিঙ্গরাজ নিজেও, অগ্নিবর্ণ উত্তম ধ্বজ, শ্বেতবর্ণ ছত্র, কণ্ঠালঙ্কার ও চামর-দ্বারা শোভা পাইতে থাকিলেন ॥৩৫॥

রাজা! কেতুমান্ও, বিচিত্র-মনোহরাঙ্কুশযুক্ত হস্তীতে আরোহণ করিয়া মেঘস্থিত সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩৬॥

তেজে দীপ্যমান ভগদত্তরাজা উত্তম হস্তীতে আরোহণ করিয়া, ঐরাবতারূঢ় ইন্দ্রের ন্যায় গমন করিতে থাকিলেন ॥৩৭॥

ভগদত্তের তুল্য মহাবীর অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ হস্তিস্কন্ধে আরোহণ করিয়া কেতুমানের পিছনে চলিলেন ॥৩৮॥

স রথানীকবান্ ব্যূহো হস্ত্যঙ্গো নৃপশীর্ষবান্।
বাজিপক্ষঃ পতত্যুগ্রঃ প্রহসন্ সর্বতোমুখঃ ॥৩৯॥
দ্রোণেন বিহিতো রাজন্! রাজ্ঞা শান্তনবেন চ।
তথৈবাচার্য্যপুত্রেণ বাহ্লীকেন কৃপেণ চ ॥৪০॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্বণি সৈন্যবর্ণনে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

অষ্টাদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততো মুহূর্ত্তাত্তুমুলঃ শব্দো হৃদয়কম্পনঃ।
অশ্রূয়ত মহারাজ! যোধানাং প্রযুযুৎসতাম্ ॥১॥
শঙ্খদুন্দুভিঘোষৈশ্চ বারণানাঞ্চ বৃংহিতৈঃ।
নেমিঘোষৈ রথানাঞ্চ দীর্য্যতীব বসুন্ধরা ॥২॥

ভারতকৌমুদী

পক্ষিরূপতয়া তং ব্যূহং বর্ণয়তি স ইতি। পততি গচ্ছতি স্ম। রাজ্ঞা দুর্য্যোধনেন ॥৩৯—৪০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। মুহূর্ত্তাদত্যল্পকালাৎ পরম্। প্রযুযুৎসতাং প্রকর্ষেণ যোদ্ধুমিচ্ছতাম্ ॥১॥
শঙ্খেতি। বারণানাং হস্তিনাম্, বৃংহিতৈর্ধ্বনিভিঃ। নেমিঘোষৈশ্চক্রপ্রান্তশব্দৈঃ ॥২॥

রাজা! দ্রোণ, দুর্য্যোধন, ভীষ্ম, অশ্বত্থামা, বাহ্লীক ও কৃপ সেই ব্যূহরূপী পক্ষীটাকে নির্ম্মাণ করিয়াছিলেন; রথিসৈন্যযুক্ত সেই ব্যূহপক্ষীর অঙ্গ ছিল—হস্তিগণ, রাজারা ছিলেন—মস্তক এবং অশ্বগণ ছিল—পক্ষ; এহেন সর্ব্বতোমুখ সেই ভীষণ ব্যূহপক্ষী সহাস্যমুখে চলিতে লাগিল' ॥৩৯—৪০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তদনন্তর কিছু কাল পরেই হৃৎকম্পকারী যুদ্ধার্থী যোদ্ধৃগণের তুমুল কোলাহল শুনা যাইতে লাগিল ॥১॥

---

(৩৯)…পদাত্যুগ্রঃ…পি।

হয়ানাং হেষমাণানাং যোধানাঞ্চৈব গর্জ্জতাম্ ।
ক্ষণেনৈব নভো ভূমিঃ শব্দেনাপূরিতে তদা ॥৩॥
পুত্রাণাং তব দুর্দ্ধর্ষ ! পাণ্ডবানাং তথৈব চ ।
সমকম্পন্ত সৈন্যানি পরস্পরসমাগমে ॥৪॥
তত্র নাগা রথাশ্চৈব জাম্বূনদবিভূষিতাঃ ।
ভ্রাজমানা ব্যদৃশ্যন্ত মেঘা ইব সবিদ্যুতঃ ॥৫॥
ধ্বজা বহুবিধাকারাস্তাবকানাং নরাধিপ ! ।
কাঞ্চনাঙ্গদিনো রেজুর্জ্বলিতা ইব পাবকাঃ ॥৬॥
স্বেষাঞ্চৈব পরেষাঞ্চ সমদৃশ্যন্ত ভারত ! ।
মহেন্দ্রকেতবঃ শুভ্রা মহেন্দ্রসদনেষ্বিব ॥৭॥
কাঞ্চনৈঃ কবচৈর্বীরা জ্বলনার্কসমপ্রভৈঃ ।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত গ্রহাঃ প্রজ্বলিতা ইব ॥৮॥

ভারতকৌমুদী

হয়ানামিতি। হয়ানামশ্বানাম্, হেষমাণানাং হেষারবং কুর্ব্বতাম্। নভো গগনম্ ॥৩॥
পুত্রাণামিতি। পরস্পরং সমাগমে সম্মেলনে ॥৪॥
তত্রেতি। নাগা হস্তিনঃ। জাম্বূনদবিভূষিতাঃ স্বর্ণালঙ্কৃতাঃ ॥৫॥
ধ্বজা ইতি। তাবকানাং ত্বৎপুত্রাণাম্। কাঞ্চনাঙ্গদিনঃ স্বর্ণবলয়বন্তঃ ॥৬॥
স্বেষামিতি। স্বেষাং স্বকীয়সৈন্যানাম্। সমদৃশ্যন্ত ধ্বজা ইত্যনুবৃত্তিঃ ॥৭॥

শঙ্খ ও দুন্দুভির শব্দে, হস্তিগণের বৃংহিতধ্বনিতে এবং রথচক্রের নিনাদে পৃথিবী যেন বিদীর্ণ হইতে থাকিল ॥২॥

তখন হেষারবকারী অশ্বগণের এবং গর্জনকারী যোদ্ধৃগণের শব্দে আকাশ ও পৃথিবী ক্ষণকালমধ্যেই পরিপূর্ণ হইয়া গেল ॥৩॥

দুর্দ্ধর্ষ নরনাথ ! আপনার পুত্রগণের ও পাণ্ডবগণের সৈন্যগণ পরস্পর সম্মেলনের সময়ে কম্পিত হইতে লাগিল ॥৪॥

তখন হস্তিগণ ও রথসমূহ স্বর্ণভূষণে উজ্জ্বল হইয়া বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৫॥

নরনাথ ! আপনার পুত্রগণের স্বর্ণবলয়যুক্ত নানাবিধ ধ্বজ সকল, প্রজ্বলিত অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিল ॥৬॥

ভরতনন্দন ! ইন্দ্রভবনসমূহে শুভ্র ইন্দ্রধ্বজসমূহের ন্যায় স্বসৈন্যের ও বিপক্ষসৈন্যের ধ্বজগুলি দেখা যাইতে লাগিল ॥৭॥

(৩)···শব্দেনাপূরিতং তদা—বা ব রা নি। (৮)···সমদৃশ্যন্ত জ্বলনার্কসমপ্রভাঃ—বা ব রা নি।

কুরুযোধবরা রাজন্! বিচিত্রায়ুধকার্ম্মুকাঃ।
উদ্যতৈরায়ুধৈশ্চিত্রৈস্তলবদ্ধাঃ পতাকিনঃ ॥৯॥ (যুগ্মকম্)
ঋষভাক্ষা মহেষ্বাসাশ্চমূমুখগতা বভুঃ।
পৃষ্ঠগোপাস্তু ভীষ্মস্য পুত্রাস্তব নরাধিপ! ॥১০॥
দুঃশাসনো দুর্বিষহো দুর্ম্মুখো দুঃসহস্তথা।
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ মহারথঃ ॥১১॥
সত্যব্রতঃ পুরুমিত্রো জয়ো ভূরিশ্রবাঃ শলঃ।
রথা বিংশতিসাহস্রাস্তথৈষামনুযায়িনঃ ॥১২॥ (বিশেষকম্)
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
শাল্বা মৎস্যাস্তথাম্বষ্ঠাস্ত্রৈগর্ত্তাঃ কেকয়াস্তথা।
সৌবীরাঃ কৈতবাঃ প্রাচ্যাঃ প্রতীচ্যোদীচ্যবাসিনঃ ॥১৩॥
দ্বাদশৈতে জনপদাঃ সর্বে শূরাস্তনুত্যজঃ।
মহতা রথবংশেন তে ররক্ষুঃ পিতামহম্ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কাঞ্চনৈরিতি। জ্বলনার্কসমপ্রভৈঃ অগ্নিসূর্য্যসদৃশদীপ্তিভিঃ। সন্নদ্ধা আবৃতদেহাঃ। বদ্ধং ধৃতং তলং জ্যাঘাতবারণং যৈস্তে, অগ্ন্যাহিতাদিবৎ পরনিপাতঃ।৮—৯॥

ঋষভেতি। ঋষভাক্ষা বৃষনয়নাঃ। পৃষ্ঠগোপাঃ পৃষ্ঠরক্ষকাঃ। মহারথ ইতি বিকর্ণস্যৈব বিশেষণম্, তথোক্তত্বাৎ। এষামনুযায়িনো রথাশ্চ পৃষ্ঠগোপা বভুঃ।১০—১২॥

অভীতি। অভীষাহো নাম দেশবিশেষস্তত্রত্যা বীরা অভীষাহাঃ। এবমন্যত্রাপি। শাল্বাঃ শাল্বরাজাধীনা মৎস্যাঃ। সৌবীরাঃ কৈতবাঃ সৌবীরদেশীয়া ধূর্ত্তাঃ। এবঞ্চ দ্বাদশত্ব-

রাজা! অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল স্বর্ণকবচে আবৃতদেহ বীরগণকে উজ্জ্বল গ্রহগণের ন্যায় দেখা যাইতে থাকিল এবং বিচিত্র অস্ত্র, ধনু, জ্যাঘাত-বারণ, পতাকা ও উত্তোলিত বিচিত্রায়ুধধারী কৌরবযোদ্ধৃগণ দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৮—৯॥

নরনাথ! বৃষভনয়ন ও মহাধনুর্দ্ধর দুঃশাসন, দুর্বিষহ, দুর্ম্মুখ, দুঃসহ, বিবিংশতি, চিত্রসেন ও মহারথ বিকর্ণ, আপনার এই কয় জন পুত্র এবং সত্যব্রত, পুরুমিত্র, জয়, ভূরিশ্রবা ও শল এই কয় জন বীর, আর ইঁহাদের অনুগামী বিংশতি সহস্র রথী, ইঁহারা ভীষ্মের পৃষ্ঠরক্ষক হইয়া সৈন্যের সম্মুখে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥১০—১২॥

অভীষাহ, শূরসেন, শিবি, বসাতি, শাল্বাধিকৃত মৎস্য, অম্বষ্ঠ, ত্রিগর্ত্ত, কেকয়, ধূর্ত্তসৌবীর, পূর্ব্বদেশ, পশ্চিমদেশ এবং উত্তরদেশ এই দ্বাদশদেশবাসী সমস্ত

অনীকং দশসাহস্রং কুঞ্জরাণাং তরস্বিনাম্ ।
মাগধো যত্র নৃপতিস্তদ্রথানীকমন্বয়াৎ ॥১৫॥
রথানাং চক্ররক্ষাশ্চ পাদরক্ষাশ্চ দন্তিনাম্ ।
অভবন্ বাহিনীমধ্যে শতানামযুতানি ষট্ ॥১৬॥
পাদাতাশ্চাগ্রতোঽগচ্ছন্ ধনুশ্চর্ম্মাসিপাণয়ঃ ।
অনেকশতসাহস্রা নখরপ্রাসযোধিনঃ ॥১৭॥
অক্ষৌহিণ্যো দশৈকা চ তব পুত্রস্য ভারত ! ।
অদৃশ্যত মহারাজ ! গঙ্গেব যমুনান্তরা ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্বণি সৈন্যবর্ণনে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

মধ্যাহৃতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। তনুত্যজস্তনুত্যাগোদ্যতাঃ। রথানাং বংশেন সমূহেন ।১৩—১৪॥

অনীকমিতি। তরস্বিনাং বলবতাম্। যত্র রথানীকে, নৃপতিঃ সৈন্যনায়কঃ ॥১৫॥

রথানামিতি। শতানামযুতানি ষট্ ষষ্টিলক্ষাণীত্যর্থঃ ।১৬॥

পাদাতা ইতি। নখরৈর্নখৈঃ প্রাসৈঃ কুন্তৈশ্চ যুধ্যন্ত ইতি তে ॥১৭॥

অক্ষৌহিণ্য ইতি। যমুনা অন্তরে মধ্যে যস্যাঃ সা, সৈন্যানাং বহুলশুভ্রোষ্ণীষমধ্যে অল্পশ্যামোষ্ণীষপ্রকাশাদিত্যাশয়ঃ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্বণি ভগবদ্গীতাপর্ব্বণি অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৫॥ শতানামযুতানি ষট্ ষট্শতান্যযুতগুণানি, ষষ্টিলক্ষাণীতি যাবৎ ॥১৬—১৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

বীর দেহত্যাগে উদ্যত হইয়া বিশাল রথসমূহদ্বারা ভীষ্মকে রক্ষা করিতে থাকিলেন ॥১৩—১৪॥

দশসহস্র বলবান্ হস্তিসৈন্য এবং যে রথিসৈন্যে মগধরাজ নায়ক ছিলেন, সেই রথিসৈন্যও ভীষ্মের অনুগমন করিতে লাগিল ॥১৫॥

সৈন্যমধ্যে রথসমূহের চক্ররক্ষক এবং হস্তিসমূহের পাদরক্ষক লোক ষাট লক্ষ হইল ॥১৬॥

আর ধনু, চর্ম্ম ও অসিধারী এবং নখ ও কুন্তদ্বারা যুদ্ধকারী বহুলক্ষ পদাতি সৈন্য অগ্রে অগ্রে চলিল ॥১৭॥

উনবিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

অক্ষৌহিণীং দশৈকাঞ্চ ব্যূঢ়াং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
কথমল্পেন সৈন্যেন প্রত্যব্যূহত পাণ্ডবঃ ॥১॥
যো বেদ মানুষং ব্যূহং দৈবং গান্ধর্ব্বমাসুরম্।
কথং ভীষ্মং স কৌন্তেয়ঃ প্রত্যব্যূহত সঞ্জয়! ॥২॥

সঞ্জয় উবাচ।

ধার্ত্তরাষ্ট্রাণ্যনীকানি দৃষ্ট্বা ব্যূঢ়ানি পাণ্ডবঃ।
অভ্যভাষত ধর্ম্মাত্মা ধর্ম্মরাজো ধনঞ্জয়ম্ ॥৩॥
মহর্ষের্বচনাদ্ভ্রাত! বেদয়ন্তি বৃহস্পতেঃ।
সংহতান্ যোধয়েদল্পান্ কামং বিস্তারয়েদ্বহূন্ ॥৪॥

ভারতকৌমুদী

অক্ষৌহিণীমিতি। ব্যূঢ়াং ব্যূহরূপেণ স্থাপিতাম্। প্রত্যব্যূহত প্রতিব্যূহমকরোৎ ॥১॥
য ইতি। বেদ জানাতি। তং ভীষ্মং প্রতি, অব্যূহত ব্যূহমরচয়ৎ ॥২॥
ধার্ত্তেতি। ধার্ত্তরাষ্ট্রাণি ধৃতরাষ্ট্রসম্বন্ধীনি, অনীকানি সৈন্যানি ॥৩॥
মহর্ষেরিতি। বেদয়ন্তি গুরবো জ্ঞাপয়ন্তি। সংহতান্ মিলিতান্। কামং যথেষ্টম্ ॥৪॥

ভরতনন্দন মহারাজ! আপনার পুত্রের এই এগার অক্ষৌহিণী সেনাকে তখন মধ্যে যমুনাযুক্তা গঙ্গার ন্যায় দেখা যাইতে লাগিল ॥১৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'পাণ্ডুনন্দন যুধিষ্ঠির আমাদের এগার অক্ষৌহিণী সৈন্যকে ব্যূহভাবে সন্নিবেশিত দেখিয়া অল্প সৈন্যদ্বারা কিরূপ ব্যূহ করিয়াছিলেন? ॥১॥

সঞ্জয়! যিনি মানুষ, দৈব, গান্ধর্ব ও আসুর ব্যূহ জানেন, সেই ভীষ্মের সম্মুখে যুধিষ্ঠির কিরূপ ব্যূহ করিয়াছিলেন?' ॥২॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! ধর্ম্মাত্মা ধর্ম্মরাজ যুধিষ্ঠির আপনার সৈন্যগণকে ব্যূহভাবে সন্নিবেশিত দেখিয়া অর্জ্জুনকে বলিলেন—॥৩॥

'বৎস! ধনুর্বেদের অধ্যাপকেরা মহর্ষি বৃহস্পতির বচন অনুসারে বলিয়া থাকেন যে, অল্পসৈন্যকে সম্মিলিত রাখিয়া যুদ্ধ করাইবে, আর বহু সৈন্যকে ইচ্ছানুসারে বিস্তৃত করিবে ॥৪॥

সূচীমুখমনীকং স্যাদল্পানাং বহুভিঃ সহ।
অস্মাকঞ্চ তথা সৈন্যমল্পীয়ঃ সুতরাং পরৈঃ ॥৫॥
এতদ্বচনমাজ্ঞায় মহর্ষের্ব্যূহ পাণ্ডব!।
এতচ্ছ্রুত্বা ধর্ম্মরাজং প্রত্যভাষত পাণ্ডবঃ ॥৬॥
এষ ব্যূহামি তে ব্যূহং রাজসত্তম! দুর্জ্জয়ম্।
অচলং নাম বজ্রাখ্যং বিহিতং বজ্রপাণিনা ॥৭॥
যঃ স বাত ইবোদ্ভূতঃ সমরে দুঃসহঃ পরৈঃ।
স নঃ পুরো যোৎস্যতে বৈ ভীমঃ প্রহরতাং বরঃ ॥৮॥
তেজাংসি রিপুসৈন্যানাং মৃদ্নন্ পুরুষসত্তমঃ।
অগ্রেঽগ্রণীর্যোৎস্যতি নো যুদ্ধোপায়বিচক্ষণঃ ॥৯॥
যং দৃষ্ট্বা কুরবঃ সর্ব্বে দুর্য্যোধনপুরোগমাঃ।
নিবর্ত্তিষ্যন্তি সন্ত্রস্তাঃ সিংহং ক্ষুদ্রমৃগা যথা ॥১০॥

ভারতকৌমুদী

সূচীতি। সূচ্যা ইব মুখং যস্য তৎ। সুতরামতিশয়েন, পরৈঃ পরসৈন্যেভ্যঃ ॥৫॥
এতদিতি। মহর্ষের্বৃহস্পতেঃ, ব্যূহ ব্যূহং রচয়। পাণ্ডবঃ অর্জ্জুনঃ ॥৬॥
এষ ইতি। ব্যূহামি রচয়ামি। অচলং নাম বজ্রাখ্যঞ্চ, তদুভয়নামানমিত্যর্থঃ ॥৭॥
য ইতি। বাতঃ প্রবলো বায়ুঃ। পুরঃ অগ্রতঃ, ভীমো দ্বিতীয়পাণ্ডবঃ ॥৮॥
তেজাংসীতি। মৃদ্নন্ ক্ষপয়ন্। অগ্রণীর্বীরশ্রেষ্ঠঃ, নঃ অস্মাকমগ্রে ॥৯॥

এবং বহুসৈন্যের সহিত অল্প সৈন্যের যুদ্ধ করিতে হইলে, তাহাদের সূচীমুখ ব্যূহ হইবে'। এদিকে বিপক্ষসৈন্য অপেক্ষা আমাদের সৈন্য অত্যন্ত অল্প ॥৫॥

অতএব অর্জ্জুন। তুমি, মহর্ষি বৃহস্পতির এই বচন স্মরণ করিয়া ব্যূহ রচনা কর'। এই কথা শুনিয়া অর্জ্জুন যুধিষ্ঠিরকে বলিলেন—॥৬॥

'রাজশ্রেষ্ঠ! স্বয়ং ইন্দ্র যে ব্যূহের আবিষ্কার করিয়াছিলেন এবং যাহার নাম—'অচল' ও 'বজ্র' এই আমি আপনার পক্ষে সেই দুর্জ্জয় ব্যূহ রচনা করিতেছি ॥৭॥

সেই যিনি প্রবল বায়ুর ন্যায় উপস্থিত হইয়া যুদ্ধে শত্রুগণের দুঃসহ হইয়া থাকেন, সেই বীরশ্রেষ্ঠ ভীমসেন আমাদের সম্মুখে থাকিয়া যুদ্ধ করিবেন ॥৮॥

পুরুষশ্রেষ্ঠ, বীরগণের অগ্রগণ্য এবং যুদ্ধোপায়নিপুণ ভীমসেন আমাদের সম্মুখে রহিয়া শত্রুসৈন্যের তেজ নষ্ট করিতে থাকিয়া যুদ্ধ করিবেন ॥৯॥

(৬)···তচ্ছ্রুত্বা ধর্ম্মরাজস্য প্রত্যভাষত পাণ্ডবঃ—পি। (৮)···বাত ইবোদ্ধতঃ···পি।
(১০)···সিংহং ক্ষুদ্র মৃগা ইব—পি।

তং সর্বে সংশ্রয়িষ্যামঃ প্রাকারমকুতোভয়াঃ।
ভীমং প্রহরতাং শ্রেষ্ঠং দেবরাজমিবামরাঃ ॥১১॥ (যুগ্মকম্)
নহি সোঽস্তি পুমাল্লোঁকে যঃ সংক্রুদ্ধং বৃকোদরম্।
দ্রষ্টুমত্যুগ্রকর্ম্মাণং বিষহেত নরর্ষভম্ ॥১২॥
ভীমসেনো গদাং বিভ্রদ্বজ্রসারময়ীং দৃঢ়াম্।
চরন্ বেগেন মহতা সমুদ্রমপি শোষয়েৎ ॥১৩॥
ভীমসেনং তদা রাজন্! দর্শয়িষ্য মহাবলম্।
কেকয়া ধৃষ্টকেতুশ্চ চেকিতানশ্চ বীর্য্যবান্ ॥১৪॥
এতে গচ্ছন্তু সামাত্যাঃ প্রকর্ষন্তো জনাধিপ!।
ধৃতরাষ্ট্রস্য দায়াদানিতি বীভৎসুরব্রবীৎ ॥১৫॥ (যুগ্মকম্)
ব্রুবাণন্তু তথা পার্থং সর্ব্বসৈন্যানি ভারত!।
অপূজয়ংস্তদা বাগ্ভিরনুকূলাভিরাহবে ॥১৬॥

ভারতকৌমুদী

যমিতি। নিবৎস্যন্তি যুদ্ধাৎ। প্রাকারং প্রাচীরবৎ পরপ্রহারনিবন্তকম্ ॥১০—১১॥
নহীতি। স তাদৃশঃ। বিষহেত শক্নুয়াৎ ॥১২॥
ভীমেতি। বজ্রসারময়ীং বজ্রকঠিনাংশসমানাম্। শোষয়েৎ ধ্বংসয়েৎ ॥১৩॥
ভীমেতি। দর্শয়িষ্য পশ্যেত্যর্থঃ। প্রকর্ষন্তঃ ক্ষোভয়ন্তঃ। দায়াদান্ পুত্রান্ ॥১৪—১৫॥

সিংহ দেখিয়া ক্ষুদ্র মৃগসমূহ যেমন অত্যন্ত ভীত হইয়া পলায়ন করে, সেইরূপ দুর্য্যোধনপ্রভৃতি কৌরবেরা সকলে যাঁহাকে দেখিয়া অত্যন্ত ভীত হইয়া পলায়ন করিবে, দেবতারা যেমন দেবরাজকে আশ্রয় করেন, আমরা সকলেও তেমন প্রাচীরের ন্যায় অবস্থিত বীরশ্রেষ্ঠ সেই ভীমসেনকে আশ্রয় করিব ॥১০—১১॥

জগতে সেরূপ কোন লোক নাই, যে লোক ভয়ঙ্করকর্ম্মা নরশ্রেষ্ঠ ক্রুদ্ধ ভীমসেনের প্রতি দৃষ্টিপাত করিতে পারে ॥১২॥

ভীমসেন বজ্রসারতুল্য দৃঢ় গদা ধারণ করিয়া মহাবেগে বিচরণ করিতে থাকিয়া সমুদ্রকেও শুষ্ক করিতে পারেন ॥১৩॥

রাজা! তৎকালে আপনি মহাবল ভীমসেনকে দেখিবেন। নরনাথ! কেকয়গণ, ধৃষ্টকেতু এবং বলবান্ চেকিতান, ইহারা অমাত্যবর্গের সহিত মিলিত হইয়া ধার্ত্তরাষ্ট্রগণকে ক্ষুব্ধ করিতে থাকিয়া গমন করুন'। এই কথা অর্জ্জুন বলিলেন ॥১৪—১৫॥

(১৪) অত্র পুস্তকভেদে শ্লোকবিন্যাসভেদো দৃশ্যতে।

এবমুক্ত্বা মহাবাহুস্তথা চক্রে ধনঞ্জয়ঃ।
ব্যূহ তানি বলান্যাশু প্রযযৌ ফাল্গুনস্তদা ॥১৭॥
সম্প্রয়াতান্ কুরূন্ দৃষ্ট্বা পাণ্ডবানাং মহাচমূঃ।
গঙ্গেব পূর্ণা স্তিমিতা স্পন্দমানা ব্যদৃশ্যত ॥১৮॥
ভীমসেনোঽগ্রণীস্তেষাং ধৃষ্টদ্যুম্নশ্চ বীর্য্যবান্।
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টকেতুশ্চ পার্থিবঃ ॥১৯॥
বিরাটশ্চ ততঃ পশ্চাদ্রাজাথাক্ষৌহিণীবৃতঃ।
ভ্রাতৃভিঃ সহ পুত্রৈশ্চ সোঽভ্যরক্ষত পৃষ্ঠতঃ ॥২০॥ (যুগ্মকম্)
চক্ররক্ষৌ তু ভীমস্য মাদ্রীপুত্রৌ মহাদ্যুতী।
দ্রৌপদেয়াঃ সসৌভদ্রাঃ পৃষ্ঠগোপাস্তরস্বিনঃ ॥২১॥

ভারতকৌমুদী

ব্রুবাণমিতি। পার্থমর্জ্জুনম্। অনুকূলাভিঃ প্রশংসাপরাভিঃ ॥১৬॥
এবমিতি। তথা চক্রে ব্যূহং চকার। বলানি সৈন্যানি ॥১৭॥
সমিতি। স্তিমিতা পূরাগমে নিশ্চলা, পরং স্পন্দমানা শনৈশ্চলন্তী ॥১৮॥
ভীমেতি। অগ্রণীঃ অগ্রগামী। অভ্যরক্ষত ভীমসেনমিতি শেষঃ ॥১৯—২০॥

ভারতভাবদীপঃ

অক্ষৌহিণ্য ইতি ॥১—৩॥ সংহতানিতি। অল্পৈঃ সংহতৈ্যব যোদ্ধব্যং বহুভিস্তু বিশকলিতৈরপি যোদ্ধুং শক্যমিত্যর্থঃ ॥৪॥ ব্যূহ ব্যূহং কুরু ॥৫—১৭॥ স্পন্দমানা কিঞ্চি-

ভরতনন্দন! অর্জ্জুন সেইরূপ বলিতে লাগিলে, পাণ্ডবপক্ষীয় সকল সৈন্যই অনুকূল বাক্যদ্বারা যুদ্ধবিষয়ে অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিল ॥১৬॥

মহাবাহু অর্জ্জুন ঐরূপ বলিয়া সেই ব্যূহ রচনা করিলেন এবং তিনি সত্বর ব্যূহ রচনা করিয়া গমন করিতে লাগিলেন ॥১৭॥

তখন দেখা গেল—পাণ্ডবগণের সেই মহাসেনা কৌরবগণকে আসিতে দেখিয়া পরিপূর্ণা গঙ্গার ন্যায় প্রথমে নিশ্চলা থাকিয়া পরে একটু চলিতে লাগিল ॥১৮॥

তৎকালে ভীমসেন সেই সৈন্যের অগ্রগামী হইলেন; আর বলবান্ ধৃষ্টদ্যুম্ন, নকুল, সহদেব, রাজা ধৃষ্টকেতু এবং এক অক্ষৌহিণীসৈন্যে পরিবেষ্টিত বিরাটরাজা, ইঁহারা ভ্রাতা ও পুত্রগণের সহিত মিলিত হইয়া ভীমসেনের পৃষ্ঠ রক্ষা করিতে থাকিলেন ॥১৯—২০॥

(১৭)···ফাল্গুনস্তথা—বা ব রা নি। (২১)···মাদ্রীপুত্রৌ মহেষুধী···পি।

ধৃষ্টদ্যুম্নশ্চ পাঞ্চাল্যস্তেষাং গোপ্তা মহারথঃ।
সহিতঃ পৃতনাশূরৈ রথমুখ্যৈঃ প্রভদ্রকৈঃ ॥২২॥
শিখণ্ডী তু ততঃ পশ্চাদর্জ্জুনেনাভিরক্ষিতঃ।
যত্তো ভীষ্মবিনাশায় প্রযযৌ ভরতর্ষভ! ॥২৩॥
পৃষ্ঠতোঽপ্যর্জ্জুনস্যাসীদ্‌যুযুধানো মহাবলঃ।
চক্ররক্ষৌ তু পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥২৪॥
রাজা তু মধ্যমানীকে কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
বৃহদ্ভিঃ কুঞ্জরৈর্মত্তৈশ্চলদ্ভিরচলৈরিব ॥২৫॥
অক্ষৌহিণ্যাথ পাঞ্চাল্যো যজ্ঞসেনো মহামনাঃ।
বিরাটমন্বয়াৎ পশ্চাৎ পাণ্ডবার্থং পরাক্রমী ॥২৬॥
তেষামাদিত্যচন্দ্রাভাঃ কনকোত্তমভূষণাঃ।
নানাচিহ্নধরা রাজন্! রথেষ্বাসন্ মহাধ্বজাঃ ॥২৭॥

ভারতকৌমুদী

চক্রেতি। দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, সসৌভদ্রা অভিমন্যুনা সহিতাঃ ॥২১॥
ধৃষ্টেতি। গোপ্তা রক্ষকঃ। পৃতনাশূরৈঃ সেনাবীরৈঃ ॥২২॥
শিখণ্ডীতি। যত্তো যত্নবান্ সন্ ॥২৩॥
পৃষ্ঠত ইতি। যুযুধানঃ সাত্যকিঃ। চক্ররক্ষৌ অর্জ্জুনস্যেতি সম্বন্ধঃ ॥২৪॥
রাজেতি। মধ্যমানীকে মধ্যমসৈন্যে। অচলৈঃ পর্বতৈঃ ॥২৫॥
অক্ষৌহিণ্যেতি। যজ্ঞসেনো দ্রুপদঃ। অন্বয়াৎ অন্বগচ্ছৎ ॥২৬॥

মহাতেজা নকুল ও সহদেব এবং অভিমন্যুর সহিত দ্রৌপদীর পঞ্চ পুত্র, ইহারা বলবান্ ভীমসেনের চক্ররক্ষক হইলেন ॥২১॥

পাঞ্চালরাজপুত্র মহারথ ধৃষ্টদ্যুম্ন, সৈন্যমধ্যে বীর ও রথিশ্রেষ্ঠ প্রভদ্রকগণের সহিত মিলিত হইয়া তাঁহাদিগকে রক্ষা করিতে লাগিলেন ॥২২॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শিখণ্ডী অর্জ্জুনকর্ত্তৃক রক্ষিত এবং ভীষ্মবিনাশের জন্য যত্নবান্ হইয়া গমন করিতে থাকিলেন ॥২৩॥

মহাবল সাত্যকিও অর্জ্জুনের পশ্চাদ্ভাগে থাকিলেন এবং পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজা তাঁহার চক্ররক্ষক হইলেন ॥২৪॥

কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির, জঙ্গম পর্ব্বতের ন্যায় বিশাল ও মত্ত হস্তিগণের সহিত মধ্যম সৈন্যে চলিলেন ॥২৫॥

তাহার পর মহামনা ও পরাক্রমশালী পাঞ্চালরাজ দ্রুপদ পাণ্ডবগণের জন্য এক অক্ষৌহিণী সৈন্যের সহিত বিরাটরাজার অনুগমন করিতে লাগিলেন ॥২৬॥

সমুৎসার্য্য ততঃ পশ্চাদ্ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
ভ্রাতৃভিঃ সহ পুত্রৈশ্চ সোঽভ্যরক্ষদ্যুধিষ্ঠিরম্ ॥২৮॥
ত্বদীয়ানাং পরেষাঞ্চ রথেষু বিপুলান্ ধ্বজান্।
অভিভূয়ার্জ্জুনস্যৈকো রথে তস্থৌ মহাকপিঃ ॥২৯॥
পাদাতাস্ত্বগ্রতোঽগচ্ছন্নসিশক্ত্যৃষ্টিপাণয়ঃ।
অনেকশতসাহস্রা ভীমসেনস্য রক্ষিণঃ ॥৩০॥
বারণা দশসাহস্রাঃ প্রভিন্নকরটামুখাঃ।
শূরা হেমময়ৈর্জালৈর্দীপ্যমানা ইবাচলাঃ ॥৩১॥
ক্ষরন্ত ইব জীমূতা মদার্দ্রাঃ পদ্মগন্ধিনঃ।
রাজানমন্বয়ুঃ পশ্চাজ্জীমূতা ইব বার্ষিকাঃ ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। আদিত্যচন্দ্রাভাঃ সূর্য্যচন্দ্রতুল্যোজ্জ্বলাঃ।২৭॥
সমিতি। সমুৎসার্য্য লোকানপসার্য্য। স প্রসিদ্ধো মহাবীরঃ ॥২৮॥
ত্বদীয়ানামিতি। অভিভূয় উচ্চত্বে বিজিত্য। মহাকপির্হনূমান্ ॥২৯॥
পাদাতা ইতি। পাদাতাঃ পদাতিসৈন্যাঃ, অগ্রতঃ অগ্রসৈন্যসম্মুখে ॥৩০॥
বারণা ইতি। বারণা হস্তিনঃ, প্রভিন্নকরটামুখা মদস্রাবিগণ্ডাঃ। শূরা বলবন্তঃ।

ভারতভাবদীপঃ

চলন্তী ধৃতরাষ্ট্রস্য দায়াদা ইত্যনেন তবৈবৈতে ভাগ ইতি সূচয়তি ॥১৮—৩০॥ বারণা রাজানমন্বয়ুরিতি সম্বন্ধঃ। অচলা নিষ্কম্পাঃ ॥৩১॥ জীমূতাঃ পর্ব্বতাঃ। "জীমূতোঽদ্রাবিতি"

রাজা! তাঁহাদের রথে চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল, স্বর্ণভূষণে ভূষিত এবং নানাবিধ-চিহ্নযুক্ত বিশাল ধ্বজ সকল বিরাজ করিতে লাগিল ॥২৭॥

তাহার পর প্রসিদ্ধ মহাবীর ও মহারথ ধৃষ্টদ্যুম্ন ভ্রাতৃগণ ও পুত্রগণের সহিত মিলিত হইয়া লোকসমূহকে অপসারিত করিয়া যাইয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিতে থাকিলেন ॥২৮॥

মহারাজ! একমাত্র মহাবানর হনূমান্ আপনার পক্ষের ও বিপক্ষের রথগুলির ধ্বজসমূহকে অভিভূত করিয়া অর্জ্জুনের রথে অবস্থান করিতে লাগিল ॥২৯॥

ভীমসেনের রক্ষী বহুলক্ষ পদাতিসৈন্য অসি, শক্তি ও ঋষ্টি ধারণ করিয়া অগ্রে অগ্রে চলিল ॥৩০॥

শৌর্য্যশালী, পর্বতপ্রমাণ, মদমত্ত ও পদ্মসৌরভসম্পন্ন দশ সহস্র হস্তী, স্বর্ণ-

(৩০) পদাতাঃ…বা ব রা নি। (৩২)…মহার্হাঃ পদ্মগন্ধিনঃ…বা ব রা নি।

ভীমসেনো গদাং ভীমাং প্রকর্ষন্ পরিঘোপমাম্।
প্রচকর্ষ মহাসৈন্যং দুরাধর্ষো মহামনাঃ ॥৩৩॥
তমর্কমিব দুষ্প্রেক্ষ্যং তপন্তমিব পাবকম্।
ন শেকুঃ সর্বযোধাস্তে প্রতিবীক্ষিতুমন্তিকে ॥৩৪॥
বজ্রো নামৈষ স ব্যূহো নির্ভয়ঃ সর্বতোমুখঃ।
চাপবিদ্যুদ্ধ্বজো ঘোরো গুপ্তো গাণ্ডীবধন্বনা ॥৩৫॥
যং প্রতিব্যূহ্য তিষ্ঠন্তি পাণ্ডবাস্তব বাহিনীম্।
অজেয়ো মানুষে লোকে পাণ্ডবৈরভিরক্ষিতঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
সন্ধ্যাং তিষ্ঠৎসু সৈন্যেষু সূর্য্যস্যোদয়নং প্রতি।
প্রাবাৎ সপৃষতো বায়ুর্নিরভ্রে স্তনয়িত্নুমান্ ॥৩৭॥

ভারতকৌমুদী

ক্ষরন্তো মেঘবৃষ্টবারি নিঃসারয়ন্তঃ, জীমূতাঃ পর্ব্বতা ইব। রাজানং যুধিষ্ঠিরম্। জীমূতা মেঘাঃ, বার্ষিকা বর্ষাকালীনাঃ। "জীমূতৌ মেঘপর্ব্বতৌ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী ॥৩১—৩২॥

ভীমেতি। ভীমাং ভীষণাম্। প্রচকর্ষ আকৃষ্য যযৌ ॥৩৩॥

তমিতি। তং ভীমসেনম্। পাবকমগ্নিম্ ॥৩৪॥

বজ্র ইতি। সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু মুখানি সৈন্যবদনানি যস্য সঃ। চাপঃ স্বর্ণখচিতং ধনুর্বিদ্যুদিব যস্মিন্ স তাদৃশো ধ্বজো যত্র সঃ। গুপ্তো রক্ষিতঃ, গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন। তব বাহিনীং প্রতি, যং ব্যূহ সন্নিবেশ্য পাণ্ডবাস্তিষ্ঠন্তি স্মেতি সম্বন্ধঃ ॥৩৫—৩৬॥

জালে উজ্জ্বল হইয়া গণ্ডদেশ হইতে মদজল নিঃসারণ করিতে থাকিয়া, জলস্রাবী পর্ব্বত ও বর্ষাকালীন মেঘসমূহের ন্যায় যুধিষ্ঠিরের পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল ॥৩১—৩২॥

দুর্দ্ধর্ষ ও মহামনা ভীমসেন পরিঘতুল্য একটা ভয়ঙ্কর গদা ধারণ করিয়া মহাসৈন্য আকর্ষণ করিয়া লইয়া চলিলেন ॥৩৩॥

তখন উভয়পক্ষেরই সেই সমস্ত যোদ্ধা, সূর্য্য ও প্রজ্বলিত অগ্নির ন্যায় দুষ্প্রেক্ষ্য সেই ভীমসেনকে নিকটে দেখিতে সমর্থ হইল না ॥৩৪॥

মহারাজ! আপনার সৈন্যের বিপক্ষে যে ব্যূহ নির্ম্মাণ করিয়া পাণ্ডবেরা অবস্থান করিতে লাগিলেন, উহার নাম—'বজ্রব্যূহ'। অর্জ্জুন উহাকে রক্ষা করিতেছিলেন; সুতরাং উহার কোন ভয় ছিল না, সকল দিকেই সৈন্যের মুখ ছিল, উহার ধ্বজে বিদ্যুতের ন্যায় স্বর্ণখচিত একখানা ধনু ছিল এবং পাণ্ডব-রক্ষিত ঐ ব্যূহ মনুষ্যলোকে অজেয় ছিল ॥৩৫—৩৬॥

(৩৪)···তপন্তমিব বাহিনীম্···বা ব রা নি। (৩৭)··· প্রববৌ পৃষ্ঠতো বায়ুর্নিরভ্রে···নি।

বিষ্বগ্‌বাতাশ্চ বিববুর্নীচৈঃ শর্করকর্ষিণঃ।
রজশ্চোদ্ধূয়ত মহত্তম আচ্ছাদয়জ্জগৎ ॥৩৮॥
পপাত মহতী চোল্কা প্রাঙ্‌মুখী ভরতর্ষভ!।
উদ্যন্তং সূর্য্যমাহত্য ব্যশীর্য্যত মহাস্বনা ॥৩৯॥
অথ সংনহ্যমানেষু সৈন্যেষু ভরতর্ষভ!।
নিষ্প্রভোঽভ্যুদ্‌যযৌ সূর্য্যঃ সঘোষং ভূশ্চচাল চ ॥৪০॥
ব্যশীর্য্যত সনাদা চ ভূস্তদা ভরতর্ষভ!।
নির্ঘাতা বহবো রাজন্! দিক্ষু সর্বাসু চাভবন্।
প্রাদুরাসীদ্রজস্তীব্রং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৪১॥

ভারতকৌমুদী

সন্ধ্যামিতি। সূর্য্যস্য উদয়নং প্রতি উদয়কালে তদ্দিশি বা, সৈন্যেষু, সন্ধ্যাং তিষ্ঠৎসু উপতিষ্ঠমানেষু উপাসীনেষু সংস্থিত্যর্থঃ, নিরভ্রে নির্মেঘেঽপি গগনে, সপৃষতঃ তুষারবিন্দুযুক্তঃ, স্তনয়িত্নুমান্ মেঘগর্জনবাংশ্চ বায়ুঃ প্রাবাৎ প্রবাতি স্ম ॥৩৭॥

বিষ্বগিতি। বিষ্বক্ সর্বাভ্যো দিগ্‌ভ্যঃ। নীচৈরধোদেশাৎ। উদ্ধূয়ত তৈর্বাতৈ-রুত্থাপ্যত ॥৩৮॥

পপাতেতি। আহত্য প্রহৃত্যেব, ব্যশীর্য্যত বিলুপ্তা ॥৩৮॥

অথেতি। অভ্যুদ্‌যযৌ অভ্যুদিয়ায়, সঘোষং সশব্দম্, চচাল চকম্পে ॥৪০॥

ব্যশীর্য্যতেতি। ব্যশীর্য্যত বিদীর্ণা। নির্ঘাতা বাতাহতবাতপাতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

সূর্য্যোদয়কালে সৈন্যেরা সন্ধ্যা করিতে লাগিলে, আকাশে মেঘ না থাকিলেও মেঘ গর্জন হইতে লাগিল এবং তুষারবিন্দুর সহিত বায়ু বহিতে হইতে থাকিল ॥৩৭॥

বায়ু ভূতল হইতে কাঁকর আকর্ষণ করিয়া লইয়া সকল দিক্ হইতে প্রবল-বেগে চলিতে লাগিল, ধূলি উঠিল এবং প্রবল অন্ধকার জগৎ আবৃত করিল ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! বিশাল উল্কা সকল পূর্ব্বমুখ হইয়া পড়িতে লাগিল এবং সেগুলি উদয়মান সূর্য্যমণ্ডলের উপরেই যেন আঘাত করিয়া মহাশব্দে বিশীর্ণ হইতে থাকিল ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ! সৈন্যেরা যুদ্ধের জন্য প্রস্তুত হইলে, সূর্য্য প্রভাবিহীন হইয়া উদয় পাইলেন এবং নির্ঘোষসহকারে ভূমিকম্প হইল ॥৪০॥

(৩৮)…শর্করবর্ষিণঃ…পি। (৪০) অথ সজ্জীয়মানেষু…নিষ্প্রভোঽভ্যুদয়ে সূর্য্যঃ… চচাল হ—পি।

ধ্বজানাং ধূয়মানানাং সহসা মাতরিশ্বনা।
কিঙ্কিণীজালবদ্ধানাং কাঞ্চনস্রগ্বরাম্বরৈঃ ॥৪২॥
মহতাং সপতাকানামাদিত্যসমতেজসাম্।
সর্বং ঝণঝণীভূতমাসীত্তালবনেষ্বিব ॥৪৩॥ (যুগ্মকম্)
এবং তে পুরুষব্যাঘ্রাঃ পাণ্ডবা যুদ্ধনন্দিনঃ।
ব্যবস্থিতাঃ প্রতিব্যূহ্য তব পুত্রস্য বাহিনীম্ ॥৪৪॥
স্রংসন্ত ইব মজ্জানো যোধানাং ভরতর্ষভ!।
দৃষ্ট্বাগ্রতো ভীমসেনং গদাপাণিমবস্থিতম্ ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভগবদ্গীতাপর্বণি পাণ্ডবসৈন্যব্যূহবর্ণনে উনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ধ্বজানামিতি। ধূয়মানানাং কম্পমানানাম্। মাতরিশ্বনা বায়ুনা। বদ্ধং কিঙ্কিণীজালং যেষু তেষাম্। অগ্ন্যাহিতাদিবৎ পরনিপাতঃ। কাঞ্চনস্রজঃ স্বর্ণমালাশ্চ বরাম্বরাণি উত্তমবস্ত্রাণি চ তৈর্বিশিষ্টানাম্। সর্ব্বং বৃন্দম্ ॥৪২—৪৩॥

এবমিতি। যুদ্ধেন নন্দন্তি হৃষ্যন্তীতি তে। তব পুত্রস্য বাহিনীং প্রতি ব্যূহ্য ॥৪৪॥

ভারতভাবদীপঃ

মেদিনী ॥৩২—৩৬॥ প্রাবাৎ প্রববৌ। সপৃষতঃ সবিন্দুঃ ॥৩৭॥ বাতাঃ রূক্ষা বায়বঃ আহত্য আস্ফাল্য ॥৩৮—৪৩॥ মজ্জা ন ইতি। নোঽস্মাকং যোধানাং মজ্জাঃ ধাতুবিশেষান্ গ্রসন্ত ইবেতি যোজ্যং ভীমসেনং দৃষ্ট্বা। ব্যবস্থিতা ইতি সম্বন্ধঃ ॥৪৪—৪৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনবিংশোঽধ্যায়ঃ ॥১৯॥

ভরতপ্রধান রাজা! তখন শব্দ করিয়া ভূতল বিদীর্ণ হইল, সকল দিকেই বহুতর নির্ঘাতশব্দ শুনা গেল এবং তীব্র ধূলিজাল উত্থিত হইল; তাহাতে কিছুই জানা গেল না ॥৪১॥

উভয়পক্ষেরই ধ্বজসমূহে কিঙ্কিণীজাল, সুবর্ণমালা, উত্তম বস্ত্র ও পতাকা বদ্ধ ছিল এবং সে ধ্বজগুলি সূর্য্যের ন্যায় উজ্জ্বল ছিল; হঠাৎ বায়ু আসিয়া সেই ধ্বজগুলিকে কম্পিত করিলে, তালবনে যেমন 'ঝণ ঝণ' শব্দ হয়, সেইরূপ 'ঝণ ঝণ' শব্দ হইল ॥৪২—৪৩॥

পুরুষশ্রেষ্ঠ ও যুদ্ধামোদী সেই পাণ্ডবেরা আপনার পুত্রের সৈন্যের প্রতিপক্ষে এইরূপ ব্যূহ রচনা করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৪৪॥

ভরতশ্রেষ্ঠ! তখন সম্মুখে ভীমসেনকে গদাহস্তে অবস্থিত দেখিয়া কুরুপক্ষীয় যোদ্ধৃগণের মজ্জা যেন স্খলিত হইয়া পড়িল ॥৪৫॥

(৪৫) গ্রসন্ত ইব মজ্জা নো যোধানাম্...বা ব রা নি।

বিংশোঽধ্যায়ঃ।

—————ঃ*ঃ—————

ধৃতরাষ্ট্র উবাচ।

সূর্য্যোদয়ে সঞ্জয় ! কে নু পূর্ব্বং যুযুৎসবো হৃষ্যমাণা ইবাসন্।
মামকা বা ভীষ্মনেত্রাঃ সমীপে পাণ্ডবা বা ভীমনেত্রাস্তদানীম্ ॥১॥
কেষাং জঘন্যৌ সোমসূর্য্যৌ সবায়ূ কেষাং সেনাং শ্বাপদাশ্চাভষন্ত।
কেষাং যূনাং মুখবর্ণাঃ প্রসন্নাঃ সর্ব্বং হ্যেতদ্ব্রূহি তত্ত্বং যথাবৎ ॥২॥

সঞ্জয় উবাচ।

উভে সেনে তুল্যমিবোপযাতে উভে ব্যূহে হৃষ্টরূপে নরেন্দ্র ! ।
উভে চিত্রে বনরাজিপ্রকাশে তথৈবোভে নাগরথাশ্বপূর্ণে ॥৩॥

ভারতকৌমুদী

স্রংসন্ত ইতি। স্রংসন্তে পতন্তি স্ম, মজ্জানঃ সারা মনাংসীত্যর্থঃ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সূর্য্যেতি। ভীষ্মো নেতা নায়কো যেষাং তে, তদ্ধিতবাহুলকত্বেন রাজাদিত্বাদৎ। এবং ভীমনেত্রা ইত্যত্রাপি। হৃষ্যমাণা ইব সমীপে যুযুৎসবো যোদ্ধুমিচ্ছব আসন্ ॥১॥

কেষামিতি। জঘন্যৌ প্রতিকূলৌ। শ্বাপদাঃ শৃগালাদয়ঃ, অভষন্ত অরুবন্ ॥২॥

ভারতভাবদীপঃ

সূর্য্যেতি। ভীষ্মো নেতা নির্ব্বোঢ়া যেষাং তে ভীষ্মনেত্রাঃ ॥১॥ মেবং পুষ্কলং যথা স্যাত্তথা ব্রূহি। মেবমিতি মীবতেঃ পুষ্ট্যর্থস্য ঘঞি বাহুলকাদুপধাহ্রস্বে ততো গুণে রূপম্। গৌড়াস্ত্বিহ পাঠান্তরং কল্পয়ন্তি—সর্ব্বমেতদ্ব্রূহি মে ত্বং যথাবদিতি ॥২॥ ব্যূহে স্বে স্বে ইতি শেষঃ

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সূর্য্যোদয় হইলে, তখন কাহারা প্রথমে আনন্দিত হইয়াই যেন নিকটে যুদ্ধার্থী হইয়াছিল? ভীষ্মপরিচালিত আমার পুত্রেরা? না—ভীমপরিচালিত পাণ্ডবেরা? ॥১॥

চন্দ্র, সূর্য্য ও বায়ু কাহাদের প্রতিকূল হইয়াছিল? হিংস্রজন্তুগণ কাহাদের সৈন্যগণের প্রতি চাহিয়া রব করিয়াছিল? এবং কোন্ পক্ষের যুবকগণের মুখবর্ণ প্রসন্ন ছিল? এই সমস্ত বিষয় তুমি যথাযথভাবে বল' ॥২॥

---

(৩)…তুল্য ইবোপযাতে উভে ব্যূঢ়ে · পি।

উভে সেনে ভীমরূপে মহত্যৌ তথৈবোভে ভারত! দুর্বিষহে।
তথৈবোভে স্বর্গজয়ায় সৃষ্টে তথৈবোভে সৎপুরুষোপজুষ্টে ॥৪॥
পশ্চান্মুখাঃ কুরবো ধার্ত্তরাষ্ট্রাঃ স্থিতাঃ পার্থাঃ প্রাঙ্মুখা যোৎস্যমানাঃ।
দৈত্যেন্দ্রসেনেব চ কৌরবাণাং দেবেন্দ্রসেনেব চ পাণ্ডবানাম্ ॥৫॥
শীতো বায়ুঃ পৃষ্ঠতঃ পাণ্ডবানাং ধার্ত্তরাষ্ট্রান্ শ্বাপদা ব্যাহরন্ত।
গজেন্দ্রাণাং মদগন্ধাংশ্চ তীব্রান্ ন সেহিরে তব পুত্রস্য নাগাঃ ॥৬॥
দুর্য্যোধনো হস্তিনং পদ্মবর্ণং সুবর্ণকক্ষং জালবন্তং প্রভিন্নম্।
সমাস্থিতো মধ্যগতঃ কুরূণাং সংস্তূয়মানো বন্দিভির্মাগধৈশ্চ ॥৭॥

ভারতকৌমুদী

উভে ইতি। তুল্যং রূপমিতি শেষঃ। ব্যূহে স্থিতে উভে সেনে। চিত্রে অদ্ভুতে ॥৩॥

উভে ইতি। সৎপুরুষৈর্যুধিষ্ঠিরাদিভির্ভীষ্মাদিভিশ্চ উপজুষ্টে সেবিতে ॥৪॥

পশ্চাদিতি। দৈত্যেন্দ্রসেনেব, অন্যায়পরায়ণত্বাৎ, দেবেন্দ্রসেনেব ন্যায়পরায়ণত্বাৎ। নন্ "তে সমেত্য যথান্যায়ং ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ। কুরুক্ষেত্রস্য পশ্চার্দ্ধে ব্যবতিষ্ঠন্ত দংশিতাঃ ॥" ইত্যুদ্যোগপর্বীয়পঞ্চাশীত্যধিকশততমাধ্যায়বচনেন সহাস্য বিরোধ ইতি চেৎ সত্যম্, তত্র প্রথমো স্থিতিকালে পশ্চার্দ্ধবর্ত্তিত্বমুক্তম্, অত্র তু যুদ্ধকালে পূর্বার্দ্ধবর্ত্তিত্বমভিহিতমিত্যবিরোধঃ ॥৫॥

শীত ইতি। বায়ুরবাবিতি শেষঃ। ধার্ত্তরাষ্ট্রান্ প্রতি, শ্বাপদাঃ শৃগালাদয়ো হিংস্রজন্তবঃ, ব্যাহরন্ত অক্রুবন্। গজেন্দ্রাণাং পাণ্ডবীয়ানামিত্যাশয়ঃ। নাগা হস্তিনঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! উভয় সৈন্যই যেন সমান রূপ ধারণ করিয়াছিল; ব্যূহস্থিত উভয় সৈন্যই আনন্দিত হইয়াছিল; উভয় সৈন্যকেই বনশ্রেণীর ন্যায় আশ্চর্য্য দেখা যাইতেছিল এবং উভয় সৈন্যই হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ ছিল ॥৩॥

ভরতনন্দন! উভয় সৈন্যই ভীষণমূর্ত্তি ও বিশাল ছিল; উভয় সৈন্যকেই সহ্য করা দুষ্কর বলিয়া বোধ হইতেছিল; বিধাতা যেন স্বর্গলাভের জন্যই উভয় সৈন্যকে সৃষ্টি করিয়াছিলেন এবং উভয় সৈন্যমধ্যেই বহুতর সৎপুরুষ ছিলেন ॥৪॥

কুরুবংশীয় ধার্ত্তরাষ্ট্রেরা যুদ্ধার্থী হইয়া পূর্ব্বদিকে পশ্চিমাভিমুখে অবস্থান করিতেছিলেন এবং পাণ্ডবেরা যুদ্ধার্থী হইয়া পশ্চিমদিকে পূর্ব্বমুখ হইয়া রহিয়াছিলেন। তখন কৌরবসেনা যেন দৈত্যসেনার ন্যায় এবং পাণ্ডবসেনা যেন দেবসেনার তুল্য বলিয়া বোধ হইতেছিল ॥৫॥

পাণ্ডবগণের পিছনের দিকে শীতল বায়ু বহিতেছিল; শৃগালপ্রভৃতি হিংস্র জন্তুগণ ধার্ত্তরাষ্ট্রদিগের প্রতি চাহিয়া রব করিতেছিল এবং আপনার পুত্রের হস্তী সকল পাণ্ডবপক্ষীয় হস্তিগণের তীব্র মদগন্ধ সহ্য করিতে পারিতেছিল না ॥৬॥

(৪)··· বৃহত্যৌ ভীমরূপে···বা ব রা নি। (৬), চক্রে বায়ুঃ··· পি বা ব রা।

চন্দ্রপ্রভং শ্বেতমস্যাতপত্রং সৌবর্ণী স্রগ্রাজতে চোত্তমাঙ্গে।
তং সর্বতঃ শকুনিঃ পার্ব্বতীয়ৈঃ সার্দ্ধং গান্ধারৈর্যাতি গান্ধাররাজঃ ॥৮॥
ভীষ্মোঽগ্রতঃ সর্বসৈন্যস্য বৃদ্ধঃ শ্বেতচ্ছত্রঃ শ্বেতধনুঃ সড়্গগঃ।
শ্বেতোষ্ণীষঃ পাণ্ডুরেণ ধ্বজেন শ্বেতৈরশ্বৈঃ শ্বেতশৈলপ্রকাশঃ ॥৯॥
তস্য সৈন্যে ধার্ত্তরাষ্ট্রাশ্চ সর্বে বাহ্লীকানামেকদেশঃ শলশ্চ।
যে চাম্বষ্ঠাঃ ক্ষত্রিয়া যে চ সিন্ধোস্তথা সৌবীরাঃ পঞ্চনদাশ্চ শূরাঃ ॥১০॥
শোণৈর্হয়ৈ রুক্মরথো মহাত্মা দ্রোণো ধনুষ্পাণিরদীনসত্ত্বঃ।
আপ্তো গুরুঃ প্রথিতঃ সর্বরাজ্ঞাং পশ্চাচ্চমূমিন্দ্র ইবাভিযাতি ॥১১॥

ভারতকৌমুদী

(বঙ্গবাসীর পুস্তকে ও কুম্ভঘোণমের পুস্তকে আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে ৫১ অধ্যায়ে ৪৯ শ্লোক) অতএব বেদব্যাস আদিপর্ব্বে ভগবদ্গীতাকে একটী উপপর্ব্ব বলিয়াছেন এবং তাহার বৃত্তান্ত লিখিয়াছেন, আবার কৃষ্ণ আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে অর্জ্জুনকে সেই ভগবদ্গীতার বিষয়ই স্মরণ করাইয়া দিয়াছেন; এ অবস্থায় কোন রূপেই ভগবদ্গীতাকে সংগ্রহগ্রন্থ কিংবা প্রক্ষিপ্ত বলা যায় না।

প্রক্ষিপ্তবাদী—(ঈষৎ হাস্য করিয়া) যদি সেই অংশগুলিকেও প্রক্ষিপ্ত বলি?

প্রতিবাদী—তাহা হইলে, সম্পূর্ণ মহাভারতটাকেই কিংবা নিজেকেই প্রক্ষিপ্ত বলিয়া আমাকে নিষ্কৃতি দিয়া যান।

শ্রীমদ্ভগবদ্গীতা।

প্রথমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্বত সঞ্জয়! ॥১॥

ভারতকৌমুদী

নন্বত্র প্রথমাধ্যায়ে লেশতোঽপ্যধ্যাত্মবিষয়াভাবাৎ কথমস্যোপনিষদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বমিতি চেৎ, সত্যম্, অধ্যাত্মবিষয়াবতারণকারণত্বাদেবাস্য তদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বম্, প্রস্তাবনায়া নাটকাদিশরীরত্ববৎ।

ধর্ম্মেতি। হে সঞ্জয়! ধর্ম্মক্ষেত্রে মহাতীর্থতয়া ধর্ম্মস্থানে, কুরুক্ষেত্রে তদাখ্যে মহাবিশাল-স্থানে, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছব এব, সমবেতাঃ সম্মিলিতাঃ, মামকা মৎপুত্রাঃ পাণ্ডবাশ্চৈব, কিমকুর্বত যুদ্ধবিষয় এব কিং কৃতবন্তঃ, কিং বাগ্‌যুদ্ধমেব প্রথমং কৃতবন্তঃ? আহোস্বিদায়ুধ-যুদ্ধমিত্যর্থঃ। অতো যুযুৎসবঃ কিমকুর্বতেতি প্রশ্নস্য নানুপপত্তিঃ। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ॥" ইতি প্রাগুক্ত-বচনাৎ সম্মুখহতানাং ক্ষত্রিয়াণাং সর্ব্বত্রৈব সদ্‌গতিঃ, ধর্ম্মক্ষেত্রে তু পরাঙ্মুখহতানামপি, ইত্যেতৎপ্রদর্শনেন কুরুক্ষেত্রস্য ধর্ম্মক্ষেত্রতয়া যুদ্ধস্থানত্বানুমোদনার্থং ধর্ম্মক্ষেত্র ইতি বিশেষণম্।

নন্থ কুরুক্ষেত্রং বিশালায়তনং তত্র যোদ্ধারশ্চাষ্টাদশাক্ষৌহিণ্যঃ সমবেতা ইতি তত্রত্যানাং তেষাং সর্ববৃত্তান্তাবগমো মানুষস্যাসম্ভব এবেতি কথং সঞ্জয়ং ধৃতরাষ্ট্রঃ পৃচ্ছতি স্মেতি চেন্নৈবম্, ব্যাসেন তদানীং সঞ্জয়ং প্রতি সর্বজ্ঞত্ববরদানাৎ "চক্ষুষা সঞ্জয়ো রাজন্! দিব্যেনৈব সমন্বিতঃ। কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি॥" ইতি প্রাগুক্তত্বাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

ওঁ নমো ব্রহ্মাদিভ্যো ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্ত্তৃভ্যো বংশঋষিভ্যো নমো গুরুভ্যঃ। প্রণম্য ভগবৎপাদান্ শ্রীধরাদীংশ্চ সদ্‌গুরূন্। সম্প্রদায়ানুসারেণ গীতাব্যাখ্যাং সমারভে॥ ভারতে সর্ব্ববেদার্থো ভারতার্থশ্চ কৃৎস্নশঃ। গীতায়ামস্তি তেনেয়ং সর্ব্বশাস্ত্রময়ী মতা॥ কর্ম্মোপাস্তি-জ্ঞানভেদৈঃ শাস্ত্রং কাণ্ডত্রয়াত্মকম্। অন্তে তূপাসনাকাণ্ডাত্তৃতীয়ো নাতিরিচ্যতে॥ তদেব

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার পুত্রগণ ও পাণ্ডবগণ ধর্ম্মস্থান কুরুক্ষেত্রে যুদ্ধ করিবার ইচ্ছায় সমবেত হইয়া যুদ্ধবিষয়েই প্রথমে কি করিয়াছিলেন? ॥১॥

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসংগম্য রাজা বচনমব্রবীৎ ॥২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। রাজা দুর্য্যোধনঃ, তদা উভয়সৈন্যসন্নাহকালে, পাণ্ডবানামনীকং সৈন্যম্, ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্, দৃষ্ট্বা তু, আচার্য্যং প্রধানাস্ত্রশিক্ষকং দ্রোণম্, উপসংগম্য, বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। সমরসমুদ্যমে প্রধানযোদ্ধৃণাং তুষ্টিরাবশ্যকীতি সৈনাপত্যবিধানেনৈব ভীষ্মস্য তুষ্টিঃ কৃতা, ইদানীন্তু স্বয়মুপগমনেন রাজ্ঞো বিনয়ঃ তন্নিবন্ধনা দ্রোণস্য তুষ্টিশ্চ সূচিতা। দ্রোণ-কৃপয়োরুভয়োরেবাচার্য্যত্বেঽপি "ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ" ইতি পরত্রাভি-ধানাদাচার্য্যোঽত্র দ্রোণ এব ॥২॥

ভারতভাবদীপঃ

ব্রহ্ম বিদ্ধি ত্বং নেদং যত্তদুপাসতে। ইতি শ্রুত্যৈব বেদ্যস্য হ্যুপাস্যাদন্যত্বেরিতা॥ ইয়মষ্টাদশা-ধ্যায়ী ক্রমাৎ ষট্‌কত্রিকেণ হি। কর্ম্মোপাস্তিজ্ঞানকাণ্ডত্রিতয়াত্মা নিগদ্যতে॥ তত্র যুদ্ধোদ্যমং শ্রুত্বৌৎসুক্যাদগ্রিমং বৃত্তান্তং বুভুৎসুর্ধৃতরাষ্ট্র উবাচ—ধর্ম্মক্ষেত্র ইতি। তত্র বেদে তেষাং কুরুক্ষেত্রং দেবযজনমাসেতি কর্ম্মকাণ্ডপ্রসিদ্ধং কুরুক্ষেত্রমন্যৎ। "অবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমিত্যবিমুক্তাখ্যং ব্রহ্মপ্রাপ্তিস্থানভূতং কুরুক্ষেত্রমন্যৎ। ব্রহ্মসদনত্বং চাত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষীভবতী"তি বাক্যশেষেণ ব্যুৎপাদিতম্ এতদ্ব্যাবৃত্ত্যর্থং ধর্ম্মক্ষেত্রে ইতি বিশেষণম্। কুরুদেশান্তরগতং হি কুরুক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রমেব ন তু তৎ ব্রহ্ম-সদনং প্রবর্গ্যকাণ্ডে তস্য ধর্ম্মক্ষেত্রত্বমাত্রশ্রবণাৎ। তত্র সমবেতাঃ মিলিতাঃ যুযুৎসবো যোদ্ধু-মিচ্ছবঃ। পাণ্ডবানাং পৃথগ্‌গ্রহণং তেষু মমত্বাভাবসূচনার্থম্ ॥১॥ ব্যূঢ়ং ব্যূহরচনয়া স্থিতম্ আচার্য্যং দ্রোণম্। রাজা দুর্য্যোধনঃ। রাজাঽব্রবীদিত্যেব সিদ্ধে বচনপদেন সংক্ষিপ্ত-বহ্বর্থত্বাদিগুণবত্ত্বং বাক্যস্য সূচ্যতে ॥২॥ দ্রুপদপুত্রেণেতি। পূর্ব্ববৈরসূচনেন ক্রোধোদ্দীপ-

তাৎপর্য্য—ক্ষত্রিয় সর্ব্বত্রই সম্মুখযুদ্ধে নিহত হইয়া সদ্‌গতি লাভ করেন; কিন্তু ধর্ম্ম-স্থানে পরাঙ্মুখভাবে নিহত হইয়াও সেই স্থানের গুণেই সদ্‌গতি লাভ করিতে পারেন। অতএব যুদ্ধ যখন অবশ্যকর্ত্তব্য বলিয়াই স্থির হইয়াছিল, তখন তাহা মহাতীর্থ কুরুক্ষেত্রে আরম্ভ করাই ভাল হইয়াছে। সে যাহা হউক, উঁহারা যুদ্ধার্থী হইয়া যুদ্ধবিষয়েই প্রথম কি করিয়াছিলেন; সঞ্জয়! তাহা তুমি বল ॥১॥

সঞ্জয় কহিলেন—'রাজা দুর্য্যোধন তখন পাণ্ডবগণের সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া দ্রোণাচার্য্যের নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

তাৎপর্য্য—যুদ্ধের সময়ে প্রধান যোদ্ধাদিগকে সন্তুষ্ট রাখাই রাজার কর্ত্তব্য। সুতরাং ভীষ্মকে সেনাপতি করাতেই তাঁহাকে সন্তুষ্ট রাখা হইয়াছে; এখন রাজা দুর্য্যোধন নিজেই দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইয়া বিনয় প্রকাশ করিলেন এবং তাহাতে দ্রোণকেও সন্তুষ্ট করা হইল। না হইলে, দ্রোণকে ডাকিতেও পারিতেন ॥২॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য ! মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥৩॥
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥৪॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥৫॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রোণমুত্তেজয়তি পশ্যেতি। হে আচার্য্য ! অস্ত্রশিক্ষক ! তব শিষ্যেণ ছাত্রেণ, ধীমতা বুদ্ধিমতা, দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন, ব্যূঢ়াং ব্যূহরূপেণ স্থাপিতাম্, পাণ্ডুপুত্রাণাম্, এতাং মহতীং প্রশস্তাম্, চমূং সেনাং পশ্য। ধীমান্ শিষ্যঃ কদাচিদ্‌গুরুতুল্যো গুরোরধিকো বা ভবতি। তেন চ রচিতো ব্যূহঃ প্রশস্ত এব সঞ্জাতঃ; বিশেষতশ্চাসৌ ধৃষ্টদ্যুম্নস্তব শত্রোর্দ্রুপদস্যৈব পুত্রস্ত্বদ্বধার্থমুৎপন্নশ্চ। অতস্ত্বয়া পাণ্ডবস্নেহাদ্‌যুদ্ধে উদাসীনেন ন ভাব্যং সাবধানেন স্থাতব্যং গরীয়ান্ ক্রোধশ্চ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩॥

পাণ্ডবচমূমহত্ত্বং সূচয়তি অত্রেতি। অত্র চম্বাম্, যুধি যুদ্ধে, ভীমার্জ্জুনাভ্যাং সমাস্তুল্যাঃ, ইষূন্ বাণান্ অস্যন্তি ক্ষিপন্ত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ, করণে ঘঞ্, মহান্ত ইষ্বাসা ধনূংষি যেষাং তে মহাধনুর্দ্ধরা ইত্যর্থঃ, শূরা বীরাঃ সন্তীতি শেষঃ। কে তে ইত্যাহ যুযুধান ইত্যাদি। যুযুধানঃ সাত্যকিঃ, বিরাটদ্রুপদৌ প্রসিদ্ধৌ, মহারথলক্ষণং প্রাগুক্তম্ (উদ্‌যোগপর্ব্বণি ১৪১৩ পৃষ্ঠে ভারতকৌমুদীটীকায়াম্), ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ, চেকিতানঃ কেকয়রাজপুত্রঃ, বীর্য্যবান্ কাশীরাজশ্চ, পুরুজিৎ রাজবিশেষঃ, কুন্তিভোজশ্চ রাজা, নরপুঙ্গবঃ শৈব্যশ্চ রাজা, বিক্রান্তো যুধামন্যুশ্চ বীর্য্যবান্ উত্তমৌজাশ্চ পাঞ্চালদেশীয়ৌ, সৌভদ্রঃ সুভদ্রাপুত্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ, চকারাদ্‌ঘটোৎকচাদয়শ্চ, এতে সর্ব্ব এব মহারথাঃ পাণ্ডবসেনায়াং সন্তীতি শেষঃ। অতঃ পাণ্ডবচমূমহত্ত্বান্মহোৎসাহেনৈব ভবদ্ভির্যোদ্ধব্যমিত্যাশয়ঃ।

'আচার্য্য ! আপনি পাণ্ডবগণের এই মহাসেনার প্রতি দৃষ্টিপাত করুন; দ্রুপদরাজার পুত্র এবং আপনার বুদ্ধিমান্ শিষ্য ধৃষ্টদ্যুম্ন এই সেনাকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়াছেন ॥৩॥

তাৎপর্য্য—আচার্য্য ! দ্রুপদরাজা আপনার চিরশত্রু; এই ধৃষ্টদ্যুম্ন তাঁহারই পুত্র এবং আপনার বধের জন্যই উৎপন্ন হইয়াছেন; বিশেষতঃ এই ধৃষ্টদ্যুম্ন আপনার বুদ্ধিমান্ শিষ্য বলিয়া যুদ্ধে আপনারই তুল্য হইয়াছেন; আর ব্যূহটাকেও সুন্দর করিয়া সাজাইয়াছেন। সুতরাং আপনি পাণ্ডবগণের স্নেহে, বিশেষতঃ অর্জ্জুনের প্রতি গুরুতর স্নেহবশতঃ যুদ্ধে উদাসীন থাকিতে পারিবেন না, বিশেষ সতর্ক হইয়া বিশেষ উৎসাহ সহকারেই আপনার যুদ্ধ করা কর্ত্তব্য ॥৩॥

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম ! ।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭॥
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥৮॥

ভারতকৌমুদী

অত্র সন্তীত্যেকয়াধ্যাহর্ত্তব্যয়া ক্রিয়য়া ত্রয়াণাং শ্লোকানামন্বয়াদ্বিশেষকং নামেদং মেলনম্। তথা চ সাহিত্যদর্পণঃ—"ছন্দোবদ্ধপদং পদ্যং তেনৈকেন চ মুক্তকম্। দ্বাভ্যান্তু যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকম্। কলাপকং চতুর্ভিঃ স্যাত্তদূর্দ্ধং কুলকং স্মৃতম্ ॥" ॥৪—৬॥

তর্হি কিং তব সেনা পাণ্ডবসেনাতো নিকৃষ্টেত্যাহ অস্মাকমিতি। হে দ্বিজোত্তম ! ব্রাহ্মণশ্রেষ্ঠ ! অস্মাকং পক্ষে তু যে যোদ্ধারো বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ, তান্ নিবোধ শৃণু। কিঞ্চ মম সৈন্যস্য যে নায়কাঃ পরিচালকাঃ, তে তব, সংজ্ঞার্থং তেষাং সম্যগ্‌জ্ঞানার্থম্, তান্ ব্রবীমি। অতো মৎসেনায়া নিকর্ষাশঙ্কা ন কার্য্যেতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নার্থং বিশেষণম্ ॥৩॥ মহেষ্বাসাঃ মহান্ত ইষ্বাসাঃ ধনূংষি যেষাং তে। যুযুধানঃ সাত্যকিঃ। দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ ॥৪॥ ধৃষ্টকেত্বাদয়ঃ ষট্ ॥৫॥ যুধামন্যূত্তমৌজসৌ সৌভদ্রোঽভিমন্যুঃ পঞ্চ দ্রৌপদেয়াঃ প্রতিবিন্ধ্যাদয়শ্চেত্যষ্টৌ। চকারাৎ পাণ্ডবা ঘটোৎকচাদয়শ্চাতিপ্রসিদ্ধা গ্রাহ্যাঃ। সর্ব্বেঽপি মহারথা এব। তল্লক্ষণন্তু—"একো দশসহস্রাণি যোধয়েদ্‌যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স বৈ প্রোক্তো মহারথঃ ॥ অমিতান্ যোধয়েদ্‌যস্তু সম্প্রোক্তোঽতিরথস্তু সঃ। রথস্ত্বেকেন যোদ্ধা স্যাত্তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ ॥" ইতি ॥৬॥ বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ। নিবোধ বুধ্যস্ব। ভোবাদিকস্য

যুদ্ধে ভীম ও অর্জ্জুনের তুল্য অনেক মহাধনুর্দ্ধর বীর এই সৈন্যমধ্যে রহিয়াছেন। যথা—মহারথ সাত্যকি, বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ এবং ঘটোৎকচপ্রভৃতি, ইঁহারা, সকলেই মহারথ ॥৪—৬॥

তাৎপর্য্য—অতএব আচার্য্য ! আপনাদের সকলেরই বিশেষ উৎসাহের সহিত যুদ্ধ করিতে হইবে ॥৪—৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমাদের পক্ষে যে সকল শ্রেষ্ঠ যোদ্ধা আছেন, আপনি তাঁহাদের নাম শ্রবণ করুন ; আর আমার সৈন্যের যাঁহারা পরিচালক হইয়াছেন, আপনার পরিচয়ের জন্য তাঁহাদের নামও আমি বলিতেছি—॥৭॥

তাৎপর্য্য—অতএব আপনি পাণ্ডবসৈন্য অপেক্ষা আমার সৈন্যকে নিকৃষ্ট মনে করিবেন না ॥৭॥

---

(৮)…সৌমদত্তিস্তথৈব চ—দাক্ষিণাত্যপুস্তকবিশেষে পাঠঃ।

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥৯॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥১০॥

ভারতকৌমুদী

অথ কে তে ইত্যাহ ভবানিতি। সমিতিং যুদ্ধং জয়তীতি সমিতিঞ্জয়ঃ, "নাম্নি তৃভৃ" ইত্যাদিনা খশ্, এতদ্বিশেষণঞ্চ সর্ব্বত্র সম্বধ্যতে। তেন চান্যত্র লব্ধজয়া অত্রাপি জেষ্যন্তীতি ভাবঃ। ভবান্ দ্রোণঃ, ভীষ্মশ্চ, কর্ণশ্চ। ভীষ্মেণ কর্ণঃ শস্ত্রং ত্যাজিতোঽপি ভীষ্মানন্তরমসৌ যোৎস্যত এবেতি সোঽপি গ্রাহ্য ইত্যাশয়ঃ। কৃপশ্চ, অশ্বত্থামা, বিকর্ণশ্চ স্বভ্রাতা, সোমদত্তস্যাপত্যমিতি সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, জয়দ্রথশ্চ। এতে বিশিষ্টা ইতি ভাবঃ ॥৮॥

নন্বু তথাপি পাণ্ডবপক্ষীয়বিশিষ্টাপেক্ষয়া ত্বৎপক্ষীয়া বিশিষ্টা অল্পা ইত্যাহ অন্য ইতি। অন্যে শৈল্যকৃতবর্ম্মাদয়ো বহবঃ শূরাশ্চ, মদর্থে, ত্যক্তানি ত্যাগায়োদ্যতানি জীবিতানি জীবনানি যৈস্তে তাদৃশাঃ। সর্ব্ব এব চ তে, নানা বহুবিধানি শস্ত্রাণি সন্নিধৌ হিংসাসাধনানি শূলাদীনি প্রহরণানি বাণাদীন্যস্ত্রাণি চ যেষাং তে, যুদ্ধবিশারদাশ্চ ॥৯॥

অপি চাহ অপর্য্যাপ্তমিতি। অস্মাকং তদেতৎ বলং সৈন্যম্, পরিত আপ্তং প্রাপ্তুং শক্তমিতি পর্য্যাপ্তমলং ন পর্য্যাপ্তমপর্য্যাপ্তম্। একাদশাক্ষৌহিণীসংখ্যকত্বাদধিকমিত্যর্থঃ, ভীষ্মেণ অভি সর্ব্বতো রক্ষিতঞ্চ। কিন্তু এতেষাং পাণ্ডবানাম্, ইদং বলং সৈন্যম্, পর্য্যাপ্তং সপ্তাক্ষৌহিণীপরিমিতত্বাদল্পম্, ভীমেন অভিরক্ষিতঞ্চ। একতো মৎসৈন্যং সংখ্যয়াধিকম্, দ্বিতীয়তো মহাবুদ্ধিনা ভীষ্মেণাভিরক্ষিতঞ্চ; পাণ্ডবসৈন্যন্তু একতঃ সংখ্যয়াল্পম্, দ্বিতীয়তশ্চপলবুদ্ধিনা ভীমেনাভিরক্ষিতঞ্চ। অতোঽস্মাকং জয় এবাবশ্যম্ভাবীতি ভাবঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

পরস্মৈপদিনো বুধেরিদং রূপম্। সংজ্ঞার্থম্ অস্মৎপক্ষেঽপি শূরাঃ সন্তীতি জ্ঞাপনার্থম্, পরেষু প্রাবল্যং দৃষ্ট্বা ভবোৎসাহভঙ্গো মাভূদিত্যর্থঃ ॥৭॥ বিকর্ণঃ স্বভ্রাতা। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। জয়দ্রথপদস্থানে তথৈব চেতি ক্বচিৎ পাঠঃ ॥৮॥ অন্যে শল্যকৃতবর্ম্মপ্রভৃতয়ঃ। শস্ত্রাণি বিদারকাণি খড়্গাদীনি, প্রহরণানি কেবলং প্রহারার্থানি গদাদীনি নানাবিধানি যেষাং তে নানাশস্ত্রপ্রহরণাঃ ॥৯॥ পর্য্যাপ্তং পরিত আপ্তং পরিবেষ্টিতং পাণ্ডবসৈন্যং হি সপ্তাক্ষৌহিণী-

---

যুদ্ধবিজয়ী আপনি, ভীষ্ম, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ, ভূরিশ্রবা এবং জয়দ্রথ (ইহারা বিশিষ্ট) ॥৮॥

তাৎপর্য্য—ইহারা অনেক যুদ্ধে জয় লাভ করিয়াছেন; সুতরাং এ যুদ্ধেও যে জয় লাভ করিবেন, এরূপ আশা করা যায় ॥৮॥

শল্য ও কৃতবর্ম্মপ্রভৃতি আরও বহুতর বীর আমার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছেন এবং তাঁহারা সকলেই নানাবিধ অস্ত্রশস্ত্রধারী ও যুদ্ধে সুনিপুণ ॥৯॥

তাৎপর্য্য—অতএব তাঁহারা প্রাণপণেই যুদ্ধ করিবেন, এইরূপই আশা করি ॥৯॥

অয়নেষু চ সর্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব এব হি ॥১১॥
তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥১২॥

ভারতকৌমুদী

ইদানীং কর্ত্তব্যমাহ অয়নেষ্বিতি। এব হি শব্দদ্বয়মত্যন্তাবধারণং সূচয়তি, "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ" ইত্যাদিবৎ। ভবন্তঃ সর্ব্ব এব হি যোদ্ধারঃ, সর্ব্বেষু চ অয়নেষু অস্মাকং ব্যূহমার্গেষু, যথাভাগং বিভক্তং স্বং স্বং স্থানমনতিক্রম্য অবস্থিতাঃ সন্তঃ, ভীষ্মমেব অভিরক্ষন্তু। পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চ যথা পরো ন হন্যাৎ তথা রক্ষিতঃ সর্ব্বাগ্রবর্ত্তী সেনাপতির্ভীষ্মঃ স্বপক্ষং রক্ষন্ পরপক্ষং নির্বিঘ্নং হন্যাদিতি ভাবঃ। "অয়নং বর্ত্ম মার্গাধ্বপন্থানঃ পদবী সৃতিঃ" ইত্যমরঃ। অয়তে গচ্ছত্যনেনেতি অয়নং করণে ল্যুট্ ॥১১॥

এতদবসরবৃত্তান্তমাহ তস্যেতি। অস্মিন্নবসর এব কুরুষু কুরুবংশেষু বৃদ্ধঃ কুরুবৃদ্ধঃ প্রতাপবাংশ্চ, পিতামহঃ যুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাং পিতামহভ্রাতা ভীষ্মঃ, তস্য দুর্য্যোধনস্য, হর্ষমানন্দম্, সংজনয়ন্ স্বোৎসাহসূচনেন সম্যগুৎপাদয়ন্, উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য কৃত্বা, শঙ্খং দধ্মৌ বাদয়ামাস। সেনাপতেরুৎসাহদর্শনেন রাজ্ঞ আনন্দঃ স্বত এব ভবতীতি ভাবঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মিতত্বাদল্পম্, বহুনৈকাদশাক্ষৌহিণীমিতেনাস্মৎসৈন্যেন বেষ্টয়িতুং শক্যং ন তু তদীয়েনাস্মদীয়মিত্যর্থঃ। এবঞ্চ পর্য্যাপ্তমিত্যস্য পারণীয়মিত্যর্থঃ ॥১০॥ অয়নেষু ব্যূহরচনয়া স্থিতে সৈন্যে প্রবেশমার্গেষু স্বে স্বে স্থানে স্থিতা যূয়ং সর্বাস্থং ভীষ্মমেবাভিরক্ষত। অস্য সেনাপতেশ্চাঞ্চল্যে সর্বাঽপি সেনা আকুলীভবেৎ তৎস্থৈর্য্যে স্থিরা চ ভবেদতঃ স এব রক্ষ্য ইত্যর্থঃ ॥১১॥ তদৈবং বদতো দুর্য্যোধনস্য সঞ্জয়বাক্যমিদম্। সিংহনাদমিতি ণমুলন্তম্, তেন বিনদ্যেত্যস্যানুপ্রয়োগঃ

আমাদের এই সৈন্য সংখ্যায় অধিক, বিশেষতঃ ভীষ্ম ইহাকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন; আর পাণ্ডবদের এই সৈন্য সংখ্যায় অল্প এবং ভীম উহাকে রক্ষা করিতেছেন ॥১০॥

তাৎপর্য্য—আমার সৈন্য এগার অক্ষৌহিণী এবং মহাবুদ্ধি ভীষ্ম ইহাকে রক্ষা করিতেছেন; আর পাণ্ডবদের সৈন্য মাত্র সাত অক্ষৌহিণী, তাহাতে আবার একটা গোঁয়ার (ভীম) উহার রক্ষক হইয়াছে। অতএব নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥১০॥

আপনারা সকলেই আমাদের ব্যূহের সকল পথে আপন আপন নির্দ্দিষ্ট স্থানে অবস্থিত হইয়া ভীষ্মকেই সকল দিক্ হইতে রক্ষা করিতে থাকুন' ॥১১॥

তাৎপর্য্য—তৎকালে সেনাপতিরা সমস্ত সৈন্যের সম্মুখে থাকিতেন; তাহাতে ঘটনাক্রমে বিপক্ষেরা পার্শ্বে বা পিছনে আসিয়া সেই সেনাপতিগণকে আঘাত করিবার সুযোগ পাইত। এ ক্ষেত্রে সেরূপ না ঘটে এই জন্য দুর্য্যোধন প্রথমেই ভীষ্মকে রক্ষা করিবার উপদেশ দিলেন ॥১১॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥১৩॥
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ কৌরবপক্ষে শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাশ্চ তদানীন্তনা বাদ্যবিশেষাঃ, সহসা তৎক্ষণাদেব, অভ্যহন্যন্ত তত্তদ্বাদকৈরতাড্যন্ত। পরঞ্চ স শব্দঃ, তুমুল একীভূতঃ সুমহানভবৎ। ভীষ্মস্য শঙ্খনাদশ্রবণেনাবসরাবগমাৎ কৌরবপক্ষীয়াঃ সর্বে বাদকা যুগপদেব স্বং স্বং বাদ্যং বাদয়ামাসুরিত্যাশয়ঃ ॥১৩॥

তত ইতি। ততঃ, শ্বেতৈঃ, হয়ৈরশ্বৈর্যুক্তে, মহতি উত্তমে, স্যন্দনে রথে স্থিতৌ, মাধবঃ কৃষ্ণঃ, পাণ্ডবঃ কৃষ্ণসাহচর্য্যাদর্জ্জুনশ্চ উভৌ, দিব্যৌ উত্তমৌ শঙ্খৌ, প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ, বিপক্ষাণামানুরূপ্যেণৈব স্বপক্ষোৎসাহসূচনস্য ন্যায্যত্বাদিত্যাশয়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

কষাদিত্বাৎ "সমূলকাষঙ্কষতি স্ম দৈত্যান্" ইত্যাদিবৎ। কুরুবৃদ্ধো ভীষ্মঃ প্রাগ্ বিরাটনগরাদৌ দৃষ্টপ্রভাবান্ পাণ্ডবান্ দৃষ্ট্বা রাজ্ঞো ভয়ং মাভূদিতি শঙ্খং দধ্মৌ। হর্ষং যুদ্ধোৎসাহং জনয়ন্ হেত্বর্থে শতৃপ্রত্যয়ঃ, হর্ষজননার্থমিত্যর্থঃ ॥১২॥ অভ্যহন্যন্ত অভিহতাঃ, কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ

কুরুকুলবৃদ্ধ প্রতাপশালী ভীষ্ম তখন দুর্য্যোধনের আনন্দ জন্মাইতে থাকিয়া উচ্চস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥১২॥

তাৎপর্য্য—সেনাপতির উৎসাহ দেখিলে, রাজার আনন্দ হওয়া স্বাভাবিক। সুতরাং ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া দুর্য্যোধন বিশেষ আনন্দিত হইলেন ॥১২॥

তদনন্তর বাদ্যবাদকেরা একদাই শঙ্খ, ভেরী, পণব, আনক ও গোমুখপ্রভৃতি বাদ্য বাজাইয়া উঠিল; তখন সেই ধ্বনি তুমুল হইয়া পড়িল ॥১৩॥

তাৎপর্য্য—কুরুপক্ষীয় বাদ্যবাদকেরা সেনাপতি ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া 'ইহাই বাদ্যধ্বনি আরম্ভ করিবার সময়' এইরূপ মনে করিয়া যুগপৎ সকল দিক্ হইতেই রণবাদ্য বাজাইতে আরম্ভ করিয়াছিল ॥১৩॥

তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত উত্তম রথে থাকিয়া উত্তম শঙ্খযুগলের ধ্বনি করিলেন ॥১৪॥

তাৎপর্য্য—উদ্যোগপর্ব্বে লিখিত আছে—কৌরবপক্ষে ভীষ্ম এবং পাণ্ডবপক্ষে অর্জ্জুন প্রধান সেনাপতি নির্বাচিত হইয়াছিলেন। সুতরাং ভীষ্ম যেমন শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ সূচনা করিলেন, অর্জ্জুনও তেমনই শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ জানাইলেন। তা'র পর কৌরবপক্ষের ন্যায় পাণ্ডবপক্ষেও প্রধান যোদ্ধারা শঙ্খধ্বনি করিয়া আপনাদের উৎসাহ প্রকাশ করিলেন ॥১৪॥

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥১৫॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥১৬॥ (যুগ্মকম্)
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ পৃথিবীপতে !।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥ (যুগ্মকম্)
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়াণি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥১৯॥

ভারতকৌমুদী

কৃষ্ণার্জ্জুনশঙ্খয়োর্নামনির্দ্দেশপূর্ব্বকমন্যেষাং শঙ্খবাদনমাহ পাঞ্চেতি। হৃষীকেশঃ কৃষ্ণঃ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, ধনঞ্জয়োঽর্জ্জুনশ্চ, দেবদত্তং নাম শঙ্খম্, দধ্মৌ। ভীমং হিড়িম্ববধাদিকং কর্ম্ম যস্য স তাদৃশো বৃকোদরো ভীমশ্চ, পৌণ্ড্রং নাম মহাশঙ্খং দধ্মৌ; তথা কুন্তীপুত্রো রাজা যুধিষ্ঠিরঃ, অনন্তবিজয়ং নাম শঙ্খম্, নকুলঃ সহদেবশ্চ, সুঘোষমণিপুষ্পকৌ নাম শঙ্খৌ, যথাসংখ্যং দধ্মৌ ॥১৫—১৬॥

কাশ্য ইতি। হে পৃথিবীপতে! রাজন্! ধৃতরাষ্ট্র! পরম উত্তম ইষ্বাসো ধনুর্যস্য স তাদৃশঃ, কাশ্যঃ কাশীরাজশ্চ, মহারথঃ শিখণ্ডী চ, ধৃষ্টদ্যুম্নঃ, বিরাটশ্চ, অপরাজিতঃ সাত্যকিশ্চ দ্রুপদঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ চ, মহাবাহুঃ সৌভদ্রঃ সুভদ্রায়াঃ পুত্রোঽভিমন্যুশ্চ, এতে, সর্বশঃ সর্ব্বাভ্য এব দিগ্ভ্যঃ, পৃথক্ পৃথক্, শঙ্খান্ দধ্মুঃ ॥১৭—১৮॥

স ইতি। তুমুলঃ সঙ্কীর্ণঃ, স ঘোষঃ পাণ্ডবপক্ষীয়ঃ শঙ্খনাদঃ, নভো গগনঞ্চ, পৃথিবীঞ্চ, অভ্যনুনাদয়ন্ আপূরয়ন্ সন্, ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং ত্বৎপুত্রাণাম্, হৃদয়ানি, ব্যদারয়ৎ বিদীর্ণানীবাকরোৎ, নির্ঘাতিতানাং সর্ব্বথা দুর্বলীভূতানাঞ্চ পাণ্ডবানাং মহোৎ-

কৃষ্ণ পাঞ্চজন্য শঙ্খ এবং অর্জ্জুন দেবদত্তনামক শঙ্খ বাজাইয়াছিলেন। ক্রমে ভীমকর্ম্মা ভীমসেন পৌণ্ড্রনামক মহাশঙ্খ, কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অনন্ত-বিজয় শঙ্খ, নকুল সুঘোষশঙ্খ এবং সহদেব মণিপুষ্পনামক শঙ্খ বাজাই-লেন ॥১৫—১৬॥

মহারাজ! তৎপরে মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, অপরাজিত সাত্যকি, দ্রুপদ, দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং মহাবাহু অভিমন্যু ইঁহারাও সকল দিক্ হইতে পৃথক্ পৃথক্ ভাবে শঙ্খধ্বনি করিলেন ॥১৭—১৮॥

(১৯)…তুমুলো ব্যনুনাদয়ন্—ইতি কুত্রচিদ্দাক্ষিণাত্যপুস্তকে পাঠঃ।

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ ॥২০॥
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে ! ।

অর্জ্জুন উবাচ ।

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ! ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাহাড়ম্বরপ্রকাশাদিতি ভাবঃ । অন্যেষান্তু তাদৃশবিদ্বেষাভাবান্ন তথেতি সূচয়িতুং ধার্ত্তরাষ্ট্র-মাত্রোক্তিঃ ॥১৯॥

অথেতি । হে মহীপতে ! ধৃতরাষ্ট্র ! অথ ধার্ত্তরাষ্ট্রহৃদয়বেদনানন্তরম্, পাণ্ডবঃ কপিধ্বজঃ অর্জুনঃ, ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ ত্বৎপুত্রান্, ব্যবস্থিতান্ যুদ্ধকরণায় বিদ্যমানান্ দৃষ্ট্বা, ধনুঃ, উদ্যম্য উত্তোল্য ধৃত্বা, শস্ত্রসম্পাতে অস্ত্রক্ষেপে, প্রবৃত্তে প্রক্রান্তে ভাবিনি, তদা হৃষীকেশং কৃষ্ণম্, ইদং বাক্যম্, আহ ব্রবীতি স্ম । কিং তদ্বাক্যমিত্যাহ সেনয়োরিত্যাদি । হে অচ্যুত ! জীবেষু ন্যায্যপথাদভ্রষ্ট ! কৃষ্ণ ! মে মম রথম্, উভয়োঃ সেনয়োর্মধ্যে স্থাপয় । অত্র পূর্ব্ব-শ্লোকান্বয়িন্যা আহেতি ক্রিয়ায়াঃ পরশ্লোকে স্থিতের্যুগ্মকত্বমেব । অর্জ্জুন উবাচ ইতি বাক্যান্তরস্য মধ্যে স্থিতৌ তু গদ্যপদ্যয়োঃ সঙ্কীর্ণতামাত্রম্ । ঈদৃশমুদাহরণং মহাভারতে পূর্ব্বাপরয়োর্বহুত্র দৃষ্টম্ । কপিধ্বজ আহ ইত্যনেনৈব নির্বাহে 'অর্জ্জুন উবাচ' ইতি পুনরুক্তিস্তু মুনেঃ স্বাভাবিকী ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

॥১৩—১৯॥ ব্যবস্থিতান্ ভয়োদ্বিগ্নতয়া বৈষম্যেণাবস্থিতান্ । কপিধ্বজপাণ্ডবপদাভ্যাং ভীষণধ্বজত্বং শৌর্য্যঞ্চ প্রদৃশ্যতে ॥২০॥ হৃষীকেশং সর্বেষামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকত্বেন পরচিত্তা-ভিজ্ঞং ন তু কঞ্চিদর্থমিতি দ্যোতনার্থং বাক্যপদম্ । বাক্যমেবাহ—সেনয়োরিতি ॥২১॥

সেই তুমুল শঙ্খধ্বনি আকাশ ও পৃথিবী পরিপূর্ণ করিতে থাকিয়া ধার্ত্তরাষ্ট্র-গণের হৃদয় যেন বিদীর্ণ করিল ॥১৯॥

তাৎপর্য্য—ধার্ত্তরাষ্ট্রগণের নানা কৌশলে পাণ্ডবগণ নির্বাসিত, বনবাসী ও সহায়শূন্য হইয়াছিলেন ; তাহাতে তাঁহাদের হৃদয় দুর্ব্বল হইবারই সম্ভাবনা ছিল । পাণ্ডবপক্ষ হইতেই সন্ধির প্রস্তাব করায় ধার্ত্তরাষ্ট্রেরা পাণ্ডবদের সে দুর্বলতা দৃঢ়রূপেই ধারণা করিয়াছিলেন । কিন্তু এখন সেই পাণ্ডবেরাই প্রচুর সৈন্য ও যুদ্ধোপকরণ সংগ্রহ করিয়া অনুরূপ তুমুল শঙ্খনাদ-দ্বারা কৌরবশঙ্খনাদের উপযুক্ত প্রত্যুত্তরই দিলেন ; ইহাতে পাণ্ডবদের সবলতা প্রকাশ পাওয়ায় ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয়ে নৈরাশ্য উপস্থিত হইল ॥১৯॥

রাজা ! তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন ধার্ত্তরাষ্ট্রগণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিয়া ধনু উত্তোলন করিয়া অস্ত্রক্ষেপ আরম্ভ হইবার পূর্ব্বে তখন কৃষ্ণের নিকট এই কথা বলিয়াছিলেন । অর্জুন বলিলেন—'কৃষ্ণ ! আমার রথখানাকে উভয় সৈন্যের মধ্যস্থানে রাখ ॥২০—২১॥

যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥২২॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥২৩॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত !।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥২৪॥

ভারতকৌমুদী

ননূভয়োঃ সেনয়োর্ম্মধ্যে কিয়ন্তং কালং রথং স্থাপয়ামি কথং বা স্থাপয়ামীত্যাহ যাবদিতি। অহম্, যাবৎ যাবন্তং কালম্, এতান্ যোদ্ধুকামান্ সতঃ অবস্থিতান্ যোধান্, নিরীক্ষে পশ্যামি; তাবৎ স্থাপয়েত্যর্থঃ। তথাপি যাবচ্ছব্দস্য উত্তরবাক্যগতত্বেন তাবচ্ছব্দানপেক্ষণান্ন ন্যূনপদত্বম্, "আত্মা জানাতি, যৎ পাপম্" ইতি সাহিত্যদর্পণোদাহরণবৎ। অস্মিন্ রণসমুদ্যমে যুদ্ধোদ্যোগে, কৈর্বীরৈঃ সহ ময়া যোদ্ধব্যম্। তন্নিরূপণার্থমেব নিরীক্ষণমিতি ভাবঃ ॥২২॥

উক্তপ্রায়মেবার্থং কিঞ্চিদ্বিশেষসূচনায় পুনরাহ যোৎস্যেতি। যে এতে, দুর্ব্বুদ্ধেঃ পরদ্রব্যে লোভকরণাৎ চিরমন্যায্যাচরণাচ্চ দুষ্টমতেঃ, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, প্রিয়ং কার্য্যং কর্ত্তুমিচ্ছব ইতি প্রিয়চিকীর্ষবঃ সন্তঃ, অত্র যুদ্ধে, সমাগতাঃ, তান্ যোৎস্যমানান্ যুদ্ধং করিষ্যতো যোধান্, অহম্ অবেক্ষে পশ্যামি। যে কিল দুর্ব্বুদ্ধের্দুর্য্যোধনস্য প্রীতিবিধানেচ্ছয়ৈব যুযুৎসবঃ, তৈঃ সহৈব ময়া সাগ্রহং যোদ্ধব্যম্, ন পুনরস্মাকারসিকেচ্ছয়া যুদ্ধপ্রবৃত্তৈর্ভীষ্মাদিভিঃ সহেত্যাশয়ঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

রথস্থাপনপ্রয়োজনমাহ—যাবদিতি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ময়া সহ বা কৈর্যোদ্ধব্যমিত্যুভয়ত্র সহশব্দসম্বন্ধঃ। কে বা মাং জেতুং যতন্তে, ময়া বা কে জেতব্যা ইত্যালোচনার্থমিত্যর্থঃ ॥২২॥ যোৎস্যমানান্ ন তু শান্তিকামান্ যতো দুর্ব্বুদ্ধেঃ প্রিয়ং চিকীর্ষন্তি তেন তেষামপি তত্তুল্যত্বং

তাৎপর্য্য—ধনু উত্তোলন করায় এ পর্য্যন্তও অর্জ্জুনের যুদ্ধপ্রবৃত্তি প্রবল ছিল ইহা সূচিত হইয়াছে ॥২০॥

যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই যোদ্ধাদিগকে আমি যে পর্য্যন্ত দেখিয়া লই, সেই পর্য্যন্ত তুমি রথখানা রাখ; এই যুদ্ধের উপক্রমে কাহাদের সহিত আমি যুদ্ধ করিব, (তাহা স্থির করা আবশ্যক) ॥২২॥

এই যাহারা দুর্ব্বুদ্ধি দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার ইচ্ছাবশতই এই যুদ্ধে আসিয়াছে, সেই যুদ্ধার্থীদিগকে আমি একবার দেখিয়া লইব' ॥২৩॥

তাৎপর্য্য—যাহারা দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার জন্যই যুদ্ধে আসিয়াছে, তাহারাই আমাদের বাস্তবিক শত্রু; সুতরাং তাহাদের সহিতই আমি মনোযোগ সহকারে যুদ্ধ করিব। আর যাঁহারা অনিচ্ছায় যুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, সেই ভীষ্মপ্রভৃতির সহিত কেবল যুদ্ধের অভিনয় করিয়া যাইব। এই জন্যই আমার এই নিরীক্ষণ ॥২৩॥

ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ! পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥২৫॥ (যুগ্মকম্)
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥২৬॥

ভারতকৌমুদী

এবমিতি। হে ভারত! ভরতবংশ্য! ধৃতরাষ্ট্র! গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন নিয়ন্ত্রা ধর্ম্মাদৌ সর্বদা সতর্কেণার্জ্জুনেনেত্যর্থঃ, এবমুক্তঃ, হৃষীকা মায়া তস্যা ঈশো নিয়ন্তা কৃষ্ণঃ, উভয়োঃ সেনয়োর্মধ্যে, ভীষ্মদ্রোণয়োঃ প্রমুখতঃ সম্মুখে, সর্বেষাং মহীক্ষিতাং যুযুৎসূনাং রাজ্ঞাঞ্চ প্রমুখতঃ, রথোত্তমং স্থাপয়িত্বা, হে পার্থ! অর্জ্জুন! সমবেতান্ এতান্ কুরূন্ পশ্য, ইত্যর্জ্জুন-মুবাচ। যেন খলু ভক্ত্যা ভগবান্ মায়েশো বশীকৃতঃ, তস্য মায়াবৃত্তিবিশেষরূপায়া নিদ্রায়া জয়ঃ সুকর এবেতি পূর্বশ্লোকপূর্বার্দ্ধভাবঃ ॥২৪—২৫॥

তত্রেতি। অথ তত্র তদানীম্, পার্থঃ অর্জ্জুনঃ, উভয়োরপি সেনয়োর্যথাসম্ভবং স্থিতান্, পিতৄন্ পিতৃপর্য্যায়ান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ তৎপর্য্যায়ান্ ভীষ্মসোমদত্তাদীন্, আচার্য্যান্ দ্রোণকৃপপ্রভৃতীন্, মাতুলান্ শল্যশকুন্যাদীন্, ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্, পুত্রান্ অভিমন্যুলক্ষ্মণাদীন্, পৌত্রান্ ঘটোৎকচপুত্রাঞ্জনপর্বপ্রভৃতীন্, সখীন্ অশ্বত্থামাদীন্, শ্বশুরান্ দ্রুপদাদীন্, সুহৃদঃ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতীংশ্চ, অপশ্যৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

সূচিতম্ ॥২৩॥ রথোত্তমং স্থাপয়িত্বা উবাচেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥২৪॥ মহীক্ষিতাং পৃথিবী-শ্বরাণাম্ ॥২৫॥ পিতৄন্ পিতৃব্যাদীন্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্। পিতামহান্ ভীষ্মাদীন্। মাতুলান্ শল্যাদীন্। ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্। পুত্রান্ লক্ষ্মণাদীন্। পৌত্রান্ লক্ষ্মণাদিপুত্রান্।

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন! অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ উভয় সৈন্যের মধ্যস্থানে ভীষ্ম, দ্রোণ এবং অন্য সকল রাজার সম্মুখে উত্তম রথখানাকে রাখিয়া অর্জ্জুনকে বলিলেন—'এই সমবেত কৌরবগণকে দর্শন কর' ॥২৪—২৫॥

তাৎপর্য্য—ভগবান্ চিৎস্বরূপ এবং মায়া জড়। সুতরাং ভগবানের অধিষ্ঠান ব্যতীত মায়া কিছুই করিতে পারে না; তাই মায়া ভগবানের অধীন, আর ভগবান্ মায়ার ঈশ্বর বা নিয়ন্তা। হৃষীকাশব্দের অর্থ—মায়া, মায়ার ঈশ—নিয়ন্তা। অতএব হৃষীকেশ—কৃষ্ণ। তা'র পর, ভগবান্ ভক্তের অধীন; (তাহার প্রমাণ এই খানেই—কৃষ্ণ অর্জ্জুনের অধীন) মায়া আবার ভগবানের অধীন; নিদ্রা সেই মায়ারই একটী বৃত্তি বা কার্য্য। সুতরাং ভগবদ্ভক্ত অর্জ্জুন যে নিদ্রাকে জয় করিবেন, তাহাতে আর সন্দেহ কি। তাই অর্জ্জুনকে 'গুড়াকেশ' (নিদ্রাবিজয়ী) বলা হইয়াছে ॥২৪॥

তাহার পর তখন অর্জ্জুন দেখিলেন—পিতৃপর্য্যায়, পিতামহপর্য্যায়, আচার্য্য,

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥২৭॥

অর্জ্জুন উবাচ। *

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ! যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥২৮॥
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাত্ত্বক্ চৈব পরিদহ্যতে ॥২৯॥

ভারতকৌমুদী

তানিতি। স কৌন্তেয়ঃ অর্জ্জুনঃ, যুযুৎসয়া অবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্, সমীক্ষ্য দৃষ্ট্বা, পরয়া অত্যন্তয়া কৃপয়া, আবিষ্ট আশ্রিতঃ, অতএব বিষীদন্ হৃদয়ং বিষাদং প্রাপ্নুবন্ সন্, ইদং বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। বন্ধুবধে বিষাদঃ স্বাভাবিক এবেতি ভাবঃ ॥২৭॥

দৃষ্ট্বেতি। হে কৃষ্ণ! যুযুৎসূন্ যোদ্ধুমিচ্ছূন্ সতঃ সমবস্থিতান্ ইমান্ স্বজনান্, দৃষ্ট্বা বিদ্যমানস্যেতি শেষঃ, মম গাত্রাণি অঙ্গানি, সীদন্তি প্রহর্ত্তব্যত্বধারণয়া অবসন্নানি ভবন্তি, মুখঞ্চ পরিশুষ্যতি শোকানলাবির্ভাবেন শুষ্কীভবতি। যেষ্বাদরো বিধেয়ঃ, তেষ্বেব প্রহারো দেয় ইত্যবসাদহেতুরিত্যাশয়ঃ। এবমুত্তরত্রাপি ॥২৮॥

বেপথুরিতি। মে মম শরীরে, বেপথুঃ কম্পশ্চ, রোমহর্ষো রোমাঞ্চশ্চ, জায়তে। গাণ্ডীবং ধনুঃ, হস্তাৎ, স্রংসতে নিপততি, ত্বক্ চর্ম্ম চ, পরিদহ্যতে শোকানলাবির্ভাবেন সন্তপ্যতে, সর্বত্র ইমান্ দৃষ্ট্বেত্যনুবৃত্তিঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

সখীন্ অশ্বত্থামাদীন্। সুহৃদঃ কৃতবর্ম্মাদীন্ ॥২৬॥ কৃপয়া স্নেহেন, স চ স্বজনমিতি বিশেষণেন প্রদর্শ্যতে ॥২৭॥ সীদন্তি নিশ্চেষ্টানি ভবন্তি। রোমহর্ষো রোমাঞ্চঃ ॥২৮—২৯॥

মাতুলপর্য্যায়, ভ্রাতা, পুত্র, পৌত্রপর্য্যায়, সখা, শ্বশুর ও সুহৃদ্গণ যথাসম্ভব উভয়সৈন্যমধ্যে রহিয়াছেন ॥২৬॥

অর্জ্জুন, উভয়সৈন্যমধ্যে অবস্থিত সেই সকল বন্ধুকে দেখিয়া অত্যন্ত দয়াবিষ্ট ও বিষণ্ণ হইয়া এই কথা বলিলেন' ॥২৭॥

তাৎপর্য্য—বন্ধুবধ করিতে হইলে, দয়া ও বিষাদ উপস্থিত হওয়া স্বাভাবিক ॥২৭॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই বন্ধুবর্গকে দেখিয়া আমার অঙ্গ সকল অবসন্ন হইতেছে এবং মুখ শুকাইয়া যাইতেছে ॥২৮॥

তাৎপর্য্য—ভক্তি, স্নেহ বা প্রণয়বশতঃ যাঁহাদের আদর করা উচিত, তাঁহাদিগকেই প্রহার করিতে হইবে; এইরূপ ধারণা হওয়াতেই অর্জ্জুনের অবসাদ ও মুখশোষ উপস্থিত হইয়াছিল। (পরশ্লোকেও এইরূপ তাৎপর্য্যই বুঝিতে হইবে) ॥২৮॥

* অয়ং পাঠো দাক্ষিণাত্যপুস্তকবিশেষে নাস্তি। (২৮) দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ! যুযুৎসুং সমুপস্থিতম্…নি।

ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব! ॥৩০॥
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ! ন চ রাজ্যং সুখানি চ।
কিং নো রাজ্যেন গোবিন্দ! কিং ভোগৈর্জীবিতেন বা ॥৩১॥
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ।
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। অপি চেতি চার্থঃ। অহম্ অবস্থাতুং দণ্ডায়মানঃ সন্ স্থাতুমপি ন শক্নোমীব। মে মম মনশ্চ, ভ্রমতীব ঘূর্ণত ইব, উভয়ত্রাপি স্বজনহননসম্ভাবনয়া অবসাদশোকাতিশয়াগমাদিতি ভাবঃ। নন্ প্রস্বাপনাস্ত্রক্ষেপাদিনা বিনাশমন্তরেণাপি জয়সম্ভবাৎ কথং তব স্বজনবিনাশাশঙ্কয়া শোকাবসাদাবিত্যাহ নিমিত্তানীতি। কেশব! বিপরীতানি প্রতিকূলানি, নিমিত্তানি বামবাহুবামনয়নস্পন্দনাদীনি দুর্লক্ষণানি, পশ্যামি অনুভবামি। অতঃ খল্বন্যেষামস্ত্রাস্ত্রপ্রয়োগাদিনা স্বজনবিনাশোঽবশ্যম্ভাবীত্যাশয়ঃ ॥৩০॥

নন্বাস্তাং স্বজনবিনাশঃ, তথাপি বিজয়ো রাজ্যলাভশ্চ ভবেদিত্যাহ ন চেতি। আহবে যুদ্ধে, স্বজনম্ আত্মীয়লোকং হত্বা চ, শ্রেয়ো মঙ্গলম্, নানুপশ্যামি ভাবিত্বেন নাবগচ্ছামি, লাভাপেক্ষয়া ক্ষতেরতিরেকাদিতি ভাবঃ। অতএব হে কৃষ্ণ! স্বজনং হত্বা বিজয়ং ন কাঙ্ক্ষে নেচ্ছামি, রাজ্যং সুখানি চ, ন চ নৈব কাঙ্ক্ষে। অতএব চ হে গোবিন্দ! নঃ অস্মাকম্, রাজ্যেন কিম্, ভোগৈঃ কিম্, জীবিতেন জীবনেন বা কিং প্রয়োজনম্, কিমপি নেত্যর্থঃ, সুখাভাবাদিত্যাশয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

আমার শরীরে কম্প ও রোমাঞ্চ আবির্ভূত হইয়াছে, হস্ত হইতে গাণ্ডীবধনু নিপতিত হইতেছে এবং চর্ম্মদাহ উপস্থিত হইয়াছে ॥২৯॥

কৃষ্ণ! আমি আর যেন দাঁড়াইয়া থাকিতে পারিতেছি না এবং আমার মন যেন ঘুরিতেছে আর লক্ষণগুলিও প্রতিকূলই দেখিতেছি ॥৩০॥

তাৎপর্য্য—আত্মীয়স্বজনের বিনাশের আশঙ্কায় আমার যেন মূর্চ্ছা আসিতেছে এবং বহুতর দুর্লক্ষণ দেখিতে থাকায় সর্ব্বনাশ হইবে বলিয়াই মনে হইতেছে ॥৩০॥

কৃষ্ণ! যুদ্ধে আত্মীয় স্বজনকে বধ করিয়া আমি মঙ্গল দেখিতে পাই না। অতএব আমি জয় চাহি না, রাজ্য চাহি না এবং সুখও চাহি না। গোবিন্দ! আত্মীয় স্বজনকে বধ করিয়া আমাদের রাজ্য, ভোগ কিংবা জীবনদ্বারা কি হইবে? ॥৩১॥

তাৎপর্য্য—আত্মীয়স্বজনকে সংহার করিয়া রাজ্যলাভ করিলেও তাহাতে সুখ হইবে না ॥৩১॥

আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ।
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা ॥৩৩॥ (যুগ্মকম্)
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন !।
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিংনু মহীকৃতে ॥৩৪॥

ভারতকৌমুদী

অথ রাজ্যাদিভিঃ সুখানুৎপত্তিরেব কুত ইত্যাহ যেষামিতি। নঃ অস্মাভিঃ, যেষাম্ অর্থে নিমিত্তে, রাজ্যং ভোগাঃ সুখানি চ এতৎ সর্ব্বম্, কাঙ্ক্ষিতম্ অভিলষিতম্, তে ইমে, আচার্য্যা দ্রোণাদয়ঃ, পিতরঃ পিতৃপর্য্যায়া ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ, পুত্রাঃ পুত্রপর্য্যায়া লক্ষ্মণাদয়ঃ, তথৈব চ পিতামহাঃ পিতামহপর্য্যায়া ভীষ্মসোমদত্তাদয়ঃ, মাতুলা মাতুলপর্য্যায়াঃ শল্যশকুনিপ্রভৃতয়ঃ, শ্বশুরা দ্রুপদাদয়ঃ, পৌত্রাঃ পৌত্রপর্য্যায়া অঞ্জনপর্বাদয়ঃ, শ্যালা ধৃষ্টদ্যুম্নাদয়ঃ, তথা সম্বন্ধিনো বৈবাহিকবিরাটাদয়শ্চ, প্রাণান্ প্রাণাশাম্, ধনানি চ ধনভোগাশাঞ্চ ত্যক্ত্বা, যুদ্ধে অবস্থিতাঃ। স্বজনৈঃ সহ সুখভোগ এব মধুরায়তে, ন পুনরেকাকিন ইতি ভাবঃ। অথবা রাজ্যাদিভি যাবৎ সুখম্, স্বজননাশেন ততোঽধিকং দুঃখম্। তেন চ অতিরিক্ততিক্তমিশ্রিতস্য মধুরদ্রব্যস্য ভক্ষণে তিক্তস্বাদ ইব, অতিরিক্তদুঃখসংসৃষ্টস্য সুখস্য ভোগে দুঃখানুভব এব সম্পদ্যত ইতি ভাবঃ ॥৩২—৩৩॥

এতানিতি। হে মধুসূদন! মহীকৃতে কেবলপৃথিবীরাজ্যলাভনিমিত্তম্, কিং নু বক্তব্যম্; ত্রৈলোক্যরাজ্যস্য ত্রিভুবনরাজত্বলাভস্য হেতোরপি, ঘ্নতোঽপি অস্মান্ হন্তুং

ভারতভাবদীপঃ

নিমিত্তানি লোকক্ষয়করাণি ভূমিকম্পাদীনি ॥৩০—৩২॥ শ্যালা ইতি শ্যালশব্দো দন্ত্যাদিঃ। বিজামাতুরুত্তবাঘাস্যালাদিতি মন্ত্রবর্ণাৎ। স্যাল্লাজানাবপতীতি বা লাজা লাজতেঃ স্যং শূর্পং স্যতেরিতি যাস্কঃ ॥৩৩॥ হন্তুম্ ইচ্ছাঽপি মম ন ভবতি কিমুত হন্তুমিত্যর্থঃ। মহীকৃতে

আমরা যাঁহাদের জন্য রাজ্য, ভোগ ও সুখ কামনা করি, এই সেই আচার্য্যগণ, পিতৃপর্য্যায়, পুত্রপর্য্যায়, পিতামহপর্য্যায়, মাতুলপর্য্যায়, শ্বশুরগণ, পৌত্রপর্য্যায়, শ্যালকগণ ও অন্যান্য সম্বন্ধিগণ প্রাণ ও ধনের আশা ত্যাগ করিয়া সমরাঙ্গনে রহিয়াছেন ॥৩২—৩৩॥

তাৎপর্য্য—আত্মীয় স্বজনকে বিনাশ করিয়া রাজ্য লাভ করিলে, যতটুকু সুখ হইবে, তাহা অপেক্ষা দুঃখ হইবে অত্যন্ত অধিক। অতএব অতিরিক্ত তিক্তমিশ্রিত মিষ্টদ্রব্য ভক্ষণ করিলে যেমন তিক্ত স্বাদই পাওয়া যায়, তেমন সে রাজ্যলাভে দুঃখই অনুভূত হইবে ॥৩২—৩৩॥

মধুসূদন! ইঁহারা যদি আমাদিগকে বধ করিতে প্রবৃত্তও হন, তথাপি আমি কেবল পৃথিবীর রাজ্যের জন্য কেন—সমগ্র ত্রিভুবনের রাজ্যের জন্যও ইঁহাদিগকে বধ করিতে ইচ্ছা করি না ॥৩৪॥

নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন!।
পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

প্রবর্ত্তমানানপি, এতানাচার্য্যাদীন্, হন্তুং ন ইচ্ছামি, রাজ্যলাভসুখাপেক্ষয়া এতেষাং হনননিবন্ধনশোকদুঃখস্যাতিরেকাদিতি ভাবঃ ।৩৪॥

অথ শত্রুবধ এবৈকং সুখমিত্যাহ নিহত্যেতি। হে জনার্দ্দন! ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ দুর্য্যোধনাদীন্, নিহত্য স্থিতানাম, নঃ অস্মাকম্, কা নাম প্রীতিরানন্দঃ স্যাৎ, অপি তু কাপি নেত্যর্থঃ, দুর্য্যোধনদুঃশাসনয়োঃ শত্রুত্বেঽপি অন্যেষাং তাদৃশশত্রুত্বাভাবাৎ ভ্রাতৃত্বস্য তু সর্বেষ্বেবাবস্থিতত্বাদিত্যাশয়ঃ। নন্বু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥" ইতি স্মৃত্যুক্তং ষড়্বিধমাততায়িত্বমেব যুষ্মাকং ধার্ত্তরাষ্ট্রে ষর্ত্তি। অতস্তন্নিহননং যুক্তমেবেত্যাহ পাপমিতি। আততা বিস্তৃতবধসাধনাঃ সন্ত আয়ন্তীতি আততায়িনঃ, আততশব্দপূর্ব্বকাৎ আঙ্পূর্ব্বকাচ্চ ইণ্ধাতোর্ণিন্। তথা চ আততায়িনঃ সতোঽপি এতান্ ধার্ত্তরাষ্ট্রান্, হত্বা স্থিতান্ অস্মান্, পাপমেব কর্তৃ, আশ্রয়েৎ অবলম্বেত, "মা হিংস্যাৎ সর্বা ভূতানি" ইতি শ্রুতেরিতি ভাবঃ। অথ "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি স্মৃত্যনুমিতশ্রুতিবিরোধাদুক্তশ্রুতেরাততায়ীতরবিষয়ত্বৈব কল্পনীয়েতি চেন্নৈবম্, স্মৃতিমূলত্বেনানুমিতায়াঃ শ্রুতেরনুরোধেন প্রত্যক্ষশ্রুতেঃ সঙ্কোচকল্পনায়া অন্যায্যত্বাৎ উক্তস্মৃতের্যুক্তিমূলকত্বস্যাপি সুবচত্বাচ্চ। অথবা হন্তুরপেক্ষয়া হন্তব্যাততায়িনো ন্যূনগুণকত্বে সমানগুণকত্বে বা বধবিধিঃ, অধিকগুণকত্বে তু অর্জ্জুনোক্তপাপাশ্রয়ত্বম্, অধিকগুণবধে সর্ব্বত্র পাপাধিক্যদর্শনাৎ। অতএব দারাপহারিত্বেনাততায়িনো রাবণস্য বধে তস্য ব্রাহ্মণপুত্রতয়া অধিকগুণত্বেন পাপোৎপত্তেস্তৎক্ষয়ার্থং রামচন্দ্রস্য অশ্বমেধাচরণম্, শস্ত্রপাণিত্বেনাততায়িনোঽপি ব্রাহ্মণত্বাদিনা অধিকগুণস্য দ্রোণস্য পিতামহত্বব্রহ্মচারিত্বাদিভিরধিকগুণস্য ভীষ্মাদের্বধেন পাপোৎপত্তের্যুধিষ্ঠিরস্যাপি তত্তৎপাপক্ষয়ায়াশ্বমেধাচরণমিতি সাধীয়ান্ সিদ্ধান্তঃ। শ্রীধরস্বামী তু অর্থশাস্ত্রাদ্ধর্ম্মশাস্ত্রস্য বলবত্ত্বেনাততায়িবধেঽপি পাপমেবেত্যাহ। তথাত্বে "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্" ইতি বিধের্নির্বিষয়তাপত্তির্যুক্তিবিরোধশ্চ। নীলকণ্ঠস্তু উক্তশ্রীধরমতমেব প্রাগনুসৃত্য পশ্চাৎ "অস্মান্ হত্বা এতানাততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা" ইতি কল্পান্তরমাহ স্ম। তথাত্বে তু এতদুক্তেরেব নৈরর্থক্যাপত্তিঃ, হিংসামাত্র এব পাপাশ্রয়তায়াঃ সর্ববিদিতত্বাৎ ॥৩৫॥

তাৎপর্য্য—রাজ্যলাভে যতটুকু সুখ হইবে, তদপেক্ষা সহস্রগুণ অধিক দুঃখ হইবে ইহাদিগকে বধ করিলে। সুতরাং ইহাদিগকে বধ করিয়া আমি রাজ্য লাভ করিতে ইচ্ছা করি না ॥৩৪॥

জনার্দ্দন! ধৃতরাষ্ট্রের পুত্রগণকে বধ করিয়া আমাদের কি আনন্দই বা হইবে? বরং এই আততায়িগণকে বধ করিলে আমাদের পাপই হইবে ॥৩৫॥

তাৎপর্য্য—ধৃতরাষ্ট্রের পুত্রগণের মধ্যে কেবল দুর্য্যোধন ও দুঃশাসনই আমাদের

তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব ! ॥৩৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ অধিকগুণকাততায়িবধেঽপি পাপসম্ভবাৎ, বয়ম্, বান্ধবৈঃ শকুনি-প্রভৃতিভিঃ সহেতি সবান্ধবাস্তান্ ধার্ত্তরাষ্ট্রান্, হন্তুং নার্হা ন যোগ্যাঃ। নচ পাপসত্ত্বেঽপি শত্রুবধেন সুখসম্ভবাৎ শ্যেনযাগাদাদিব ধার্ত্তরাষ্ট্রবধে প্রবর্ত্তিতব্যমিত্যাহ স্বজনমিতি। হি যস্মাৎ, হে মাধব! বয়ম্, স্বজনং জ্ঞাতিং হত্বা, কথং সুখিনঃ স্যাম ভবেম, অপি তু কথমপি ন, ধার্ত্তরাষ্ট্রাণাং শত্রুত্বেঽপি জ্ঞাতিত্বেন বধনিবন্ধনসুখাপেক্ষয়া দুঃখাতিরেকস্যৈব সম্ভবাদিত্যাশয়ঃ ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

পৃথিব্যর্থে ॥৩৪॥ আততায়িনঃ—"অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারহরশ্চৈব ষড়েতে আততায়িনঃ॥ আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তু-র্ভবতি কশ্চন॥" ইতি। যদ্যপ্যেবং তথাপি এতান্ হত্বা অস্মান্ পাপমেব আশ্রয়েৎ আততায়ি-বধো হি অর্থশাস্ত্রবিহিতঃ। "ন হিংস্যাৎ সর্ব্বভূতানি" ইতি তু ধর্ম্মশাস্ত্রং তচ্চ পূর্ব্বস্মাৎ প্রবলম্। যথোক্তং যাজ্ঞবল্ক্যেন—"স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্ম-শাস্ত্রমিতি স্থিতিঃ॥" ইতি অস্মান্ হত্বা এতান্ আততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা।

নানাপ্রকার অনিষ্ট করিয়া শত্রু বলিয়া গণ্য হইয়াছে, কিন্তু অন্যেরা সেরূপ শত্রু নহে, অথ চ উঁহারা সকলেই আমাদের স্বজন। সুতরাং উঁহাদিগকে বধ করিলে আমাদের কোন আনন্দই হইবে না। তার পর যাহারা অগ্নি, বিষ ও অস্ত্রদ্বারা হত্যা করিবার চেষ্টা করে, কিংবা ধন, ভূমি ও ভার্য্যা হরণ করে, তাহাদিগকে আততায়ী বলে। অতএব ধার্ত্তরাষ্ট্রেরা সর্ব্বপ্রকারেই আমাদের নিকট আততায়ী বটে। সুতরাং আততায়ীকে বধ করায় কোন দোষ হয় না, এ কথা শাস্ত্রেও লিখিত আছে বটে; তবে তাহা নির্গুণ বা সমানগুণ আততায়ীর বধের বেলায়ই বুঝিতে হইবে; কিন্তু অধিকগুণবান্ আততায়ীকে বধ করিলেও পাপই হইবে। তাহার প্রমাণ—রামচন্দ্র, দারাপহারী আততায়ী রাবণকে বধ করিয়া সেই পাপক্ষয়ের জন্য অশ্বমেধযজ্ঞ করিয়াছিলেন। কেন না, রাবণ ছিলেন ব্রাহ্মণের পুত্র। সুতরাং এ ক্ষেত্রেও দ্রোণ, কৃপ, অশ্বত্থামা এবং ভীষ্ম অস্ত্র ধারণ করিয়া আমাদিগকে বধ করিতে আসায় আততায়ী হইয়াছেন বটে, তথাপি দ্রোণপ্রভৃতি ব্রাহ্মণ ও অগ্নিহোত্রী এবং ভীষ্ম—পিতামহ ও ব্রহ্মচারী। অতএব উঁহাদিগকে বধ করিলে পাপ হইবেই ॥৩৫॥

অতএব কৃষ্ণ! আমরা, বান্ধবগণের সহিত ধার্ত্তরাষ্ট্রগণকে বধ করিতে পারি না। কারণ, আমরা আত্মীয়স্বজনকে বধ করিয়া কি প্রকারে সুখী হইব? ॥৩৬॥

---

(৩৬)…ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্—ইতি দাক্ষিণাত্যপুস্তকান্তরে পাঠঃ।

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥৩৭॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন! ॥৩৮॥ (যুগ্মকম্)
কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥৩৯॥

ভারতকৌমুদী

নন্থ ধার্ত্তরাষ্ট্রৈঃ কিং স্বজনবধদুঃখং ন পশ্যন্তি, যদ্যুস্মাকং বধে প্রবর্ত্তন্ত ইত্যাহ যদ্যপীতি। হে জনার্দ্দন! লোভেন রাজ্যলিপ্সাকর্ষণেন উপহতানি নাশিতবিবেকানি চেতাংসি যেষাং তে, এতে ধার্ত্তরাষ্ট্রাঃ, যদ্যপি, কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকং ন পশ্যন্তি; তথাপি কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভিরস্মাভিঃ, অস্মাৎ স্বজনবধনিবন্ধনাৎ পাপাৎ নিবর্ত্তিতুম্, কথং ন জ্ঞেয়ং বুদ্ধির্ন কর্ত্তব্যা, অপি ত্ববশ্যমেব জ্ঞেয়মিত্যর্থঃ, পাণ্ডবধার্ত্তরাষ্ট্রয়োর্বিশেষবৈষম্যাদিত্যাশয়ঃ ॥৩৭—৩৮॥

নন্থ কুলক্ষয়ে কো দোষ ইত্যপেক্ষায়াং ক্রমেণ মহান্তমনর্থমাহ পঞ্চভিঃ। কুলেতি। কুলক্ষয়ে যুদ্ধাদিনা কুলগতোপদেশকযুবৃদ্ধনাশে সতি, সনাতনাঃ পরম্পরাগতাঃ, কুলধর্ম্মাঃ

ভারতভাবদীপঃ

তথা চ এত এবাস্মদ্বধেন নশ্যন্তু ন তু বয়মেতেষাং বধেন নংক্ষ্যাম ইতি ভাবঃ ॥৩৫—৩৭॥ নন্থ "আহূতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপি" ইতি "বিজিতং ক্ষত্রিয়স্য" ইতি চ যুদ্ধাদনিবৃত্তি-হিংসয়া চ বৃত্তিঃ ক্ষত্রিয়স্যেষ্টা তৎকথং যুদ্ধান্নিবৃত্তিমিচ্ছসীত্যাশঙ্ক্যাহ—কথমিতি। সা হি লোভমূলিকা স্মৃতিঃ কুলক্ষয়দোষবিধিনা বাধ্যতে। যথা—ঔদুম্বরীং স্পৃষ্টোদ্গায়েদিতি স্পর্শনবিধিনা বিরুদ্ধা সতী ঔদুম্বরী সর্ব্বা বেষ্টয়িতব্যেতি সর্ব্ববেষ্টনস্মৃতির্বাধ্যতে লোভমূলকত্বাত্তদ্বৎ। ন হি বিধিমাত্রাদয়ং কিঞ্চিৎ কর্ত্তব্যং শ্যেনাদীনামধর্ম্মরূপাণামপ্যবশ্যানুষ্ঠেয়ত্বাপত্তেঃ তস্মাদয়ং ফলতো ন দুষ্যতি তদেব বিহিতং ধর্ম্মরূপমনুষ্ঠেয়ং যথোক্তম্—"ফলতোঽপি চ যৎকর্ম্ম নানর্থেনানুবধ্যতে। কেবলং প্রীতিহেতুত্বাত্তদ্ধর্ম্ম ইতি কথ্যতে॥" ইতি। শ্যেনাদিবৎ পাপানুবন্ধিত্বাৎ যুদ্ধং ত্যাজ্যমেবেত্যর্থঃ ॥৩৮॥ প্রণশ্যন্তি অনুষ্ঠাতৃণাং বৃদ্ধানামভাবাৎ অবশিষ্টৈঃ

তাৎপর্য্য—উহারা শত্রু হইলেও স্বজন ত বটে; সুতরাং শত্রু বলিয়া উহাদিগকে বধ করিলে যতটুকু সুখ হইবে, স্বজন বলিয়া দুঃখ হইবে তদপেক্ষা অধিক ॥৩৬॥

জনার্দ্দন! লোভে ধার্ত্তরাষ্ট্রগণের বিবেক নষ্ট হইয়াছে। সুতরাং উহারা যদিও বংশনাশের দোষ এবং মিত্রদ্রোহের পাপ দেখিতে পাইতেছে না, তথাপি আমরা ত বংশনাশের দোষ এবং মিত্রদ্রোহের পাপ দেখিতে পাই। অতএব আমরা কেন এই পাপ হইতে নিবৃত্তি পাইবার বুদ্ধি করিব না? ॥৩৭—৩৮॥

তাৎপর্য্য—ধার্ত্তরাষ্ট্রেরা লোভের বশবর্ত্তী হইয়া পাপ করিতে প্রবৃত্ত হইয়াছে; কিন্তু আমরা ত লোভী নহি, সুতরাং পাপ করিব কেন? ॥৩৭—৩৮॥

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ! প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয়! জায়তে বর্ণসঙ্করঃ ॥৪০॥
সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥৪১॥

ভারতকৌমুদী

শৌচাচারাদয়ঃ, প্রণশ্যন্তি। কুলস্য ধর্ম্মে চ নষ্টে সতি, কৃৎস্নং সর্ব্বম্, কুলং কুলগতমবশিষ্টং বালকম্, অধর্ম্মঃ পাপমাগত্য, অভিভবতি আক্রামতি, উপদেশকাভাবেন স্বেচ্ছাচারাগমাদিতি ভাবঃ। উতশব্দঃ পাদপূরণে ॥৩৯॥

অধর্ম্মেতি। হে কৃষ্ণ! অধর্ম্মাভিভবাৎ পাপেন কুলস্যাক্রমণাৎ, কুলস্ত্রিয়ঃ, প্রদুষ্যন্তি স্বেচ্ছয়া ব্যভিচারে প্রবর্ত্তন্তে। হে বার্ষ্ণেয়! স্ত্রীষু দুষ্টাসু ব্যভিচরিতাসু সতীষু, বর্ণসঙ্করঃ আনুলোম্যেন প্রাতিলোম্যেন চ মিশ্রবর্ণো জায়তে, কামপ্রবৃত্তেঃ সবর্ণাদিনৈরপেক্ষ্যাদিত্যাশয়ঃ ॥৪০॥

সঙ্কর ইতি। সঙ্করঃ প্রাতিলোম্যেন জাতঃ অনিযুক্তায়াং স্ত্রিয়ামানুলোম্যেন জাতশ্চ মিশ্রবর্ণঃ, কুলঘ্নানাং কুলধর্ম্মনাশকানামুৎপাদকানাম্, কুলস্য কুলগতক্ষেত্রিপ্রভৃতেশ্চ, নরকায়ৈব সম্পদ্যতে। হি যস্মাৎ, এষাং তাদৃশসঙ্করাণাম্, পিতরঃ ক্ষেত্রিণো জনকাশ্চ, লুপ্তা দাতৃসঙ্করাণামনধিকারাৎ নষ্টাঃ পিণ্ডোদকয়োঃ শ্রাদ্ধতর্পণয়োঃ ক্রিয়া যেষাং তে তাদৃশাঃ সন্তঃ, পতন্তি নরকে গচ্ছন্তি। প্রাতিলোম্যেন জাতানামতিনিকর্ষেণাধিকারাভাবঃ, আনুলোম্যেনাপ্যনিযুক্তাসু জাতানাঞ্চ উপদেশাভাবেনাধিকারাভাব ইত্যভিপ্রায়ঃ। দ্বৈপায়নস্য ক্ষত্রিয়কুমার্য্যাং সত্যবত্যাং গান্ধর্ব্বপরিণয়প্রকারেণ জাতত্বাজ্জনকবর্ণত্বম্। ধৃতরাষ্ট্রপাণ্ডুযুধিষ্ঠিরাদীনাঞ্চ নিযুক্তাস্বানুলোম্যেন জাতত্বাৎ ক্ষেত্রিবর্ণত্বং ক্ষেত্রজত্বঞ্চ। অত এষামসঙ্করত্বম্। এতৎপ্রমাণঞ্চ যাজ্ঞবল্ক্যস্মৃত্যাদিষনুসন্ধেয়ম্ ॥৪১॥

কুলক্ষয় হইলে, পরম্পরাপ্রাপ্ত কুলধর্ম্ম নষ্ট হইয়া যায় এবং কুলধর্ম্ম নষ্ট হইয়া গেলে পাপ আসিয়া কুলের অবশিষ্ট সকল বালককে আক্রমণ করে ॥৩৯॥

তাৎপর্য্য—যুদ্ধপ্রভৃতিদ্বারা কুলের সক্ষম পুরুষ সকল নষ্ট হইলে অভিজ্ঞ উপদেশক লোক না থাকায় চিরাচরিত কৌলিক ধর্ম্ম থাকে না। এবং কৌলিক ধর্ম্ম না থাকিলে কুলের বালকেরা ইচ্ছানুসারে পাপ করিতে থাকে ॥৩৯॥

বৃষ্ণিনন্দন কৃষ্ণ! পাপ আসিয়া আক্রমণ করিলে, কুলবধূরা অত্যন্ত দূষিত হইতে থাকে এবং কুলবধূরা অত্যন্ত দূষিত হইলেই বর্ণসঙ্কর জন্মিতে থাকে ॥৪০॥

তাৎপর্য্য—বংশে নিয়ামক কেহ নাই, স্বেচ্ছাচারিতা জন্মিয়াছে এবং প্রবল কামপ্রবৃত্তিও রহিয়াছে; এই অবস্থায় কুলবধূরা ইচ্ছানুসারে যে কোন পুরুষকে আশ্রয় করে। সুতরাং বর্ণসঙ্কর জন্মিতে থাকে ॥৪০॥

দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

দোষৈরিতি। কুলঘ্নানাং পরবংশনাশকানাং পুরুষাণাম্, এতৈর্বর্ণসঙ্করকারকৈর্দোষৈর্ব্যভিচারৈঃ, শাশ্বতাশ্চিরন্তনাঃ, জাতিধর্ম্মাঃ, কুলধর্ম্মাঃ, চকারাদাশ্রমধর্ম্মাদয়শ্চ, উৎসাদ্যন্তে বিনাশ্যন্তে; বর্ণসঙ্করাণাং জনকবর্ণাবধারণাসামর্থ্যাৎ কদাচিদপিতিনির্ব্বাহেছেতি ভাবঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

বালাদিরূপং বংশং ধর্ম্মলোপাদধর্ম্মোঽভিভবতি ॥৩৯॥ দুষ্টাসু পুত্রার্থং বর্ণসঙ্করমুপাসীনাসু ॥৪০॥ কথং তর্হি জামদগ্ন্যেন রামেণ ক্ষত্রিয়েষু হতেষু তৎস্ত্রিয়ঃ পুনঃ পুনর্ব্রাহ্মণেভ্যঃ পুত্রান্ জনয়ামাসুরিত্যুপাখ্যায়তে। কথং বা ধৃতরাষ্ট্রাদীনাম্ অসঙ্করজত্বমিত্যাশঙ্ক্যাহ—পতন্তীতি। হিশব্দো বৈদিকীং প্রসিদ্ধিং দ্যোতয়তি। "সা হি ন শেষো অগ্নে অন্যজাতমস্তি" ইতি শ্রুতিঃ। অন্যস্মাজ্জাতং শেষোঽপত্যং নাস্তীতি তদর্থঃ। অন্যো দর্য্যো মনসাঽপি ন মন্তব্যো মমায়ং পুত্র ইতি বাক্যশেষাচ্চ। যে যজামহে ইতি শাস্ত্রাৎ যে বয়ং স্মস্তে বয়ং যজামহে ইত্যর্থকাদৃশ্যমানস্য পিত্রাদেঃ সংশয়গ্রস্তত্বাদয়ং মম পিতৈবেতি নিশ্চয়স্য দুঃসাধ্যত্বাৎ মন্ত্রশ্চ যোঽহমস্মি স সন্ যজে ব্রাহ্মণেঽর্থবাদশ্চ ন চৈতদ্বিদ্মো ব্রাহ্মণাঃ স্মো বয়মব্রাহ্মণা বেতি। তস্মাদ্বীজপতেরেব পিণ্ডাদিপ্রাপ্তির্ন তু ক্ষেত্রপতেরিতি লুপ্তপিণ্ডোদকক্রিয়ত্বাদবশ্যং পিতৃণাং পাতো ভবতি ক্ষেত্রজপুত্রস্মৃতিস্তু ইহলোকে বংশস্থাপনমাত্রপরা ন তু তেন ক্ষেত্রপতেঃ কশ্চিদামুষ্মিক উপকারোঽস্তি উদাহৃতশ্রুতিবিরোধাৎ। অয়ঞ্চ সঙ্করোঽস্মাভিঃ স্বয়ংকৃতশ্চে-

---

সেই বর্ণসঙ্করগুলি বংশনাশক ব্যভিচারী পুরুষগণের এবং বংশের পূর্ব্বপুরুষগণের নরকভোগের জন্যই জন্মিয়া থাকে। কারণ, শ্রাদ্ধ ও তর্পণপ্রভৃতি কার্য্য লুপ্ত হওয়ায় এই বর্ণসঙ্করদিগের পিতৃলোকেরা নরকে পতিত হন ॥৪১॥

তাৎপর্য্য—উচ্চজাতীয় স্ত্রী এবং নীচজাতীয় পুরুষ এই উভয়ের স্বেচ্ছাসংযোগে যে সন্তান জন্মে, তাহাকে প্রতিলোমসঙ্কর বলে; আর উচ্চজাতীয় পুরুষ ও নীচজাতীয় স্ত্রী এই উভয়ের স্বেচ্ছাসংসর্গে যে সন্তান উৎপন্ন হয়, তাহাকে অনুলোমসঙ্কর বলে। এই দ্বিবিধ সঙ্করই অবৈধ বলিয়া পিতৃশ্রাদ্ধাদির অধিকারী হয় না। সুতরাং শ্রাদ্ধ ও তর্পণ না হওয়ায় উহাদের পিতৃলোকেরা নরকগামী হন। কিন্তু পরাশর গান্ধর্ব্ববিবাহবিধানে ক্ষত্রিয়কুমারী সত্যবতীর গর্ভে উৎপাদন করিয়াছিলেন বলিয়া দ্বৈপায়ন বেদব্যাস পিতৃসবর্ণ ব্রাহ্মণ হইয়াছিলেন; আর ভীষ্ম ও সত্যবতীর নিয়োগ অনুসারে বেদব্যাস অম্বিকা ও অম্বালিকার গর্ভে ধৃতরাষ্ট্র ও পাণ্ডুকে উৎপাদন করিয়াছিলেন এবং পাণ্ডুর নিয়োগে ধর্ম্ম, বায়ু ও ইন্দ্র কুন্তীর গর্ভে যথাক্রমে যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুনকে উৎপাদন করিয়াছিলেন; সুতরাং ইঁহারা সেই যুগধর্ম্মানুসারে বৈধ ক্ষেত্রজ পুত্র ছিলেন বলিয়া পিতৃশ্রাদ্ধাদির অধিকারীই ছিলেন ॥৪১॥

কুলনাশক ব্যভিচারী পুরুষগণের বর্ণসঙ্করকারক এই সকল দোষে চিরন্তন জাতিধর্ম্ম, কুলধর্ম্ম ও আশ্রমাদিধর্ম্ম নষ্ট হইয়া যায় ॥৪২॥

উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন ! ।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥৪৩॥
অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্ ।
যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥৪৪॥
যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥৪৫॥

ভারতকৌমুদী

উৎসন্নেতি । হে জনার্দ্দন ! উৎসন্না নষ্টাঃ কুলধর্ম্মা যেষাং তেষাং মনুষ্যাণাম্, নিয়তং ধ্রুবমেব নরকে বাসো ভবতি, ইতি অনুশুশ্রুম, মুনিভ্য ইতি শেষঃ, ধর্ম্মলোপে পাপক্ষয়াসম্ভবাদিত্যাশয়ঃ । উৎসন্নকুলধর্ম্মাণামিতি উৎসন্নজাতিধর্ম্মাদীনামপ্যুপলক্ষণম্ ॥৪৩॥

অহো ইতি । অহো আশ্চর্য্যে, বত খেদে । বয়ং মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতাঃ প্রবৃত্তাঃ । যদ্‌যস্মাৎ, রাজ্যসুখলোভেন স্বজনম্, আত্মীয়লোকম্, হন্তুমুদ্যতাঃ । স্বজনহননেন মহৎ পাপমেব ভবেৎ, তস্মিংশ্চ সতি রাজ্যসুখমকিঞ্চিৎকরমেবেতি ভাবঃ ॥৪৪॥

নন্বেবং বিষণ্ণং ত্বাং যদি চিরযুদ্ধনির্ঘাতনপরা ধার্ত্তরাষ্ট্রা হন্যুরিত্যাহ যদীতি । শস্ত্রপাণয়ো ধার্ত্তরাষ্ট্রাঃ, অশস্ত্রং ত্যক্তাস্ত্রম্, ন বিদ্যতে প্রতীকারো হস্তাদিনাপি আঘাতবাধা যস্য তং তাদৃশঞ্চ মাম্, যদি রণে হন্যুঃ, তর্হি তদ্ধননম্, মে মম, ইদমনয়োঃ প্রকৃষ্টং ক্ষেমমিতি ক্ষেমতরং ময়া স্বজনহননাপেক্ষয়া বিশেষমঙ্গলং ভবেৎ, মহাপাপাভাবাদিত্যাশয়ঃ । মামিত্যেকবচনেন ভীমাদয়ো যদি যুধ্যন্তে যুধ্যন্তাং নামেতি সূচিতম্ ॥৪৫॥

তাৎপর্য্য—কোন্ জাতীয় পুরুষ উৎপাদন করিয়াছে, তাহা নিশ্চয় করিতে না পারায় বর্ণসঙ্করগণের জাতিধর্ম্মাদি স্থির করা যায় না । সুতরাং জাতিধর্ম্মাদি নষ্ট হইয়াই যায় । আর যে ক্ষেত্রে উৎপাদকের জাতি জানা যায়, সে ক্ষেত্রে বর্ণসঙ্করেরও জাতিধর্ম্মাদি স্থির হয় ॥৪২॥

কৃষ্ণ ! কুলধর্ম্মপ্রভৃতি নষ্ট হইলে, নিশ্চয়ই মানুষের নরকে বাস হয়, ইহা আমরা শুনিয়াছি ॥৪৩॥

তাৎপর্য্য—ধর্ম্ম না হইলে পাপক্ষয় হয় না এবং পাপ থাকিলেই নরকে বাস হয় ॥৪৩॥

হায় ! কি আশ্চর্য্য ! আমরা গুরুতর পাপ করিতে প্রবৃত্ত হইয়াছি । যে হেতু রাজ্যসুখের লোভে আত্মীয় স্বজনকে বধ করিতে উদ্যত হইয়াছি ॥৪৪॥

তাৎপর্য্য—আত্মীয় স্বজনকে বধ করাতেই গুরুতর পাপ হয় ॥৪৪॥

আমি অস্ত্রধারণ করিব না, কিংবা বিপক্ষেরা অস্ত্রাঘাত করিলেও তাহাতে বাধা দিব না ; এই অবস্থায় অস্ত্রধারী ধার্ত্তরাষ্ট্রেরা যুদ্ধে যদি আমাকে বধও করে, তথাপি তাহা আমার পক্ষে মঙ্গলজনক হইবে' ॥৪৫॥

তাৎপর্য্য—ঐরূপ হইলে আমার পক্ষে স্বজন বধ করার গুরুতর পাপ হইবে না ॥৪৫॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বাঽর্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভগবদ্গীতাপর্বণি পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

এবমিতি। শোকেন সংবিগ্নমস্থিরীকৃতং মানসং মনে যস্য স তাদৃশোঽর্জ্জুনঃ, এবমুক্ত্বা, সংখ্যে সমরাঙ্গনমধ্য এব, সশরং চাপং বিসৃজ্য বিহায়, রথস্য উপস্থে উপরিদেশে উপাবিশৎ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায় শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতায়াং পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

দবশ্যমস্মান্ বাধিষ্যত এবেতি ভাবঃ ॥৪১॥ এতদেব বিবৃণোতি দ্বাভ্যাং—দোষৈরিতি ॥৪২—৪৫॥ সংখ্যে সংগ্রামে ॥৪৬॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥২৫॥
ইতি নৈলকণ্ঠীয়ে গীতায়াং প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

সঞ্জয় বলিলেন—অর্জ্জুন শোকে অস্থিরচিত্ত হইয়া, এইরূপ বলিয়া, ধনু ও বাণ পরিত্যাগ করিয়া, যুদ্ধমধ্যেই রথের উপরে উপবেশন করিলেন' ॥৪৬॥

প্রথম অধ্যায়ের তাৎপর্য্য।

যুদ্ধে সর্ব্বনাশ ঘটিবে এই আশঙ্কা করিয়া যুধিষ্ঠির সন্ধির জন্য লালায়িত হইয়া কৃষ্ণকে হস্তিনায় পাঠাইয়াছিলেন; ভীমেরও সন্ধি করিবারই ইচ্ছা ছিল; অর্জ্জুন তখন কৃষ্ণের উপরে মতামতের ভার দিয়াছিলেন; নকুলেরও সন্ধি করারই মত ছিল; কিন্তু সহদেব সন্ধি করিতে সম্মত হন নাই। তথাপি বহু ব্যক্তির সন্ধি করিতে মত হওয়ায় কৃষ্ণ হস্তিনায় যাইয়া রাজসভায় সন্ধির প্রস্তাব করিলে, দুর্য্যোধন বলিয়াছিলেন—'আমি সূচ্যগ্র ভূমি দিয়াও সন্ধি করিব না; ইহাতে হয় পাণ্ডবেরা আমার প্রজা হইয়া থাকুন, না হয় যুদ্ধ করুন'। এই সকল ঘটনা উদ্‌যোগপর্ব্বে লিখিত আছে। এখন উভয় পক্ষই যুদ্ধ করিবার জন্য কুরুক্ষেত্রে উপস্থিত হইয়া তাহাতে সম্পূর্ণ প্রস্তুত হইয়াছেন; এই সময়ে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও যুদ্ধ করিবার জন্যই উৎসুক হইয়া রহিয়াছেন। কিন্তু অর্জ্জুনের ধর্ম্মবুদ্ধি, ভক্তি, স্নেহ ও দয়া উপস্থিত হইল এবং গুরুজন ও আত্মীয় স্বজনকে প্রহার করিতে হইবে, বধ করিতে হইবে ইত্যাদি ভাবিয়া তিনি বিষাদে অস্থির হইয়া ধনুর্বাণ পরিত্যাগ করিয়া একে-

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। মধুসূদনঃ কৃষ্ণঃ, তথা তাদৃশ্যা, কৃপয়া দয়য়া, আবিষ্টমধিকৃতম্। অতএব অশ্রুভিঃ পূর্ণে ব্যাপ্তে আকুলে বিহ্বলে চ ঈক্ষণে চক্ষুষী যস্য তম্, বিষীদন্তং বিষাদমাপন্নঞ্চ, তমর্জ্জুনম, ইদং বক্ষ্যমাণং বাক্যমুবাচ, অর্জ্জুনে যুদ্ধান্নিবৃত্তে পাণ্ডবপক্ষস্যৈব ততো নিবৃত্ত্যা ভূভারহরণাসম্ভবেন স্বাবির্ভাবস্যৈব নৈরর্থক্যাদিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুনে যুদ্ধাদুপরতে মৎপুত্রা নিষ্কণ্টকং রাজ্যং প্রাপ্স্যন্তীত্যাশাবন্তং রাজানং প্রতি সঞ্জয় উবাচ—তং তথেতি। তমর্জ্জুনং তথা। "স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব!" ইত্যুক্তপ্রকারেণ কৃপয়া স্নেহেন ন তু দয়য়া পরদুঃখপ্রহাণেচ্ছারূপয়া তস্যাঃ পরদৌর্ব্বল্যনিশ্চয়োত্তরভাবিন্যাঃ অর্জ্জুনে যদি বা নো জয়েয়ুরিতি স্বপরাজয়মাশঙ্কমানে দুর্ঘটত্বাৎ। "যানেব হত্বা ন জিজীবিষাম" ইতি স্নেহাতিশয়সূচকবাক্যশেষবিরোধাচ্চ। আবিষ্টং ব্যাপ্তং বিষীদন্তং "সীদন্তি মম গাত্রাণী"ত্যাদিনা উক্তরূপং বিষাদং প্রাপ্নুবন্তম্ ইদং বক্ষ্যমাণং বাক্যং বচনীয়ম্ "উবাচ মধুসূদন" ইতি দুষ্টহন্তৃত্বাদেবার্জ্জুনং নিমিত্তীকৃত্য ত্বৎপুত্রানপি হনিষ্যতো-বারে রথের মধ্যে বসিয়া পড়িলেন। ইহাতে যুধিষ্ঠির হইতেও অর্জ্জুনের বিশেষ উৎকর্ষ প্রদর্শিত হইয়াছে; আর তিনি মহাবীরও বটেনই। এই জন্যই এক শ্রেণীর লোক বলিয়া থাকেন যে 'মহাভারতের নায়ক যুধিষ্ঠির না হইয়া অর্জ্জুন হইলে ভাল হইত'।

———(::)———

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুনের সেইরূপ দয়া উপস্থিত হইল, তখন অশ্রুজল আসিয়া তাঁহার নয়নযুগলকে ব্যাপ্ত ও আকুল করিয়া ফেলিল, ক্রমে তিনি অবসন্ন হইয়া পড়িলেন; তাই কৃষ্ণ তাঁহাকে এই কথা বলিলেন' ॥১॥

তাৎপর্য্য—কৃষ্ণ স্বয়ং পরমেশ্বর। সুতরাং জগতের সৃষ্টি, রক্ষা ও বিনাশ তাঁহারই কর্ত্তব্য। অতএব শরীরের কোন অঙ্গ বিষদূষিত হইলে, সুচিকিৎসক যেমন সেই অঙ্গ কাটিয়া ফেলিয়া রোগীর শরীরটীকে রক্ষা করেন, তেমন ভগবান্‌ও জগতের পাপদূষিত অংশকে বিনষ্ট করিয়া জগৎকে রক্ষাই করেন। সেই পাপিবিনাশরূপ ভূভারহরণ করিবার জন্যই ভগবান্ কৃষ্ণরূপে আবির্ভূত হইয়াছিলেন; তৎকালে দুর্য্যোধনপ্রভৃতিই সেই পাপী ছিলেন; একটা মহামারী না হইলে সে পাপিগণের বিনাশ হয় না; অথ চ যুদ্ধে যেমন মহামারী হয়,

শ্রীভগবানুবাচ।

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন! ॥২॥
ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ! নৈতত্ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ! ॥৩॥

ভারতকৌমুদী

শ্রীতি। কৃষ্ণস্য পরমদেবত্বাৎ শ্রীপূর্বকত্বং তদ্বাচকভগবৎপদস্য। তথা চোক্তম্—"দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিপং তথা। সাধ্যং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ ॥"

কুত ইতি। হে অর্জুন! বিষমে উভয়োরেব পক্ষয়োর্যুদ্ধোদ্যোগাৎ সঙ্কটসময়ে, কুতঃ কস্মাদ্ধেতোঃ, ইদম্ আর্য্যৈঃ সজ্জনৈর্জুষ্টং সেবিতমিত্যার্য্যজুষ্টং ন আর্য্যজুষ্টমনার্য্যজুষ্টম্ আর্য্যৈরনাচরিতমিত্যর্থঃ, অনৌচিত্যাৎ, অস্বর্গ্যং স্বর্গাজনকম্, ক্ষত্রিয়ধর্ম্মবিরোধিত্বাৎ, অকীর্ত্তিকরঞ্চ, কাপুরুষতাব্যঞ্জকত্বাৎ, কশ্মলং মোহঃ, ত্বা ত্বাম্, উপস্থিতং প্রাপ্তম্। "কশ্মলঃ স্যাৎ পিশাচেঽপি কশ্মলো মোহ উচ্যতে" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। ক্লীবত্বমার্ষম্ ॥২॥

ভারতভাবদীপঃ

বেতি ত্বয়া জয়াশা ন কার্য্যেতি ভাবঃ ॥১॥ অর্জুনমুদ্‌যোজয়ন্ শ্রীভগবানুবাচ—কুত ইতি। কশ্মলং বৈক্লব্যম্, বিষমে যুদ্ধসঙ্কটে অনার্য্যৈর্ভীরুভির্জুষ্টং সেবিতং ন তু ত্বাদৃশৈঃ শূরৈঃ ন আর্য্যৈর্জুষ্টমিতি বা যত্তু আর্য্যৈরজুষ্টমিতি বিগ্রহো দর্শিতস্তদর্থৈক্যেঽপি পদব্যুৎক্রমদোষাদুপেক্ষ্যম্। অতএবাস্বর্গ্যমকীর্ত্তিকরঞ্চ। হে অর্জুন! স্বচ্ছস্বভাব! তব নৈতদ্‌যুক্তমিতি ভাবঃ ॥২॥ তদেবাহ—ক্লৈব্যমিতি। ক্লৈব্যং নির্বীর্য্যত্বং "ন চ শক্নোম্যবস্থাতু"মিত্যুক্তরূপং মা গাঃ নৈতৎ ত্বয়ি মহাদেবপ্রতিভটে যুক্তম্। অতঃ ক্ষুদ্রং তুচ্ছং হৃদয়কৃতমেব তব

তেমন আর কিছুতেই হয় না। তাই কৃষ্ণ যুদ্ধের পরামর্শ দিয়া রাজ্যনিস্পৃহ ও সদাশয় পাণ্ডবগণকে যুদ্ধে প্রবৃত্ত করাইয়াছেন (উদ্‌যোগপর্ব্ব দ্রষ্টব্য)। এখন অর্জ্জুন যদি যুদ্ধ না করেন, তবে পাণ্ডবেরা যুদ্ধ হইতে বিরতই হন; যুদ্ধ না হইলে মহামারী হয় না, মহামারী না হইলে ভূভারহরণও হয় না; তাহাতে এত বড় কৃষ্ণজন্মটা ব্যর্থ হইয়াই যায়। তাই অর্জ্জুনকে যুদ্ধে প্রবৃত্ত করাইবার জন্যই কৃষ্ণ বলিতে লাগিলেন ॥১॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! এই সঙ্কটসময়ে তোমার এ মোহ উপস্থিত হইল কেন? ইহা ত সজ্জনের কার্য্য নহে, স্বর্গজনকও নহে, কীর্ত্তির কারণও নহে ॥২॥

তাৎপর্য্য—অর্জ্জুন! উভয়পক্ষই যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছে; তাহাতে তুমি পাণ্ডবপক্ষের প্রধান সেনাপতি; এ অবস্থায় তোমার এ মোহ উপস্থিত হইল কেন? সজ্জনেরা কোন গুরুতর কার্য্যে প্রবৃত্ত হইয়া হঠাৎ নিবৃত্তি পান না। সুতরাং এটা সজ্জনের কার্য্য নহে; ক্ষত্রিয়ের যুদ্ধ করাতেই ধর্ম্ম হয়, তুমি সেই ক্ষত্রিয়। অতএব এটা তোমার পক্ষে ধর্ম্মজনক নহে বলিয়া স্বর্গজনকও নহে এবং ইহা কীর্ত্তিজনকও নহে ॥২॥

(৩) মা ক্লৈব্যং গচ্ছ কৌন্তেয়!...ইতি শ্রীধরস্বামিসম্মতঃ পাঠঃ।

অর্জ্জুন উবাচ।

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন!।
তাৎপর্য্য—যে পদার্থের মূর্ত্তি আছে, তাহারই ছেদন, দহন, ক্লেদন (ভিজান) এবং শোষণ হইতে পারে। কিন্তু কাল এবং আকাশের ন্যায় আত্মারও মূর্ত্তি নাই বলিয়া কাল এবং আকাশের ন্যায়ই আত্মারও ছেদনপ্রভৃতি হইতে পারে না। তা'র পর আত্মা চিরকাল একরূপ অর্থাৎ চিন্ময়; সর্ব্বব্যাপী—জগতের সর্ব্বত্রই আছে, স্থির—বাল্যযৌবনাদিশূন্য, অচল—নিষ্ক্রিয় এবং সনাতন—উৎপত্তি-বিনাশবিহীন ॥২৪॥

বেদ ও জ্ঞানীরা বলেন—আত্মা অস্ফুট, অচিন্তনীয় এবং অবিকার্য্য। অতএব অর্জ্জুন! তুমি আত্মার এই অবস্থা জানিয়া ভীষ্মপ্রভৃতির আত্মার জন্য শোক করিতে পার না ॥২৫॥

অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্।
তথাপি ত্বং মহাবাহো! নৈনং শোচিতুমর্হসি ॥২৬॥

ভারতকৌমুদী

নম্ন "অত্র চত্বারি ভূতানি ভূমিবার্য্যনলানিলাঃ। চতুর্ভ্যঃ খলু ভূতেভ্যশ্চৈতন্যমুপজায়তে ॥ কিণ্বাদিভ্যো মদশক্তিবৎ" ইতি বদন্তো হি নাস্তিকা বদন্তি ক্ষিত্যপ্তেজোমরুদাত্মনা ভূতচতুষ্টয়েন নির্ম্মিতস্য দেহস্য ধর্ম্মরূপতয়া চৈতন্যমুৎপদ্যতে স এব চাত্মা। ততশ্চ দেহোৎপত্তৌ তস্যোৎপত্তিঃ, দেহনাশে চ তস্য নাশো দৃশ্যত ইতি। তৎ কথং ত্বয়াত্মনঃ সনাতনত্বাদিকমুচ্যত ইত্যাকাঙ্ক্ষায়াং নাস্তিকপক্ষমপ্যাশ্রিত্যাহ অথেতি। অথেতি পক্ষান্তরে। কিঞ্চ হে মহাবাহো! যদি ত্বম্, এনমাত্মানম্, নিত্যং চিরমেব জাতং দেহধর্ম্মতয়া দেহ এবোৎপন্নম্, বা সমুচ্চয়ে, নিত্যং চিরঞ্চ, মৃতং দেহনাশান্নষ্টম্, মন্যসে; তথাপি এনং ভীষ্মাদ্যাত্মানম্, শোচিতুং নার্হসি। পরশ্লোকেন হেত্বাকাঙ্ক্ষাপূরণং জ্ঞেয়ম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

বৃক্ষান্তরাৎ সজাতীয়ো বিজাতীয়ঃ শিলাদিতঃ ॥" ততশ্চ সদা নৈরন্তর্য্যেণ ত্রিবিধপরিচ্ছেদরাহিত্যেন ভবতি অস্তীতি সনাতনোঽয়ঙ্গৈকরসো যস্মাত্তস্মাদুৎপত্ত্যাদ্যাশ্রয় ইত্যর্থঃ ॥২৪॥ এবং জ্ঞেয়ং বস্তূক্তং তচ্চ তত্ত্রাধ্যস্তদেহত্রয়নিরাসেন অপরোক্ষীকর্ত্তব্যমিত্যাহ—অব্যক্তোঽয়মিতি। ব্যক্তং স্থূলশরীরং প্রত্যক্ষগম্যং তদন্যোঽয়ং প্রত্যগাত্মা। তথা অচিন্ত্যোঽয়ং চিন্ত্যং চিন্তাযোগ্যং রূপাদিপ্রকাশকার্য্যেণানুমেয়ং চক্ষুরাদিসমুদায়াত্মকং লিঙ্গশরীরম্ অপ্রত্যক্ষং ততোঽপ্যন্যোঽয়ম্। তথা অবিকার্য্যোঽয়ং বিকারং স্থূলসূক্ষ্মকার্য্যভাবেনাবস্থানমর্হতীতি বিকার্য্যং ত্রিগুণাত্মকং মূলাজ্ঞানং কারণশরীরং সুপ্তোত্থিতস্য ন কিঞ্চিদবেদিষমিতি পরামর্শদর্শনাদহং ন জ্ঞ নামীত্যনুভবাচ্চ সাক্ষ্যেকগম্যং ততোঽপ্যন্যোঽয়ম্। উচ্যতে ব্যক্তাদিনিষেধমুখেন ন তু শৃঙ্গগ্রাহিকয়াঽয়মেবংবিধ ইতি বিধিমুখেনোচ্যতে। যস্মাদেবময়মুচ্যতে তস্মাদেনং বিদিত্বা নানুশোচিতুমর্হসি। "তরতি শোকমাত্মবি"দিতি শ্রুতেরাত্মবিদ্ভূত্বা বন্ধুবিয়োগজং শোকং মাকার্ষীরিত্যর্থঃ। উক্তং চাত্মনোঽবস্থাত্রয়াতীতত্বম্। "স্বপ্ননিদ্রাযুতাবাদ্যৌ প্রাজ্ঞস্তস্বপ্ননিদ্রয়া। ন নিদ্রাং নৈব চ স্বপ্নং তুর্য্যে পশ্যন্তি নিশ্চিতা ॥" ইতি ॥২৫॥ এবং তত্ত্বদৃষ্ট্যা শোকো নোচিত ইত্যুক্তম্ ইদানীং প্রাকৃতজনদৃষ্ট্যাঽপি শোকো নোচিত ইত্যাহ—অথ চেতি। নিত্যং নিয়মেন জাতং নিত্যজাতমিতি চার্ব্বাকপক্ষঃ।

তাৎপর্য্য—আত্মা স্পষ্ট নহে বলিয়া তাহার প্রত্যক্ষ হয় না, আকৃতিশূন্য বলিয়া তাহার চিন্তা করা চলে না এবং চিরকাল একরূপ বলিয়া তাহাকে বিকৃতও করা যায় না। অতএব অর্জ্জুন! ভীষ্মপ্রভৃতির আত্মাও ত এইরূপই। সুতরাং তাহার ধ্বংসপ্রভৃতি না থাকায় তুমি তাহার জন্য শোক করিতে পার না ॥২৫॥

তা'র পর মহাবাহু অর্জ্জুন! তুমি যদি এরূপও মনে কর যে, আত্মার চিরকালই জন্ম আছে এবং চিরকালই মৃত্যু আছে, তথাপি ভীষ্মপ্রভৃতির আত্মার জন্য শোক করিতে পার না ॥২৬॥

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥২৭॥
অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত!।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥২৮॥

ভারতকৌমুদী

অথ কথং ন শোচামীত্যাহ জাতস্যেতি। হি যস্মাৎ, জাতস্য জনস্য মৃত্যুর্ধ্রুবো নিশ্চিতঃ, নশ্বরতয়া নাশাবশ্যম্ভাবাৎ তথৈব প্রত্যক্ষাচ্চ। তথা মৃতস্য মৃতসজাতীয়স্য জনস্য, জন্ম চ ধ্রুবং নিশ্চিতম্। সমুদ্রতরঙ্গাণামুত্থানপতনে ইব জগজ্জনানাং জন্মমরণে নিয়তে এবেত্যাশয়ঃ। তস্মাৎ, অপরিহার্য্যে পরিহর্ত্তুং ত্যক্তুমশক্যে, অর্থে বিষয়ে ভীষ্মাদিমরণে ত্বং শোচিতুং নার্হসি। নাস্তিকৈঃ কর্ম্মফলানঙ্গীকারাৎ তন্মতানুসারিণ্যাস্মিন্ ভরশ্লোকে কর্ম্মফলহেতুকতয়া ব্যাখ্যানং হেয়ম্ ॥২৭॥

অথ নিষ্ক্রিয় আত্মা নির্জীবশ্চ দেহো ন কিঞ্চিদুপকুরুতে, অতস্তয়োরর্থে ন শোচামি; কিন্তু জীবসংসৃষ্টো দেহ এবোপকুরুতে। তেন চ ভীষ্মাদীনাং তাদৃশং দেহমেব শোচামীত্যাহ অব্যক্তেতি। হে ভারত! ভূতানি প্রাণিনঃ প্রাণিশরীরাণি, অব্যক্তা অস্পষ্টা জননী-

ভারতভাবদীপঃ

নিত্যং সর্বদা জাতমিতি ক্ষণিকবিজ্ঞানবাদিপক্ষঃ। নিত্যশ্চাসৌ অপূর্বদেহেন্দ্রিয়সম্বন্ধাজ্জাতশ্চেতি কার্ত্তিকাদিপক্ষঃ। এবং নিত্যং বা মন্যসে মৃতমিত্যপি যোজ্যং পক্ষত্রয়েঽপি শোকো ন যুক্তঃ। মহাবাহো ইতি যুদ্ধার্থমুৎসাহয়তি ॥২৬॥ শোচিতুং নার্হসীত্যুক্তং তত্র হেতুমাহ—জাতস্যেতি। ধ্রুবোঽপরিহার্য্যঃ মৃত্যুর্মরণম্ অপরিহার্য্যে অর্থে মরণাখ্যে ত্বদুদ্যোগং বিনাপি অবশ্যম্ভাবিনি বিষয়ে ন ত্বং শোচিতুমর্হসি। বক্ষ্যতি চ—"ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেবে"তি ॥২৭॥ অস্ত্বাত্মনোঽশোচ্যত্বং তথাপি ইষ্টদেহবিনাশজঃ শোকো ভবত্যেবেত্যাশঙ্ক্য সকারণস্য

তাৎপর্য্য—নাস্তিকেরা বলেন—এই জগতে পৃথিবী, জল, তেজ ও বায়ু এই চারিটা ভূত। (ইঁহারা আকাশকে ভূত বলিয়া স্বীকার করেন না) এই চারিটা ভূতের মেলনে স্থূলদেহ নির্ম্মিত হয়; তা'র পর বহুদ্রব্যমিশ্রণে নির্ম্মিত মদ্যে যেমন মাদকতা শক্তি জন্মে, তেমন ঐ স্থূলদেহে বহু দ্রব্যের মেলনবশতঃ চৈতন্যনামে একটা ধর্ম্ম জন্মে, তাহারই নাম—আত্মা। সুতরাং সে আত্মা স্থূলদেহে জন্মে, আবার স্থূলদেহের সহিতই নষ্ট হইয়া যায়। অর্জ্জুন! এই নাস্তিকের মতেও তুমি ভীষ্মপ্রভৃতির আত্মার জন্য শোক করিতে পার না।২৬॥

উৎপন্ন ব্যক্তিমাত্রেরই যখন মৃত্যু নিশ্চিত এবং মৃতসজাতীয় ব্যক্তিরও যখন জন্ম নিশ্চিত, তখন সেই অপরিহার্য্য বিষয়ে তুমি শোক করিতে পার না ॥২৭॥

তাৎপর্য্য—সমুদ্রের তরঙ্গ যেমন উঠিতেছে পড়িতেছে, তেমন জগতের প্রাণিগণও জন্মিতেছে মরিতেছে। সুতরাং জন্ম ও মৃত্যু যখন প্রতিনিয়তব্যাপার, তখন অবশ্যম্ভাবী মৃত্যুবিষয়ে তোমার শোক করা উচিত নহে ॥২৭॥

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনমাশ্চর্য্যবদ্বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥২৯॥

ভারতকৌমুদী

জঠরাভ্যন্তর্গততয়া অনুপলব্ধা আদয়ঃ প্রথমাবস্থা যেষাং তানি, ব্যক্তাঃ স্পষ্টা উপলব্ধা মধ্যা আমরণাজ্জন্মানন্তরাবস্থা যেষাং তানি; পুনরব্যক্তানি অস্পষ্টানি অনুপলব্ধানি নিধনানি নিধনানন্তরাবস্থা যেষাং তানি তাদৃশানি ভবন্তি। তত্র তেষু, কা পরিদেবনা শোকনিবন্ধনো বিলাপঃ, অপি তু কাপি নেত্যর্থঃ। অত্রায়মাশয়ঃ—জীবসংসৃষ্টোপকারিদেহানামনুপলব্ধি-নিবন্ধনো যদি শোকঃ কর্ত্তব্যঃ স্যাৎ, তর্হি তেষাং প্রসবাৎ প্রাগপি কথং শোকো ন ক্রিয়তে। অথোপকারিত্বাভাবাদিতি চেৎ মরণাৎ পরমপি তথৈব। অতঃ শোকপ্রসঙ্গ এব নাস্তীতি ॥২৮॥

ভারতভাবদীপঃ

দেহাদের্মিথ্যাত্বং সাধয়তি—অব্যক্তাদীনীতি। ভূতানি বিয়দাদীনি তদ্বিকারভূতানি জরায়ুজাদীনি চ, ন ব্যক্তমব্যক্তমজ্ঞানম্ আদির্যেষাং তথাবিধানি। ব্যক্তঃ স্পষ্টঃ মধ্যঃ উৎপত্তিমারভ্য মরণাৎ প্রাগবস্থা যেষাম্। অব্যক্তে এব নিধনং লয়ো যেষামিতি। অয়মর্থঃ—রজ্জুরগাদিকারণমজ্ঞানং ন রজ্জুবৎ উরগবদ্বা ব্যক্তমস্তি। পরীক্ষ্যমাণঞ্চ ন দৃষ্টিপথমবতরতি। অতস্তদব্যক্তং তত উৎপন্নঃ সর্পস্তত্রৈব লীয়তে ন রজ্জ্বাম্। এবম্ আত্মনি কল্পিতানাং ভূতানাম্ আদিরন্তশ্চাব্যক্তমেব তেন আদাবন্তে চ যন্নাস্তি বর্ত্তমানেঽপি তত্তথেতি ন্যায়েন মধ্যে ভাসমানান্যপি তানি রজ্জুরগবৎ অসন্ত্যেব এবংবিধে তত্র তস্মিন্ বিষয়ে কা পরিদেবনা কো বা বিলাপঃ। ন হি মরুমরীচিকাহ্রদো নষ্ট ইতি কশ্চিত্তত্ত্ববিৎ বিলপতি। অতএব ভূতানাং রজ্জুরগাদীনামিব প্রতীতিসমকালিকীং সৃষ্টিমভিপ্রেত্য কৌষীতকিব্রাহ্মণে স্বাপ-প্রবোধয়োর্জগল্লয়োদয়ৌ পঠ্যেতে—"স যদা স্বপিতি তদৈনং বাক্সর্ব্বৈর্নামভিঃ সহাপ্যেতি চক্ষুঃ সর্ব্বৈঃ রূপৈঃ সহাপ্যেতি শ্রোত্রং সর্ব্বৈঃ শব্দৈঃ সহাপ্যেতি মনঃ সর্ব্বৈর্ধ্যানৈঃ সহাপ্যেতি স যদা প্রবুধ্যতেঽথৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণা যথায়তনং বিপ্রতিষ্ঠন্তে প্রাণেভ্যো দেবা দেবেভ্যো লোকা" ইতি। প্রাণাশ্চক্ষুরাদীন্দ্রিয়াণি। দেবাস্তদনুগ্রাহকাঃ সূর্য্যাদয়ঃ। লোকা রূপাদয়ঃ। নন্বিহ অত্র চ আত্মৈব সর্ব্বভূতানাং লয়োদয়স্থানমিত্যুচ্যতে নান্যৎ। তৎকথ-মেতেষামব্যক্তং লয়োদয়স্থানমিত্যুচ্যতে? সত্যম্, অজ্ঞানাশ্রয়ত্বাদ্ব্রহ্মণি তথাত্বব্যপদেশো ন বস্তুগত্যা, ন হি অপরিণামিনঃ কূটস্থস্য মৃদ্বৎ কার্য্যপ্রবিলয়োদয়স্থানত্বং সম্ভবতি। যথোক্তম্—"অস্য দ্বৈতেন্দ্রজালস্য যদুপাদানকারণম্। অজ্ঞানং তদুপাশ্রিত্য ব্রহ্মকারণমুচ্যতে॥" ইতি ॥২৮॥ নন্বু বজ্রপঞ্জরতুল্যস্য সর্ব্বপ্রমাণসিদ্ধস্য বিয়দাদিপ্রপঞ্চস্য কথং রজ্জুরগাদিবদজ্ঞান-

ভরতনন্দন! প্রাণিশরীরের প্রথম অবস্থা অস্পষ্ট, মধ্য অবস্থা স্পষ্ট, আবার মৃত্যুর পরের অবস্থা অস্পষ্ট। সুতরাং সেই মৃত্যুবিষয়ে একটা বিলাপ কি? ॥২৮॥

তাৎপর্য্য—গর্ভের ভিতরে প্রাণিশরীর দেখিতে পাওয়া যায় না, প্রসবের পর দেখা যায়, আবার মৃত্যুর পরে সমাধি হইয়া গেলে দেখা যায় না; ইহা ত প্রতিনিয়ত ব্যাপার। সুতরাং সে মৃত্যুর জন্য বিলাপ করা উচিত নহে ॥২৮॥

ভারতকৌমুদী

নন্থ স্বতঃ শৃণ্বন্নপ্যেনমাত্মানং ন সম্যগবধারয়িতুমর্হামীত্যাহ আশ্চর্য্যবদিতি। কশ্চিৎ উৎপন্নতত্ত্বজ্ঞানঃ, এনমাত্মানম্, আশ্চর্য্যবৎ পশ্যতি নিরাকারত্বয়া করচরণাদ্যভাবেঽপি গৃহ্ণাতীব ধাবতীবেত্যাদিরূপেণ সাক্ষাৎ করোতি। তথা চ শ্রুতিঃ—"অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ। স বেত্তি বিশ্বং নহি তস্য বেত্তা তমাহুরাগ্র্যং পুরুষং মহান্তম্॥" অন্যঃ পরিপক্বতত্ত্বজ্ঞানশ্চ, তথৈব এতচ্ছ্রুত্যুক্তরূপেণৈব, আশ্চর্য্যবৎ বদতি। অন্যঃ সদ্যোলব্ধ-গুরুকো জনশ্চ, এনমাত্মানম্, অশ্চর্য্যবৎ শৃণোতি। কশ্চিৎ সাধনচতুষ্টয়াসম্পন্নশ্চ, গুরু-মুখাৎ শ্রুত্বাপি, এনমাত্মানম্, ন বেদ ন সম্যগবধ্যাতে। অতস্ত্বং সাধনচতুষ্টয়াসম্পন্নত্বয়া শৃণ্বন্নপ্যেনমাত্মানং ন সম্যগ্ বেৎসীতি ভাবঃ। সর্বত্র বৎপ্রত্যয়েন তত্তদ্ভাবানামাত্মনঃ স্বাভাবিকত্বাদ্বস্তুতো নাশ্চর্য্যরূপত্বমিতি সূচিতম্॥২৯॥

ভারতভাবদীপঃ

প্রভবত্বেনাত্যন্তদুর্জ্ঞেয়মুচ্যতে? কথং বা কর্ম্মজ্ঞানকাণ্ডাপেক্ষিতমাত্মনো যজ্ঞাদিকর্তৃত্বং শ্রবণাদিকর্তৃত্বং চাপহ্নূয়ত ইত্যাশঙ্ক্যাহ—আশ্চর্য্যবদিতি। কশ্চিৎ জ্ঞাতাত্মতত্ত্ব এনমতীতা-নন্তরশ্লোকোক্তং ভূতগ্রামমাশ্চর্য্যবৎ আশ্চর্য্যমদ্ভুত স্বপ্নমায়েন্দ্রজালাদিকং তেন তুল্যম্ আশ্চর্য্যবৎ তথাভূতং পশ্যতি। তথা কশ্চিদেনম্ আশ্চর্য্যবদ্বদতি সত্ত্বেন অসত্ত্বেন বা নির্বক্তু-মশক্যমপি অনির্ব্বচনীয়েনৈব লোকাপ্রসিদ্ধেন রূপেণোপপাদয়তি। তথাহি রজ্জুরগবৎ প্রপঞ্চঃ সংশ্চেৎ "নেহ নানাস্তি কিঞ্চন" ইতি শ্রুত্যা ন বাধ্যেত, অসংশ্চেন্ন প্রতীয়েত। তস্মাদ-নির্ব্বচনীয়োঽয়মিতি। তদিদং সর্ববব্যবহারাস্পদস্যাপি প্রপঞ্চস্য মিথ্যাত্বোপপাদনমত্যাশ্চর্য্য-মিত্যর্থঃ। তথা এনং প্রপঞ্চমন্য আশ্চর্য্যবৎ শৃণোতি। ইমে লোকা ইমে দেবা ইমে বেদা ইদং সর্বং যদয়মাত্মেতি প্রত্যক্ষেণাত্মত্বয়া উপলভ্যমানস্যাপি প্রপঞ্চস্য যৎ প্রত্যগভিন্নত্বেন শ্রবণং তদত্যন্তমাশ্চর্য্যম্। ন হীয়ং শ্রুতির্যজমানঃ প্রস্তর ইত্যাদিবদুপচরিতার্থা, প্রপঞ্চস্যাত্মনঃ পৃথক্ত্বে—"আত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং সর্বং বিদিতং ভবতী"-ত্যেকবিজ্ঞানাৎ সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞোপরোধাপত্তেঃ। ন চ প্রতিজ্ঞাপ্যৌপচারিকী প্রদেশান্তরে শ্রুতস্য যথা "সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যা"দিতি দৃষ্টান্তস্যোপরোধাপত্তেঃ।

কোন লোক এই আত্মাকে আশ্চর্য্যের ন্যায় দেখে; অপর কোন ব্যক্তি সেইরূপই আশ্চর্য্যের ন্যায় বলে; অন্য লোক ইহাকে আশ্চর্য্যের ন্যায় শোনে এবং কোন লোক শুনিয়াও ইহাকে বুঝিতে পারে না॥২৯॥

তাৎপর্য্য—আত্মা নিরাকার। সুতরাং তাহার হাত, পা, চোখ ও কানপ্রভৃতি কোন অঙ্গই নাই; তথাপি তিনি ধরেন, দৌড়ান, দেখেন ও শোনেন। অতএব ইহা কি আশ্চর্য্য নহে? তাই যাঁহার তত্ত্বজ্ঞান জন্মিয়াছে, তিনিও আত্মাকে আশ্চর্য্যের ন্যায় দেখেন; যাঁহার তত্ত্বজ্ঞান পরিপক্ব হইয়াছে, তিনিও শিষ্যদের নিকটে আত্মাকে আশ্চর্য্যের ন্যায় বলেন; যে তত্ত্বজ্ঞান শিখিতে আরম্ভ করিয়াছে, সেও গুরুর নিকট আত্মাকে আশ্চর্য্যের ন্যায় শোনে; আর যাহার শম-দমাদি না হওয়ায় অধিকার হয় নাই, সে লোক শুনিয়াও আত্মাকে সম্যক্ বুঝিতে পারে না॥২৯॥

দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্বস্য ভারত !।
তস্মাৎ সর্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥৩০॥

ভারতকৌমুদী

অহো ন কেবলং মে ভীষ্মাদ্যর্থ এব শোকঃ, অপি তু নিরপরাধানাং হস্ত্যশ্বাদীনামপি বধাত্তয়া শোকঃ সম্ভায়ত ইত্যাহ দেহীতি। হে ভারত! সর্ব্বস্যৈব প্রাণিনো দেহে বিদ্যমানঃ, অয়ং দেহী জীবাত্মা, নিত্যং চিরমেব অবধ্যঃ হন্তুং ন শক্যঃ, আত্মত্বসামান্যেনামূর্ত্তত্বাদবিনাশ্যত্বাচ্চেত্যাশয়ঃ। তস্মাৎ ত্বম্, সর্ব্বাণ্যেব ভূতানি প্রাণিনঃ, বধ্যত্বাশঙ্কয়া ন শোচিতুমর্হসি ॥৩০॥

ভারতভাবদীপঃ

তস্মাৎ প্রতিজ্ঞাদৃষ্টান্তনিগমনানামেকবাক্যত্বাৎ ন প্রপঞ্চস্যাত্মান্যত্বম্। তচ্চ ভেদগ্রাহিপ্রত্যক্ষবিরোধাদাশ্চর্য্যমিব শৃণোতি। তথা কশ্চিদেনং প্রপঞ্চং প্রত্যগনন্যত্বেন শ্রুত্বা অপিশব্দাৎ উক্ত্বা স্বপ্নাদিদৃষ্টান্তৈস্তৎকপপাত্য দৃষ্ট্বা ধ্যানেন চ সাক্ষাৎকৃত্বাপি তত্ত্বতো ন বেদ ন জানাতি। তথাহি—প্রাপ্তাপি প্রজ্ঞা তীব্রবিক্ষেপবতঃ পরিহীয়ত ইতি বক্ষ্যতি। তস্মাদাত্মৈক্যাং সম্ভবত্যেব প্রপঞ্চস্য রজ্জুরগাদিতুল্যত্বেন তুচ্ছত্বম্। যদ্বা এনম্ আত্মানং কর্তৃত্বভোক্তৃত্বদুঃখিত্বানিত্যত্বজড়ত্বসঙ্গিত্বপরিচ্ছিন্নত্বাদিধর্ম্মবত্তয়া প্রসিদ্ধমপি তত্ত্বমসীত্যাগমোত্থায়া ব্রহ্মাকারান্তঃকরণবৃত্ত্যা ব্রহ্মবিদ্যাখ্যয়া অকর্ত্তারমভোক্তারমানন্দঘনং সত্যচিদ্রূপমসঙ্গমনন্তমপরোক্ষীকরোতীতি মহদাশ্চর্য্যম্। যং পশ্যতি তদাশ্চর্য্যবদিতি ক্রিয়াবিশেষণং বা; অবিদ্যকমপি দর্শনমবিদ্যাং স্বাত্মানঞ্চ কতকরজোবন্নিবর্ত্তয়তীতি। যদ্বা যঃ পশ্যতি স আশ্চর্য্যবদিতি কর্তৃবিশেষণম্, যত এক এব বিদ্বান্ সমাধিব্যুত্থানয়োঃ পরস্পরবিরুদ্ধমাত্মনো ব্রহ্মভাবং জীবভাবঞ্চ যাবদারব্ধকর্ম্মক্ষয়মনুভবতীতি তথা বাঙ্মনসাতীতমপ্যাত্মানং যদ্বাচা বদতি তদপ্যাশ্চর্য্যম্। অগৃহীতসঙ্গতিকেনাপি শব্দেন যথা সুপ্তঃ প্রবোধ্যতে তদ্বৎ; যথোক্তং বার্ত্তিকে—"অগৃহীতৈষবসম্বন্ধমভিধানাভিধেয়য়োঃ। হিত্বা নিদ্রাং প্রবুধ্যন্তে সুষুপ্তে বোধিতাঃ পরৈঃ॥ জাগ্রদ্বন্ন যতঃ শব্দং সুষুপ্তে বেত্তি কশ্চন। ধ্বস্তেঽতো জ্ঞানতো জ্ঞানে ব্রহ্মাস্মীতি ভবেৎ ফলম্॥ অবিদ্যাঘাতিনঃ শব্দাদ্যাহং ব্রহ্মেতি ধীর্ভবেৎ। নশ্যত্যবিদ্যয়া সার্দ্ধং হত্বারোগমিবৌষধ"মিতি। তথা যঃ শৃণোতি সোঽপি আশ্চর্য্যবৎ অতিদুর্লভ ইত্যর্থঃ। "শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্য" ইতি শ্রুতেঃ। "শৃণ্বন্তোঽপি বহবো যন্নবিদ্যু"রিতি শ্রুতির্দ্বিতীয়পদার্থং সংগৃহ্লাতি—শ্রুত্বাপ্যেনমিতি। "আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধা আশ্চর্য্যো জ্ঞাতা কুশলেনানুশিষ্ট" ইতি উত্তরার্দ্ধস্তু শ্লোকপূর্বার্দ্ধেন সংগৃহীত ইতি জ্ঞেয়ম্। দুর্ব্বিজ্ঞেয়োঽয়মাত্মাতস্তং তজ্জ্ঞানার্থং যতস্বেতি ভাবঃ ॥২৯॥ প্রকৃতমর্থমুপসংহরতি—দেহীতি। সর্ব্বাণি ভূতানি—কথং তে দীনা অল্পবলা বলবত্তরেণ ময়া হন্তব্যাঃ কথমেষাং পুত্রাদয় এতৈর্বিনা জীবিষ্যন্তি কথং বাহং ভীষ্মাদিভির্গুরুভির্বিনা জীবিষ্যামীতি শোচিতুং

ভরতনন্দন! সমস্ত প্রাণীর শরীরে বিদ্যমান এই জীবাত্মা চিরকালই অবধ্য। অতএব তুমি সমস্ত প্রাণীর জন্যই শোক করিতে পার না ॥৩০॥

স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি ।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥৩১॥
যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্ ।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ ! লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥৩২॥

ভারতকৌমুদী

এতাবতা অনাত্মনি শরীরে আত্মবুদ্ধিরূপং ভ্রমং নিরস্য অধুনা ধর্ম্মরূপে যুদ্ধে অধর্ম্মবুদ্ধিরূপং ভ্রমং নিরসিতুমাহ স্বেতি। কিঞ্চেতি চার্থঃ। ন কেবলং দেহাদ্ভিন্নমাত্মানমবেক্ষ্য পর্য্যালোচ্য, অপি তু স্বধর্ম্মং ক্ষত্রিয়ধর্ম্মমপি, অবেক্ষ্য পর্য্যালোচ্য, বিকম্পিতুং যুদ্ধোদ্‌যোগাদ্বিচলিতুম্, নার্হসি। হি যস্মাৎ, ধর্ম্ম্যাৎ ধর্ম্মাদনপেতাৎ ন্যায্যাদ্ যুদ্ধাদন্যৎ, ক্ষত্রিয়স্য শ্রেয়ঃ প্রশস্ততরং কর্ম্ম ন বিদ্যতে ॥৩১॥

যুদ্ধস্য শ্রেয়স্ত্বমুপপাদয়তি যদৃচ্ছয়েতি। হে পার্থ ! ক্ষত্রিয়াঃ, যদৃচ্ছয়া অস্বেচ্ছয়া, উপপন্নমুপস্থিতম্, অপাবৃতমুদ্‌ঘাটিতম্, স্বর্গদ্বারং তৎস্বরূপম্, নির্বিঘ্নেন স্বর্গে প্রবেশসম্ভবাদিতি ভাবঃ, ঈদৃশং ন্যায়োপেতং যুদ্ধম্, সুখিনঃ সন্ত এব লভন্তে। অতস্তে দুঃখেন নিবর্ত্তিতুমিচ্ছা অতীবান্যায্যেত্যাশয়ঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

নার্হসীত্যর্থঃ ॥৩০॥ অর্জ্জুনস্য অনাত্মনি দেহে আত্মধীরূপো মোহো নিবারিতঃ। ইদানীং স্বধর্ম্মে যুদ্ধে অধর্ম্মধীরূপং মোহং নিবারয়তি—স্বধর্ম্মমপীত্যাদিনা। যুদ্ধং ক্ষত্রিয়স্য স্বো ধর্ম্মঃ তমবেক্ষ্যাপি বিকম্পিতুং চলিতুং নার্হসি, হি যস্মাৎ ধর্ম্ম্যাৎ ধর্ম্মাদনপেতাদ্যুদ্ধাদন্যৎ ক্ষত্রিয়স্য শ্রেয়ঃ প্রশস্ততরং নাস্তি ॥৩১॥ কিঞ্চ যদৃচ্ছয়া অপ্রার্থিতমপ্যুপপন্নমুপস্থিতং স্বর্গদ্বারমপাবৃতমুদ্ঘাটিতং যে ক্ষত্রিয়া লভন্তে তে সুখিনো ধন্যা ভবন্তীতি সম্বন্ধঃ ॥৩২॥ যুদ্ধত্যাগে

তাৎপর্য্য—ভীষ্ম ও দ্রোণপ্রভৃতি মহাপ্রাণীদিগের আত্মাও যেমন, হাতী, ঘোড়া—এমন কি একটা মশকের আত্মাও তেমনই। অর্থাৎ সমস্ত প্রাণীর আত্মাই অমূর্ত্ত এবং চিৎস্বরূপ। সুতরাং তাঁহাকে বধ করা যায় না। অতএব অর্জ্জুন ! তুমি জগতের কোন প্রাণীর জন্যই শোক করিতে পার না ॥৩০॥

অর্জ্জুন ! তুমি আপন ক্ষত্রিয়ধর্ম্মের পর্য্যালোচনা করিয়াও বিচলিত হইতে পার না। কারণ, ধর্ম্মসঙ্গত যুদ্ধ ভিন্ন ক্ষত্রিয়ের অন্য কোন প্রশস্ত কর্ম্ম নাই ॥৩১॥

তাৎপর্য্য—আত্মা দেহ হইতে ভিন্ন। সুতরাং দেহনাশে আত্মনাশ হইতে পারে না; আবার যুদ্ধটাও ক্ষত্রিয়ের ধর্ম্ম, এই দুইটা বিষয় পর্য্যালোচনা করিয়া তুমি যুদ্ধের অধ্যবসায় হইতে বিচলিত হইতে পার না। কারণ, তুমি ক্ষত্রিয়; সুতরাং তোমার পক্ষে ধর্ম্মযুদ্ধ ছাড়া অপর কোন কার্য্যই তেমন প্রশস্ত নহে ॥৩১॥

অর্জ্জুন ! উদ্‌ঘাটিত স্বর্গদ্বারস্বরূপ এবং অস্বেচ্ছায় উপস্থিত এইরূপ যুদ্ধকে ক্ষত্রিয়েরা সুখী হইয়াই লাভ করেন ॥৩২॥

অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি ।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপমবাপ্স্যসি ॥৩৩॥
অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্ ।
সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে ॥৩৪॥
ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

ইদানীং যুদ্ধাকরণে দোষমাহ অথেতি। অথ পক্ষান্তরে। হে পার্থ! চেদ্‌যদি, ত্বম্, ইমং ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতং সংগ্রামং ন করিষ্যসি, ততস্তদা, স্বধর্ম্মং ক্ষত্রিয়ধর্ম্মং কীর্ত্তিঞ্চ, হিত্বা ত্যক্ত্বা, পাপমবাপ্স্যসি লপ্স্যসে, স্বধর্ম্মত্যাগাদেবেতি ভাবঃ ॥৩৩॥

অথ প্রত্যক্ষশোকাপেক্ষয়া পরোক্ষং পাপং বরমিত্যাহ অকীর্ত্তিমিতি। কিঞ্চেতি চার্থঃ। ভূতানি নানাদিগ্‌দেশীয়া জনাঃ, তে তব, অব্যয়াং চিরস্থায়িনীম্, অকীর্ত্তিং স্বধর্ম্মত্যাগাদি-নিবন্ধনাং নিন্দাং কথয়িষ্যন্তি। নম্বাস্তামকীর্ত্তিরিত্যাহ সম্ভাবিতস্যেতি। সম্ভাবিতস্য লোকেন গুণৈর্গৌরবাস্পদীকৃতস্য জনস্য, অকীর্ত্তিশ্চ, মরণাদতিরিচ্যতে অধিকা ভবতি, মরণদুঃখস্য ক্ষণস্থায়িত্বাৎ শাশ্বতাকীর্ত্তিদুঃখস্য তু চিরবর্দ্ধিত্বাদিত্যাশয়ঃ ॥৩৪॥

নহু লোকনিন্দাপি পরোক্ষৈবেত্যাস্তাং সাপীত্যাহ ভয়াদিতি। মহারথাঃ স্বপক্ষপরপক্ষীয়া ধৃষ্টদ্যুম্নাশ্বত্থামাদয়ঃ, ত্বাম্, ভয়াদেব হেতোঃ, রণাদ্‌যুদ্ধাৎ, উপরতং বিরতম্, মংস্যন্তে মনসি করিষ্যন্তি, ন পুনর্দয়াত ইতি ভাবঃ। অথ মন্যন্তাং নাম তথেত্যাহ যেষামিতি। কিঞ্চ ত্বং যেষাং বহুমতঃ শৌর্য্যবীর্য্যাদিনা গৌরবাস্পদতয়া সম্মতঃ, তেষাং দুর্য্যোধনাদীনামেবান্তিকে তাদৃশো ভূত্বৈব, লাঘবমবজ্ঞাপাত্রতাম্, যাস্যসি প্রাপ্স্যসি ॥৩৫॥

তাৎপর্য্য—কপাট খোলা থাকিলে যেমন অনায়াসে গৃহে প্রবেশ করা যায়, তেমন ক্ষত্রিয়েরা এইরূপ ন্যায়সঙ্গত যুদ্ধে জয় লাভ করিয়া কিংবা নিহত হইয়া অনায়াসে স্বর্গে যাইতে পারেন। তা'র পর এ যুদ্ধ তোমরা ইচ্ছা করিয়া ঘটাও নাই, আপনা আপনিই উপস্থিত হইয়াছে। অতএব তোমার এ যুদ্ধ হইতে নিবৃত্তি পাওয়া উচিত নহে ॥৩২॥

পক্ষান্তরে তুমি যদি এই ধর্ম্মসঙ্গত যুদ্ধ না কর, তবে স্বধর্ম্ম ও যশ ত্যাগ করিয়া পাপভাগীই হইবে ॥৩৩॥

তাৎপর্য্য—স্বধর্ম্ম ত্যাগ করাতেই পাপ হয় এবং নিন্দাও হয় ॥৩৩॥

নানাদিগ্‌দেশীয় লোকেরা চিরকাল তোমার নিন্দার কথা বলিবে। গৌরবিত লোকের নিন্দা কিন্তু মৃত্যু অপেক্ষাও অধিক ॥৩৪॥

তাৎপর্য্য—তুমি যুদ্ধ না করিলে, স্বধর্ম্ম ত্যাগ করিয়াছ বলিয়া লোকসমাজে তোমার নিন্দা হইবে। গৌরবিত লোকের নিন্দাটা আবার মৃত্যু অপেক্ষাও অধিক। কেন না, মৃত্যুর কষ্ট ক্ষণস্থায়ী, আর লোকনিন্দার কষ্ট চিরস্থায়ী ॥৩৪॥

অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্ ॥৩৬॥
হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয়! যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

অথাস্তু তাবদবজ্ঞাপীত্যাহ অবাচ্যেতি। তব অহিতাঃ শত্রবো দুর্যোধনাদয়ঃ, তব সামর্থ্যং নিন্দন্তঃ সন্তঃ, বহূন্ অবাচ্যবাদান্ ভীরুকাপুরুষাদীনি অবক্তব্যবাক্যানি বদিষ্যন্তি। ততো বহ্ববাচ্যবাদাৎ, কিং নু বস্তু দুঃখতরম্ অধিকদুঃখজনকমস্তি, অপি তু কিমপি নেত্যর্থঃ ॥৩৬॥

অথ যুদ্ধে কিং ফলমিত্যাহ হত ইতি। সম্মুখযুদ্ধে কর্ণাদিনা কেনচিৎ, হতো বা ত্বম্, স্বর্গং প্রাপ্স্যসি, "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ॥" ইতি স্মরণাদিতি ভাবঃ। জিত্বা বা মহীং ভোক্ষ্যসে। তস্মাদুভয়থাপ্যভীষ্টলাভাৎ, হে কৌন্তেয়! ত্বং যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ সন্, উত্তিষ্ঠ দণ্ডায়মানো ভব ॥৩৭॥

ভারতভাবদীপঃ

ইষ্টনাশোঽনিষ্টপ্রাপ্তিশ্চ ভবতীত্যাহ—অথ চেদিতি ॥৩৩॥ অব্যয়াং দীর্ঘকালাম্ ॥৩৪॥ অকীর্ত্তিমেবাহ—ভয়াদিতি। ত্বং বহুমতো ভূত্বা স্বত এব অতিশ্লাঘাবৃত্তঃ সন্ লাঘবং লঘুভাবং কাতর্য্যাখ্যং যেষাং পুরতো যাস্যসি তে মহারথাস্ত্বাং ভয়াদ্রণাদুপরতং মংস্যন্ত ইতি যোজনা ॥৩৫॥ কিঞ্চ, অবাচ্যবাদান্ বক্তুমযোগ্যান্ শব্দান্ ষণ্ডতিলোঽর্জ্জুন ইত্যাদীন্, সামর্থ্যং নিন্দন্তঃ ধিগস্তু শৌর্য্যং যো ভীষ্মাদিভয়াৎ পলায়িত ইতি ইদং বচনং মরণাদপ্যধিকং দুঃখম্, ইতোঽন্যদদুঃখতরমধিকং দুঃখং কিম্? ন কিমপীত্যর্থঃ ॥৩৬॥ যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ু-

স্বপক্ষ ও বিপক্ষের মহারথ বীরেরা এইরূপ মনে করিবেন যে, তুমি ভয়বশতই যুদ্ধ হইতে বিরত হইলে এবং তুমি যাঁহাদের নিকট গৌরবের পাত্র ছিলে, তাঁহাদের নিকটেই অবজ্ঞার পাত্র হইবে ॥৩৫॥

তাৎপর্য্য—তুমি এখন যুদ্ধ হইতে বিরত হইলে, সকলেই মনে করিবে যে, তুমি ভয়বশতই বিরত হইলে; কিন্তু দয়াবশতঃ যে বিরত হইলে, ইহা কেহই ভাবিবে না। কেন না, তাহা হইলে, যুদ্ধক্ষেত্রেই আসিতে না এবং যাহারা তোমার গৌরব করিতেন, তাঁহারাই অবজ্ঞা করিবেন ॥৩৫॥

তোমার শত্রুরা তোমার শক্তির নিন্দা করিতে থাকিয়া বহুতর অবক্তব্য বাক্য বলিবে; তাহা হইতে অধিক দুঃখজনক আর কি আছে? ॥৩৬॥

তাৎপর্য্য—তোমার শত্রু দুর্য্যোধন ও দুঃশাসনপ্রভৃতি আবার তোমাকে ভীরু, কাপুরুষ ও ষণ্ডতিলপ্রভৃতি বলিবে। (ষণ্ডতিল—নপুংসক তিল, একে তিলের ন্যায় ক্ষুদ্র, তাতে আবার ষণ্ড—নপুংসক-অঙ্কুরজননশক্তিশূন্য; অর্থাৎ একেবারে অকর্ম্মণ্য। দ্যূতক্রীড়ার পরে বনে যাইবার সময়ে দুঃশাসনপ্রভৃতি, পাণ্ডবগণকে 'ষণ্ডতিল' বলিয়াছিলেন) ॥৩৬॥

সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥৩৮॥

ভারতকৌমুদী

নন্বু ক্ষত্রিয়ধর্ম্মতয়া বিহিতেঽপি যুদ্ধে গুরুজনবধাদিনা পাপমেব ভবিষ্যতি শ্যেনযাগাদৌ শ্যেনহননাদিনেব। অতএব ময়া প্রাগুক্তং "পাপমেবাশ্রয়েদস্মান্" ইত্যাদীত্যাহ সুখেতি। জয়াজয়ৌ জয়পরাজয়ৌ, যথাসংখ্যং তদুভয়জন্যৌ লাভালাভৌ লাভক্ষতী, তদুভয়জন্যে সুখদুঃখে চ, সমে সমানে, কৃত্বা বিবিচ্য, ততো যুদ্ধায় যুজ্যস্ব উদ্‌যুজ্যস্ব প্রবর্ত্তস্ব বা। এবং কৃতে সতি, গুরুজনবধাদিনাপি পাপং ন অবাপ্স্যসি লপ্স্যসে। অত্রায়মাশয়ঃ—শ্যেনযাগাদাবপি কামনাসত্ত্বাদেব শ্যেনহননাদিনা পাপমিত্যন্যত্রাপি তথা। ঈশ্বরার্পণবুদ্ধ্যা স্বধর্ম্মানুষ্ঠানে তু রাগদ্বেষাদ্যভাবাৎ ন পাপং ন বা স্বর্গাদিজনকো ধর্ম্ম ইতি তন্মোক্ষায়ৈব সম্পদ্যতে ॥৩৮॥

ভারতভাবদীপঃ

রিত্যুক্তম্, তত্রাহ—হতো বেতি। রণে স্থিতস্য স্বর্গো বা রাজ্যং বা সিদ্ধমস্তীতি পক্ষদ্বয়মপি হিতাবহমিত্যর্থঃ ॥৩৭॥ স্বধর্ম্মস্য যুদ্ধস্যাকরণে ধর্ম্মকীর্ত্ত্যোর্নাশঃ পাপাবাপ্তিশ্চাথ চেদিতি শ্লোকেন ভগবতা যদ্যপ্যুক্তা তথাপি যুদ্ধস্য অর্জ্জুনাভিমতে কাম্যত্বপক্ষে—"অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্। যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥" ইতি তৎকরণে পাপপ্রসক্তিরস্তি, তাং নিবারয়িতুং সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমত্বলক্ষণং যোগমাহ—সুখদুঃখে ইতি। সমে কৃত্বা সুখদুঃখয়োস্তদ্ধেত্বোঃ রাজ্যলাভালাভয়োস্তদ্ধেত্বোশ্চ জয়াজয়য়োঃ রাগদ্বেষাবকৃত্বেত্যর্থঃ। কেবলং স্বধর্ম্মোঽয়মিতি মত্বা যুদ্ধায় যুজ্যস্ব ঘটস্ব এবং কুর্ব্বংস্ত্বং পাপং নাবাপ্স্যসি। যস্তু রাজ্যলোভেন সুহৃদ্বধং করোতি তস্যাস্ত্যেব পাপমিতি ভাবঃ। কথং তর্হি স্বধর্ম্মত্বেনানুষ্ঠিতেঽপি যুদ্ধে হতো বা প্রাপ্স্যসি স্বর্গমিত্যাদিফলস্মরণম্ আনুষঙ্গিকমিতি ব্রূমঃ; তথা চাপস্তম্বঃ—"তদ্‌যথাম্রে ফলার্থং নিমিতে ছায়া গন্ধ ইত্যনূৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্যমাণমর্থা অনূৎপদ্যন্তে ন ধর্ম্মহানির্ভবতী"তি আম্রনিদর্শনেন প্রতিপাদয়তি ॥৩৮॥ এব-

অর্জ্জুন! তুমি সম্মুখযুদ্ধে নিহত হইলে স্বর্গ লাভ করিবে এবং জয় করিতে পারিলে রাজ্য পাইবে। অতএব যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়া উঠিয়া দাঁড়াও ॥৩৭॥

তাৎপর্য্য—যুদ্ধে চরম অনিষ্ট মৃত্যু, আর চরম ইষ্ট জয়। তাহাতে ক্ষত্রিয়ের সম্মুখযুদ্ধে মৃত্যু হইলে স্বর্গলাভ হয়, আর জয় হইলে ত রাজ্যলাভ প্রত্যক্ষ। অতএব সর্বপ্রকারেই তোমার যুদ্ধ করা উচিত ॥৩৭॥

সুখ ও দুঃখ, লাভ ও ক্ষতি এবং জয় ও পরাজয় এ গুলিকে সমান ভাবিয়া তাহার পর যুদ্ধে প্রবৃত্ত হও। এইরূপ হইলে আর পাপভাগী হইবে না ॥৩৮॥

তাৎপর্য্য—জয় হইলে লাভ হইবে এবং লাভ হইলে সুখ হইবে, আবার পরাজয় হইলে ক্ষতি হইবে এবং ক্ষতি হইলে দুঃখ হইবে এরূপ না ভাবিয়া, কেবল যুদ্ধটা ক্ষত্রিয়ের ধর্ম্ম ইহা ভাবিয়া ঈশ্বরে সমর্পণবুদ্ধিতে যুদ্ধ কর; তাহা হইলে আর পাপ হইবে না ॥৩৮॥

এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ! কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥৩৯॥

ভারতকৌমুদী

ইদানীং প্রস্থানান্তরমুপদিশন্ সঙ্কলয়তি এষেতি। হে পার্থ! সম্যক্ খ্যায়তে আত্মতত্ত্বমনয়েতি সংখ্যা উপনিষৎ তস্যা ইদমিতি সাংখ্যং ব্রহ্ম তস্মিন্ বিষয়ে, এষা বুদ্ধিস্তে অভিহিতা "অশোচ্যানন্বশোচস্ত্বম্" ইত্যাদিনা উক্তা। যোগে কর্ম্মসম্বন্ধে তু, ইমাং বুদ্ধিং শৃণু। যয়া বুদ্ধ্যা যুক্তস্ত্বম্, কর্ম্মভ্যাং ধর্ম্মাধর্ম্মাভ্যাং যো বন্ধঃ সংসারস্তম্, প্রহাস্যসি প্রকর্ষেণ ত্যক্ষ্যসি ॥৩৯॥

ভারতভাবদীপঃ

মর্জ্জুনস্য পূর্ব্বোক্তৌ দ্বাবপি মোহাবপনীতৌ তত্র কং ঘাতয়তি হন্তি কমিতি কর্তৃত্বকারয়িতৃত্বয়োরাত্মন্যসম্ভব উক্তঃ। ততো যুদ্ধায় যুজ্যস্বেতি নিয়োগশ্চোক্তঃ। ন হ্যকর্তুরাকাশবৎ সর্ব্বগতস্য নিযোজ্যত্বং সম্ভবতীতি পরস্পরব্যাহতমেতদিতীমামাশঙ্কাম্ অধিকারিভেদেনোভয়ং ব্যবস্থাপয়ন্ পরিহরতি—এষা ইতি। এষা তে তুভ্যম্ অভিহিতা "অশোচ্যানন্বশোচস্ত্ব"-মিত্যাদিনা স্বধর্ম্মমপি চাবেক্ষ্যেত্যতঃ প্রাক্তনেন সন্দর্ভেণ উক্তা, সাংখ্যে সম্যক্ খ্যায়তে প্রকথ্যতে বস্তুতত্ত্বমনয়েতি সংখ্যা উপনিষৎ, তত্র বিদিতে সাংখ্যে ঔপনিষদে ব্রহ্মণি বিষয়ে বুদ্ধির্জ্ঞানং সংসারনিবর্ত্তকম্, এষা তে সাংখ্যে বুদ্ধিরভিহিতেতি সম্বন্ধঃ। যোগে "সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যত" ইতি বক্ষ্যমাণলক্ষণে বিষয়ে, তুশব্দঃ পূর্ব্ববৈলক্ষণ্যদ্যোতনার্থঃ। বক্ষ্যতি চ জ্ঞানকর্ম্মনিষ্ঠয়োর্বিভিন্নাধিকারিকত্বম্—"লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ!। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ ॥" ইতি। এতেন জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়শঙ্কাপ্যপাস্তা। ইমাং স্বধর্ম্মমপি চাবেক্ষ্যেত্যাদিনানন্তরগ্রন্থেনোক্তামপি বিস্তরেণাভিধীয়মানাং শৃণু। ইমামেব বুদ্ধিং স্তৌতি সার্দ্ধেন বুদ্ধ্যেত্যাদিনা। নন্ কর্ম্মবন্ধপ্রহাণমাত্মজ্ঞানেনৈব শ্রূয়তে। "তপসৈবাত্মপদং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাপকেনে"তি শ্রুতেঃ কর্ম্মযোগস্য কর্ম্মবন্ধং দৃঢ়ীকরিষ্যত্যেবেতি কথমুচ্যতে কর্ম্মবন্ধং প্রহাস্যসীতি চেৎ শ্রুতিবলাদিতি ভ্রমঃ। তথা হি—"ঈশাবাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চিজ্জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যচিদ্ধনম্। কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ। এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥" ইতি শ্রুতিরীশ্বরেণেদং সর্ব্বং স্থগিতমস্তীতি ন কশ্চিৎ কিঞ্চিৎ স্বেচ্ছয়া কর্ত্তুং প্রভবতি। অতঃ সর্ব্বত্র মমতাহীনঃ সন্ ভোক্তৃত্বকর্তৃত্বাভিমানত্যাগেনৈব ভোগান্ ভুঙ্‌ক্ষ্ব কর্ম্মাণি চ কুরু। এবং কুর্ব্বতি ত্বয়ি কর্ম্মলেপো নাস্তি ইতোঽন্যদুপায়ান্তরঞ্চ নাস্তীতি বদতি। তস্মাৎ কনককার্ষ্ণায়সাদিবৎ কেনচিদ্বিশেষরূপেণোপেতং কর্ম্মৈব সঞ্জায়তীয়োচ্ছেদনিমিত্তং ভবিষ্যতীতি যুক্তমুক্তং কর্ম্মযোগেনাপি

অর্জ্জুন! তোমার নিকট এই ব্রহ্মজ্ঞানের বিষয় বলিলাম; এখন কর্ম্মজ্ঞানের বিষয় শ্রবণ কর; যে জ্ঞান লাভ করিয়া তুমি কর্ম্মবন্ধ ত্যাগ করিবে ॥৩৯॥

তাৎপর্য্য—সৎকর্ম্ম করিলে পুণ্য হয় এবং তাহাতে স্বর্গলাভ হইয়া থাকে, আবার দুর্ষ্কর্ম্ম করিলে পাপ হয় এবং তাহাতে নরকভোগ হইয়া থাকে। সুতরাং সে দুইটাই বন্ধন,

নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥৪০॥

ভারতকৌমুদী

মুমুক্ষোরপি প্রবৃত্তয়ে নিষ্কামকর্ম্মযোগং স্তৌতি নেতি। ইহ জগতি, অভিক্রম্যতে উপক্রম্যতে নিষ্কামভাবেনারভ্যত ইত্যভিক্রমো নিষ্কামকর্ম্মযোগস্তস্য নাশো নিষ্ফলতা নাস্তি, কাম্যকর্ম্মণঃ স্বর্গাদাবিব নিষ্কামকর্ম্মণোঽপি চিত্তশুদ্ধিজননদ্বারা মুক্ত্যুপযোগিত্বাদিতি ভাবঃ। অথ "সাঙ্গাদ্ধি বৈদিককর্ম্মণঃ ফলাবশ্যম্ভাবনিয়মঃ" ইতি মীমাংসকসিদ্ধান্তেন কদাচিদঙ্গহান্যা কর্ম্মাসিদ্ধৌ আরব্ধাসিদ্ধ্যা পাপং ভবিতুমর্হতীত্যাহ প্রত্যবায় ইতি। প্রত্যবায়ঃ অঙ্গহানাবপি পাপম্, ন বিদ্যতে ন ভবতি, "যথা শক্ত্যা তথা কুর্য্যাৎ" ইতি নিত্যকর্ম্মনিয়মাদিত্যাশয়ঃ। কিঞ্চ অস্য ধর্ম্মস্য নিষ্কামকর্ম্মণঃ, স্বল্পমপি করণং কর্ত্তৃ, মহতো ভয়াৎ জন্মমরণদুঃখাৎ ত্রায়তে মুক্তিসম্পাদনেন অনুষ্ঠাতারং রক্ষতি ॥৪০॥

ভারতভাবদীপঃ

কর্ম্মবন্ধং প্রহাস্যসীতি ॥৩৯॥ এতদেবোপপাদয়তি—নেহেতি। ইহ কর্ম্মবন্ধপ্রহাণার্থে কর্ম্মযোগেঽনুষ্ঠীয়মানে অভিক্রম্যতে ব্যাপ্যত ইত্যভিক্রমঃ কর্ম্মারম্ভঃ কর্ম্মৈব বা তস্য নাশো নাস্তি অন্যত্র ফলং দত্ত্বা নশ্যতি ন ত্বিদমিষ্টফলস্যাজননাৎ। নন্বেতস্যাপি কাম্যান্তঃপাতিত্বে নিত্যাকরণজনিতঃ প্রত্যবায় উৎপাদ্যতৈব সকৃদনুষ্ঠিতস্য বন্ধপ্রহাণপ্রত্যবায়পরিহারাখ্যফলদ্বয়হেতুত্বাযোগাদিত্যাশঙ্ক্যাহ—প্রত্যবায়ো ন বিদ্যত ইতি। "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসানাশকেনে"তি শ্রুত্যা সংযোগপৃথক্ত্বন্যায়েন দধ্নেন্দ্রিয়কামস্য জুহুয়াদিত্যনেন নিত্যস্য দধ্নো বীর্য্যার্থত্বমিব নিত্যানামপি কর্ম্মণাং বিবিদিষার্থত্বং বিনিয়োগবলাৎ সিধ্যতি। ততশ্চ কাম্যেনৈব প্রয়োগেণ নিত্যস্যাপি সিদ্ধের্ন নিত্যাকরণনিমিত্তো বা কাম্যস্য সর্ব্বাঙ্গানুপসংহারনিমিত্তো বা প্রত্যবায়ো বিদ্যতে নিত্যানামেব বিনিয়োগাৎ। নিত্যেষু চ যথাশক্ত্যুপবন্ধস্যানুজ্ঞানাৎ বার্ত্তিকে তু কাম্যানামপ্যত্র বিনিয়োগো দৃষ্টঃ, যথা—"বেদানুবচনাদীনামৈকাত্ম্যজ্ঞানজন্মনে। তমেতমিতি বাক্যেন নিত্যানাং বক্ষ্যতে বিধিঃ॥ যদ্বা বিবিদিষার্থত্বং কাম্যানামপি কর্ম্মণাম্। তমেতমিতি বাক্যেন

অর্থাৎ মুক্তি নহে। অতএব নরকের ন্যায় স্বর্গেরও কামনা ত্যাগ করিয়া পরমপুরুষার্থ মুক্তির জন্যই চেষ্টা করা উচিত ॥৩৯॥

এই জগতে নিষ্কাম কর্ম্মও নিষ্ফল হয় না এবং ইহাতে অঙ্গবৈকল্য হইলেও পাপ নাই; আর ইহার একটু করাও মহাভয় হইতে রক্ষা করে ॥৪০॥

তাৎপর্য্য—কাম্যকর্ম্ম যেমন স্বর্গপ্রভৃতি জন্মায় বলিয়া সফল হয়, নিষ্কাম কর্ম্মও তেমন চিত্তশুদ্ধি জন্মাইয়া মুক্তির উপযোগী হয় বলিয়া সফল হয়। তা'র পর কাম্যকর্ম্মের অঙ্গহানি ঘটিলে আরব্ধ কর্ম্ম পণ্ড হওয়ায় সকল সিদ্ধ হয় না বলিয়া পাপ হয়; কিন্তু নিষ্কাম কর্ম্মের অঙ্গহানি ঘটিলেও কোন পাপ হয় না। কারণ, 'যেমন পারিবে, তেমন করিবে' নিষ্কামকর্ম্মসম্বন্ধে এইরূপ বিধি আছে। সুতরাং নিষ্কামকর্ম্মের স্বল্প করাও মুক্তির উপযোগী হয় বলিয়া কর্ত্তাকে জন্মমরণদুঃখ হইতে নিস্তার করে ॥৪০॥

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন ! ।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥৪১॥
যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ ।
বেদবাদরতাঃ পার্থ ! নান্যদস্তীতিবাদিনঃ ॥৪২॥

ভারতকৌমুদী

অথ সকামনিষ্কামকর্ম্মণোঃ কিং বৈষম্যমিত্যাহ ব্যবসায়েতি। হে কুরুনন্দন ! অর্জ্জুন ! ইহ নিষ্কামে কর্ম্মণি, ব্যবসায়ো ভগবদারাধনং ময়া কর্ত্তব্যমিত্যেবং নিশ্চয় এবাত্মা স্বরূপং যস্যাঃ সা তাদৃশী একৈব বুদ্ধির্ভবতি। অব্যবসায়িনাম্ উক্তবিধনিশ্চয়রহিতানাং সকামানামনুষ্ঠাতৄণাম্, বুদ্ধয়স্তু, বহুশাখা হি কদাচিৎ স্বর্গবিষয়াঃ কদাচিদ্ধনাদিবিষয়া ইতি বিষয়ভেদাদ্বহুপ্রকারা এব। অতএব অনন্তাশ্চ ইয়ত্তারহিতাশ্চ ভবন্তি। প্রবর্ত্তিকায়া বুদ্ধেরেকত্বং বহুত্বঞ্চ সকামনিষ্কামকর্ম্মণোর্বৈষম্যমিত্যাশয়ঃ। ইদমুপলক্ষণম্—সকামং কর্ম্ম কাম্যফলমুৎপাদ্য নশ্যতি, নিষ্কামং কর্ম্ম তু আমোক্ষং তিষ্ঠতি ॥৪১॥

ভারতভাবদীপঃ

সংযোগস্ত পৃথক্ত্বতঃ ॥" ইতি। অস্মিন্ পক্ষে কাম্যানামপি তুল্যফলত্বাৎ নিত্যবদ্‌যথাশক্ত্যপবন্ধো ভবিষ্যতীতি ন সর্ব্বাঙ্গানুপসংহারজনিতঃ প্রত্যবায়ো বিদ্যতে, স্বল্পমপি অস্য যোগধর্ম্মস্যানুষ্ঠিতম্ অনুপভুক্তবীজকল্পং "জন্মজন্মাস্বরাভ্যস্তং দানমধ্যয়নং তপঃ। তেনৈবাভ্যাসযোগেন তচ্চৈবাভ্যসতে পুন"রিতি স্মৃতেরুত্তরোত্তরসংস্কারাধানদ্বারা স্বসজাতীয়বৃদ্ধেনির্মিত্তং সৎ কামাদিদোষক্ষপণদ্বারা মহতো ভয়াৎ সংসারাত্রায়তে। তস্মাৎ সাংখ্যানধিকারিণা কর্ম্মযোগ এবানুষ্ঠেয় ইতি ভাবঃ ॥৪০॥ নন্বেবং সাংখ্যযোগয়োর্মহাভয়ত্রাণহেতুত্বং তুল্যং চেৎ কোঽনয়োর্বিশেষ ইত্যাশঙ্ক্য সাংখ্যানাং পাতশঙ্কা নাস্তি যোগিনান্ত যাবদ্বিদেহকৈবল্যং পাতশঙ্কাস্তীত্যাহ—ব্যবসায়াত্মিকেতি। ব্যবসায়স্তত্ত্বনিশ্চয়স্তদাত্মিকা তদাকারা বুদ্ধিরন্তঃকরণবৃত্তিঃ অহং ব্রহ্মাস্মীতি বাক্যজন্যা ব্রহ্মাকারান্তঃকরণবৃত্তির্ব্রহ্মবিদ্যাভিধানা সমস্তবৃত্ত্যন্তরবাধেন সম্যগভ্যুদিতা একা একৈব। "সকৃদ্বিভাতো হ্যেষ ব্রহ্মলোক" ইতি শ্রুতেঃ। ব্রহ্মৈব লোকো ব্রহ্মলোক ইহ ব্রহ্মৈব, ন হি সকৃৎ জ্ঞাতে ব্রহ্মণি জ্ঞাতব্যং কর্ত্তব্যং বা কিঞ্চিদবশিষ্যতে কৃতকৃত্যত্বাদ্‌ব্রহ্মবিদোঽতোঽস্য পাতশঙ্কা নাস্তি। অব্যবসায়িনামজ্ঞানিনান্তু বুদ্ধয়োঽনন্তাস্তাশ্চ প্রত্যেকং বহুশাখা ইতি ইদমেব মম শ্রেয় ইতি নিশ্চয়স্য দুর্লভত্বাৎ কদাচিদশ্রেয়স্যপি

কুরুনন্দন অর্জ্জুন ! এই নিষ্কামকর্ম্মে একমাত্র নিশ্চয়াত্মিকা বুদ্ধি চলিতে থাকে ; আর সেই নিশ্চয়শূন্য ব্যক্তিদিগের বুদ্ধি বহুপ্রকার হয় বলিয়া তাহা অনন্ত ॥৪১॥

তাৎপর্য্য—নিষ্কামকর্ম্মে একপ্রকার বুদ্ধিই চলিতে থাকে যে, 'আমি ভগবানের আরাধনাই করিতে থাকিব'। আর ঐরূপ নিশ্চয়হীন কামীদিগের বুদ্ধি বহুপ্রকার হয় বলিয়া তাহার ইয়ত্তা থাকে না, অর্থাৎ সে কখনও স্বর্গ কামনা করিয়া, কখনও বা পুত্রাদি কামনা করিয়া কর্ম্ম করিতে থাকে ॥৪১॥

কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥৪৩॥

ভারতকৌমুদী

নহু সাক্ষাৎ পরমেশ্বরস্ত্বং নিষ্কামকর্ম্মোপদিশসি, অথ চ "বায়ব্যং শ্বেতমালভেত ভূতিকামঃ" "প্রতিতিষ্ঠতি হ বৈ য এতা রাত্রীরধীয়ীত" ইত্যাদয়ো বিধিকল্পকাঃ স্তুত্যর্থবাদা মহাপ্রমাণেষু বেদেষু দৃশ্যন্তে। তদস্মাভিঃ কতরদ্‌গ্রাহ্যমিত্যাহ যামিতি। ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকমিদম্। তথা চ হে পার্থ! কামো বিষয়সুখাভিলাষ এব আত্মনি যেষাং তে, অতএব স্বর্গ এব পরঃ শ্রেষ্ঠাভীষ্টো যেষাং তে, তত এব অন্যৎ বিষয়ভোগসুখভিন্নং সুখং নাস্তি ইতি বাদিনঃ, তত এব হি বিশেষেণ সর্বতোভাবেন চ চিন্বন্তি বেদার্থং গৃহ্ণন্তীতি বিপশ্চিতঃ ন বিপশ্চিতঃ অবিপশ্চিতো বেদৈকদেশদর্শিনঃ, অতএব চ বেদানাং বাদেষু উক্তবিধস্তুত্যর্থবাদেষু রতা জনাঃ, ভোগৈশ্বর্য্যয়োবিষয়সুখসম্পদোর্গতিং প্রাপ্তিং প্রতি বিষয়ভোগসুখপ্রাপ্তেস্তৎসাধনীভূতায়াঃ সম্পদশ্চ প্রাপ্তেৰ্বিষয়ে ইত্যর্থঃ, পুষ্পিতাং সঞ্জাতপুষ্পামাপাতমনোহরাং পরিণামদুঃখাবহাং

ভারতভাবদীপঃ

শ্রেয়োবুদ্ধৌ সত্যাং পাতশঙ্কাস্তীতি মহাংস্তয়োর্বিশেষ ইতি ভাবঃ ॥৪১॥ উত্তরার্দ্ধমেব বিবৃণোতি—যামিমামিত্যাদিনা। যাং পুষ্পিতাং পুষ্পিতক্রমবদ্দূরতো রমণীয়াং বাচম্ "অক্ষয্যং হ বৈ চাতুর্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি অপাম সোমমমৃতা অভূমে"ত্যেবংরূপাং প্রবদন্তি অবিপশ্চিতঃ অব্যবসায়িনো মূঢ়াঃ, যতো বেদবাদরতাঃ বেদান্তর্গতেষু অর্থবাদেষু "যস্য পর্ণময়ী জুহূর্ভবতি ন পাপং শ্লোকং শৃণোতী"ত্যেবমাদিষু রতাঃ বদ্ধশ্রদ্ধাঃ, অতএব কর্ম্মণোঽন্যৎ আত্মজ্ঞানং তৎফলঃ মোক্ষশ্চ নাস্তীতি বাদিনো বদনশীলাঃ ॥৪২॥ তথা ভোগশ্চ ঐশ্বর্য্যঞ্চ তয়োর্গতিঃ প্রাপ্তিস্তাং প্রতি তমর্থমিত্যর্থঃ। কামাত্মানঃ কামগ্রস্তচিত্তাঃ অতএব স্বর্গপরাঃ। কীদৃশীং ভোগৈশ্বর্য্যগতিং জন্মকর্ম্মফলপ্রদাম্। প্রাপ্তভোগৈশ্বর্য্যো হি পুরুষস্তদ্বাসনাবাসিতঃ পুনর্ভোগৈশ্বর্য্যপ্রাপ্তয়ে জন্ম লভতে তদর্থং কর্ম্মাণি চ কুরুতে ফলঞ্চ ভুঙ্‌তে। ভোগাদিকং প্রাপ্নোতীতি চক্রমনিশমাবর্ত্ততে তেন নিষ্ঠাতশ্চ্যুতো ভবতীত্যর্থঃ। কিঞ্চ ক্রিয়াবিশেষেণ বহুলাং যথা যথা বিত্তব্যয়ায়াসাত্যাধিক্যং তথা তথা ভোগৈশ্বর্য্যপ্রাপ্তেরপ্যাধিক্যমিত্যর্থঃ। এতেনাত্যন্তায়াসসাধ্যেঽপি কর্ম্মসু ফললোভাৎ সজ্জন্ত ইত্যুক্তম্। ভাষ্যে, ভোগৈশ্বর্য্যগতিং প্রতি সাধনভূতা যে ক্রিয়াবিশেষা অগ্নিহোত্রাদয়ঃ তদ্বহুলাম্, জন্মরূপং যৎ

অর্জ্জুন! এমন অনেক লোক আছে, যাহারা বেদের একদেশদর্শী বলিয়া কেবল তাহার স্তুত্যর্থবাদেই নিরত থাকে, স্বর্গকেই শ্রেষ্ঠ অভীষ্ট বলিয়া মনে করে এবং বিষয়সুখ ছাড়া অপর কোন সুখই নাই এই কথা বলে। তা'র পর বিষয়সুখভোগ এবং তাহার উপযোগী সম্পৎপ্রাপ্তির জন্য তাহারা এমন কথাও বলে, যাহা পুষ্পিত বিষলতার ন্যায় আপাতমনোহরা এবং পরিণামে দুঃখ-

তাৎপর্য্য—অর্জ্জুন! বেদে কাম্যকর্ম্মও অভিহিত আছে বটে, তবে তাঁহা পরম পুরুষার্থমুক্তির উপযোগী নহে। কারণ, কাম্যকর্ম্মের ফলে মানুষের কেবল জন্ম ও মরণের

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

ভীষ্মপর্ব্ব

তৃতীয়খণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়েন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকসূরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৩ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্ ।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥৪৪॥ (বিশেষকম্)
ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন ! ।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥৪৫॥

ভারতকৌমুদী

বিষলতামিব প্রস্ফুটাম্, জন্মৈব কর্ম্মফলং প্রদদাতীতি তাং তত্তৎকাম্যকর্ম্মফলীভূতপুনঃপুনর্জ্জন্ম-প্রবর্ত্তিকামিত্যর্থঃ, ক্রিয়াবিশেষাঃ কাম্যকর্ম্মভেদা এব বহুলা অধিকা যস্যাং তাঞ্চ, ইমাম্ উক্তস্তুত্যর্থবাদরূপাং যাং বাচম্, প্রবদন্তি ; তয়া বাচা, অপহৃতানি কাম্যং কর্ম্ম প্রত্যেব আকৃষ্য নীতানি চেতাংসি যেষাং তেষাম্, ভোগৈশ্বর্য্যয়োর্বিষয়সুখসম্পদোঃ প্রসক্তানাং জনানাম্, ব্যবসায়াত্মিকা তত্ত্ববিষয়া নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ, সমাধৌ মুক্তিসন্নিহিতসোপানরূপে নির্বিকল্পক-যোগে, ন বিধীয়তে উপযোগিতয়া নাস্মাভিরঙ্গীক্রিয়তে। অত্রায়মাশয়ঃ—উক্তবিধস্তুত্যর্থ-বাদমোহিতা জনা আপাতরমণীয়ং ভোগমেবেচ্ছন্তঃ কাম্যং কর্ম্মৈব কুর্বন্তো জন্মমরণাদিদুঃখ-মেব কেবলং লভন্তে, ন পুনর্মুক্তিমিতি তৎসাধনং নিষ্কামং কর্ম্মৈব কর্ত্তব্যমিতি ॥৪২—৪৪॥

ভারতভাবদীপঃ

কর্ম্মফলং তৎপ্রদাঞ্চ বাচমেবেতি ব্যাখ্যাতম্ ॥৪৩॥ ভোগেতি। তয়া পুষ্পিতয়া বাচা অপহৃতচেতসাং পুংসাং বুদ্ধিঃ সমাধৌ সমাধ্যনুষ্ঠানকালে ব্যবসায়াত্মিকা ব্যবসায়ো জ্ঞানং তদাত্মিকা শুদ্ধচিন্মাত্রাকারা ন বিধীয়তে ন ভবতি। কর্ম্মকর্ত্তরি লকারঃ। বিরক্তস্য হি বুদ্ধিঃ সমাধৌ চিন্মাত্রাকারা ভবতি ন তু ভোগাদ্যাসক্তস্যেতি স্পষ্টমেব। ভাষ্যে তু, সমাধৌ অন্তঃকরণে ব্যবসায়াত্মিকা বুদ্ধির্ন ভবতীতি ব্যাখ্যাতম্। যদ্বা সমাধ্যনুষ্ঠানার্থমেব নিশ্চয়া-ত্মিকা তেষাং বুদ্ধির্ন ভবতীতি ব্যাখ্যেয়ম্ ॥৪৪॥ কস্য তর্হি সমাধৌ বুদ্ধির্ভবতীত্যত আহ—ত্রৈগুণ্যেতি। ত্রৈগুণ্যং গুণত্রয়কার্য্যমূর্দ্ধমধ্যাধোগতিরূপং সংসরণং তদেব প্রকাশ্যত্বেন বিষয়ো যেষাং তাদৃশাঃ কর্ম্মকাণ্ডপরা বেদাঃ। ত্বন্তু নিস্ত্রৈগুণ্যো ভব ঊর্দ্ধগতাবপি বিরক্তো ভবেত্যর্থঃ। বক্ষ্যতি চ তত্তদ্গুণপ্রধানং গতিত্রয়ম্, "ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা" ইতি। দিব্যেভ্যোঽপি বিষয়েভ্যো বিরক্তঃ সমাধাবধিক্রিয়ত ইতি ভাবঃ। কিং লক্ষণোঽসৌ

জনিকা, যাহাদ্বারা অধিক পরিমাণে বিশেষ বিশেষ কাম্য কর্ম্মই অভিহিত হয় এবং যাহার প্রবর্ত্তনায় মানুষ সেই কাম্যকর্ম্মই করিতে থাকে, আর সেই কাম্যকর্ম্মের ফলে মানুষের জন্ম-মরণদুঃখই চলিতে থাকে ; সেই কথাগুলি আবার বহুলোকের চিত্ত আকর্ষণ করে এবং তাহারা তদনুসারে বিষয়সুখভোগ ও তাহার উপযোগী সম্পদের উপরে আসক্ত হইয়া পড়ে। সুতরাং তাহাদের সে নিশ্চয়াত্মিকা বুদ্ধি সমাধির উপযোগী হয় না বলিয়াই আমি মনে করি ॥৪২—৪৪॥

দুঃখই ভোগ করিতে হয়। সুতরাং মুক্তির জন্য নিষ্কাম কর্ম্মই করা উচিত। কেন না, মুক্তিসুখের অবসান নাই, অন্য সুখের অবসান আছে ॥৪২—৪৪॥

যাবানর্থ উদপানে সর্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

অথ প্রাকৃতো জনঃ প্রকৃত্যংশরজঃকার্য্যং কামং কথং পরিহর্ত্তুমর্হতীত্যাহ ত্রৈগুণ্যেতি। হে অর্জ্জুন! উপনিষদ্ভিন্না বেদাঃ, ত্রয়ো গুণা এব ত্রৈগুণ্যং প্রকৃতিঃ চাতুর্বর্ণ্যাদিবৎ স্বার্থে ষ্যণ্, সৈব বিষয়ো যেষাং তে তাদৃশাঃ প্রাকৃতে জগতি কর্ম্মতৎসাধনাদিপ্রতিপাদকা ইত্যর্থঃ। অতএব ত্বম্, নির্দ্বন্দ্ব বিদ্যন্তে দ্বন্দ্বানি শীতোষ্ণাদিপরস্পরবিপরীতযুগলানি যস্য স তাদৃশঃ শীতোষ্ণাদিদুঃখং সহমান ইতি তাৎপর্য্যম্, নিত্যং সর্ব্বদা সত্ত্বে সত্ত্বগুণে তিষ্ঠতীতি সঃ রজস্তমসী অভিভূয় কেবলসত্ত্বাশ্রিতঃ, অলব্ধস্য লাভো যোগঃ লব্ধস্য রক্ষণঞ্চ ক্ষেমঃ ন বিদ্যেতে যোগক্ষেমৌ যস্য সঃ, আত্মবান্ মুক্তৌ যত্নবাংশ্চ সন্, নির্বিদ্যতে ত্রৈগুণ্যং প্রকৃতিস্তদ্ব্যাপারো যস্য স তাদৃশো ভব প্রাকৃতং রাগদ্বেষাদিকং পরিহায় ব্রহ্ম জিজ্ঞাসস্বেত্যর্থঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

নিস্ত্রৈগুণ্য ইত্যত আহ—নির্দ্বন্দ্ব ইতি। সুখদুঃখে মানাপমানৌ শত্রুমিত্রে শীতোষ্ণে ইত্যাদীনি দ্বন্দ্বানি সপ্রতিপক্ষপদার্থরূপাণি, তেভ্যো নির্গতো নির্দ্বন্দ্বঃ সর্ব্বত্র সমবুদ্ধিরিত্যর্থঃ। নন্বু বাধমানমুষ্ণাদিকং কথং শীতাদিবৎ ক্ষন্তুং শক্যমত আহ—নিত্যসত্ত্বস্থ ইতি। নিত্যং সর্ব্বদা সত্ত্বং ধৈর্য্যং সত্ত্বগুণো বা তদাশ্রিতো ভূত্বা ধীরো হি সর্ব্বং সোঢ়ুং শক্তঃ। সাত্ত্বিকো বা প্রারব্ধকর্ম্মোপস্থাপিতমিদং দুঃখমপরিহার্য্যং কিমু তপ্ততয়েতি জানন্ সর্ব্বং সোঢ়ুং শক্নোত্যেব। নন্বত্যন্তদুঃসহং ক্ষুধাদিদুঃখং কথং নিস্ত্রৈগুণ্যেন সর্ব্বথাপ্রবৃত্তিশূন্যেন সোঢ়ুং শক্যমত আহ—নির্যোগক্ষেম ইতি। অপ্রাপ্তস্য প্রাপ্তির্যোগঃ প্রাপ্তসংরক্ষণং ক্ষেমঃ এতদ্দ্বয়মপি প্রারব্ধকর্ম্মাধীনমিতি ততোঽপি নির্গত ইত্যর্থঃ। তত্র হেতুঃ যত আত্মবান্ জিতচিত্তঃ। স হি সর্ব্বাস্বপ্যাপৎস্বনাকুলো নিত্যতৃপ্ততয়া নিরুদ্যমশ্চ ভবতীতি ত্বমপ্যেতাদৃশো নিস্ত্রৈগুণ্যো ভবেত্যর্থঃ ॥৪৫॥ নন্বাত্মবত্ত্বং চিত্তশুদ্ধৌ সত্যামেব ভবতি সা চ

অর্জ্জুন! প্রকৃতিসম্ভূত জগৎ ও সেই জগতের ব্যাপারগুলিই কর্ম্মপ্রতিপাদক বেদবাক্যসমূহের বক্তব্য বিষয়। অতএব তুমি সেই জগৎ ও জগতের ব্যাপার ছাড়িয়া ব্রহ্মের আলোচনায় প্রবৃত্ত হও। সেই জন্য তুমি শীত ও গ্রীষ্মপ্রভৃতি দ্বন্দ্বদুঃখ সহ্য কর; সর্ব্বদা সত্ত্বগুণে অধিষ্ঠিত হও; যাহা পাও নাই, তাহা পাইবার জন্য চেষ্টা করিও না; কিংবা যাহা পাইয়াছ, তাহা রক্ষা করিবার জন্যও সচেষ্ট হইও না এবং মুক্তিলাভের জন্য যত্নবান্ হও ॥৪৫॥

তাৎপর্য্য—অর্জ্জুন! জগৎ ও জগতের ব্যাপার লইয়া আলোচনা করিতে থাকিলে, তাহাতেই তোমার জীবন কাটিয়া যাইবে। সুতরাং ব্রহ্মের আলোচনা করিবে কখন? ব্রহ্মের আলোচনা না করিলে মুক্তি হয় না, মুক্তি না হইলে নিরবচ্ছিন্ন সুখ পাওয়া যায় না। অতএব সর্বদা সাত্ত্বিক থাকিয়া, শীত-গ্রীষ্মপ্রভৃতি সহ্য করিয়া এবং ধনের উপার্জন ও সংরক্ষণ ছাড়িয়া দিয়া মুক্তিলাভের জন্য চেষ্টা কর ॥৪৫॥

ভারতকৌমুদী

নন্বাপাতত এব ভোগসুখং দৃষ্টঞ্চ তৎ, মোক্ষসুখন্তু সুদূরকালে অদৃষ্টঞ্চ তৎ। তৎকথং ভোগসুখং পরিহায় লোকো মোক্ষসুখায় যতেতেত্যাহ যাবানিতি। সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু, সংপ্লুতানি ব্যাপ্তানি উদকানি যস্য তস্মিন্, উদকানি পীয়ন্তে অস্মিন্নিতি উদপানঃ সমুদ্রস্তস্মিন্। মধুরজলতয়া পানস্যাপি সম্ভবপ্রদর্শনার্থমিদং বিশেষণম্। যাবান্ যাবৎপরিমাণ, অর্থো জলার্থিনঃ প্রয়োজনং সিধ্যতীতি শেষঃ, সর্বেষু বেদেষু কর্ম্মব্রহ্মোভয়প্রতিপাদকেষু বেদ-বেদান্তেষু, বিজানতো বিশেষেণ ব্রহ্ম জানতঃ, ব্রাহ্মণস্য ব্রহ্মনিষ্ঠস্য জনস্য, তাবান্ তাবৎপরিমাণ এব অর্থঃ প্রয়োজনং সিধ্যতি। অত্রায়মভিপ্রায়ঃ—যথা কূপে পানমাত্রম্, বাপীতড়াগাদৌ চ কেবলে পানাবগাহনে, ন পুনরেষ্ পোতাদিচালনমপি সিধ্যতি; কিন্তু সমুদ্রে তৎসর্বমেব সুষ্ঠু সম্পদ্যতে; তথা স্ত্রিয়াং স্পর্শসুখম্, মধুরদ্রব্যে রসনাসুখম্, সুস্বরে চ শ্রবণসুখম্, ন পুনরেষু স্থায়ি ব্যাপি বা মহাসুখং সিধ্যতি; মোক্ষে তু তৎ সর্বমেব স্থায়ি ব্যাপি চ মহাসুখং সম্পদ্যতে। অতএবাহ শ্রুতিঃ—"এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি।" অতো ভোগসুখং বিহায় মোক্ষসুখায়ৈব যতেতেতি ॥৪৬॥

ভারতভাবদীপঃ

সকলবেদোক্তকর্ম্মানুষ্ঠানসাধ্যা অতো নিস্ত্রৈগুণ্যত্বং দুর্লভমিত্যাশঙ্ক্যাহ—যাবানিতি। সর্ব্বতঃ সংপ্লুতোদকে মহতি উদপানে জলাশয়ে পুরুষস্য যাবান্ অর্থো যাবৎ স্নানপানাদিকং প্রয়োজনং ঘটমাত্রজলনির্ব্বর্ত্ত্যং ভবতি ন কৃৎস্নজলাশয়ব্যয়নির্ব্বর্ত্ত্যং তাবানেবার্থো বিজানতো ব্যুৎপন্ন-চিত্তস্য ব্রাহ্মণস্য ব্রহ্মবুভুৎসোঃ সর্ব্বেষু বেদেষু বেদৈকদেশোপনিষচ্ছ্রবণমাত্রনির্ব্বর্ত্ত্যো ভবতি ন কৃৎস্নবেদার্থানুষ্ঠানং স্বসিদ্ধ্যর্থমপেক্ষতে, একেন জন্মনা কৃৎস্নবেদার্থানুষ্ঠানাসম্ভবাৎ। ঐহিকেন জন্মান্তরীয়েণ বা জপাদিনা চিত্তশুদ্ধৌ সত্যামুপনিষচ্ছ্রবণান্নিস্ত্রৈগুণ্যতা সম্ভবতীতি ভাবঃ। বৃদ্ধাস্তু, সর্ব্বতঃ সংপ্লুতোদকস্থানীয়ে আত্মজ্ঞানে পুরুষস্য তাবানর্থঃ কৃৎস্নোঽপি ভবতি যাবান্ অনেককূপকপোদপানস্থানীয়েষু সকলবেদোক্তকর্ম্মস্বনুষ্ঠিতেষু ভবতি ব্রহ্মানন্দে ক্ষুদ্রানন্দানামন্ত-র্ভাবাৎ। তথা চ শ্রুতির্জ্ঞানে সর্ব্বকর্ম্মফলান্তর্ভাবং দর্শয়তি। "যথা কৃতায়াবিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেবৈনং সর্বং তদভিসমেতি যৎ কিঞ্চ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি যস্তদ্বেদ যৎ স বেদ" ইতি; বক্ষ্যতি চ—"সর্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে।" ইতি। গঙ্গাতুল্যজ্ঞানোদয়াৎ প্রাগেব কূপোপমানি কর্ম্মাণি কর্ত্তব্যানীতি ভাব ইতি ব্যাচখ্যুঃ। অস্মিন্ পক্ষে পূর্বার্দ্ধে অনেকস্মিন্ যথা তথা ভবতীতি পদচতুষ্টয়াধ্যাহারঃ যাবান্ তাবান্ পদয়োরন্বয়শ্চ দার্ষ্টান্তিকে

সকল দিকে জলরাশিযুক্ত সমুদ্রে মানুষের যতগুলি জলপ্রয়োজন সিদ্ধ হয়, কর্ম্ম ও ব্রহ্মপ্রতিপাদক বেদে ব্রহ্মজ্ঞ ও ব্রহ্মনিষ্ঠ লোকের ততগুলি প্রয়োজন সিদ্ধ হয় ॥৪৬॥

তাৎপর্য্য—তুমি ছোট কূপের নিকট যাও, কেবল জলপান করা চলিবে; পুকুরের কাছে যাও, পান ও অবগাহন হইতে পারিবে; কিন্তু সে দুইটাতেই পোত (ষ্টিমারপ্রভৃতি) চালাইতে পারিবে না; আর সমুদ্রে যাও, সেখানে পান, অবগাহন ও পোতচালনপ্রভৃতি সমস্ত কলের কাজই করিতে পারিবে। সেইরূপ—স্ত্রীর নিকট যাও, স্পর্শসুখ পাইবে; মধুর

কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন ।
মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥৪৭॥
যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয় ! ।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥৪৮॥

ভারতকৌমুদী

অথ যদি মোক্ষসুখে সর্ব্বসুখান্তর্ভাবস্তদা তদর্থং কর্ম্মকরণং নিরর্থকং জ্ঞানেন মোক্ষলাভায়ৈব যতনীয়মিত্যাহ কর্ম্মণীতি। হে অর্জ্জুন! তে তব, কর্ম্মণ্যেব জাত্যুক্তসন্ধ্যাবন্দনাদিক্রিয়ায়ামেব, অধিকারঃ করণযোগ্যতা অস্তু। এবশব্দব্যবচ্ছেদ্যং স্পষ্টমাহ নেতি। ফলেষু তত্তৎকর্ম্মজন্যেষু স্বর্গাদিষু, কদাচনাপি, অধিকারঃ প্রবৃত্তির্মাস্তু ন ভবতু। নন্থ স্নানে দেহার্দ্রতেব কর্ম্মণি কৃতে তৎফলমবশ্যমেব ভবিষ্যতীত্যাহ মেতি। ত্বং কামনাদ্বারা কর্ম্মফলস্য স্বর্গাদেঃ হেতুঃ কারণং মা ভূঃ ন ভব। তর্হি কর্ম্মৈব ত্যাজ্যমিত্যাহ মেতি। অকর্ম্মণি কর্ম্মাকরণে, তে তব, সঙ্গ আসক্তিরাগ্রহ ইতি যাবৎ, মাস্তু ন ভবতু। নিত্যকর্ম্মাকরণে প্রত্যবায়োৎপত্তেঃ তৎকরণে চ চিত্তশুদ্ধ্যবশ্যম্ভাবান্নিত্যকর্ম্মকরণমাবশ্যকমেবেতি ভাবঃ। কর্ম্ম কুরু তৎফলঞ্চ ন প্রার্থয়েতি তু নিষ্কর্ষঃ ॥৪৭॥

নন্থ কেন ভাবেন কর্ম্মাণি করিষ্যামীত্যাহ যোগস্থ ইতি। হে ধনঞ্জয়! ত্বম্, সঙ্গং ফলাসক্তিং ত্যক্ত্বা, অতএব তৎফলানাং সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমঃ সমানো ভূত্বা ফলসিদ্ধৌ হর্ষং ফলাসিদ্ধৌ চ বিষাদং বিহায়, যোগস্থ একাগ্রভাবেন পরমেশ্বরধ্যানস্থঃ সন্, কর্ম্মাণি কুরু। অথ কোঽসৌ যোগ ইত্যাহ সমত্বমিতি। সমত্বং চিত্তস্য বৃত্ত্যন্তরনিরোধেন সমভাবেন পরমেশ্বরৈকতানত্বং যোগ উচ্যতে যোগিভিরিতি শেষঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

দ্রষ্টব্যঃ ॥৪৬॥ নন্থ মমাপ্যৌপনিষদাত্মজ্ঞানার্থিনঃ শম এবেষ্টস্তৎ কথং মাং যুধ্যস্বেতি প্রেরয়সীত্যাশঙ্ক্যাহ—কর্ম্মণ্যেবেতি। কর্ম্মণ্যেবাধিকারো ন জ্ঞাননিষ্ঠায়াম্, মা ফলেষু সঙ্গোঽস্ত্বিত্যপকৃষ্যতে, কর্ম্মফলং স্বর্গপশ্বাদিহেতুঃ কর্ম্মসু প্রবর্ত্তকং যস্য তাদৃশো মা ভূঃ অকর্ম্মণি কর্ম্মকরণেঽপি তব সঙ্গো মাঽস্তু ॥৪৭॥ এতদেব বিবৃণোতি—যোগস্থ ইতি। যোগস্থঃ সন্ সঙ্গং ফলতৃষ্ণাং কর্ত্তৃত্বাভিমানঞ্চ ত্যক্ত্বা কর্ম্মাণি জ্ঞানার্থং কুরু, হে ধনঞ্জয়! সিদ্ধ্যসিদ্ধ্যোঃ কর্ম্মফলস্য

খাদ্য খাও, রসনার তৃপ্তি হইবে এবং ভাল গান শোন, কাণের সুখ হইবে ; এ সমস্ত সুখই ক্ষুদ্র ও ক্ষণস্থায়ী। আর মুক্তিসুখ লাভ কর, দেখিবে—তাহা অসীম ও চিরস্থায়ী। সুতরাং মুক্তিলাভের জন্যই চেষ্টা কর ॥৪৬॥

অর্জ্জুন! কর্ম্মেই তোমার অধিকার হউক, তাহার ফলে যেন কখনও অধিকার হয় না। অর্থাৎ তুমি কামনাপূর্ব্বক কর্ম্ম করিয়া তাহার ফল জন্মাইও না ; আবার কর্ম্ম না করিবার দিকেও যেন তোমার মন যায় না ॥৪৭॥

তাৎপর্য্য—তুমি কর্ম্ম করিয়া যাও, তাহার ফল চাহিও না। ফল চাহিলেই সে ফল হইবে ; তাহাতেই বদ্ধ থাকিয়া যাইবে ॥৪৭॥

দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়!।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কাম্যং কর্ম্ম তু নিতান্তমেব নিকৃষ্টমিত্যাহ দূরেণেতি। হে ধনঞ্জয়! হি যস্মাৎ, কর্ম্ম কাম্যক্রিয়া, বুদ্ধিযোগাৎ পরমেশ্বরারাধনমেব ময়া কর্ত্তব্যমিত্যেবংবুদ্ধিপূর্ব্বকনিত্যকর্ম্মকরণাৎ, দূরেণ অতিশয়েন, অবরং নিকৃষ্টম্, কাম্যফলেন বন্ধাবশ্যম্ভাবাদিতি ভাবঃ। অতএব তাদৃশ-ব্যবসায়াত্মিকায়াং বুদ্ধৌ, শরণমাশ্রয়ম্, অন্বিচ্ছ কর্ম্মকালেঽপি প্রার্থয়। তথা চ ফলস্য স্বর্গাদেঃ হেতবঃ কামনাদ্বারা হেতুভূতাঃ কাম্যকর্ম্মকারিণো জনা ইত্যর্থঃ, কৃপণা ব্যয়কুণ্ঠিতা ইব ক্ষুদ্রাঃ। নিরতিশয়ং দানসুখং বিহায় ক্ষুদ্রে ধনরক্ষণসুখে প্রবর্ত্তমানা জনা যথা কৃপণা উচ্যন্তে; তথা নিরতিশয়ং মোক্ষসুখং বিহায় ক্ষুদ্রে স্বর্গাদিসুখে প্রবর্ত্তমানা অপি কৃপণা এবোচ্যন্ত ইতি ভাবঃ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

বিবিদিষাদেঃ সিদ্ধাবসিদ্ধৌ বা সমো হর্ষবিষাদশূন্যো ভূত্বা কর্ম্মাণি কুর্ব্বিতি সম্বন্ধঃ। ইদমেব সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমত্বং যোগ ইত্যুচ্যতে ॥৪৮॥ ইমমেব বুদ্ধিযোগং স্তৌতি—দূরেণেতি। কর্ম্ম ফলকামেন ক্রিয়মাণং বুদ্ধিযোগাৎ পূর্ব্বোক্তান্নিষ্কামাৎ কর্ম্মণঃ দূরেণ হি প্রসিদ্ধম্ অবরম্ অত্যন্তনিকৃষ্টম্ অতো বুদ্ধৌ যোগরূপায়াং তৎফলভূতায়াং সাংখ্যরূপায়াং বা তন্নিমিত্তং শরণং রক্ষিতারম্ আশ্রয়ং বা ঈশ্বরম্ অন্বিচ্ছ প্রার্থয়স্ব, তৎপ্রীত্যর্থং কর্ম্মাণি কুর্ব্বিত্যর্থঃ। যতঃ ফলহেতবঃ ফলমেব হেতুঃ প্রবর্ত্তকং যেষাং তাদৃশাঃ ফলতৃষ্ণাবন্তঃ কৃপণা দীনা ভবন্তি। "যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণ" ইতি শ্রুতেঃ ॥৪৯॥ কিঞ্চ

অর্জ্জুন! তুমি ফলের আসক্তি ত্যাগ করিয়া, ফলের সিদ্ধি বা অসিদ্ধিতে সমান থাকিয়া এবং পরমেশ্বরের ধ্যানে নিমগ্ন রহিয়া কর্ম্ম করিতে থাক। যোগীরা পরমেশ্বরের ধ্যানে নিমগ্ন থাকাকেই যোগ বলেন ॥৪৮॥

তাৎপর্য্য—ভোজন করিলে স্বভাবতই যেমন তৃপ্তি হয়, তেমন কর্ম্ম করিলে স্বভাবতই তাহার ফল হইবেই হইবে; সুতরাং তাহাতে বন্ধও থাকিতে পারে বটে। তবে কর্ম্ম করিতে করিতে চিত্তশুদ্ধিদ্বারা জ্ঞান জন্মিলে আর সে কর্ম্মফল হইতে পারে না। ইহার বিস্তৃত যুক্তি প্রমাণ পরে ("জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণম্" এই স্থানে) বলা হইবে ॥৪৮॥

অর্জ্জুন! 'আমি পরমেশ্বরের আরাধনাই করিব' এইরূপ বুদ্ধিপূর্ব্বক নিত্যকর্ম্ম করা হইতে কাম্যকর্ম্ম করা অত্যন্ত নিকৃষ্ট। অতএব তুমি সেইরূপ বুদ্ধিকেই আশ্রয় কর। কারণ, যাহারা কামনাপূর্ব্বক কর্ম্ম করে, তাহারা কৃপণ ॥৪৯॥

তাৎপর্য্য—কামনাপূর্ব্বক কর্ম্ম করিলেই বদ্ধ থাকিয়া যাইবে, একথা বহুবার বলা হইয়াছে। সুতরাং কাম্যকর্ম্ম নিত্যকর্ম্ম হইতে অত্যন্ত নিকৃষ্ট। অতএব তুমি এমন বুদ্ধির আশ্রয় কর, যাহাতে পরমেশ্বরের ধ্যানেই নিমগ্ন হইতে পার। যাহারা ফলকামনা করিয়া

বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে।
তস্মাদ্‌যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্‌ ॥৫০॥

ভারতকৌমুদী

নন্বপুনা নিষ্কামকর্ম্মকরণেঽপি প্রারব্ধকর্ম্মক্ষয়াভাবাদ্বন্ধো দুস্ত্যজ এবেত্যাহ বুদ্ধীতি। ঈশ্বরারাধনমেব ময়া কর্ত্তব্যমিত্যেবং প্রাগুক্তা ধীরেব বুদ্ধিঃ তয়া যুক্তঃ কর্ম্মকরণকালেঽপি সমন্বিতো জনঃ, ইহ জীবন এব, উভে, সুকৃতং স্বর্গাদিজনকং প্রাক্তনং পুণ্যং দুষ্কৃতং নরকাদিজনকং প্রাক্তনং পাপঞ্চ তে, জহাতি ত্যজতি; তাদৃশকর্ম্মকরণেন ক্রমশশ্চিত্তশুদ্ধ্যুৎপত্ত্যা জ্ঞানোৎপত্তের্জ্ঞানানলেন চ তয়োর্দাহাৎ "জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণম্‌" ইতি বক্ষ্যমাণাদিত্যাশয়ঃ। তস্মাৎ, যোগায় তাদৃশবুদ্ধিযোগলাভায়, যুজ্যস্ব উদ্‌যুক্তো ভব। কর্ম্মসু বিষয়েষু, কৌশলম্‌ উক্তবিধবুদ্ধিপূর্ব্বকতয়া নিষ্কামভাবেন চ তৎকরণাত্মকং নৈপুণ্যমেব যোগ ইত্যুচ্যতে। ভিন্নপদয়োঃ সন্ধেবৈকল্পিকত্বান্ন পূর্ব্বার্দ্ধে সন্ধিঃ। আলঙ্কারিকো বিসন্ধিদোষশ্চার্ষত্বাৎ সোঢ়ব্যঃ।৫০॥

ভারতভাবদীপঃ

বুদ্ধীতি। বুদ্ধিযুক্তঃ সমত্ববুদ্ধিযুক্তো যোগায় সমত্ববুদ্ধিযোগায় যুজ্যস্ব ঘটস্ব, যোগঃ সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমত্ববুদ্ধিঃ কর্ম্মসু বন্ধকেষ্বপি কৌশলং বন্ধনিবর্ত্তকত্বসম্পাদনম্‌। নন্থ বুদ্ধিযুক্তঃ কর্ম্মভির্দুষ্কৃতং ত্যজতু "ধর্ম্মেণ পাপমপনুদতি" ইতি শ্রুতেঃ। সুকৃতন্তু সজাতীয়ত্বাত্তৈর্দুষ্পরিহরমিতি কথমুভে সুকৃতদুষ্কৃতে জহাতীত্যুচ্যতে? সত্ত্বশুদ্ধিজ্ঞানোৎপত্তিদ্বারেতি প্রাঞ্চঃ। অর্ব্বাঞ্চস্তু দুষ্কৃতত্যাগমুক্তরীত্যাভ্যুপেত্য ফলত্যাগাৎ সুকৃতত্যাগেঽপি কর্ম্মযোগিনো ভবতি দুষ্কৃতফলবন্মোক্ষপ্রতিবন্ধকতৎফলস্যানুৎপাদাৎ। যত্তু আপস্তম্বোক্তাম্রবৃক্ষনিদর্শনেন নান্তরীয়কং সুকৃতফলমুক্তং ন তৎফলত্বেনোপপদ্যতে নান্তরীয়কত্বাদেব, তস্মাৎ ফলদ্বারা মোক্ষপ্রতিবন্ধকে ক্রিয়মাণে এব সুকৃতদুষ্কৃতে কর্ম্মযোগী জহাতি, জ্ঞানী তু সঞ্চিতে অপি তে কর্ম্ম করে, তাহারা কৃপণ। কেন না, যাহারা ধনদানের মহাসুখ পরিত্যাগ করিয়া ধনরক্ষার ক্ষুদ্রসুখে নিরত থাকে অর্থাৎ ধনব্যয়ে কুণ্ঠিত হয়, তাহাদিগকে লোকে যেমন কৃপণ বলে; সেইরূপ যাহারা মুক্তির মহাসুখ ত্যাগ করিয়া ক্ষুদ্রস্বর্গাদিসুখের জন্য কামনাপূর্ব্বক কর্ম্ম করে, তাহাদিগকেও যোগীরা কৃপণ বলেন ॥৪৯॥

'আমি পরমেশ্বরের আরাধনাই করিব' এইরূপ বুদ্ধিযুক্ত হইয়া যিনি নিষ্কামভাবে কর্ম্ম করেন, তিনি ইহ জীবনেই পুণ্য ও পাপ এই দুইটাকে ত্যাগ করিতে পারেন। অতএব অর্জ্জুন! তুমি সেইরূপ যোগাভ্যাসের জন্য উদ্‌যোগী হও। কর্ম্মবিষয়ে সেইরূপ কৌশলের নামই যোগ ॥৫০॥

তাৎপর্য্য—অর্জ্জুন! প্রাণিমাত্রেরই প্রাক্তন কর্ম্ম-জনিত পুণ্য ও পাপ আছে; সুতরাং মানুষেরও তাহা আছে। অতএব মানুষ সেই পুণ্যের ফলে স্বর্গ, আর পাপের ফলে নরক ভোগ করিতে পারে এবং তাহাতে বদ্ধ থাকিয়াই যায় বটে; তবে সে মানুষ যদি 'আমি পরমেশ্বরের আরাধনাই করিব' এইরূপ বুদ্ধিযুক্ত হইয়া নিষ্কামভাবে কর্ম্ম করিতে থাকে, তাহা হইলে তাহার চিত্তের রাগদ্বেষাদি নষ্ট হইয়া যায়, ক্রমে তত্ত্বজ্ঞান জন্মে, সে তত্ত্বজ্ঞান

কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ ।
জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥৫১॥
যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি ।
তদা গন্তাসি নির্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ॥৫২॥

ভারতকৌমুদী

অথেদৃশযোগাভ্যাসে কিং ফলমিত্যাহ কর্ম্মজমিতি। হি তথাহি, প্রাগুক্তরূপা বুদ্ধিযুক্তাঃ, অতএব মনীষিণঃ ক্রমশো জায়মানজ্ঞানা জনাঃ, কর্ম্মজং প্রাক্তনকর্ম্মভ্যো জায়মানম্, ফলং স্বর্গনরকাদিরূপং ত্যক্ত্বা, পুনর্জন্মৈব বন্ধস্তস্মাৎ বিনির্ম্মুক্তাঃ সন্তঃ, অনাময়ং সর্বোপদ্রবশূন্যম্, পদং স্থানং ব্রহ্মেত্যর্থঃ, গচ্ছন্তি প্রাপ্নুবন্তি; জীবন্মুক্তা এব ভবন্তীতি তাৎপর্য্যম্ ॥৫১॥

নন্থ কিয়ন্তং কালং যাবদীদৃশো ময়োপদেশঃ শ্রোতব্য ইত্যাহ যদেতি। হে অর্জ্জুন! তে তব বুদ্ধির্যদা, মোহো দেহাদাবাত্মাভিমানলক্ষণা বিচিত্ততা স এব কলিলো গহনো দুর্গমো দেশ ইতি যাবৎ তম্, "কলিলং গহনং সমে" ইত্যমরঃ, ব্যতিতরিষ্যতি বিশেষেণাতিক্রমিষ্যতি; তদা ত্বম্, শ্রোতব্যস্য পরং শ্রবণীয়স্য, পূর্বং শ্রুতস্য চ শাস্ত্রস্য উপরি, নির্ব্বেদম্ অবমাননাম্, গন্তাসি গমিষ্যসি প্রাপ্স্যসীতি যাবৎ। "তত্ত্বজ্ঞানাপদীর্ষ্যাদেনির্বেদঃ স্বাবমাননা" ইতি সাহিত্য-দর্পণঃ। অত্রায়মভিপ্রায়ঃ—প্রাপ্তজলাশয়স্য পিপাসুপথিকস্য যথা তৎপ্রাপ্ত্যুপদেশকং প্রতি স্বত এবাবজ্ঞা স্যাৎ, তথা মোহাতিক্রমে প্রাপ্তবিবেকস্য মুমুক্ষোঃ তৎপ্রাপ্ত্যুপায়ভূতং শাস্ত্রোপ-দেশং প্রতি স্বত এবাবজ্ঞা ভবেৎ নিষ্প্রয়োজনত্বাৎ ॥৫২॥

ভারতভাবদীপঃ

জহাতীতি তয়োর্বিশেষ ইত্যাহুঃ ॥৫০॥ এতদেবাহ—কর্ম্মজমিতি। বুদ্ধিযুক্তাঃ সমত্ববুদ্ধিযুক্তাঃ ক্রিয়মাণকর্ম্মজং ফলং ত্যক্ত্বা মনীষিণো মনোনিগ্রহসমর্থা ভূত্বা জন্মরূপেণ বন্ধেন মুক্তাঃ সন্তোঽনাময়ং নিরুপদ্রবং পদং মোক্ষাখ্যং গচ্ছন্তি ॥৫১॥ কদা মনীষিণো ভবন্তীত্যত আহ—

অগ্নিতুল্য, সুতরাং তাহাতে তাহার পূর্বের পুণ্য ও পাপ দগ্ধ হইয়া যায়, তাই সে আর স্বর্গে বা নরকে যায় না, মুক্তিলাভই করে। অতএব তুমি সেইরূপ যোগ অভ্যাস করিবার জন্যই উদ্‌যোগী হও। দেখ, কোন শিল্পী এমনভাবে শিল্পকর্ম্ম করে, যাহাতে তাহার কোন অনিষ্ট হয় না, সর্বপ্রকারে ইষ্টই হয়। সেইক্ষেত্রে যেমন লোকে তাহার সেইভাবে কর্ম্ম করাকে কৌশল বলে, তেমন এ ক্ষেত্রেও কর্ম্ম করা হইল, অথ চ তাহার ফলস্বরূপ স্বর্গ বা নরক হইবে না, মুক্তিই হইবে বলিয়া উক্তবুদ্ধিতে নিষ্কামভাবে কর্ম্ম করাকেই কর্ম্মকৌশল বলে এবং তাহার নামই কর্ম্মযোগ ॥৫০॥

উক্তরূপ-বুদ্ধি-যুক্ত মানুষেরা ক্রমশঃ জ্ঞানী হইয়া কর্ম্মের ফল ত্যাগ করিয়া জন্মরূপ বন্ধ হইতে মুক্তি পাইয়া নিরুপদ্রব ব্রহ্ম লাভ করেন ॥৫১॥

তাৎপর্য্য—উক্তরূপ বুদ্ধি লইয়া নিষ্কামভাবে কর্ম্ম করিতে থাকিলে, চিত্তের মল রাগদ্বেষপ্রভৃতি নষ্ট হইয়া যায়; তখন নির্ম্মল দর্পণে যেমন প্রতিবিম্ব পড়ে, তেমন নির্ম্মল চিত্তে ব্রহ্মালোক পড়ে, তাহার নামই জ্ঞান; সেই জ্ঞানের বলেই মানুষ মুক্তিলাভ করে ॥৫১॥

শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি ॥৫৩॥

ভারতকৌমুদী

অথ যোগং কদা প্রাপ্স্যামীত্যাহ শ্রুতীতি। হে অর্জ্জুন! শ্রুত্যা সাংখ্যবেদান্তাদিশাস্ত্র-শ্রবণেন বিপ্রতিপন্না আত্মা অনেক একো বা অকর্ত্তা কর্ত্তা বা ইত্যাদিরূপং বিবিধং সংশয়-মাপন্না, নিশ্চলা দেহাদিব্যতিরিক্তে চিন্মাত্ররূপ এবাত্মনি লব্ধপ্রত্যয়া চ, তে তব বুদ্ধিঃ, যদা, সমাধৌ সমাধিবিষয়ে ব্রহ্মণি, অচলা স্থিরা সতী স্থাস্যতি, তদা যোগমবাপ্স্যসি। অতস্তদর্থ-মেব যতস্বেতি ভাবঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

অতএবোপদিশতি নিয়তমিতি। হে অর্জ্জুন! ত্বম্, নিয়তং নিয়মেন নিত্যতয়া বেদাদি-বিহিতম্, ন তু কাম্যমিত্যাশয়ঃ, সন্ধ্যাবন্দনাদিকং কর্ম্ম কুরু। হি যস্মাৎ, অকর্ম্মণঃ কর্ম্মা-করণাৎ, কর্ম্ম কর্ম্মকরণম্, জ্যায়ঃ প্রধানম্, চিত্তশুদ্ধিদ্বারা ক্রমেণ জ্ঞানজননাদিতি ভাবঃ। অথ জ্ঞানজননায় সর্ব্বকর্ম্মপরিত্যাগপূর্ব্বকঃ শমদমাদ্যভ্যাস এব ক্রিয়তে চেদিত্যাহ শরীরেতি। অকর্ম্মণঃ পরিত্যক্তসর্ব্বকর্ম্মণঃ, তে তব, শরীরযাত্রাপি চ দেহরক্ষাপি চ, ন প্রসিধ্যেৎ প্রকর্ষেণ ন নিষ্পদ্যেত। অতঃ শরীররক্ষার্থমাহারাদি যথা কর্ত্তব্যম্, তথা উপাত্তদুরিতক্ষয়ার্থং চিত্ত-শুদ্ধ্যর্থঞ্চ নিত্যং কর্ম্ম কর্ত্তব্যমেবেত্যভিপ্রায়ঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুন! স কর্ম্মফলে স্বর্গাদাবৈহিকে বা শব্দাদাবসক্তোঽনাসক্তোঽতো বিশিষ্যতে পূর্ব্বস্মা-দধিকো ভবতীত্যর্থঃ ॥৭॥ নিয়তমিতি। যস্মাদেবং তস্মাত্ত্বং নিয়তং সন্ধ্যোপাসনাদি-কর্ম্মৈব কুরু; যদ্বা নিয়তং নিয়মেন ত্বং কর্ম্ম নিত্যকাম্যসাধারণং যৎ পাপনিবর্ত্তকস্বভাবং তত্তদেব কুরু হি যস্মাৎ অকর্ম্মণঃ সকলকর্ম্মেন্দ্রিয়নিগ্রহেণ তদকরণাৎ চিত্তজয়শূন্যাৎ কর্ম্মৈব জ্যায়ঃ প্রশস্ততরম্। অপি চ তে তব ক্ষত্রিয়স্য অকর্ম্মণঃ সত্যামপি চিত্তশুদ্ধৌ সর্ব্বকর্ম্মত্যাগিনঃ শরীরযাত্রা দেহব্যবহারো ন প্রসিধ্যেৎ ভৈক্ষ্যচর্য্যায়ামনধিকারাৎ। "ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায় থ ভিক্ষাচর্য্যং চরন্তি" ইতি সন্ন্যাসবিধায়কে বাক্যে "রাজা রাজসূয়েন স্বারাজ্যকামো যজেত" ইত্যত্র রাজপদবদ্ব্রাহ্মণপদস্য বিবক্ষিতত্বার্থত্বাৎ "চত্বার আশ্রমা ব্রাহ্মণস্য ত্রয়ো রাজন্যস্য দ্বৌ বৈশ্যস্য" ইতি স্মৃতেশ্চ। অন্যত্রাপ্যুক্তং পারিব্রাজ্যং প্রকৃত্য—"মুখজানাময়ং ধর্ম্মো বৈষ্ণবং লিঙ্গধারণম্। বাহুজাতোরুজাতানাং

অর্জ্জুন! আর যিনি মনের সহিত জ্ঞানেন্দ্রিয়গুলিকে সংযত রাখিয়া বিষয়ে আসক্ত না হইয়া কর্ম্মেন্দ্রিয়দ্বারা কর্ম্ম করিয়া যান, তিনি প্রশংসার পাত্র ॥৭॥

তাৎপর্য্য—জনকরাজা সর্ব্বদা মনে মনে ঈশ্বরের চিন্তা করিতেন, অথ চ সমস্ত রাজ-কার্য্যও চালাইতেন; তাই তাঁহাকে সকলে রাজর্ষি বলিত। সেইরূপ যিনি আপন মনটীকে ঈশ্বরের চিন্তায় ব্যাপৃত রাখিয়া সমস্ত সাংসারিক কার্য্য করেন, অথ চ সাংসারিক কোন বিষয়েই আসক্ত হন না, তাঁহাকেও সকলে ঋষিই বলে ॥৭॥

অর্জ্জুন! তুমি নিত্যকর্ম্মগুলি করিয়া যাও; কেন না, কর্ম্ম না করা অপেক্ষা কর্ম্ম করা ভাল। তা'র পর একেবারে কর্ম্ম না করিলে তোমার শরীররক্ষাও যে হইবে না ॥৮॥

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয়! মুক্তসঙ্গঃ সমাচর ॥৯॥
সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ॥১০॥

ভারতকৌমুদী

নন্ন "অবিশেষশ্চোভয়োঃ" ইতি সাংখ্যসূত্রং বদতা কপিলেন কর্ম্ম বন্ধজনকমিত্যুক্তমিত্যাহ যজ্ঞেতি। হে কৌন্তেয়! অয়ং লোকো জনঃ, "যজ্ঞো বৈ বিষ্ণুঃ" ইতি ভাষ্যধৃতশ্রুতেঃ যজ্ঞঃ পরমেশ্বরঃ তদর্থাৎ তৎপ্রীত্যর্থাৎ নিত্যাদিত্যর্থঃ কর্ম্মণঃ, অন্যত্র বিনা, অন্যৎ কর্ম্ম বন্ধনং বন্ধহেতুর্যস্য সঃ। অতএব মুক্তসঙ্গঃ ত্যক্তফলাসক্তিঃ সন্, তদর্থং বিষ্ণুপ্রীত্যর্থম্, কর্ম সন্ধ্যাবন্দনাদিকম্, সমাচর কুরু। এতেন "সন্ধ্যামুপাসতে যে তু নিয়তং সংশিতব্রতাঃ। বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ম্॥" ইত্যানুষঙ্গিকব্রহ্মলোকগমনাদিকমপি আসক্তিরাহিত্যে ন স্যাদিতি সূচিতম্ ॥৯॥

কর্ম্মণঃ কর্ত্তব্যত্বে বিধাতৃবাক্যমপি প্রমাণয়তি সহেতি। প্রজাপতির্ব্রহ্মা, পুরা পূর্ব্বং সৃষ্টিপ্রথমকালে, যজ্ঞেন সহ বর্ত্তন্ত ইতি সহযজ্ঞাঃ, প্রজা ব্রাহ্মণাদীন্ জনান্ সৃষ্ট্বা তানেব

ভারতভাবদীপঃ

নায়ং ধর্ম্মো বিধীয়তে॥" ইতি ॥৮॥ নন্ন "কর্ম্মণা বধ্যতে জন্তুঃ" ইতি কর্ম্মণাং বন্ধকত্বস্মৃতেঃ কথং মুমুক্ষুং মাং তত্র নিযোজয়সীত্যাশঙ্ক্যাহ যজ্ঞার্থাদিতি। যজ্ঞঃ পরমেশ্বরারাধনম্, যজ দেবপূজায়ামিতি ধাত্বর্থানুগমাৎ। তদর্থং "যজ্ঞো বৈ বিষ্ণুঃ" ইতি শ্রুতের্বিষ্ণুর্ব্বা তদারাধনার্থং যৎ কর্ম্ম ততোঽন্যত্র কর্ম্মণি স্বর্গাদ্যর্থে প্রবৃত্তোঽয়ং লোকঃ কর্ম্মবন্ধনঃ কর্ম্মণা বধ্যতে ন ত্বীশ্বরারাধনার্থেন, অতস্তদর্থম্ ঈশ্বরারাধনার্থং কর্ম্ম বর্ণাশ্রমোচিতং হে কৌন্তেয়! মুক্তসঙ্গঃ ফলাভিলাষশূন্যঃ সন্ সমাচর সম্যক্কুরু ॥৯॥ এতদেবার্থবাদেন প্ররোচয়তি—সহেতি। যজ্ঞৈঃ সহেতি সহযজ্ঞাঃ,

তাৎপর্য্য—শরীররক্ষার জন্য স্নান ভোজনপ্রভৃতি কর্ম্ম ত করিতেই হইবে; তাহাই যদি হইল, তবে তাহার সঙ্গে সঙ্গে নিত্যকর্ম্মগুলিও করিতে থাক; তাহাতে চিত্ত নির্ম্মল হইবে, ক্রমে জ্ঞান জন্মিবে, পরে মুক্তিলাভ করিয়া কৃতার্থ হইয়া যাইবে ॥৮॥

কেবল ঈশ্বরের প্রীতির জন্য যে কর্ম্ম করা হয়, তদ্ভিন্ন অর্থাৎ কাম্যকর্ম্মই মানুষের বন্ধন জন্মায়। অতএব অর্জ্জুন! তুমি ফলের আসক্তি ত্যাগ করিয়া ঈশ্বরের প্রীতির জন্যই কর্ম্ম করিতে থাক ॥৯॥

তাৎপর্য্য—সাংখ্যদর্শনে একটী সূত্র আছে—"অবিশেষশ্চোভয়োঃ" অর্থাৎ লৌকিক কর্ম্ম (ধনোপার্জনাদি) দ্বারাও যেমন মুক্তি হয় না, তেমন বৈদিক কর্ম্ম দ্বারাও মুক্তি হইতে পারে না। কারণ, লৌকিক কর্ম্ম যেমন ঐহিক সুখ জন্মায়, বৈদিক কর্ম্মও তেমন পারত্রিক স্বর্গপ্রভৃতি জন্মায়; সুতরাং বৈদিক কর্ম্ম আর মুক্তি জন্মাইল না; এরূপ আশঙ্কা করিও না। কেন না, ঐ কর্ম্মশব্দের অর্থ—কাম্যকর্ম্ম, অর্থাৎ কাম্যকর্ম্ম করিলেই তাহাতে স্বর্গপ্রভৃতি জন্মে, মুক্তি জন্মিতে পারে না। কিন্তু আমি নিত্যকর্ম্ম করার কথাই বলিতেছি ॥৯॥

দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥১১॥
ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ ॥১২॥

ভারতকৌমুদী

উবাচ। অনেন যজ্ঞেন, প্রসবিষ্যধ্বং যূয়মপি ক্রমোন্নতিমুৎপাদয়ত ; এষ যজ্ঞঃ, বো যুষ্মাকম্, ইষ্টান্ কামান্ ভোগ্যপদার্থান্ দোগ্ধি দদাতীতি স তাদৃক্ অস্তু। অস্য চাপ্তবাক্যতয়া কর্ম্মকরণবিষয়ে স্ববাক্যসমর্থনমাত্রার্থমুদাহৃতত্বাৎ কাম্যকর্ম্মসূচনেঽপি ন দোষঃ ॥১০॥

নন্বচেতনো যজ্ঞঃ কথমিষ্টকামধুগ্‌ভবিতুমর্হতীত্যপেক্ষায়াং প্রজাপতিবাক্যমেব শ্লোকাভ্যামনুবদতি দেবানিতি। হে প্রজাঃ! যূয়ম্, অনেন যজ্ঞেন, দেবান্, ভাবয়ত বর্দ্ধয়ত ; তে দেবাশ্চ, বো যুষ্মান্, ভাবয়ন্তু ধনজনাদিদানেন বর্দ্ধয়ন্তু। ইত্থং পরস্পরং ভাবয়ন্তো বর্দ্ধয়ন্তঃ দেবাশ্চ যূয়ঞ্চ, পরমুত্তমম্, শ্রেয়ো মঙ্গলমবাপ্স্যথ। যজ্ঞেন ভাবিতো দেবগণ এব যুষ্মাকমিষ্টকামধুগ্‌ভবিষ্যতীতি ভাবঃ ॥১১॥

ইষ্টানিতি। হে প্রজাঃ! যজ্ঞেন ভাবিতা বর্দ্ধিতা দেবাঃ, বো যুষ্মভ্যম্, ইষ্টান্ ভোগান্ ধনধান্যপশ্বাদীন্ দাস্যন্তে হি। ততশ্চ যো জনঃ, তৈর্দেবৈর্দত্তান্ পশুধান্যাদিপদার্থান্, এভ্যো

ভারতভাবদীপঃ

বোপসর্জ্জনস্যেতি পক্ষে সাদেশাভাবঃ। কর্ম্মাধিকৃতা ইতি যাবৎ। প্রজাস্ত্রৈবর্ণিকাঃ অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং প্রসবো বৃদ্ধিস্তাং লভধ্বম্ এষ যজ্ঞো বো যুষ্মাকমিষ্টকামধুক্ ইষ্টার্থপূরকোঽস্তু ॥১০॥ ইষ্টার্থপূরকত্বমেবাহ—দেবানিতি। ভাবয়ত তর্পয়ত অনেন দেবতাপূজাত্মকেন যজ্ঞেন, বঃ যুষ্মান্ ভাবয়ন্তু বৃষ্ট্যাদিদানেন, পরস্পরং ভাবয়ন্তো দেবাশ্চ যূয়ঞ্চ শ্রেয়ঃ পরং প্রাপ্স্যথ ॥১১॥ কিঞ্চ ইষ্টান্ পুত্রপশ্বাদীন্ বঃ যুষ্মভ্যম্ এভ্যো দেবেভ্যস্তদ্দত্তানেব ব্রীহিপশ্বাজ্যাদীন্ অপ্রদায় অদত্বা দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগাত্মকং যাগং নিত্যনৈমিত্তিকরূপং

সৃষ্টির প্রথম সময়ে ব্রহ্মা যজ্ঞের সহিতই ব্রাহ্মণাদি মানুষ সৃষ্টি করিয়া তাঁহাদিগকে বলিয়াছিলেন—'তোমরা এই যজ্ঞদ্বারা উত্তরোত্তর উন্নতি লাভ কর ; এই যজ্ঞ তোমাদের অভীষ্ট ফল দান করুক ॥১০॥

তাৎপর্য্য—তবেই দেখ, ব্রহ্মাও কর্ম্ম করিবার কথাই বলিয়াছেন। তবে তিনি ত্রিবর্গলাভের জন্য কাম্যকর্ম্ম করিবার উপদেশ দিয়াছেন, আর আমি মুক্তিলাভের জন্য তোমাকে নিত্যকর্ম্ম করিতে বলিতেছি ॥১০॥

হে প্রজাগণ! তোমরা এই যজ্ঞদ্বারা দেবগণকে পরিপুষ্ট কর, আবার তাঁহারাও তোমাদিগকে পরিপুষ্ট করুন ; এই ভাবে তোমরা পরস্পর পরিপুষ্ট করিতে থাকিয়া পরম মঙ্গল লাভ করিবে ॥১১॥

তাৎপর্য্য—মানুষ যজ্ঞ করে, তাহাতে দেবতারা পরিপুষ্ট ও সন্তুষ্ট হন এবং তখন তাঁহারা বৃষ্টিপ্রভৃতি করিয়া সেই মানুষের শস্য ও পশুপ্রভৃতি উৎপাদন করিয়া থাকেন ॥১১॥

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্বকিল্বিষৈঃ ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥১৩॥

ভারতকৌমুদী

দেবেভ্যঃ, অপ্রদায় যজ্ঞরূপেণাদত্ত্বা স্বয়ং ভুঙ্‌ক্তে, স জনঃ, স্তেনশ্চৌর এব চৌরতুল্য এবেত্যর্থঃ, উপকর্ত্তৄণাং প্রত্যুপকারাকরণাদিত্যাশয়ঃ ॥১২॥

ইদানীং স্বয়ং প্রকৃতং কর্ম্ম প্রশংসতি যজ্ঞেতি। ব্রাহ্মণাদয়ঃ, যজ্ঞানাং শিষ্টানি অবশিষ্টানি অন্নাদীান অশ্নন্তি ভুঞ্জত ইতি তে তাদৃশাঃ সন্তঃ, সর্বৈঃ কিল্বিষৈঃ পঞ্চসূনাদিজনিতপাপৈর্মুচ্যন্তে। যে তু, আত্মকারণাৎ স্বস্বভোজননিমিত্তমেব, পচন্তি অন্নাদিপাকং কুর্ব্বন্তি কৃত্বা চ তদ্‌ভুঞ্জত ইত্যর্থঃ, তে পাপা নিত্যকর্ম্মাকরণাৎ পাপিনঃ, অঘং পাপমেব ভুঞ্জতে অভ্যস্বরীকুর্বান্ত, দাতৃভ্যো দেবেভ্যঃ অদানাৎ অকৃতজ্ঞতাপাতাদিত্যভিপ্রায়ঃ। পঞ্চসূনাস্তন্নাশকাঃ পঞ্চ মহাযজ্ঞাশ্চোক্তা মনুনা। যথা—"পঞ্চ সূনা গৃহস্থস্য চুল্লী পেষণ্যুপস্করঃ। কণ্ডনী চোদকুম্ভশ্চ বধ্যতে যাশ্চ বাহয়ন্ ॥ অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্ ॥ পঞ্চৈতান্ যো মহাযজ্ঞান্ ন হাপয়তি শক্তিতঃ। স্বগৃহেঽপি বসন্ নিত্যং সূনাদোষৈর্ন লিপ্যতে ॥" ॥১৩॥

ভারতভাবদীপঃ

বৈশ্বদেবাগ্নিহোত্রজ্যোতিষ্টোমাদিরূপমকৃত্বেত্যর্থঃ। অদত্তা যো ভুঙ্‌ক্তে স স্তেন এব ॥১২॥ যে তু যজ্ঞশিষ্টাশিনঃ বৈশ্বদেবাদিশেষান্নভোজনশীলাঃ সন্তঃ ঋণাপাকরণাৎ তে মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ প্রমাদকৃতৈর্বিহিতাকরণনিমিত্তৈঃ পঞ্চসূনানিমিত্তৈর্ব্বা। যে আত্মকারণাৎ স্বার্থমেব পচন্তি ন তু পঞ্চমহাযজ্ঞার্থং তে পাপাঃ স্বয়ং পাপরূপা এব সন্তঃ পাপমেব ভুঞ্জতে। তথা চ স্মৃতিঃ—"কণ্ডনী পেষণী চুল্লী উদকুম্ভী চ মার্জ্জনী। পঞ্চ সূনা গৃহস্থস্য তাভিঃ স্বর্গং ন বিন্দতি ॥" ইতি "পঞ্চসূনাকৃতং পাপং পঞ্চযজ্ঞৈর্ব্যপোহতি" ইতি চ। শ্রুতিশ্চ—"ইদমেবাস্য তৎসাধারণমন্নং যদিদমদ্যতে স য এতদুপাস্তে ন স পাপ্মনো ব্যাবর্ত্ততে মিশ্রং হ্যেতৎ" ইতি; মন্ত্রবর্ণোঽপি—"মোঘমন্নং বিন্দতে অপ্রচেতাঃ সত্যং ব্রবীমি বধ ইৎস তস্য। নার্য্যমণং পুষ্যতি নো সখায়ং

যজ্ঞপরিপুষ্ট দেবতারা তোমাদিগকে অভীষ্ট ভোগ্য বস্তু সকল দান করিবেন। এ অবস্থায় তাঁহাদের দত্ত বস্তু সকল আবার তাঁহাদিগকে না দিয়া যে লোক নিজে ভোজন করে, সে লোক চৌরেরই তুল্য হয় ॥১২॥

তাৎপর্য্য—চোর গৃহস্থের দ্রব্য হরণ করিয়া ভোগ করে, অথ চ গৃহস্থকে কিছুই দেয় না; সুতরাং সে পরদ্রব্যহরণের পাপ এবং অকৃতজ্ঞতার পাপ দুই ভোগ করে। সেইরূপ দেবতাদের উৎপাদিত দ্রব্য তাঁহাদিগকে না দিয়া ভোগ করিলে মানুষও পাপী হয় ॥১২॥

ব্রাহ্মণপ্রভৃতি তিন বর্ণ যজ্ঞের অবশিষ্ট ভোজন করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হন; আর যাহারা নিজের জন্যই পাক করে ও তাহা ভোজন করে, তাহারা পাপই ভোজন করে ॥১৩॥

তাৎপর্য্য—দেবতা, পিতৃলোক ও অতিথিরা গৃহস্থের নিকট কিছু পাইবার আশা করেন এবং তাঁহাদিগকে কিছু কিছু দেওয়াও গৃহস্থের উচিত। কেন না, দেবতারা ও

অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জন্যাদন্নসম্ভবঃ।
যজ্ঞাদ্ভবতি পর্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ॥১৪॥
কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তস্মাৎ সর্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্॥১৫॥

ভারতকৌমুদী

কর্ম্মৈব জগতঃ সৃষ্টিস্থিতিকারণমিতি তদবশ্যমেব কর্ত্তব্যমিত্যাহ শ্লোকত্রয়েণ। অন্নাদিতি। ভূতানি প্রাণিনঃ প্রাণিদেহাঃ, স্ত্রীপুরুষভুক্তাৎ ক্রমেণ রক্তরেতোরূপাভ্যাং পরিণতাদন্নাৎ, ভবন্তি জায়ন্তে তিষ্ঠন্তি চ। পর্জন্যান্মেঘাৎ তৎকৃতবৃষ্টেঃ, অন্নস্য তৎকারণীভূতশস্যস্য সম্ভবঃ। স চ পর্জন্যঃ, যজ্ঞাদ্ যজ্ঞাহুতিধূমাদ্ভবতি। স যজ্ঞশ্চ, কর্ম্মভির্যজমানাদিকৃতহবিঃপ্রক্ষেপাদিভিঃ সমুদ্ভবতীতি সঃ। অত্রার্থে মনুরপি—"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥" ॥১৪॥

কর্ম্মেতি। হে অর্জ্জুন! কর্ম্ম হবিঃপ্রক্ষেপাদিকাং ক্রিয়াম্, ব্রহ্মণো বেদাৎ উদ্ভবমুৎপন্নম্, বিদ্ধি ত্বং জানীহি। "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ। তদ্ব্রহ্ম বেদঞ্চ, অক্ষরাৎ অচলাৎ পরমাত্মনঃ সমুদ্ভবতীতি তত্তাদৃশং বিদ্ধি, "অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদো যজুর্বেদঃ সামবেদঃ" ইতি শ্রুতেঃ। তস্মাৎ স্বোৎপন্নবেদবিহিতত্বাৎ, সর্বগতং সর্ব্বব্যাপকমপি ব্রহ্ম পরমাত্মা, নিত্যং সর্ব্বদৈব, যজ্ঞে প্রতিষ্ঠিতম্, নিষ্কামো যজ্ঞ এব তৎপ্রাপ্তিহেতুরিত্যর্থঃ॥১৫॥

ভারতভাবদীপঃ

কেবলাঘো ভবতি কেবলাদী" ইতি॥১৩॥ জগচ্চক্রপ্রবৃত্তিহেতুত্বাদপি কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ—অন্নাদিতি। অন্নাদ্রেতোরূপেণ পরিণতাৎ ভূতানি প্রাণিশরীরাণি ভবন্তি অন্নঞ্চ পর্জ্জন্যাৎ; এতৎপ্রসিদ্ধমেব। "যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যঃ। অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥" ইতি স্মৃতেঃ। যজ্ঞো দেবতারাধনজো ধর্ম্মঃ কর্ম্মভ্যো যাগহোমদানাদিভ্যঃ সমুদ্ভবতীতি কর্ম্মসমুদ্ভবঃ॥১৪॥ কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বেদোদ্ভবম্, বেদ এব ধর্ম্মে প্রমাণং ন তু পাখণ্ডাদিপ্রণীতাগমঃ। ব্রহ্ম বেদোঽপি অক্ষরসমুদ্ভবম্, "অস্য

পিতৃলোকেরা বৃষ্টিদ্বারা এবং সন্তানবৃদ্ধিদ্বারা গৃহস্থের উপকার করেন, আর অতিথিরা আশ্রয় না পাইয়া উপস্থিত হন। এ ক্ষেত্রে তাঁহাদিগকে না দিয়া ভোজন করাটা অন্যায় হয়॥১৩॥

প্রাণিগণের শরীর অন্ন হইতে উৎপন্ন হয়, অন্ন মেঘ হইতে জন্মে, মেঘ যজ্ঞ হইতে উৎপত্তি লাভ করে এবং যজ্ঞ কর্ম্ম হইতে সমুদ্ভূত হয়॥১৪॥

তাৎপর্য্য—স্ত্রী ও পুরুষ যে অন্ন ভোজন করে, তাহা ক্রমশঃ স্ত্রীর রক্ত ও পুরুষের শুক্ররূপে পরিণত হয়, সেই রক্ত ও শুক্র হইতে প্রাণিগণের শরীর গঠিত হয়। মেঘ হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে শস্য এবং শস্য হইতে অন্ন প্রস্তত হয়। অগ্নিতে যজ্ঞের আহুতি পড়ে, তাহা হইতে ধূম এবং ধূম হইতে মেঘ জন্মে; আবার যজমান অগ্নিতে যে ঘৃতপ্রভৃতি নিক্ষেপ করে, তাহাতে যজ্ঞ সম্পন্ন হয়॥১৪॥

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ! স জীবতি ॥১৬॥

ভারতকৌমুদী

এবমিতি। স্থিতঃ পরমাত্মা, ততো বেদঃ, বেদাৎ লোকানাং কর্ম্মপ্রবৃত্তিঃ, ততো যজ্ঞঃ, যজ্ঞাৎ মেঘঃ, মেঘাদ্বৃষ্টিঃ, ততঃ শস্যম্, ততঃ অন্নম্, ততঃ প্রাণিদেহঃ, ততঃ পুনশ্চ কর্ম্মপ্রবৃত্তিঃ, এবং চক্রং চক্রমিব সর্ব্বদা পরিবর্ত্তনশীলা ক্রিয়াকারণদ্রব্যপরম্পরা। তথা চ হে পার্থ! যো জনঃ, এবং বিধাত্রা প্রবর্ত্তিতং চক্রম্, ন অনুবর্ত্তয়তি স্বকর্ম্মণা নানুসরতি; অঘং পাপময়মায়ু-র্জীবনকালো যস্য সঃ, ইন্দ্রিয়ৈরেব আরমতি সুখং ভুনক্তীতি স তাদৃশশ্চ, স জনঃ, মোঘং ব্যর্থম্, জীবতি কীটপতঙ্গাদিবৎ। অতঃ সর্ব্বৈরেবাধিকারিভির্নিত্যং নৈমিত্তিকঞ্চ কর্ম্ম কর্ত্তব্যমিতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্‌যদৃগ্বেদো যজুর্ব্বেদ" ইত্যাদিশ্রুতেঃ। সাক্ষাৎ পরমেশ্বরাদেবোৎপন্নোঽতো ন তত্র ভ্রমবিপ্রলম্ভকত্বাদিদোষাক্রান্তপাংশুাদিবাক্যবদপ্রমাণ্যশঙ্কাস্তীতি ভাবঃ। যস্মাদেবং তস্মাৎ সর্ব্বস্মিন্ দেশে কালে চ বর্ত্তমানং ব্রহ্ম বেদঃ, এতেন বেদস্য নিত্যত্বং শব্দস্য বিভুত্বঞ্চ দর্শিতম্। নিত্যং নিয়মেন যজ্ঞে প্রতিষ্ঠিতং তাৎপর্য্যেণ পর্য্যবসন্নম্ ॥১৫॥ ভবত্বেবং ততঃ কিং ফলিতমিত্যত আহ—এবমিতি। ভূতানামাদৌ বেদাধিগমস্ততঃ কর্ম্মানুষ্ঠানং ততো দেবানাং তৃপ্তিস্ততো বৃষ্টিস্ততোঽন্নং ততো ভূতানি তেষাং বেদাধিগম ইত্যেবংরূপং চক্রমিব চক্রং নিরন্তরমাবর্ত্তমানং জগদ্‌যাত্রানির্ব্বাহকং নানুবর্ত্তয়তি নানুতিষ্ঠতি সঃ অঘায়ুঃ পাপজীবনঃ ইন্দ্রিয়ারামো ন তু ধর্ম্মারাম আত্মারামো বা মোঘং ব্যর্থং দংশমশকাদিবৎ জীবতি, যস্ত্বেতদনুবর্ত্তয়তি স জগদুপকারকো ধন্য ইতি ভাবঃ। তথা চ শ্রুতিঃ—"অথো অয়ং বা আত্মা সর্ব্বেষাং ভূতানাং লোকঃ স যজ্জুহোতি যদ্‌যজতে তেন দেবানাং লোকোঽথ যদনুব্রূতে তেন ঋষীণামথ যৎ পিতৃভ্যো নিপৃণাতি যৎ প্রজামিচ্ছতি তেন পিতৃণামথ যন্মনুষ্যান্ বাসয়তে যদেভ্যোঽশনং দদাতি তেন মনুষ্যাণামথ যৎ পশুভ্যস্তৃণোদকং বিন্দতি তেন পশূনাং যদস্য গৃহেষু শ্বাপদা বয়াংস্যা পিপীলিকাভ্য উপজীবন্তি তেন তেষাং লোক"

অর্জ্জুন! তুমি অবগত হও যে, সেই কর্ম্ম বেদ হইতে নিষ্পন্ন হয় এবং বেদ পরব্রহ্ম হইতে আবির্ভূত হইয়াছিল। অতএব সর্ব্বব্যাপী ব্রহ্ম সর্ব্বদাই যজ্ঞে প্রতিষ্ঠিত রহিয়াছেন ॥১৫॥

তাৎপর্য্য—বেদের বিধানে সেই কর্ম্ম হয়, বেদ আবার পরব্রহ্ম হইতে নিশ্বাসের ন্যায় প্রকাশ পাইয়াছিল। সুতরাং সেই সর্ব্বব্যাপী পরব্রহ্মকে লাভ করিবার পক্ষে নিষ্কাম-ভাবে যজ্ঞ করাই উপায় ॥১৫॥

অর্জ্জুন! যে লোক এই ভাবে বিধাতার প্রবর্ত্তিত চক্রের অনুসরণ না করে, সেই ইন্দ্রিয়সুখভোগী লোকের আয়ু পাপময় এবং জীবন ব্যর্থ ॥১৬॥

তাৎপর্য্য—পরব্রহ্ম হইতে বেদ, বেদ হইতে লোকের কর্ম্মপ্রবৃত্তি, কর্ম্মপ্রবৃত্তি হইতে যজ্ঞ, যজ্ঞ হইতে মেঘ, মেঘ হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে শস্য, শস্য হইতে অন্ন এবং অন্ন হইতে

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে ॥১৭॥
নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

নন্থ জ্ঞানিনাপি কিমেতৎ কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ দ্বাভ্যাম্। য ইতি। তুশব্দঃ পূর্ব্বভেদ-দ্যোতনার্থঃ। যো মানবঃ, আত্মনি রতিরনুরাগো যস্য স তাদৃশ এব স্যাৎ, ন তু যোষিদাদা-বিতি ভাবঃ। অথ ক্লীবোঽপি আত্মরতিঃ স্যাদিত্যাহ আত্মেতি। আত্মন্যেব তৃপ্তো লব্ধনির্বৃতিশ্চ স্যাৎ, ন পুনঃ পায়সাদাবিত্যাশয়ঃ। নন্থ দুর্বলো রোগী আত্মরতিরেব স্যাৎ ন পুন-র্যোষিদাদৌ, আত্মতৃপ্তশ্চ স্যাৎ ন পুনঃ পায়সাদাবিত্যাহ আত্মনীতি। আত্মন্যেব সন্তুষ্টশ্চ স্যাৎ, তস্য মানবস্য কার্য্যং কর্ম্ম ন বিদ্যতে, কর্ম্মফলস্য জ্ঞানস্য উপায়ান্তরেণ লব্ধতয়া পুনঃ কর্ম্মণো নিষ্প্রয়োজনত্বাৎ লব্ধসূর্য্যালোকস্য প্রদীপবদিত্যভিপ্রায়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

ইতি ॥১৬॥ এবমীশ্বরেণ বেদযজ্ঞপূর্ব্বকং জগচ্চক্রং প্রবর্ত্তিতমজ্ঞৈরধিকৃতৈরনুবর্ত্তিতব্যমিত্যুক্তম্, অস্যাননুবর্ত্তনে চ মহান্ প্রত্যবায় উক্তঃ স ব্রহ্মবিদমপি স্পৃশেদিতি সম্ভাবিতামাশঙ্কাং পরিহরতি—যস্ত্বিতি। আত্মন্যেব রতিঃ প্রীতির্যস্য ন তু স্রাদৌ স তথা। নন্বাত্মনি প্রীতিঃ প্রাণিমাত্রস্যানৌপাধিকী অস্তি প্রত্যুত তদর্থত্বেনৈব স্র্যাদিষ্বপি প্রীতির্ভবতীত্যত উক্তম্—আত্মতৃপ্ত ইতি। আত্মনৈব পরমানন্দরূপেণ তৃপ্তো ন মিষ্টান্নাদিনা। নন্থ মন্দাগ্নিরপি স্র্যাদৌ ন রমতে নাপি মিষ্টান্নেন তৃপ্যতি, অত উক্তম্ আত্মন্যেব চ সন্তুষ্ট ইতি। মন্দাগ্নির্হি ধাতুবৃদ্ধিং জাঠরোদ্দীপনঞ্চ কাময়মান ঔষধাদ্যর্থমিতস্ততো ধাবতি ন ত্বাত্মন্যেব তুষ্যতি, বিদ্বাংস্তু রতিতৃপ্তিতুষ্টীরাত্মনৈবানুভবতি ন স্র্যন্নপানাদিভিরিতি তস্য কার্য্যং কর্ত্তব্যং কিমপি নাস্তি ক্রিয়াপ্রাপ্যস্য কস্যচিদপ্যর্থস্যাভাবাৎ ॥১৭॥ এতদেবাহ—নৈবেতি। তস্যাত্মরতেঃ কৃতেন কর্ম্মণা অর্থঃ প্রয়োজনং নাস্তি স্বর্গাদৌ লিপ্সাভাবাৎ মোক্ষস্য চাক্রিয়াসাধ্যত্বাৎ

প্রাণিগণের দেহ জন্মে; আবার প্রাণিগণের দেহপ্রভৃতি হইতে সেইভাবে কর্ম্মপ্রভৃতি হইয়া থাকে। সুতরাং এই কার্য্য, কারণ ও দ্রব্যের পরস্পরা চক্রের ন্যায় সর্বদা ঘুরিতেছে। এক্ষেত্রে যে লোক কর্ম্ম করিয়া এই বিধাতৃবিহিত চক্রের অনুবর্ত্তন না করে, তাহার সমগ্র জীবনই নিত্যকর্ম্ম না করায় পাপময় হয় বলিয়া তাহা ব্যর্থ ॥১৬॥

যে লোক আত্মাতেই প্রীত, আত্মাতেই তৃপ্ত এবং আত্মাতেই সন্তুষ্ট থাকেন, তাঁহার কর্ত্তব্য কর্ম্ম নাই ॥১৭॥

তাৎপর্য্য—কর্ম্ম করিতে করিতে মনের রাগ-দ্বেষপ্রভৃতি তিরোহিত হইয়া যায়, তখন তত্ত্বজ্ঞান উৎপন্ন হয়। সুতরাং তত্ত্বজ্ঞানকেই কর্ম্মের ফল বলিতে হইবে। সেই তত্ত্বজ্ঞান যদি শমদমাদিশিক্ষাদ্বারা জন্মিয়া যায়, তবে আর কর্ম্মের প্রয়োজন থাকে না; যেমন সূর্য্যের আলোক পাইলে আর দীপের প্রয়োজন থাকে না ॥১৭॥

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। কৃতেন কর্ম্মণা, তস্য জ্ঞানিনো মানবস্য, ইহ জগতি, কশ্চন অর্থঃ স্বর্গাদি-প্রয়োজনম্, নৈবাস্তি নিস্পৃহত্বাৎ; অকৃতেন কর্ম্মাকরণেন চ, কশ্চন অর্থঃ প্রত্যবায়ো নৈবাস্তি, জ্ঞানেনৈব তন্নিবারণাৎ। কিঞ্চেতি চার্থঃ। সর্বভূতেষু ব্রহ্মাদিকীটপর্য্যন্তেষু, অস্য জ্ঞানিনঃ, কশ্চিদপি, অর্থব্যপাশ্রয়ঃ প্রয়োজনসম্বন্ধো নৈবাস্তি, ব্রহ্মাতিরিক্তে নির্লিপ্তত্বাৎ ॥১৮॥

পুনঃ প্রকৃতস্য কর্ম্মণঃ কর্ত্তব্যত্বমাহ তস্মাদিতি। হে অর্জ্জুন! তস্মাৎ পূর্বোক্তাদেব হেতোঃ, ত্বম্, অসক্তঃ ফলাসক্তিরহিতঃ সন্, সততম্, কার্য্যম্ অবশ্যকর্ত্তব্যম্, সন্ধ্যাশ্রাদ্ধাদিকং নিত্যং নৈমিত্তিকঞ্চ কর্ম্ম, সমাচর কুরু। হি যস্মাৎ, ফলে অসক্তঃ পূরুষঃ, নিত্যং নৈমিত্তিকঞ্চ কর্ম্ম, আচরন্ কুর্বন্, পরং শ্রেষ্ঠং পুরুষার্থং মোক্ষম্, আপ্নোতি, চিত্তশুদ্ধিজননেন জ্ঞানজননা-দিত্যাশয়ঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

"নাস্ত্যকৃতঃ কৃতেনে"তি শ্রুতেঃ। অকৃতো মোক্ষঃ কৃতেন কর্ম্মণা নাস্তীতি শ্রুত্যর্থঃ। অকৃতেন বিরুদ্ধকর্ম্মণাপি অর্থো নরকাদিরস্য নাস্তি। অত্র কৃতাকৃতশব্দৌ মিত্রামিত্রপদবৎ পরস্পরবিরুদ্ধার্থবাচিতয়া পুণ্যাপাপবচনৌ। যে তু অকৃতেনেতি ভাবে নিষ্ঠা নিত্যাকরণাৎ গর্হিতত্বরূপো বা প্রত্যবায়প্রাপ্তিরূপো বা কশ্চনার্থো বিদুষো নাস্তীতি ব্যাচক্ষতে তেষামপ্য-ভাবাৎ ভাবোৎপত্তেরনভ্যুপগমান্নিত্যানাং কালে যদন্যদবিহিতং ক্রিয়তে তত এব প্রত্য-বায়োৎপাদো বক্তব্য ইতি ঘট্টকুট্যাং প্রভাতবৃত্তান্ত আপদ্যতে। অত্রোপপত্তিমাহ—ন চেতি। চো হেতৌ। যস্মাৎ আত্মরতেঃ সর্ব্বভূতেষু চেতনাচেতনেষু উত্তমমধ্যমাধমেষু কশ্চিদপি অর্থব্যপাশ্রয়ঃ সুখভোগাত্মকপ্রয়োজনাভিসম্বন্ধো নাস্তি, আত্মরতিত্বাদেব নিষ্কামত্বা-দ্বিদুষঃ পুণ্যাপাপফলসম্বন্ধো নাস্তীত্যর্থঃ ॥১৮॥ যস্মান্নিষ্কামস্য কর্ম্মলোপো নাস্তি তস্মাত্ত্বমপি

সেই জ্ঞানী লোকের কর্ম্মদ্বারাও কোন প্রয়োজন সিদ্ধ হয় না, আবার কর্ম্ম না করিলেও কোন পাপ হয় না এবং কোন বস্তুতেই তাঁহার কোন প্রয়োজন থাকে না ॥১৮॥

তাৎপর্য্য—জ্ঞানী লোক ঐহিক বা পারত্রিক কোন সুখ চান না এবং অন্যপ্রকারে জ্ঞান হইয়া গিয়াছে বলিয়া নিষ্কাম কর্ম্মদ্বারাও যে পূর্ব্বনিয়মে জ্ঞান জন্মাইবেন, তাহাও হইতে পারে না; সুতরাং কর্ম্মদ্বারা তাঁহার কোন প্রয়োজনই সিদ্ধ হয় না। আবার জ্ঞানাগ্নিতে পুণ্য ও পাপ দগ্ধ হয় বলিয়া কর্ম্ম না করিলেও জ্ঞানীর কোন পাপ হয় না। তা'র পর জ্ঞানী লোক একমাত্র পরব্রহ্মেই লিপ্ত থাকেন বলিয়া ব্রহ্মা হইতে কীটপর্য্যন্ত কোন পদার্থেই তাঁহার কোন প্রয়োজন থাকে না ॥১৮॥

অতএব অর্জ্জুন! তুমি ফলের আসক্তি ত্যাগ করিয়া সর্ব্বদা নিত্য ও নৈমিত্তিক কার্য্য করিতে থাক। কারণ, মানুষ ফলের প্রতি আসক্তি ত্যাগ করিয়া কার্য্য করিলে, সে মুক্তি লাভ করে ॥১৯॥

কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি ॥২০॥

ভারতকৌমুদী

অথ কর্ম্মণা জ্ঞানোৎপত্তৌ কশ্চিদ্দৃষ্টান্তোঽস্তি ন বেত্যাহ কর্ম্মণেতি। অত্র 'এব হি' ইতি শব্দদ্বয়মত্যন্তমবধারণং সূচয়তি "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ" ইত্যাদিসাহিত্যদর্পণ-ধৃতবৎ। আদিশব্দেন অশ্বপত্যাদীনাং গ্রহণম্। জনকাদয়ঃ ক্ষত্রিয়াঃ, কর্ম্মণৈব হি সন্ধ্যা-বন্দনশ্রাদ্ধাদিনিত্যনৈমিত্তিককর্ম্মকরণেনৈব হি, সংসিদ্ধিং সম্যগ্‌জ্ঞাননিষ্পত্তিম্, আস্থিতা আশ্রিতাঃ প্রাপ্তা ইতি যাবৎ। নমু তাদৃশী তৎপরতা যদি মে ন স্যাদিত্যাহ লোকেতি। লোকানাং কর্ম্মকরণবিমুখানাং জনানাং সংগ্রহং স্বস্বকর্ম্মণি আনয়নঞ্চ, সংপশ্যন্ সমালোচয়-ন্নেবাপি, ত্বং কর্ম্ম কর্ত্তুমর্হসি ॥২০॥

ভারতভাবদীপঃ

অসক্তঃ ফলাসক্তিশূন্যঃ সততং সর্ব্বদা কার্য্যম্ অবশ্যকর্ত্তব্যং কর্ম্ম নিত্যনৈমিত্তিকং সমাচর, হি যস্মাৎ অসক্তঃ কর্ম্মাচরন্ পরং মোক্ষং সত্ত্বশুদ্ধিদ্বারেণাপ্নোতি ॥১৯॥ অত্র শিষ্টাচারং প্রমাণয়তি কর্ম্মণেতি। কর্ম্মণৈব সহ সংসিদ্ধিং শ্রবণাদিসাধ্যাং জ্ঞাননিষ্ঠাং গন্তুম্ আস্থিতাঃ প্রবৃত্তাঃ জনকাদয়স্ত্বাদৃশাঃ ক্ষত্রিয়াঃ ন তু সন্ন্যাসেন। নমু শুদ্ধচিত্তস্য মম নাস্তি কর্ম্মাপেক্ষেত্যাশঙ্ক্যাহ লোকেতি। লোকস্য সংগ্রহঃ স্বধর্ম্মে প্রবর্ত্তনম্। নমু স্বপ্রয়োজনাভাবেঽপি কেবলং লোকসংগ্রহার্থং চেৎ কর্ম্ম কর্ত্তব্যং তদা বিদুষাং ব্রাহ্মণানামপি সন্ন্যাসো ন স্যাৎ যতীনেব সন্ন্যাসধর্ম্মান্ গ্রাহয়িতুং তেষাং সন্ন্যাস ইতি চেৎ অর্জ্জুনেঽপি ন তদ্দুর্ব্বারিতমস্তি। নমু ক্ষত্রিয়স্য সন্ন্যাসেঽধিকারো নাস্তীতি চেৎ লিঙ্গধারণেঽধিকারাভাবেঽপি ভরতঋষভাদি-বদ্বিক্ষেপকর্ম্মত্যাগমাত্রেঽধিকারাৎ। বার্ত্তিকে—"সর্ব্বাধিকারবিচ্ছেদি জ্ঞানং চেদভ্যুপেয়তে। ক্রতোঽধিকারনিয়মো ব্যাখ্যানে ক্রিয়তে বলাৎ ॥" ইতি বিদ্বৎসন্ন্যাসে ক্ষত্রিয়াদেরপি অধিকারস্য সাধিতত্বাৎ অতো লোকসংগ্রহো ন মুখ্যং কর্ম্ম প্রয়োজনমিতি চেৎ সত্যম্। ন মে পার্থাস্তি

তাৎপর্য্য—একথা অনেকবার বলা হইয়াছে যে, ফলকামনা না করিয়া পরমেশ্বরে মনোনিবেশ করিয়া কর্ম্ম করিতে থাকিলে, ক্রমশঃ মনের মল রাগ ও দ্বেষপ্রভৃতি বিনষ্ট হয়, তখন নির্ম্মল দর্পণে যেমন প্রতিবিম্ব পড়ে, সেইরূপ সেই নির্ম্মল মনে জ্ঞানের আলোক পড়ে; তাহাতেই মানুষ মুক্তি লাভ করিয়া একেবারে কৃতার্থ হইয়া যায় ॥১৯॥

অর্জ্জুন! জনকরাজা ও অশ্বপতিপ্রভৃতি ক্ষত্রিয়েরা কর্ম্ম করিয়াই তত্ত্বজ্ঞান লাভ করিয়াছিলেন। তা'র পর কর্ম্মবিমুখ লোকেরা কর্ম্মে প্রবৃত্ত হইবে এইরূপ আলোচনা করিয়াও তুমি কর্ম্ম করিতে পার ॥২০॥

তাৎপর্য্য—অর্জ্জুন! জনকরাজা ও অশ্বপতিপ্রভৃতি ক্ষত্রিয়গণই কর্ম্ম করিতে করিতে তত্ত্বজ্ঞান লাভ করিয়াছিলেন, ইহার প্রমাণ রামায়ণপ্রভৃতি ইতিহাসে দেখিতে পাওয়া যায়। তোমার সেরূপ তৎপরতা না থাকিলেও তোমার দেখাদেখি কর্ম্মবিমুখ লোকেরা কর্ম্মে প্রবৃত্ত হইবে ইহা ভাবিয়াও তোমার কর্ম্ম করা উচিত ॥২০॥

যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥২১॥
ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি ॥২২॥
যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ! সর্বশঃ ॥২৩॥

ভারতকৌমুদী

নন্থ ময়া কর্ম্মকরণে লোকঃ কথং তত্র প্রবর্ত্তেতেত্যাহ যদিতি। শ্রেষ্ঠো জনঃ, যদ্‌যদা-চরতি, ইতরঃ অশ্রেষ্ঠো জনোঽপি তদনুকরণায় তত্তদেবাচরতি। তথা স শ্রেষ্ঠঃ, যৎ শাস্ত্র-গুরূপদেশাদিকং প্রমাণং কুরুতে প্রমাণত্বয়া অঙ্গীকরোতি, ইতরো লোকোঽপি, তৎ, অনুবর্ত্ততে অনুসরতি; ("মূঢ়ঃ পরপ্রত্যয়নেয়বুদ্ধিঃ" ইতি ন্যায়াৎ) তব চ শ্রেষ্ঠতয়া প্রায়েণৈবাঙ্গী-কারাদিতি ভাবঃ ॥২১॥

আত্মদৃষ্টান্তমপ্যাহ ত্রিভিঃ। নেতি। হে পার্থ! ত্রিম্বপি লোকেষু স্বর্গমর্ত্তাপাতালেষু, মে মম, কিঞ্চন কিঞ্চিদপি কর্ম্ম, কর্ত্তব্যং নাস্তি, কর্ম্মফলস্য জ্ঞানস্য স্বভাবসিদ্ধত্বাদিত্যাশয়ঃ। তথা অনবাপ্তম্ অলব্ধমপি, কিঞ্চন বস্তু অবাপ্তব্যং লব্ধব্যং নাস্তি, চিরপূর্ণকামত্বাদিতি ভাবঃ; তথাপি চ কর্ম্মণি সন্ধ্যাবন্দনাদৌ, বর্ত্ত এব প্রবৃত্ত এবাস্মি। সন্ধিস্থাপনায় হস্তিনায়াং গমন-কালে বৃকস্থলাখ্যগ্রামে কৃষ্ণস্য সায়ংসন্ধ্যানুষ্ঠানম্, পুনশ্চ হস্তিনায়াং বিদুরগৃহে কৃষ্ণস্য প্রাতঃসন্ধ্যাহোমাদ্যনুষ্ঠানমুদ্‌যোগপর্বণি দ্রষ্টব্যম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

কর্ত্তব্যমিতি স্বদৃষ্টান্তেনাধিকারিকত্বাদর্জ্জুন এবৈবং নিযোজ্যতে ন ক্ষত্রিয়মাত্রমিতি সূচয়তু ভবান্ ॥২০—২১॥ কর্ম্মণি বর্ত্তে এব অহং কর্ম্ম করোম্যেবেত্যর্থঃ ॥২২॥ যদ্যহং কর্ম্মণি ...

প্রধান লোক যেরূপ যেরূপ আচরণ করেন, ইতর লোকও সেইরূপ সেইরূপ আচরণ করে এবং প্রধান লোক যেটাকে প্রমাণ বলিয়া স্বীকার করেন, ইতর লোক তাহারই অনুবর্ত্তন করে ॥২১॥

তাৎপর্য্য—উৎকৃষ্ট হইবার ইচ্ছা সকল মানুষেরই থাকে। সুতরাং নিকৃষ্ট লোক উৎকৃষ্ট হইবার জন্য যতদূর পারে, তত দূরই উৎকৃষ্ট লোকের অনুকরণ করে ॥২১॥

অর্জ্জুন! ত্রিভুবনে আমার কোন কর্ম্মই কর্ত্তব্য নাই এবং আমি যাহা পাই নাই, পাইব, এরূপ বস্তুও জগতে নাই; তথাপি আমি কর্ম্মে প্রবৃত্তই রহিয়াছি ॥২২॥

তাৎপর্য্য—আমি নিত্যমুক্ত; সুতরাং মুক্তির জন্য আমার কোন কর্ম্মই কর্ত্তব্য হইতে পারে না। আবার আমি পূর্ণকাম; সুতরাং আমি যাহা পাইতে ইচ্ছা করি, অথচ পাই নাই, তাহা পাইতে হইবে বলিয়া পাইবার চেষ্টা করিতে হইবে, এমন আমার পক্ষে হইতেই পারে না। তবে যে আমি নিত্য-নৈমিত্তিক করি, তাহা কেবল লোকশিক্ষার্থ ॥২২॥

উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্‌ ।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥২৪॥
সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্বন্তি ভারত ! ।
কুর্য্যাদ্বিদ্বাংস্তথাঽসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্‌ ॥২৫॥

ভারতকৌমুদী

আত্মনঃ কর্ম্মাকরণে দোষমাহ যদীতি। হে পার্থ ! অহম্‌, অতন্দ্রিতঃ অনলসঃ সন্‌, যদি হি, কর্ম্মণি নিত্যনৈমিত্তিকে কার্য্যে, জাতু কদাচিৎ, ন বর্ত্তেয়ং ন প্রবর্ত্তেয় ; তদা সর্ব্বশঃ সর্ব্বে মনুষ্যাঃ, মম বর্ত্ম পন্থানম্‌, অনুবর্ত্তন্তে অনুবর্ত্তেরন্‌, মদ্দৃষ্টান্তেন কর্ম্ম ন কুর্য্যুরিত্যর্থঃ ॥২৩॥

অথানুবর্ত্তন্তাং নামেত্যাহ উৎসীদেয়ুরিতি। অহঞ্চেৎ কর্ম্ম ন কুর্য্যাম্‌, তদা ইমে লোকা উৎসীদেয়ুঃ উৎসন্না ভবেয়ুঃ কর্ম্মাকরণান্নশ্যেয়ুঃ ; তথা সঙ্করস্য বর্ণসঙ্করস্য কর্ত্তা কারকঃ স্যাম্‌, ইমাঃ প্রজা জনাংশ্চ, উপহন্যাং কলুষীকুর্য্যাম্‌। তথা চ অহং যদি কর্ম্ম ন কুর্য্যাম্‌, তদা মামীশ্বরং মন্যমানা লোকা মদনুকরণং কুর্ব্বাণাঃ কর্ম্ম পরিহরন্তো জাতিধর্ম্মমপি ত্যজন্তঃ পরদারাদিষু নির্বাধং প্রবর্ত্তেরন্‌ ; স্ত্রিয়শ্চ স্ত্রীধর্ম্মং ত্যজন্ত্যঃ স্বেচ্ছয়ৈব পরপুরুষৈঃ সহ রমেরন্‌ ; তদা চাবশ্যং বর্ণসঙ্করা জায়েরন্‌। এবঞ্চ লোকসমাজ এব কলুষিতো ভবেদিতি ভাবঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

বর্ত্তেয়ং তর্হি মনুষ্যাঃ মমৈব বর্ত্মানুবর্ত্তন্তে অনুবর্ত্তেরন্‌ কর্ম্ম ন কুর্ব্বীরন্নিত্যর্থঃ। অতন্দ্রিতোঽনলসঃ, সর্ব্বশঃ সর্ব্বপ্রকারৈঃ ॥২৩॥ ততশ্চ কিমিত্যত আহ—উৎসীদেয়ুরিতি। যদ্যদাচরতীত্যাদেরপরা যোজনা। ন কেবলং লোকসংগ্রহং পশ্যন্‌ কর্ত্তুমর্হসি অপি তু শ্রেষ্ঠাচারত্বাদপীত্যাহ—যদ্যদিতি। তথা চ মম শ্রেষ্ঠস্য যাদৃশ আচারস্তাদৃশ এব মদনুবর্ত্তিনা ত্বয়াঽনুষ্ঠেয়ঃ ন স্বাতন্ত্র্যেণান্য ইত্যর্থঃ। কীদৃশস্তবাচারো যো ময়ানুবর্ত্তনীয় ইত্যাকাঙ্ক্ষায়াং ন মে পার্থেত্যাদিভিস্ত্রিভিঃ শ্লোকৈস্তৎপ্রদর্শনমিতি মধুসূদনশ্রীপাদাঃ ॥২৪॥ যদি মাদৃশ

অর্জ্জুন ! আমি যদি আলস্যশূন্য হইয়া কখনও কর্ম্মে প্রবৃত্ত না হই, তবে সকল মানুষই আমার পথে চলিবে ॥২৩॥

তাৎপর্য্য—অর্জ্জুন ! প্রায় মানুষই আমাকে পরমেশ্বর বলিয়া মনে করে ; এ অবস্থায় আমি যদি কর্ম্ম না করি, তবে আমার দৃষ্টান্তে তাহারাও কর্ম্ম করিবে না ॥২৩॥

তা'র পর আমি যদি কর্ম্ম না করি, তবে এই লোকগুলি উৎসন্ন হইয়া যাইবে ; আর আমি বর্ণসঙ্করের কারণ হইব এবং এই লোকগুলিকে কলুষিত করিব ॥২৪॥

তাৎপর্য্য—পূর্ব্বেই বলিয়াছি যে, প্রায় মানুষই আমাকে পরমেশ্বর বলিয়া মনে করে ; সুতরাং তাহারা আমাকে কর্ম্ম করিতে না দেখিয়া, কর্ম্ম ত্যাগ করিবে, এমন কি আপন আপন জাতিধর্ম্মও ছাড়িয়া দিয়া অবাধে পরস্ত্রী গমন করিবে ; স্ত্রীলোকেরাও স্ত্রীধর্ম্ম ত্যাগ করিয়া অবাধে পরপুরুষে আসক্ত হইবে ; তাহা হইলেই বর্ণসঙ্কর জন্মিতে থাকিবে। এইরূপ হইলে আমিই এই লোকগুলিকে কলুষিত করিলাম ॥২৪॥

ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
জোষয়েৎ সর্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥২৬॥
প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ॥২৭॥

ভারতকৌমুদী

পুনঃ প্রকৃতং কর্ম্ম কর্ত্তুমেবোপদিশতি সক্তা ইতি। হে ভারত! অবিদ্বাংসো মূঢ়া জনাঃ, যথা, কর্ম্মণি কর্ম্মফলে, সক্তা আসক্তাঃ সন্তঃ, কর্ম্ম কুর্ব্বন্তি; তথা বিদ্বান্ জ্ঞানী জনোঽপি, অসক্তঃ কর্ম্মফলে অনাসক্তঃ, লোকানাং সংগ্রহং স্বস্বধর্ম্মে আনয়নং চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুশ্চ সন্, কর্ম্ম কুর্য্যাৎ। লোকশিক্ষৈব বিদুষঃ কর্ম্মকরণপ্রয়োজনমিতি ভাবঃ ॥২৫॥

অথ বিদ্বান্ লোকসংগ্রহং চিকীর্ষুর্মুক্তের্মুখ্যোপায়ং জ্ঞানমেবাজ্ঞেষু উপদিশেৎ, ন পুনঃ গৌণোপায়ং কর্ম্মেত্যাহ নেতি। বিদ্বান্ জ্ঞানী জনঃ, কর্ম্মসঙ্গিনাং নিত্যনৈমিত্তিককর্ম্ম নিরতানাম্, অজ্ঞানামজ্ঞানিনাম্, বুদ্ধিভেদং কর্ম্ম খলু মুক্তেগৌণোপায় ইত্যাদিপ্রকৃতাভি ধানেনাপি কর্ম্মতো বুদ্ধের্ভ্রংশং ন জনয়েৎ; অপি তু সমাচরন্ স্বয়মপি কর্ম্ম কুর্বন্, যুক্তঃ মনোযোগী সন্, নিত্যনৈমিত্তিকানি সর্ব্বকর্ম্মাণি, জোষয়েৎ তানজ্ঞান্ সেবয়েৎ কারয়েদিত্যর্থঃ, তেষাং কর্ম্মনিবৃত্তৌ রাগদ্বেষাদিস্থিত্যা জ্ঞানোৎপত্ত্যসম্ভবাদিতি ভাবঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

এব ত্বং কৃতার্থোঽসি তথাপি পরানুগ্রহার্থং কর্ম্মণি কুর্ব্বিত্যাহ—সক্তা ইতি। কর্ম্মণি কর্ম্মফলে কুর্ব্বন্তি কর্ম্মাণীতি শেষঃ, অসক্ত ইতি চ্ছেদঃ ॥২৫॥ বিদ্বান্ অজ্ঞানাং কর্ম্মস্বাসক্তানাং বুদ্ধিভেদং বুদ্ধেশ্চালনং ন জনয়েৎ নোৎপাদয়েৎ কিন্তু তান্ সর্ব্বাণি কর্ম্মাণি জোষয়েৎ সেবয়েৎ কথং যুক্ত আদৃতো ভূত্বা সমাচরন্ ॥২৬॥ অবিদ্বান্ কথং কর্ম্মসু সজ্জত ইত্যত আহ—

অতএব ভরতনন্দন! মূঢ় লোকেরা যেমন কর্ম্মফলে আসক্ত হইয়া কর্ম্ম করে, তেমন জ্ঞানীরাও কর্ম্মফলে আসক্ত না হইয়া লোকদিগকে আপন আপন ধর্ম্মে প্রবৃত্ত করাইবার ইচ্ছা করিয়া কর্ম্ম করিবেন ॥২৫॥

তাৎপর্য্য—মূঢ় লোকেরা কর্ম্ম করে ফলের জন্য; আর জ্ঞানীরা কর্ম্ম করিবেন লোকশিক্ষার জন্য ॥২৫॥

জ্ঞানী লোক, কর্ম্মনিরত অজ্ঞানীদিগের বুদ্ধিভ্রংশ জন্মাইবেন না; প্রত্যুত নিজে কর্ম্ম করিতে থাকিয়া মনোযোগ সহকারে তাহাদিগকে সমস্ত কর্ম্ম করাইবেন ॥২৬॥

তাৎপর্য্য—অজ্ঞ লোকেরা জ্ঞানীদিগের উপরে প্রগাঢ় বিশ্বাস করে; এ অবস্থায় জ্ঞানীরা যদি তাহাদিগকে বলেন যে, কর্ম্মগুলি মুক্তি জন্মাইতে পারে না, তবে অজ্ঞ লোকেরা কর্ম্ম একেবারে ত্যাগই করে; তাহা হইলে আর তাহাদের চিত্তের মল রাগদ্বেষাদি নষ্ট হয় না, জ্ঞানও হইতে পারে না, বদ্ধই থাকিয়া যায়। অতএব জ্ঞানী লোকেরা নিজেরা কর্ম্ম করিতে থাকিয়া তাহা দেখাইয়া আগ্রহের সহিত অজ্ঞদিগকে কর্ম্ম করাইবেন ॥২৬॥

তত্ত্ববিত্তু মহাবাহো! গুণকর্ম্মবিভাগয়োঃ।
গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে ॥২৮॥

ভারতকৌমুদী

নন্থ বিদ্বদবিদ্বদ্ভ্যামুভাভ্যামেব কর্ম্মকরণে তয়োর্ভেদঃ কথং জ্ঞায়ত ইত্যাহ শ্লোকদ্বয়েন। প্রকৃতেরিতি। অহঙ্কারেণ ইন্দ্রিয়েষু অহংজ্ঞানেন আত্মত্বাধ্যাসেনেত্যর্থঃ বিমূঢ় আত্মা বুদ্ধির্যস্য স তাদৃশো জনঃ, প্রকৃতেঃ সত্ত্বরজস্তমঃসাম্যাবস্থারূপস্য প্রধানস্য, গুণৈঃ কার্য্যভূতৈঃ শ্রোত্রাদিভিরিন্দ্রিয়ৈঃ কর্ত্তৃভিরেব, ক্রিয়মাণানি সর্বশঃ সর্ব্বাণি শ্রবণদর্শনাদীনি কর্ম্মাণি, অহং কর্ত্তা করণশীলঃ করোমীতি মন্যতে, ইন্দ্রিয়েষ্বাত্মত্বাধ্যাসাদেবেত্যাশয়ঃ ॥২৭॥

বিদ্বাংস্তু মননমন্যথাভূতমিত্যাহ তত্ত্ববিদিতি। হে মহাবাহো!। যো মহাবাহুত্বাৎ প্রবলান্ শত্রূন্ জয়তি তস্য উক্তবিধভ্রমমাত্রজয়ঃ সুকর এবেতি সম্বোধনেনৈতেন সূচিতম্। তুশব্দঃ প্রাগুক্তাদজ্ঞানিনো জ্ঞানিভেদং দ্যোতয়তি। গুণাঃ শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি কর্ম্মাণি শ্রবণাদীনি তেষাং কার্য্যাণি তেষাং বিভাগো পার্থক্যে তয়োঃ, তত্ত্ববিৎ যাথার্থ্যজ্ঞঃ, তথা চ অহং ন ইন্দ্রিয়াণি, অতএব তৎকর্ম্মাণ্যপি ন মম ইত্যেবং যাথার্থ্যং জানন্ জনঃ, গুণাঃ শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি, গুণেষু শব্দাদিষু বিষয়েষু বর্ত্তন্তে, ইতি মত্বা, ন সজ্জতে কর্ম্মফলেষু আসক্তো ন ভবতি, পরকর্ম্মণি পরস্য সম্বন্ধাভাবাদুদাসীন এব কর্ম্ম করোতীত্যর্থঃ। কর্ম্মকরণসাম্যদর্শনেঽপি উক্তবিধজ্ঞানাজ্ঞানদর্শনেনৈব বিদ্বদবিদুষোর্ভেদো জ্ঞায়ত ইত্যভিপ্রায়ঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রকৃতেরিতি। প্রকৃতেঃ পারমেশ্বর্য্যাঃ সত্ত্বরজস্তমোগুণাত্মিকায়া "দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়া"মিতি শ্রুতিপ্রসিদ্ধায়াঃ শক্তের্গুণৈঃ কার্য্যকারণসঙ্ঘাতাত্মকৈঃ ক্রিয়মাণানি কর্ম্মাণি অহঙ্কারেণ স্বস্মিন্নধ্যস্তেন বিমূঢ়ঃ তদীয়ান্ কর্ত্তৃত্বাদীনাত্মধর্ম্মত্বেন পশ্যন্ আত্মনশ্চ অসঙ্গানন্দসংবিদ্রূপতামপশ্যন্ আত্মা অহঙ্কারেণ বিমূঢ়শ্চাসাবাত্মা চেতি বিগ্রহঃ, অহং কর্ম্মাণি কর্ম্মণাং কর্ত্তেতি মন্যতে কর্ত্রধ্যাসেন। কর্ত্তাহহমিতি তৃন্প্রত্যয়ান্তেন ন "লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃনা-"মিতি ষষ্ঠীনিষেধঃ। অন্যথা তৃচ্প্রত্যয়ে কর্ম্মণাং কর্ত্তাহমিতি ষষ্ঠ্যা ভাব্যম্ ॥২৭॥ এবং সক্তস্য কর্ম্মাচরণং প্রদর্শ্যাসক্তস্য তৎপ্রদর্শয়তি তত্ত্ববিদিতি। গুণকর্ম্মবিভাগয়োঃ গুণবিভাগস্য কর্ম্মবিভাগস্য চ তত্ত্ববিদিতি ভাষ্যং নাহং গুণাত্মক ইতি গুণেভ্য আত্মনো বিভাগঃ নাহং কর্ম্মাত্মক ইতি কর্ম্মেভ্যশ্চাত্মনো বিভাগঃ। তয়োর্গুণকর্ম্মবিভাগয়োস্তত্ত্বং বেত্তীতি শ্রীধরঃ। মধুসূদনস্তু গুণাঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণানি অহঙ্কারাস্পদানি কর্ম্মাণি চ তেষাং ব্যাপারভূতানি মমকারাস্পদানি। গুণকর্ম্মেতি দ্বন্দ্বৈকবদ্ভাবঃ। বিভজ্যতে সর্ব্বেষাং জড়ানাং ভাসকত্বেন

ইন্দ্রিয়গুলিই সমস্ত কার্য্য করে; তথাপি অহঙ্কারবিমুগ্ধ লোক মনে করে যে, আমি করি ॥২৭॥

তাৎপর্য্য—কর্ণ শব্দ শ্রবণ করে এবং চক্ষু রূপ দর্শন করে, এইভাবে ইন্দ্রিয়গুলিই বাস্তবিকপক্ষে সকল কার্য্য করে; কিন্তু সেই ইন্দ্রিয়গুলির উপরে 'আমি' জ্ঞান করিয়া অজ্ঞ লোকেরা মনে করে যে, 'আমি শুনি, আমি দেখি' ইত্যাদি। এটা 'আমি' জ্ঞানের ভুল ॥২৭॥

প্রকৃতেগু´ণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।
তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ ॥২৯॥

ভারতকৌমুদী

"ন বুদ্ধিভেদং জনয়েৎ" ইত্যাদিনা প্রাগুক্তমেবার্থং পুনরুক্ত্যা দ্রঢ়য়তি। প্রকৃতেরিতি। প্রকৃতেঃ সত্ত্বরজস্তমঃসাম্যাবস্থারূপস্য প্রধানস্য, গুণেন কার্য্যেণ অহঙ্কারেণ দেহেন্দ্রিয়াদিষু

ভারতভাবদীপঃ

পৃথক্ ভবতীতি বিভাগঃ স্বপ্রকাশজ্ঞানরূপোঽসঙ্গ আত্মা গুণকর্ম্ম চ বিভাগশ্চেতি দ্বন্দ্বঃ, তয়োর্জ্জড়াজড়য়োস্তত্ত্বং যো বেত্তি সঃ, গুণাঃ করণাত্মকাঃ গুণেষু বিষয়ে বর্ত্তন্তে ইতি মত্বা ন সজ্জতে কর্ত্তৃত্বাভিনিবেশং ন করোতীত্যর্থঃ। গুণবিভাগস্য কর্ম্মবিভাগস্য চ তত্ত্ববিদিতি পক্ষে গুণকর্ম্মণোরিত্যেব সিদ্ধে বিভাগপদং ব্যর্থমিতি। যদ্বা যস্তত্ত্ববিৎ স গুণাঃ গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা গুণবিভাগে কর্ম্মবিভাগে চ ন সজ্জতে ইতি যোজনা। গুণানাং সত্ত্বরজস্তমসাং বিভাগো বুদ্ধাহঙ্কারজ্ঞানেন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়বিষয়রূপেণ বিভজ্যাবস্থানং তস্মিন্ন সজ্জতে ইদমহমিতি ন মন্যতে। তথাহি; শরীরে গৌরেঽহং গৌরোঽস্মি হস্তাভ্যামাত্তে ময়েদমাত্তমিতি চক্ষুষা দৃষ্টে ময়েদং দৃষ্টমিতি অহঙ্কারেণাভিমতে মমেদমিত্যভিমন্যতে। বুদ্ধৌ বিক্রিয়মাণায়ামহং সুখীতি চ সর্ব্বেষু বুদ্ধ্যাদিষু বিভজ্য গৃহ্যমাণেষ্বপি প্রত্যেকং প্রত্যক্ মধ্যস্থাঽহমিদমিতি মমেদং কর্ম্মেতি চ মন্যতে এতেন কর্ম্মবিভাগোঽপ্যাবশ্যকত্বেন ব্যাখ্যাতঃ। অন্যথা চিদাত্মন্যেব আদানাদিকর্ত্তৃত্বং দুঃখাদিমত্ত্বং চাপততি অয়ঞ্চ কর্ম্মবিভাগঃ শ্রুত্যাপি দর্শিতঃ। "অন্ধো মণিমবিন্দৎ তমনঙ্গুলিরাবয়ৎ অগ্রীবঃ প্রত্যমুঞ্চৎ তমজিহ্বো অসশ্চত" ইতি। অন্ধঃ স্বয়ং প্রকাশহীনোঽপি চক্ষুরাদির্মণিং রূপাদিকং বিষয়মবিন্দৎ প্রকাশয়তি। অনঙ্গুলিঃ কাষ্ঠ-লোষ্টাদিবৎ জড়ত্বাৎ স্বয়ং কর্ম্ম কর্ত্তুমশক্তোঽপি পাণ্যাদিঃ আবয়ৎ আসীব্যৎ বিষয়ম্ উপাদত্তে। অগ্রীবঃ ছিন্নশিরস্কবন্নির্জ্জীবোঽহঙ্কারস্তং প্রত্যমুঞ্চৎ গ্রীবায়াং ধারয়তি ময়েদং লব্ধমিতি মন্যতে। অজিহ্বো ধীধাতুঃ জড়ত্বাৎ স্বয়ং স্বগতসুখদুঃখয়োঃ পট ইব স্বগতরূপাদেঃ প্রকাশনে অসমর্থোঽপি অয়ং সুখী দুঃখীতি চানুভবতি। তথা চ আত্মানাত্মনোর্যাথাত্ম্যজ্ঞো ব্যাবৃত্তেষ্বহঙ্কারাদিষু তৎকর্ম্মসু চাভিমানাদিষু কুসুমেষু সূত্রমিবানুবর্ত্তমানমাত্মানং তেভ্যঃ পৃথগ্‌ভূতং জানন্ গুণা ধীচক্ষুরাদয়ো গুণেষু দুঃখরূপাদিষু বর্ত্তন্তে ন ত্বাত্মেতি মত্বা ন সজ্জতেঽহমেব হস্তাদিসঙ্ঘাতরূপো মমৈবেদমাদানাদিকং কর্ম্মেতি ন সক্তো ভবতীত্যর্থঃ ॥২৮॥ এবং সক্তা-

---

কিন্তু মহাবাহু অর্জ্জুন! যিনি যথার্থরূপে জানেন যে, ইন্দ্রিয় ও ইন্দ্রিয়-কর্ম্মগুলির সহিত আমার পার্থক্য আছে, তিনি মনে করেন—'ইন্দ্রিয়গুলি বিষয়ে প্রবৃত্ত হইয়া থাকে'। সুতরাং তিনি আর কর্ম্মফলে আসক্ত হন না ॥২৮॥

তাৎপর্য্য—জ্ঞানী লোক ইহা বিশেষভাবে বোঝেন যে, 'আমি ইন্দ্রিয় নহি এবং ইন্দ্রিয়ের কর্ম্মগুলিও আমার কর্ম্ম নহে; কিন্তু কর্ণপ্রভৃতি ইন্দ্রিয় শব্দপ্রভৃতি বিষয়ে প্রবৃত্ত হইয়া থাকে, তাহাতে আমার বিশেষ কোন সম্বন্ধ নাই; সুতরাং আমি আর পরের কর্ম্মফলে আসক্ত হইব কেন'। এইরূপ বুঝিয়া জ্ঞানী লোক কর্ম্মফলে আসক্ত হন না ॥২৮॥

মযি সর্বাণি কর্ম্মাণি সন্ন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশীর্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥৩০॥

ভারতকৌমুদী

আত্মন্যারোপেণেত্যর্থঃ সংমূঢ়া আত্মনি সম্যগ্‌ভ্রান্তা অজ্ঞানিনঃ, গুণানাং শ্রোত্রাদীনাং জ্ঞানেন্দ্রিয়াণাং বাগাদীনাঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণাং কর্ম্মসু শ্রবণাদিষু বচনাদিষু চ, সজ্জন্তে অহং শৃণোমি অহং বদামি ইত্যাদিরূপেণাসক্তিং ভজন্তে। তথাপি কৃৎস্নবিৎ ব্রহ্মজ্ঞানেন সর্বজ্ঞঃ, অকৃৎস্নবিদঃ ঘটপটাদিমাত্রজ্ঞানেন অসর্বজ্ঞান্, তান্, মন্দান্ মূঢ়ান্, ন বিচালয়েৎ কর্ম্মতোঽপি ন ভ্রংশয়েৎ; জ্ঞানকর্ম্মোভয়ত এব ভ্রংশসম্ভবাৎ ॥২৯॥

অথাজ্ঞানিনা ময়া কীদৃশেন ভাবেন কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ ময়ীতি। "আত্মৈবেদং সর্বম্" "ব্রহ্মৈবেদং সর্বম্" ইত্যাদিশ্রুত্যুক্তদিশা অধ্যাত্মম্ আত্মবিষয়ং যচ্চেতস্তেন পরমাত্মনি মনো নিবেশ্যেত্যর্থঃ, সর্বাণি কর্ম্মাণি, ময়ি পরমেশ্বরে, সংন্যস্য সাঙ্গতার্থং সমর্প্য, নির্ন বিদ্যতে আশীরাশা ফলকামনা যস্য সঃ, তথা নির্ম্মমঃ মমেদং ধনুঃ মমায়ং বাণঃ মমেদং যুদ্ধমিত্যাদিরূপমমতাবিহীনঃ, বিগতজ্বরঃ প্রাগুক্তবচনব্যূহস্মরণেন আত্মনো হননাদ্যসম্ভবাৎ তিরোহিতশোকসন্তাপশ্চ ভূত্বা, যুধ্যস্ব, যুদ্ধস্য স্বকীয়ক্ষত্রিয়কর্ম্মরূপত্বাদিতি ভাবঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

সক্তয়োঃ কর্ম্মাণি বিভজ্য সক্তকর্ম্মানুবাদপূর্ব্বকং ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানামিত্যুপক্রান্তমুপসংহরতি—প্রকৃতেরিতি। গুণৈরহঙ্কারাদিভিঃ স্বস্মিন্নধ্যস্তৈঃ সংমূঢ়াঃ একীভাবেন অভেদাধ্যাসেন মূঢ়াস্ত প্রকৃতেঃ প্রকৃতিসম্বন্ধিষু গুণেষু দেহাদিষু কর্ম্মসু গমনাদিষু চ সজ্জন্তে অহময়ং ব্রাহ্মণো মমৈবেদং যজ্ঞাদিকং কর্ম্মেতি সজ্জন্তে সক্তা ভবন্তি তান্ মূঢ়ত্বাৎ অকৃৎস্নবিদঃ আত্মজ্ঞানহীনান্ আত্মবিদ্ধি কৃৎস্নবিৎ। "আত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং সর্ব্বং বিদিত"মিতি শ্রুতেঃ। মন্দান্ শাস্ত্রার্থগ্রহণাসমর্থান্ কৃৎস্নবিৎ আত্মবিন্ন বিচালয়েৎ কর্ম্মনিষ্ঠাতো ন প্রচ্যাবয়েৎ তেষামুভয়ভ্রষ্টত্বাপত্তেঃ প্রকৃতেগু'ণৈঃ সংমূঢ়াঃ গুণানাং কর্ম্মসু সজ্জন্ত ইতি প্রাচাং যোজনা ॥২৯॥ ময়ীতি। ত্বন্ত অজ্ঞো মুমুক্ষুশ্চ ময়ি সর্ব্বান্তর্যামিণি সর্বাণি কর্ম্মাণি সংন্যস্য সমর্প্য অধ্যাত্মচেতসা আত্মানমধিকৃত্য প্রবৃত্তং শাস্ত্রম্ অধ্যাত্মং তত্র প্রবণেন চেতসা শাকপার্থিবাদিবন্মধ্যমপদলোপী সমাসঃ আত্মানাত্মবিবেকবতেত্যর্থঃ। ঈশ্বরপ্রেরিতোঽহং করোমীত্যনয়া বুদ্ধ্যা নিরাশীঃ ফলমনিচ্ছন্ নির্ম্মমো লব্ধে মমত্বাভিমানশূন্যশ্চ ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরো বিশোকঃ সন্ ॥৩০॥ যে ম ইতি। যেঽন্যেঽপি ত্বাদৃশাঃ মে মম মতম্

অহঙ্কারবিমূঢ় লোকেরা ইন্দ্রিয়ের কার্য্যে আসক্ত হইয়া পড়ে; তথাপি জ্ঞানী লোক সেই অসর্ব্বজ্ঞ মূঢ় লোকদিগকে কর্ম্মচ্যুত করিবেন না ॥২৯॥

তাৎপর্য্য—এই সমস্তই ব্রহ্ম। সুতরাং যিনি ব্রহ্মকে জানেন, তিনিই সর্ব্বজ্ঞ হন। আর যে লোক ব্রহ্মকে জানে না, সে লোক সর্বজ্ঞ হইতে পারে না এবং ইন্দ্রিয়গুলির উপরে 'আমি' জ্ঞান করিয়া 'আমি শুনি' 'আমি বলি' এইরূপ মনে করিয়া ইন্দ্রিয়ের কার্য্যে আসক্ত হইয়া পড়ে; তথাপি সেই সর্ব্বজ্ঞ সেই অজ্ঞ লোককে কর্ম্মভ্রষ্ট করিবেন না। কারণ, তাহা হইলে, তাহার জ্ঞান ত নাই-ই, আবার কর্ম্মও গেলে, তাহার কিছুই থাকে না ॥২৯॥

যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ ॥৩১॥
যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ ॥৩২॥

ভারতকৌমুদী

ইদানীমুক্তবিষয়ান্ স্তৌতি প্ররোচনার্থম্। য ইতি। যে মানবাঃ, শ্রদ্ধাবন্তো মদুক্তিষু বিশ্বাসবন্তঃ, অনসূয়ন্তঃ তাসু দোষাবিষ্কারনকুর্বন্তশ্চ সন্তঃ, ইদং মে মতং সম্মতং কর্ম্ম, নিত্যমনুতিষ্ঠন্তি, তেঽপি মানবাঃ, ক্রমশো জ্ঞানিন ইব প্রারব্ধৈঃ কর্ম্মভির্মুচ্যন্তে, জ্ঞানোদয়াৎ ॥৩১॥

উক্তবিপরীতান্ নিন্দতি নিবারণার্থম্। য ইতি। যে তু মানবাঃ, অভ্যসূয়ন্তো দোষাবিষ্কারং কুর্বন্তঃ সন্তঃ, এতন্মে মতম্ অভিমতং কর্ম্ম নানুতিষ্ঠন্তি; সর্ব্বস্মিন্ কর্ম্মবিষয়ে ব্রহ্মবিষয়ে চ জ্ঞানে বিমূঢ়ান্ বিচিত্তান্ ব্রহ্মবিষয়জ্ঞানে স্বত এব বিচিত্তান্ অভ্যসূয়য়া কর্ম্মবিষয়জ্ঞানে চ বিচিত্তানিত্যর্থঃ, অতএব অচেতসো বিবেকহীনান্ তান্, নষ্টান্ স্বর্গাপবর্গোভয়ত এব ভ্রষ্টান্, বিদ্ধি জানীহি ॥৩২॥

ভারতভাবদীপঃ

অসক্ত্যা কর্ম্মানুষ্ঠানম্ অনুতিষ্ঠন্তি অনুবর্ত্তন্তে মানবাঃ শ্রদ্ধাবন্তঃ অনসূয়ন্তঃ অত্র দোষমপশ্যন্তঃ তেঽপি স্বকর্ম্মভির্ধর্ম্মাধর্ম্মাখ্যৈঃ মুচ্যন্তে ॥৩১॥ বিপক্ষে দোষমাহ—যে ত্বিতি। সর্ব্বশব্দ ঈশ্বরবাচী। সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্ব ইতি নির্ব্বচনাৎ তস্য জ্ঞানে বিষয়ে বিশেষেণ মূঢ়ান্ পারম্যেণাপি তে ঈশ্বরমজানন্তো দেহমাত্রনিষ্ঠাস্তান্ নষ্টান্ স্বর্গাপবর্গভ্রষ্টান্ অচেতসঃ বিবেকশূন্যান্ ॥৩২॥ নন্বু তে চেত্তব মতং নানুতিষ্ঠন্তি তর্হি কথং তবান্তর্যামিত্বমিত্যাত

অর্জ্জুন! তুমি আমাতে মনোনিবেশ করিয়া এবং আমাতে সমস্ত কর্ম্ম সমর্পণ করিয়া নিষ্কাম, মমতাশূন্য ও শোকসন্তাপবিহীন হইয়া যুদ্ধ কর ॥৩০॥

তাৎপর্য্য—আমাতে কর্ম্ম সমর্পণ করিলে, তাহার কোন অঙ্গহানি ঘটিয়া থাকিলেও কোন দোষ হয় না এবং ঈশ্বরে মনোনিবেশ করিয়া কর্ম্ম করিলে, সে কর্ম্মে আসক্তি জন্মে না, কামনা বা মমতা না থাকিলে সে কর্ম্মদ্বারা বদ্ধও হইতে হয় না, তা'র পর আত্মার বধ হইতে পারে না বলিয়া শোকসন্তাপও করা উচিত নহে; আবার যুদ্ধটা ক্ষত্রিয়ের কার্য্য বলিয়া তাহা তোমার অবশ্যকর্ত্তব্য ॥৩০॥

যে সকল মানুষ আমার বাক্যে বিশ্বাস করিয়া এবং তাহার উপরে কোন দোষ আবিষ্কার না করিয়া আমার অভিমত এই কর্ম্ম করে, তাহারাও কর্ম্মবন্ধন হইতে মুক্ত হয় ॥৩১॥

তাৎপর্য্য—"জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণম্" তত্ত্বজ্ঞান অগ্নির তুল্য; সুতরাং তাহা জন্মিলেই প্রারব্ধ কর্ম্ম নষ্ট হইয়া যায়, সেই জন্যই জ্ঞানীর প্রারব্ধকর্ম্মনিবন্ধন বন্ধন হয় না। সেইরূপ আমার মতের উপরে দৃঢ় বিশ্বাস করিয়া কর্ম্ম করিতে থাকিলে, ক্রমে জ্ঞান জন্মিয়া কর্ম্মীরও প্রারব্ধ কর্ম্ম নষ্ট করিয়া থাকে ॥৩১॥

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি ।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥৩৩॥
ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ ।
তয়োর্ন বশমাগচ্ছেত্তৌ হ্যস্য পরিপন্থিনৌ ॥৩৪॥

ভারতকৌমুদী

ননু শাস্ত্রোপদেশো গুরূপদেশো বা তান্ কথং ন নিরুণদ্ধীত্যাহ সদৃশমিতি। জ্ঞানবানপি কা কথা মূর্খেষু গুণদোষবিবেচনযোগ্যো জনোঽপি, স্বস্যাঃ স্বকীয়ায়াঃ, প্রকৃতেঃ পূর্বজন্মার্জিত-কর্ম্মনিবন্ধনসংস্কারজনিতস্বভাবস্য, সদৃশমনুরূপম্, চেষ্টতে কর্ম্ম করোতি। অতএব ভূতানি সর্ব্ব এব প্রাণিনঃ, প্রকৃতিম্ উক্তরূপং স্বভাবম্, যান্তি অনুসরন্তি। তত এব চ নিগ্রহঃ শাস্ত্র-গুরূপদেশকৃতনিরোধঃ, তস্য তেষাং বা কিং কমুপকারং করিষ্যতি, অপি তু কিমপি নেত্যর্থঃ। অতঃ শ্রেয়স্কামিনা স্বপ্রকৃতিপরিবর্ত্তন এব যতিতব্যমিতি ভাবঃ ॥৩৩॥

অথ তর্হি শাস্ত্রগুরূপদেশো ব্যর্থ এবেত্যাহ ইন্দ্রিয়স্যেতি। ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যেতি বীপ্সায়াং দ্বিরুক্তিঃ, তেন সর্ব্বেষামিন্দ্রিয়াণাম্, অর্থে শব্দস্পর্শাদিবিষয়ে, রাগো বিষয়সৌন্দর্য্যাত্তত্র চিন্তা-

ভারতভাবদীপঃ

আহ—সদৃশমিতি। স্বস্যাঃ প্রকৃতেঃ স্বকীয়স্য প্রাগ্‌ভবীয়ধর্ম্মাধর্ম্মসংস্কারস্য সদৃশমনুরূপং জ্ঞান-বানপি চেষ্টতে কিমু মূর্খঃ। পশ্বাদিভিশ্চাবিশেষাদিতি ন্যায়াৎ তস্মাৎ প্রকৃতিং যান্তি অনুসরন্তি ভূতানি প্রাণিনস্তত্র মম বান্যস্য বা নিগ্রহঃ কিং করিষ্যতি ন কিমপি অহমপি পূর্ব্বকর্ম্মাপেক্ষয়ৈব তান্ প্রবর্ত্তয়ামীতি ভাবঃ ॥৩৩॥ এবং তর্হি পুরুষস্য স্বাতন্ত্র্যাভাবাদ্বিধিনিষেধশাস্ত্রং ব্যর্থ-মিত্যাশঙ্ক্যাহ—ইন্দ্রিয়স্যেতি। ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যেতি দ্বির্ব্বচনং বীপ্সায়াং প্রত্যেকিন্দ্রিয়ং স্বে স্বেঽর্থে শব্দাদৌ বচনাদৌ চ বিষয়ে রাগদ্বেষৌ অনুকূলে রাগঃ প্রতিকূলে দ্বেষশ্চ ব্যবস্থিতৌ নিত্যসংবদ্ধৌ তত্র তয়োর্বশং নাগচ্ছেদিতি শাস্ত্রস্যাভানুজ্ঞা পুরুষস্য চ তদনুষ্ঠানে স্বাতন্ত্র্য-

অর্জ্জুন। আর যাহারা দোষ আবিষ্কার করিয়া আমার অভিমত এই কর্ম্মের অনুষ্ঠান করে না, তাহাদিগকে সমস্ত-জ্ঞান-শূন্য, বিবেকবিহীন ও বিনষ্ট বলিয়া তুমি অবগত হও ॥৩২॥

তাৎপর্য্য—যাহাদের ব্রহ্মজ্ঞান হয় নাই বা হইবার সম্ভবও নাই, তাহারা যদি আবার কর্ম্মও না করে, তবে তাহাদের স্বর্গ বা অপবর্গ কোনটাই হয় না ॥৩২॥

জ্ঞানী লোকও আপন স্বভাবের অনুরূপ কার্য্য করেন। সুতরাং সকল প্রাণীই আপন আপন স্বভাবের অনুসরণ করে। অতএব শাস্ত্র বা গুরুর উপ-দেশের বাধা তাহাদের কি করিবে ॥৩৩॥

তাৎপর্য্য—পূর্ব্বজন্মে যে সকল কার্য্য করা হইয়াছিল, তদনুসারে ইহ জন্মে প্রাণি-গণের এক একপ্রকার স্বভাব হয়; সেই সেই স্বভাবের অনুরূপ কার্য্যই প্রাণীরা করিতে থাকে। সুতরাং শাস্ত্রোপদেশ বা গুরূপদেশ তাহাদের কার্য্যে কোন বাধা দিতে পারে না ॥৩৩॥

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

কর্ণাদৌ দ্বেষস্ত্বৈরূপ্যাচ্চিত্তবৈমুখ্যং তৌ ব্যবস্থিতৌ স্বভাবসিদ্ধৌ অতো বিবেকী তয়ো রাগদ্বেষয়োঃ, বশমধীনতাম্, নাগচ্ছেৎ ন প্রাপ্নুয়াৎ। হি যস্মাৎ, তৌ রাগদ্বেষৌ, অস্য পুরুষস্য, পরিপন্থিনৌ শত্রূ, সর্ব্বানর্থোৎপাদনাদিত্যাশয়ঃ ॥৩৪॥

অথ কর্ম্ম কর্ত্তব্যমেব চেত্তর্হি নির্দোষং কর্ম্মৈব ময়া করণীয়ম্। এবঞ্চ যুদ্ধস্য হিংসাদোষকলুষিতত্বাৎ ভিক্ষাবাণিজ্যসেবানামেকতমং সর্ব্বমেব বা হিংসাদোষবিরহিতং কর্ম্মাহং করিষ্যামীত্যাহ শ্রেয়ানিতি। স্বনুষ্ঠিতাৎ সর্বাঙ্গসম্পন্নভাবেন কৃতাদপি, পরধর্ম্মাৎ ভিন্নবর্ণা-

ভারতভাবদীপঃ

মস্তি। হি যতঃ তৌ রাগদ্বেষাবেবাস্য প্রাণিনঃ পরিপন্থিনৌ বিরোধিনৌ দৃষ্টদ্বারেণ প্রবর্ত্তকত্বাৎ ন তু প্রকৃত্যনুসারী ঈশ্বরোঽস্য পরিপন্থী তস্য বৈষম্যাদিদোষাপত্তেঃ। অয়ং ভাবঃ— যথা হ্যস্তেনেন স্বাজ্ঞোল্লঙ্ঘনজেনাপরাধেন কুপিতো রাজাঽপরাধিনং হি নিগড়াদৌ নিগ্রহীতুং স্বীয়ান্ ভটান্ প্রবর্ত্তয়তি স এবাস্তেনেন দানমানেন প্রসাদিত এনং তেষামেব ভটানামাধিপত্যে নিযুঙ্ক্তে। এবং পূর্ব্বকর্ম্মানুসারী ঈশ্বরো রাগাদিদ্বারা পুরুষং বাধমানোঽপি বিধিপ্রতিষেধশাস্ত্রানুসারিণা তেনৈব ভক্তিধ্যানপ্রণিধানেনাবর্জিতঃ এনং রাগাদিজয়ে নিযুঙ্ক্তে তস্মাদ্বিধিপ্রতিষেধশাস্ত্রস্য নানর্থক্যং পুরুষস্য স্বাতন্ত্র্যসত্ত্বাৎ নাপীশ্বরে বৈষম্যাদিকং প্রাণিকর্ম্মায়ত্তত্বাদিতি ॥৩৪॥ যস্মাদেবং তস্মাৎ শ্রেয়ান্ প্রশস্ততরঃ স্বধর্ম্মঃ স্বস্য বর্ণাশ্রমানুরূপেণ ঈশ্বরেণ বিহিতত্বাৎ বিগুণো হিংসাদিমিশ্রোঽপি কিঞ্চিদঙ্গহীনোঽপি পরধর্ম্মাৎ হিংসাদিদোষরহিতপরধর্ম্মাপেক্ষয়া স্বনুষ্ঠিতাৎ সর্বাঙ্গোপসংহারেণ সম্যগনুষ্ঠিতাদপি স এব শ্রেয়ান্ স্বধর্ম্মে

প্রত্যেক ইন্দ্রিয়ের বিষয়েই রাগ ও দ্বেষ রহিয়াছে। অতএব বুদ্ধিমান্ লোক সেই দুইটার বশীভূত হইবেন না। কারণ, সেই দুইটাই মানুষের শত্রু ॥৩৪॥

তাৎপর্য্য—কর্ণের বিষয় শব্দ এবং ত্বকের বিষয় স্পর্শ, এইরূপ এক একটা ইন্দ্রিয়ের এক একটা বিষয় আছে; সেই বিষয় যদি মনোহর হয়, তবে তাহাতে অনুরাগ জন্মে, আর যদি তাহা খারাপ হয়, তবে তাহাতে বিদ্বেষ জন্মে; রাগ জন্মিলেই সেই বিষয় বা বস্তু ভোগ করিতে ইচ্ছা হয় এবং ভোগ করে, সেই ভোগেই বদ্ধ থাকিয়া যায়; আবার দ্বেষ জন্মিলেও সেই বিষয় বা বস্তু দূর করিবার ইচ্ছা হয় এবং মানুষ তাহা দূর করিবার চেষ্টা করিতে থাকে, তাহাতেও বদ্ধ থাকিয়া যায়। সুতরাং বুদ্ধিমান্ লোক শত্রু বলিয়া সেই রাগ ও দ্বেষকে ত্যাগ করিবেন ॥৩৪॥

আপন ধর্ম্মে গুণ না থাকিলেও এবং পরধর্ম্ম সর্ব্বাঙ্গসম্পন্ন করিয়া অনুষ্ঠান করিলেও, সে পরধর্ম্ম হইতে সে আপন ধর্ম্ম শ্রেষ্ঠ। অতএব আপন ধর্ম্মে মৃত্যুও ভাল, কিন্তু পরধর্ম্ম সর্বদাই ভয়াবহ ॥৩৫॥

অর্জ্জুন উবাচ।

অথ কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পূরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয়! বলাদিব নিযোজিতঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

শ্রমধর্ম্মাৎ, বিগতো হিংসাদিসম্বেন দূরীভূতঃ গুণ উৎকর্ষো যস্য স তাদৃশোঽপি, স্বধর্ম্মঃ স্বকীয়-বর্ণাশ্রমধর্ম্মঃ, শ্রেয়ান্ শ্রেষ্ঠঃ, শাস্ত্রবিহিততয়া স্বর্গজনকত্বাৎ পরধর্ম্মস্য চ শাস্ত্রনিষিদ্ধতয়া নরকোৎপাদকত্বাদিতি ভাবঃ। অতএব স্বধর্ম্মে নিধনং মরণমপি শ্রেয়ঃ প্রশস্ততরম্, স্বর্গ-প্রাপ্তিসম্ভবাৎ, পরধর্ম্মস্তু সর্বদৈব ভয়াবহঃ, নরকহেতুত্বাৎ ॥৩৫॥

সন্দিহানঃ পৃচ্ছন্নর্জ্জুন উবাচ অথেতি। অথ প্রশ্নে। হে বার্ষ্ণেয়! বৃষ্ণিবংশ্য! কৃষ্ণ! অয়ং দৃশ্যমানঃ পূরুষো মানবঃ, পাপং কর্ত্তুমনিচ্ছন্নপি, বলাদেব কেনচিৎ পাপে নিযোজিত ইব বর্ত্ততে, তদয়ং কেন প্রযুক্তঃ প্রেরিতঃ সন্ পাপম্, চরতি করোতি? ॥৩৬॥

ভারতভাবদীপঃ

যুদ্ধাদৌ নিধনং মরণমপি শ্রেয়ঃ বিহিতত্বাৎ পরস্য ধর্ম্মো ভৈক্ষচর্য্যাদির্ভয়াবহঃ ক্ষত্রিয়স্য তব নিষিদ্ধত্বাৎ। তস্মাৎ স্বতন্ত্রেণ ত্বয়া স্বধর্ম্ম এবানুষ্ঠেয় ইতি ভাবঃ ॥৩৫॥ ঈশ্বরো ধর্ম্মাধর্ম্মৌ রাগদ্বেষৌ বা পুরুষস্য প্রবর্ত্তকৌ ভবত ইত্যাত্মনোঽস্বাতন্ত্র্যং মন্বানোঽর্জ্জুন উবাচ—অথ কেনেতি। কেন ঈশ্বরাদীনামন্যতমেনান্যেন বা প্রযুক্তঃ প্রবর্ত্তিতঃ সন্নয়ং পুরুষঃ পাপমনিষ্টং চরতি করোতি অনিচ্ছন্নিত্যনেন রাগদ্বেষয়োঃ প্রবর্ত্তকত্বং নিরস্তম্। সতি হি রাগে ইচ্ছা ভবতি অত ইচ্ছায়া অভাবাদ্রাগাভাবঃ রাগস্যাপ্রবর্ত্তকত্বে তন্মূলভূতসংস্কারহেত্বোর্ধর্ম্মা-ধর্ম্ময়োরপ্রবর্ত্তকত্বং ততশ্চ তৎসাপেক্ষস্য ঈশ্বরস্যাপীতি সর্ব্বোষামাক্ষেপঃ তস্মাদন্যৎ প্রবর্ত্তকং যত্তদ্বাচ্যমিত্যর্থঃ। বলাদিব নিযোজিতঃ বিষ্টিগৃহীত ইবেত্যর্থঃ ॥৩৬॥ অত্রোত্তরং কামময়

তাৎপর্য্য—অর্জ্জুন! ব্রাহ্মণের ধর্ম্ম—ভিক্ষা, বৈশ্যের ধর্ম্ম—বাণিজ্য এবং শূদ্রের ধর্ম্ম—সেবা, এগুলিতে হিংসা নাই; আর তুমি ক্ষত্রিয়—তোমার ধর্ম্ম—যুদ্ধ, তাহাতে হিংসা আছে। তথাপি ভিক্ষাপ্রভৃতি ধর্ম্ম অবলম্বন করা তোমার উচিত নহে। কারণ, স্বধর্ম্ম শাস্ত্রবিহিত বলিয়া তাহা করিলে পুণ্য জন্মিবে এবং পরিণামে স্বর্গ হইবে; আর পরধর্ম্ম তোমার পক্ষে শাস্ত্রনিষিদ্ধ বলিয়া তাহা করিলে পাপ জন্মিবে এবং পরিণামে নরক হইবে। অতএব স্বধর্ম্মে মৃত্যুও ভাল, আর পরধর্ম্ম সর্ব্বদাই ভয়জনক। সুতরাং স্বধর্ম্ম বলিয়া তোমার যুদ্ধ করাই উচিত ॥৩৫॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! মানুষ পাপ করিতে ইচ্ছা না করিলেও তাহাকে যেন বলপূর্ব্বক তাহাতে প্রবৃত্ত করে; সুতরাং কাহাকর্ত্তৃক নিযুক্ত হইয়া মানুষ পাপ করে'? ॥৩৬॥

তাৎপর্য্য—পাপের ফল অনর্থ বলিয়া মানুষ পাপ করিতে চায় না; তথাপি কেহ যেন ঘাড় ধরিয়া তাহাকে পাপ করায়! সেটা কে? ॥৩৬॥

শ্রীভগবানুবাচ।

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

অত্র শ্রীভগবানুত্তরমুবাচ কাম ইতি। হে অর্জ্জুন! রজোগুণাৎ সমুদ্ভবতীতি সঃ, মহৎ অশনং ভোজনং ভোজনশক্তির্যস্য সঃ যাবন্তি দীয়ন্তে তাবন্ত্যেবাশ্নাতীত্যর্থঃ। রাক্ষসতুল্য ইতি গম্যতে। মহান্ পাপ্মা পাপং যস্মাৎ স তাদৃশশ্চ, এষ ইত্যঙ্গুলীচালনেন দুর্য্যোধনগতত্ব-নির্দ্দেশঃ। এবমন্যত্রাপি। কামো বিষয়াভিলাষঃ, ক্রোধঃ কামপ্রতিঘাতজাতশ্চিত্তজ্বলনা-ত্মকো বৃত্তিবিশেষশ্চ বর্ত্ততে। ইহ পাপচরণে, এনং কামং ক্রোধঞ্চ, বৈরিণং প্রযোজকত্বয়া শত্রুম্, বিদ্ধি জানীহি। দুর্য্যোধন এবাত্র নিদর্শনমিতি ভাবঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

এবায়ং পুরুষ ইত্যাদিশ্রুতিসিদ্ধঃ ভগবানুবাচ—কাম এষ ইতি। এষ প্রসিদ্ধঃ কামঃ "সোঽকাময়ত জায়া মে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম্ম কুর্ব্বীয়" ইতি শ্রুতেরিদং মে ভূয়াদিদং মে ভূয়াদিতি তীব্রাভিলাষহেতুভূতশ্চেতসোঽনবস্থিতত্বাপাদকো বৃত্তিবিশেষঃ স চ চেতোরূপ এব। কামঃ সঙ্কল্প ইত্যুপক্রম্যৈতৎ সর্বং মন ইত্যুপসংহারাৎ। স এষ কামঃ কেনচিন্নিমিত্তেন প্রতিহতঃ ক্রোধরূপেণ পরিণমতেঽতঃ ক্রোধোঽভিজ্বলনাত্মাপ্যেষ এব তমেন-মিহ শরীরেঽন্তঃস্থিতং বৈরিণং বিদ্ধি। কুতো বৈরী যতঃ রজোগুণসমুদ্ভবঃ রজো রঞ্জনাত্মকঃ প্রাকৃতো গুণস্তস্য গুণৌ কার্য্যভূতৌ তৃষ্ণাসঙ্গৌ তাবেব উদ্ভবো যস্য সঃ রজঃকার্য্যত্বাৎ দুঃখৈক-ফলোঽয়মতো বৈরী। যদ্বা রজোগুণস্য লোভপ্রবৃত্ত্যাদিলক্ষণস্য সমুদ্ভবো যস্মাৎ। ননু বিষয়াভিলাষাত্মকঃ কামো বিষয়ার্পণেন শাম্যতি বিষয়স্য দৌর্লভ্যনিশ্চয়ে স্বত এব বা নিবর্ত্ততে অন্ধ ইব রূপদর্শনাভিলাষাদিত্যাশঙ্ক্যাহ—মহাশনো মহাপাপ্মেতি। মহৎ দাতু-মপারণীয়ম্ অশনমস্য স তথা। যথোক্তম্—"ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥" ইতি। "যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ। নালমেকস্য তৎসর্ব্বমিতি মত্বা শমং ব্রজে"দিতি। তথা মহাপাপ্মা অত্যুগ্রঃ স হি সহস্রশঃ প্রবোধিতোঽপি ন নিবর্ত্ততে তদ্বদয়মপি দুশ্চিকিৎস্যঃ মহাশনত্বান্নায়ং বৈরী দানসাধ্য নাপি সামভেদসাধ্যঃ অত্যুগ্রত্বাৎ অতো হন্তব্য এবেতি ॥৩৭॥ অস্য বৈরিত্বমেব বিবৃণোতি—

কৃষ্ণ বলিলেন—'এই কাম এবং এই ক্রোধ রজোগুণ হইতে উৎপন্ন হয়; ইহাদের খাদ্য অতিপ্রচুর এবং ইহারা মহাপাপও জন্মাইয়া থাকে। সুতরাং তুমি ঐ দুইটাকেই এই পাপপ্রবর্ত্তক শত্রু বলিয়া অবগত হও ॥৩৭॥

তাৎপর্য্য—রাক্ষসকে যত খাদ্য দেওয়া যায়, কিছুতেই যেমন তাহার উদর পূর্ণ হয় না, তেমন কামকেও যত কাম্য বস্তু দেওয়া যায়, কিছুতেই তাহা পূর্ণ হয় না। সুতরাং কাম একটা রাক্ষস; ক্রোধও সেইরূপ। এই কাম-ক্রোধই মানুষকে পাপে প্রবর্ত্তিত করে ॥৩৭॥

ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ।
যথোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥৩৮॥
আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা।
কামরূপেণ কৌন্তেয়! দুষ্পূরেণানলেন চ ॥৩৯॥

ভারতকৌমুদী

কামস্য বৈরিত্বং প্রতিপাদয়তি ধূমেনেতি। স্বকীয়েন ধূমেন বহ্নির্যথা আব্রিয়তে আচ্ছাদ্যতে; মলেন আগন্তুকেন ধূল্যাদিনা চ যথা আদর্শো দর্পণঃ, আব্রিয়তে; উল্বেন জরায়ুণা চ যথা গর্ভ আবৃতস্তিষ্ঠতি; তথা তেন কামেন, ইদং জ্ঞানমাবৃতম্। ধূমেন বহ্ন্যাবরণম্ অংশতস্তৎপ্রকাশনিরোধঃ, মলেন আদর্শাবরণং প্রতিবিম্বগ্রহণবাধা, জরায়ুণা গর্ভাবরণঞ্চ তৎপরিবেষ্টনম্, কামেন জ্ঞানাবরণস্তু তত্ত্বস্ফুরণপ্রতিবন্ধঃ। এবঞ্চ পরমোপকারিণো জ্ঞানস্য স্ফুরণপ্রতিবন্ধাৎ কামস্য বৈরিত্বমিতি ভাবঃ ॥৩৮॥

অন্যথাপি কামস্য বৈরিত্বং সমর্থয়তি আবৃতমিতি। হে কৌন্তেয়! দুঃখেন পূর্য্যতে কাম্যদানেন সফলঃ ক্রিয়ত ইতি তেন। অসংখ্যকাম্যবস্তুদানেনাপি তৎপূরণং ন জায়ত ইতি দুষ্পূরত্বমেবাস্যেতি ভাবঃ। তথা অনলেন অগ্নিস্বরূপেণ চ, পূরণাভাবে সন্তাপজননাৎ দারুসদৃশকাম্যদানেন বৃদ্ধিপ্রাপ্তেশ্চেত্যাশয়ঃ। কামরূপেণ এতেন নিত্যবৈরিণা চিরশত্রুণা, চিরমেব জ্ঞানস্ফুরণপ্রতিবন্ধাদিত্যভিপ্রায়ঃ, জ্ঞানিনো জ্ঞানমাবৃতং তত্ত্বপ্রকাশে নিরুদ্ধম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

ধূমেনেত্যাদিনা। উল্বেন গর্ভবেষ্টনেন জরায়ুণা তেন কামেন ইদং বক্ষ্যমাণং জ্ঞানমাবৃতম্ আবরণীয়স্য ত্রৈবিধ্যাত্তদনুগুণং দৃষ্টান্তত্রয়ং জ্ঞেয়ম্ ॥৩৮॥ আবৃতমিতি। জ্ঞানম্ অন্তঃকরণসত্ত্বম্। "হ্রীর্ধীর্ভীরিত্যেতৎসর্ব্বং মন এবে"তি শ্রুতেঃ। এতেন কামেন রজোগুণাত্মকেন আবৃতং জ্ঞানিনঃ অন্তঃকরণবিশিষ্টস্য প্রমাতুর্নিত্যবৈরিণা কামরূপেণ দুষ্পূরেণ পূরয়িতুমযোগ্যেন। অয়ং হি পূর্য্যমাণোঽনর্থানেব প্রসবেৎ অনলেন অথাপি পূর্য্যতে চেৎ অনলঃ নাস্ত্যলং পর্য্যাপ্তির্যস্য স তথা তেনানলেন ন হ্যনলঃ কাষ্ঠৈস্তর্পয়িতুং শক্যঃ কিন্তু বর্দ্ধত এব তদ্বদয়মপীত্যর্থঃ। অয়ং ভাবঃ—অন্তঃকরণসত্ত্বং হি বহ্নিবৎ প্রকাশাত্মকং তৎসহজেন কামেন বহ্নিরিব ধূমেনাবৃতং চেৎ প্রমাতারমনর্থে পাতয়তি অন্যথা তদেব স্বভাবশুদ্ধত্বাৎ বিবেকবৈরাগ্যোপগং ভূত্বা তমুদ্ধরেৎ অতোঽয়ং কামো জ্ঞানিনো নিত্যবৈরীতি ॥৩৯॥ কিঞ্চ

ধূম যেমন অগ্নিকে, মল যেমন দর্পণকে এবং জরায়ু যেমন গর্ভকে আবরণ করে; সেইরূপ কাম জ্ঞানকে আবরণ করে ॥৩৮॥

তাৎপর্য্য—ধূম যেমন অগ্নির সম্পূর্ণ প্রকাশে বাধা করে, মল যেমন দর্পণে প্রতিবিম্ব পড়িতে দেয় না এবং জরায়ু যেমন বেষ্টন করিয়া রাখিয়া গর্ভকে নিরুদ্ধ রাখে, কামও সেইরূপ জ্ঞানকে তত্ত্বনির্ণয় করিতে দেয় না ॥৩৮॥

অর্জ্জুন! যাহাকে পূর্ণ করা দুষ্কর এবং পূর্ণ করিতে না পারিলে অগ্নির

ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে।
এতৈর্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনম্ ॥৪০॥
তস্মাত্ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ!।
পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞাননাশনম্ ॥৪১॥

ভারতকৌমুদী

অথ ক্বাসৌ দুরাত্মা তিষ্ঠতীত্যাহ ইন্দ্রিয়াণীতি। অস্য কামস্য, ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিশ্চ এতৎ সর্ব্বম্, অধিষ্ঠানমাশ্রয় উচ্যতে, শ্রোত্রাদীনামিন্দ্রিয়াণাং শ্রবণাদিনা ব্যাপারেণ, মনসঃ সঙ্কল্পেন বুদ্ধেশ্চাধ্যবসায়েনাবির্ভাবাদিতি ভাবঃ। এষ কামঃ, এতৈরিন্দ্রিয়াদিভিঃ, জ্ঞানম্ আবৃত্য প্রতিবধ্য, দেহিনং জীবমাত্রমেব, মোহয়তি অকার্য্যে কার্য্যভ্রমং জনয়ন্ কুপথে প্রবর্ত্তয়তি। অতোঽয়ং নিত্যবৈরী সর্ব্বথা মুমুক্ষুণা জেতব্য ইত্যাশয়ঃ ॥৪০॥

তস্মাদিতি। তস্মাৎ কামস্যেন্দ্রিয়াদীনামধিষ্ঠানত্বাৎ, হে ভরতর্ষভ! অর্জ্জুন! ত্বম্, আদৌ কামকর্ত্তৃকমোহনাৎ পূর্ব্বমেব, ইন্দ্রিয়াণি, নিয়ম্য দময়িত্বা, জ্ঞানং মোক্ষোপযোগিনী

ভারতভাবদীপঃ

প্রকৃতিপুরুষবিবেকেন বিজ্ঞানং বক্ষ্যন্নাদৌ প্রকৃতিং বক্তি ভূমিরিতি। প্রক্রিয়তে জগৎ সৃজ্যতে অনয়েতি ব্যুৎপত্ত্যা তত্ত্বান্তরারম্ভকত্বং প্রকৃতিত্বমিতি প্রকৃতিলক্ষণং বক্তব্যম্। তত্ত্বেতি করণাৎ ঘটাদ্যারম্ভকত্বেঽপি ভূমের্ন প্রকৃতিত্বম্, ঘটাদেস্তত্ত্বাভাবাৎ সাংখ্য-পরিগণিতচতুর্বিংশতিপদার্থানামেব তত্ত্বত্বাদিতি নাতিব্যাপ্তিঃ। গন্ধতন্মাত্রাদীনাঞ্চ ভূম্যাদি-তত্ত্বারম্ভকত্বাৎ প্রকৃতিত্বমিতি নাব্যাপ্তিরপি। এবঞ্চ ভূম্যাদিপদৈর্গন্ধতন্মাত্রাদয়ো লক্ষ্যন্তে। তথা চ সাংখ্যকারিকাপি—"মূলপ্রকৃতিরবিকৃতির্মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ।" ইত্থঞ্চ ভূমির্গন্ধতন্মাত্রম্, আপো জলং রসতন্মাত্রম্, অনলস্তেজো রূপতন্মাত্রম্, বায়ুঃ স্পর্শতন্মাত্রম্, খমাকাশং শব্দতন্মাত্রম্, মনো মনসঃ কারণ-মহঙ্কারতত্ত্বম্, বুদ্ধির্মহত্তত্ত্বম্, অহং করোতীতি ব্যুৎপত্ত্যা অহঙ্কারবীজীভূতা মূলপ্রকৃতিঃ, ইতি ইত্থম্ অষ্টধা ভিন্না ভেদমাপন্না, ইয়ং মে প্রকৃতিঃ শক্তিরূপা ত্রিগুণাত্মিকা মায়া বর্ত্ততে ॥৪॥

ভারতভাবদীপঃ

সর্ববিজ্ঞানং প্রতিজ্ঞায় তদুপপত্তয়ে সর্ব্বস্য জড়াজড়প্রপঞ্চস্য জ্ঞানাত্মকব্রহ্মপ্রভবত্বমাহ ত্রিভিঃ—ভূমিরিতি। অত্র ভূম্যাদিপদৈস্তত্তৎকারণান্যেব গৃহ্যন্তে প্রকৃতিরিত্যধিকারাৎ স্থূলভূম্যাদেশ্চ বিকৃতিমাত্রত্বাৎ। তথা চ ভূমিরিতি গন্ধতন্মাত্রম্। আপ ইতি রসতন্মাত্রম্। অনল ইতি রূপতন্মাত্রম্। বায়ুরিতি স্পর্শতন্মাত্রম্। খমিতি শব্দতন্মাত্রম্। মন ইতি তৎকারণমহঙ্কারঃ। বুদ্ধিরিতি সমষ্টিবুদ্ধির্মহত্তত্ত্বম্। অহঙ্করোত্যনয়েত্যহঙ্কারো মূলপ্রকৃতিঃ। করণে ঘঞো দুর্লভত্বেঽপ্যগত্যা বাহুলকাত্তদ্বোধ্যম্। ইয়ং মে মত্তোঽভিন্না পৃথক্সিদ্ধা শুক্তিশকলাদিব রজতম্ অষ্টধা অষ্টপ্রকারা প্রকৃতির্জড়প্রপঞ্চোপাদানভূতা। যদ্বা নাত্রাব্যক্তমহদহঙ্কার পঞ্চতন্মাত্রাণ্যেবাষ্টৌ সাঙ্খ্যাভিমতা এব প্রকৃতয়ো গ্রাহ্যা ইতি নিয়মোঽস্তি। মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতীতি মনস ইন্দ্রিয়ান্তরপ্রকৃতিত্বশ্রবণেন সপ্ত নবাপি প্রকৃতয়ঃ। তথা চৈবং যোজ্যম্ ইয়ং মে মদভিন্নাপ্রকৃতিরব্যাকৃতাখ্যা ভূম্যাদিভেদেনাষ্টধেতি মূলপ্রকৃতেরত্র ভূম্যা-দিভিঃ সহ পাঠাজ্জন্যত্বমবগম্যতে ন সাঙ্খ্যানামিবাজন্যত্বম্। "তস্মাদব্যক্তমুৎপন্নং ত্রিগুণং দ্বিজসত্তমে"তি। "অব্যক্তং পুরুষে ব্রহ্মন্নিষ্কলে প্রবিলীয়ত" ইতি চ। তস্যা অপি প্রভব-

সহস্র সহস্র মানুষের মধ্যে কোন এক মানুষই তত্ত্বজ্ঞানলাভের জন্য যত্ন করে, আবার সহস্র সহস্র যত্নকারী তাদৃশ তত্ত্বজ্ঞানীর মধ্যে কোন একজন যথার্থরূপে আমাকে জানে ॥৩॥

তাৎপর্য্য—মনুষ্যভিন্ন প্রাণিগণের মধ্যে ব্রহ্মজ্ঞানের ত সম্ভাবনাই নাই, মনুষ্যগণের মধ্যেও তাহা বিরল। সুতরাং সে ব্রহ্মজ্ঞান অতিদুর্লভ ॥৩॥

গন্ধতন্মাত্র, রসতন্মাত্র, রূপতন্মাত্র, স্পর্শতন্মাত্র, শব্দতন্মাত্র, অহঙ্কার, বুদ্ধি ও মূলপ্রকৃতি, এই অষ্টবিধ-ভেদ-প্রাপ্ত আমার এক প্রকৃতি আছে ॥৪॥

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্ ।
জীবভূতাং মহাবাহো ! যয়েদং ধার্য্যতে জগৎ ॥৫॥
এতদ্‌যোনীনি ভূতানি সর্বাণীত্যুপধারয় ।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥৬॥

ভারতকৌমুদী

উক্তায়াঃ প্রকৃতেঃ সংজ্ঞামভিধায় অন্যস্যাঃ প্রকৃতেরপি সলক্ষণাং সংজ্ঞামভিধত্তে। অপরেতি। হে মহাবাহো ! ইয়মুক্তা অষ্টভেদভিন্না প্রকৃতিঃ, অপরা জড়ত্বেনাপকর্ষাৎ অপরানাম্নী। ইতঃ প্রকৃতেরন্যাম্, জীবভূতাং জীবস্বরূপাম্, পরাং চেতনতয়া উৎকর্ষাৎ পরানাম্নীম্, মে মম, প্রকৃতিম্, বিদ্ধি জানীহি। যয়া পরাখ্যয়া জীবভূতয়া প্রকৃত্যা, ইদং প্রাণ্যাত্মকং জগৎ, ধার্য্যতে রক্ষ্যতে, জীবাভাবে প্রাণাভাবেন প্রাণিত্বাসম্ভবাৎ ॥৫॥

ভারতভাবদীপঃ

প্রলয়য়োঃ স্মরণাৎ ॥৪॥ এবং ক্ষেত্রাত্মিকাং প্রকৃতিমুক্ত্বা ক্ষেত্রজ্ঞাত্মিকাং তামাহ—অপরেয়মিতি। ইয়ং প্রাগুক্তা সাপরা অশ্রেষ্ঠা জড়ত্বাৎ। ইতস্তু বিলক্ষণামন্যাং পরাং চেতনত্বেন মদনন্যত্বাদুৎকৃষ্টাং মে মৎসম্বন্ধিনীং প্রকৃতিং জীবভূতাং প্রাণধারণনিমিত্তভূতাং ক্ষেত্রজ্ঞাখ্যাং বিদ্ধি জানীহি। হে মহাবাহো ! যয়া প্রকৃত্যান্তঃপ্রবিষ্টয়েদং জগৎ স্থাবরজঙ্গমশরীরাত্মকং ধার্য্যতে ॥৫॥ এতদিতি। এতে পরাপরে ক্ষেত্রক্ষেত্রজ্ঞরূপে প্রকৃতী যোনিরুৎপত্তিলয়স্থানং

তাৎপর্য্য—এই শ্লোকে "ভিন্না প্রকৃতিরষ্টধা" বলিয়াছেন; প্রকৃতিশব্দের অর্থ—তত্ত্বজনক। সুতরাং এখানে ভূমিপ্রভৃতিশব্দদ্বারা স্থূলভূমিপ্রভৃতি ধরা যায় না; কারণ, স্থূলভূমিপ্রভৃতি অপর কোন তত্ত্ব জন্ম ইতে পারে না। অতএব এ স্থানের ভূমিপ্রভৃতি শব্দদ্বারা গন্ধপ্রভৃতি তন্মাত্র ধরিতে হইবে; কেন না, গন্ধপ্রভৃতি তন্মাত্র হইতেই ভূমিপ্রভৃতি স্থূলভূত উৎপন্ন হয়, ইহা সাংখ্যদর্শনের মত। সুতরাং তন্মাত্রগুলি প্রকৃতি হইতে পারে। তন্মাত্র—অতি সূক্ষ্ম ভূত ॥৪॥

মহাবাহু অর্জ্জুন ! এই অষ্টভেদভিন্না প্রকৃতির নাম—'অপরা' ইহা ভিন্ন জীবস্বরূপা আমার আর একটি প্রকৃতি আছে, তাহার নাম—'পরা' যে পরা প্রকৃতি এই জগৎটাকে রক্ষা করিতেছে ॥৫॥

তাৎপর্য্য—প্রথমোক্ত প্রকৃতি জড় বলিয়া অ পরা অর্থাৎ অনুৎকৃষ্টা; আর জীবরূপা দ্বিতীয়া প্রকৃতি চেতন বলিয়া পরা অর্থাৎ উৎকৃষ্টা। সূর্য্যের কিরণ যেমন সূর্য্যেরই অংশ, সেইরূপ সেই জীবও আমারই অংশ; সুতরাং তাহা চেতন। জড়া প্রকৃতি দেহাদিরূপে পরিণত হয়, আর চেতনা প্রকৃতি (জীব) ভোক্তৃভাবে সেই দেহের ভিতরে থাকে, তখন সেই দেহ প্রাণী বলিয়া গণ্য হয়; আর জীব না থাকিলে প্রাণও থাকে না বলিয়া শুধু দেহটাকে প্রাণী বলা হয় না। অতএব জীবই প্রাণিজগৎকে রক্ষা করে ॥৫॥

মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয় ! ।
ময়ি সর্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥৭॥

ভারতকৌমুদী

আভ্যাং প্রকৃতিভ্যামাত্মনো জগৎস্রষ্ট্যাদিকারণত্বমাহ এতদিতি। সর্বাণি ভূতানি স্থাবর-জঙ্গমাত্মকাঃ পদার্থাঃ, এতে উক্তে দ্বে প্রকৃতী যোনী কারণে যেষাং তানি, ইতি উপধারয় অবধারয়। তথা চ অপরাখ্যা প্রাগুক্তা জড়া প্রকৃতির্দেহাদিরূপেণ পরিণমতে, পরাখ্যা পরোক্তা জীবভূতা চেতনা দীধিতিরিব সূর্য্যস্য মমাংশরূপা দ্বিতীয়া প্রকৃতিশ্চ ভোক্তৃভাবেন দেহেষু প্রবিশ্য স্বকর্ম্মণা তান্ ধারয়তি। ইমে চ দ্বে অপি প্রকৃতী মমৈব উভয়ত্রাপি মে ইতি নির্দ্দেশাৎ। এবঞ্চ অহমেব, কৃৎস্নস্য সর্ব্বস্য জগতঃ, প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্, প্রলীয়তে অনেনেতি প্রলয়ো নাশকঃ, তথাপদাৎ রক্ষকশ্চ। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তদ্‌ব্রহ্ম" ইতি শ্রুতেঃ "জন্মাদ্যস্য যত" ইতি বেদান্তসূত্রাচ্চ ॥৬॥

অতএব জগৎসর্গে স্বতন্ত্রং কারণান্তরং নিরস্যতি মত্ত ইতি। হে ধনঞ্জয়! মত্তো মৎ অন্যৎ, কিঞ্চিদপি, পরতরং শ্রেষ্ঠতরং কারণং জগৎস্রষ্টৃ নাস্তি। নন্বু ভবৎস্রষ্টং জগদিদং কুত্র তিষ্ঠতীত্যাহ ময়ীতি। সূত্রে তন্তৌ, মণিগণা ইব, ময়ি, ইদং সর্বং জগৎ, প্রোতং গ্রথিতমস্তি, মণিমালাগতে সূত্রে যথানুস্যূতা মণয়স্তিষ্ঠন্তি, তথা সচ্চিদ্রূপে ময়ি চিরমনুস্যূতাঃ সর্বে লোকা-স্তিষ্ঠন্তীত্যর্থঃ, "তস্মিল্লোঁকাঃ শ্রিতাঃ সর্বে তদু নাত্যেতি কশ্চন" ইতি শ্রুতেঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

যেষাং ভূতানাং তান্যেতদ্যোনীনি ভূতানি চতুর্ব্বিধানীত্যেতদুপধারয় সম্যগ্‌জানীহি। কিং পাতঞ্জলানামিব এতে প্রকৃতী ঈশ্বরাদন্যে ইত্যাশঙ্ক্যাহ—অহমিতি। কৃৎস্নস্য স্বপ্রকৃতি-সহিতস্য জগতো জড়াজড়রূপস্য প্রভবঃ প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণম্। তথা প্রলীয়তেঽস্মিন্নিতি প্রলয়ঃ লয়স্থানঞ্চ। অতস্তে উভে অপি প্রকৃতী মত্তো নাতিরিচ্যেতে ॥৬॥
এবমেকবিজ্ঞানাৎ সর্ব্ববিজ্ঞানং প্রকৃতমাত্মনো জগদুপাদানত্বেনোপপাদ্য তত এবাত্মনো নির্ব্বি-কারত্বহানে প্রাপ্তে আহ—মত্ত ইতি। কারণান্মৃদাদেঃ পরং পৃথগ্‌ভূতং ঘটাদি ব্যবহারে তয়োর্ভেদানুভবাৎ। পরতরস্তু গবাশ্বাদি মৃদনুপাদানকত্বাৎ। এবং ব্রহ্মণঃ পরতরং তদনুপাদানকং কিঞ্চিদপি নাস্তি। হে ধনঞ্জয়! এবং প্রপঞ্চে ব্রহ্মাব্যতিরেকং প্রদর্শ্য ব্রহ্মণি প্রপঞ্চব্যতিরেকং সদৃষ্টান্তমাহ—ময়ীতি। ময়ি সদ্রূপেণ স্ফুরণরূপেণ চ সূত্রবৎ সর্ব্বত্রানুস্যূতে। যদিদং সর্বং মণিগণবৎ পরস্পরব্যাবৃত্তং তৎপ্রোতম্। তেন ব্যাবৃত্তেভ্যোঽনুবৃত্তং ভিন্নমিতি

অর্জ্জুন! তুমি স্থির করিয়া রাখ যে, আমার এই দুইটা প্রকৃতিই সমগ্র জগৎ সৃষ্টি করিয়াছে। অতএব আমিই জগতের সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা ও বিনাশকর্ত্তা ॥৬॥

তাৎপর্য্য—অপরা প্রকৃতি আমার শক্তি এবং পরা প্রকৃতি আমার অংশ (মতভেদে প্রতিবিম্ব)। সুতরাং তাহারা জগতের সৃষ্টি, স্থিতি ও নাশ করিলে, তাহা আমারই করা হয় ॥৬॥

রসোঽহমপ্সু কৌন্তেয়! প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ।
প্রণবঃ সর্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু ॥৮॥
পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু ॥৯॥

ভারতকৌমুদী

নমু সূত্রে মণীনামিব ত্বয়ি জগতাং কেন কেন রূপেণ প্রোতত্বমিত্যাহ পঞ্চভিঃ। রস ইতি। হে কৌন্তেয়! অহম্, অপ্সু জলে, সারভূতো রসোঽস্মি। অত্র রসপদং রসতন্মাত্র-পরম্, তচ্চ ভগবতঃ প্রকৃতিভূতং প্রাগুক্তম্, ততশ্চ জলমুৎপদ্যতে। এবঞ্চ মৃদি ঘট ইব রস-তন্মাত্রে কার্য্যতাসম্বন্ধেন জলং বর্ত্ততে। ইত্থঞ্চ সূত্রে মণয় ইব ময়ি সর্ব্বা এবাপঃ প্রোতাঃ, অহঞ্চ মণিষু সূত্রমিব সর্বাস্বেবাপ্সু অনুস্যূত ইতি ভাবঃ। ইত্থং সর্বত্র। শশিসূর্য্যয়োঃ প্রভা প্রকাশোঽস্মি। সর্ব্ববেদেষু প্রণব ওঙ্কারোঽস্মি সর্বেষামেব বেদানাং তত্রৈব স্থিতেঃ। খে আকাশে, শব্দঃ শব্দতন্মাত্রম্। নৃষু মানুষেষু চ, পৌরুষমুৎসাহোঽস্মি। অথবা বিভূতি-প্রদর্শনমেতৎ ॥৮॥

ভারতভাবদীপঃ

ন্যায়েন প্রপঞ্চাতীতোঽহমতো ন মম বিকারিত্বমিত্যর্থঃ ॥৭॥ নম্বেবং প্রপঞ্চপরমাত্মনোর্মণি-সূত্রবদুপাদানোপাদেয়ভাবোঽপি ন স্যাৎ। ন হ্যপাদানং চানমুবৃত্তং চেতি ঘটতে। মৃদ্ঘটাদা-বদর্শনাদিত্যাশঙ্ক্য স্বপ্নমায়েন্দ্রজালরজ্জুরগতুল্যত্বং প্রপঞ্চস্যোপপাদ্যোভয়মপ্যবিরুদ্ধমিত্যুপদিষ্টং চেদয়মকস্মাদুদ্বিগ্নো ভবিষ্যতীতি মত্বা দৃষ্টান্তান্তরৈরেবানুবৃত্তিং ব্যাবৃত্তিং চিজ্জড়য়োর্দর্শয়তি—রস ইতি। যথা রসোঽপ্সু একমপ্যপ্পরমাণুমপরিত্যজ্যানুস্যূতো দৃশ্যতেঽতো রসরূপে ময়ি আপঃ প্রোতাঃ এবং প্রভায়াং চন্দ্রাদয়ঃ প্রোতাঃ প্রণবে সর্ব্বে বেদাঃ প্রোতাঃ। তদ্যথা -শঙ্কুনা সর্বাণি পর্ণানি সন্তৃণ্ণান্যেবমোঙ্কারেণ সর্ব্বা বাক্ সংতৃণ্ণেতি বাঙ্মাত্রে প্রণবানুস্যূতিশ্রবণাৎ। সন্তৃণ্ণানি সংগ্রথিতানি। এবমাকাশে শব্দঃ সারভূতস্তস্মিন্ময়ি খং প্রোতম্। সর্ব্বং পুরুষেষু সারং পৌরুষং শৌর্য্যধৈর্য্যাদিরূপং তত্র পুরুষাঃ প্রোতাঃ এবমগ্রেঽপি দ্রষ্টব্যম্ ॥৮॥ পুণ্য ইতি।

অতএব অর্জ্জুন! এই জগৎসৃষ্টিপ্রভৃতি বিষয়ে আমা ভিন্ন অন্য কোন শ্রেষ্ঠ কারণ নাই। সুতরাং মণিমালার সূত্রে যেমন মণিগুলি গ্রথিত থাকে, সেইরূপ এই সমগ্র জগৎটাই আমাতে গ্রথিত রহিয়াছে ॥৭॥

তাৎপর্য্য—আমি সৎ ও চিৎস্বরূপ। সুতরাং মণিমালার সূত্র যেমন সকল মণির সহিতই সংশ্লিষ্ট থাকে, আমিও তেমন সমস্ত পদার্থের সহিতই সংশ্লিষ্ট আছি ॥৭॥

অর্জ্জুন! আমি জলের রস, চন্দ্র ও সূর্য্যের প্রভা, সমস্ত বেদের ওঙ্কার, আকাশের শব্দ ও পুরুষের উৎসাহরূপে রহিয়াছি ॥৮॥

তাৎপর্য্য—অতএব আমি যে ঐ সকল পদার্থে সংশ্লিষ্ট আছি, তাহা বুঝিতে পারিতেছ; এইরূপ অন্যান্য পদার্থেও সংশ্লিষ্ট রহিয়াছি জানিবে ॥৮॥

বীজং মাং সর্বভূতানাং বিদ্ধি পার্থ! সনাতনম্।
বুদ্ধির্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্ ॥১০॥

ভারতকৌমুদী

পুণ্য ইতি। অপি চেতি চার্থঃ। পৃথিব্যাম্, পুণ্যঃ পবিত্রঃ সুরভিরিতি যাবৎ, গন্ধো গন্ধতন্মাত্রমহমস্মি, তদ্রূপে চ ময়ি পৃথিবী প্রোতা। এবমন্যত্র। দুষ্টো গন্ধস্তু বিকারবিশেষ ইতি স খল্‌বিকারী নাহম্। বিভাবসাবগ্নৌ চ তেজো দাহিকা শক্তিরস্মি। সর্বভূতেষু সকল-প্রাণিষু, জীবন্ত্যনেনেতি জীবনমায়ুরস্মি। তপস্বিষু চাতুর্মাস্যবৈধোপবাসাদিতপস্যাকারিষু চ, তপো দ্বন্দ্বসহনক্ষমতাস্মি ॥৯॥

বীজমিতি। হে পার্থ! সনাতনং নিত্যং মাম্, সর্ব্বভূতানাং ভূতভবিষ্যদ্বর্ত্তমানানাং স্থাবরজঙ্গমানাম্, বীজং কারণম্, বিদ্ধি জানীহি। সনাতনত্বাদেব ত্রৈকালিকানামপি বীজত্বসম্ভব ইত্যাশয়ঃ। বুদ্ধিমতাং বুদ্ধির্বিবেকশক্তিরন্তঃকরণবিশেষোঽস্মি। অহম্, তেজস্বিনাং পরপরাজয়কারিণাম্, তেজঃ তৎসামর্থ্যমস্মি ॥১০॥

ভারতভাবদীপঃ

রসাদিষ্বপি দ্রষ্টব্যম্ অপুণ্যস্তু সর্ব্বাস্যাবিদ্যামাত্রবিলসিতত্বাৎ বিভাবসৌ বহ্নৌ তেজঃ দহন-শক্তিঃ। জীবন্ত্যনেনেতি জীবনমন্নং বিরাজং তত্র হি সর্ব্বাণি ভূতানি প্রোতানি। অন্যে তু জীবনমায়ুরিতি ব্যাচক্ষতে। তপশ্চেতি। তপো ধর্ম্মস্তদ্রূপে ময়ি তপস্বিনঃ প্রোতাঃ ॥৯॥ বীজং কারণং সর্ব্বভূতানাং পিণ্ডব্রহ্মাণ্ডাত্মকানাং বীজে ময়ি পিণ্ডাদিকং প্রোতং কনকে কুণ্ডলাদিবৎ। সনাতনং নিত্যং বীজান্তরাদনুৎপন্নম্। বুদ্ধিরূপে ময়ি বুদ্ধিমন্তঃ প্রোতাঃ। তেজঃ

আমি পৃথিবীর পবিত্র গন্ধ, অগ্নির তেজ, সকল প্রাণীর আয়ু এবং তপস্বি-গণের তপস্যারূপে রহিয়াছি ॥৯॥

তাৎপর্য্য—ভূমির মধুর গন্ধ আমি, কিন্তু দুর্গন্ধ নহে। কারণ, আমি অবিকারী, আর দুর্গন্ধটা বিকারবিশেষ; সুতরাং তাহা আমাস্বরূপ হইতে পারে না। এখানেও গন্ধ-শব্দের অর্থ—গন্ধতন্মাত্র স্থূল পৃথিবীর কারণ। অতএব সেই গন্ধতন্মাত্রে পৃথিবী রহিয়াছে। অগ্নির দাহিকা শক্তি আমি, সেই শক্তির বলেই অগ্নি দগ্ধ করে। আমি প্রাণিগণের আয়ু, তাহাতেই তাহারা বাঁচিয়া থাকে। আর আমি তপস্বীদিগের তপস্যা, তাহার বলেই তপস্বীরা শীত-গ্রীষ্মপ্রভৃতি সহ্য করিতে পারেন ॥৯॥

অর্জ্জুন! তুমি জানিয়া রাখ যে, আমি নিত্য বলিয়া ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান চরাচর সকলের বীজস্বরূপ। আর আমি বুদ্ধিমান্‌দিগের বুদ্ধি এবং তেজস্বিগণের তেজ ॥১০॥

তাৎপর্য্য—আমি নিত্য, অর্থাৎ আমার উৎপত্তি বা বিনাশ নাই। সুতরাং যে সকল স্থাবর ও জঙ্গম পদার্থ পূর্বে ছিল, বর্ত্তমানে আছে এবং ভবিষ্যতে হইবে; সেগুলির কারণ হওয়ার পক্ষে আমার কোন বাধা নাই। আর আমি বুদ্ধি বলিয়া আমারই বলেই বুদ্ধিমানেরা বিবেচনা করিতে পারেন এবং আমি তেজ বলিয়া আমার প্রভাবেই তেজস্বীরা শত্রু জয় করিতে সমর্থ হন ॥১০॥

বলং বলবতাঞ্চাহং কামরাগবিবর্জ্জিতম্।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ! ॥১১॥
যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি ॥১২॥

ভারতকৌমুদী

বলমিতি। হে ভরতর্ষভ! অহম্, বলবতাং ধর্ম্মার্জনশক্তিমতাম্, কামঃ অপ্রাপ্ত-প্রাপ্ত্যবভিলাষঃ রাগঃ প্রাপ্তানাং ভোগেচ্ছা তদুভয়বিবর্জিতম্, বলং তীর্থাবগাহনাদিনা ধর্ম্মার্জনশক্তিরস্মি। তদ্রূপে চ ময়ি তে বলবন্তঃ প্রোতাঃ। ভূতেষু দেবাদিষু প্রাণিষু, ধর্ম্মাবিরুদ্ধো ধর্ম্মশাস্ত্রাপ্রতিষিদ্ধঃ, কামঃ পুত্রোৎপাদনমাত্রার্থা স্ত্রীসম্ভোগেচ্ছা অস্মি ॥১১॥

সংক্ষেপেণ ভাবানাহ য ইতি। যে, সাত্ত্বিকাঃ সত্ত্বগুণপ্রযুক্তাঃ, ভাবাঃ শমদমাদয়ঃ, যে চ রাজসা ভাবাঃ কামক্রোধাদয়ঃ, যে চ তামসা ভাবাঃ শোকমোহাদয়ঃ সন্তি; তান্ সর্ব্বানেব ভাবান্, মত্ত এব প্রাগুক্তায়া আত্মায়া মৎপ্রকৃতিত এব জায়মানান্, বিদ্ধি জানীহি; তস্যাঃ সত্ত্বাদিগুণত্রয়ময়ত্বাৎ। অতএব তু অহং তেষু ভাবেষু ন তিষ্ঠামি, ব্যাপিনোঽপ্যাকাশস্যেব নির্লিপ্তত্বাৎ; তে ভাবাশ্চ ময়ি তিষ্ঠন্তি অধ্যাসেন শুক্তাবিব রজতধর্ম্মাঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

প্রাগল্ভ্যং তদ্রূপে ময়ি প্রগল্ভাঃ প্রোক্তাঃ ॥১০॥ বলরূপে ময়ি বলবন্তঃ প্রোতাঃ কামরাগ-বিবর্জিতং কামস্তৃষ্ণা রাগো রঞ্জনা তৌ হি অবিষ্ণকৌ অতো নিরবিচ্ছস্য বলং তদ্বর্জিতম্ এবং ধর্ম্মাবিরুদ্ধকামরূপে ময়ি ঈদৃশাঃ কামবন্তঃ প্রোতাঃ ॥১১॥ সাত্ত্বিকা ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাদয়ঃ রাজসা লোভপ্রবৃত্ত্যাদয়ঃ তামসা নিদ্রালস্যাদয়ঃ তান্ সর্বান্মত্ত এব রসতন্মাত্রাদিরূপাৎ সূত্রাত্মনো নির্গতা ইতি বিদ্ধি। নন্বেবং তব সর্ব্বজগদাত্মনো বিকারিত্বাপত্ত্যা কৌটস্থ্যহানিরিত্যা-শঙ্ক্যাহ—ন ত্বহং তেষু তে ময়ীতি। যেম্ববাদয়ঃ প্রোতাস্তেষু সূত্রাবয়বভূতেষু রসাদি-ষনৃতজড়রূপেষবাধিতাত্মচিন্মাত্ররূপো ঘটশরাবোদঞ্চনাদাবিব মৃন্নাস্মি। অনৃতস্যাস্য সত্ত্বাস্ফুরণে এব স্বকীয়ে প্রযচ্ছামি ন ত্বনৃতাত্মা ভবামীত্যর্থঃ। তে তু ময্যেবাধ্যস্তা মদনন্যাঃ যথা রজ্জ্বামধ্যস্তাঃ সর্পাদয়ো রজ্জ্বনন্যাঃ। তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্য ইতি ন্যায়াৎ। অনন্যত্বং ব্যতিরেকেণাভাবঃ। ন খল্বনন্যত্বমিত্যভেদং ব্রূমঃ কিন্তু ভেদং নিষেধামঃ কুতঃ আরম্ভণ-শব্দাৎ। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি বিকারস্য বাগালম্বনত্বেন স্বপ্নমায়েন্দ্রজালিক-বিষয়সাম্যশ্রুতেঃ। ন হ্যাত্মনো বিচিত্রপ্রপঞ্চাত্মত্বে তে ময়ীত্যংশাবিরোধেঽপি ন ত্বহং তেষ্বিত্যংশে বিরোধপরিহারো যুজ্যতে কার্য্যস্য কারণাত্মকত্বাবশ্যম্ভাবাৎ। তস্মাদ্বিবর্ত্তবাদা-

---

ভরতশ্রেষ্ঠ! আমি বলবান্দিগের কাম-রাগ-বিহীন বল এবং প্রাণিগণের ধর্ম্মাবিরুদ্ধ কাম ॥১১॥

তাৎপর্য্য—এখানে অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তীচ্ছার নাম—কাম এবং প্রাপ্ত বস্তুর ভোগেচ্ছার নাম—রাগ; সেই উভয়বর্জ্জিত বল অর্থাৎ নিষ্কাম ধর্ম্মোপার্জনের শক্তি আমি। আর ধর্ম্মশাস্ত্রে যাহার নিষেধ নাই, সেইরূপ স্ত্রীসম্ভোগেচ্ছাস্বরূপ কামও আমি ॥১১॥

ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ ॥১৩॥
দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥১৪॥

ভারতকৌমুদী

অথ সর্ব্বব্যাপিনমপি পরমেশ্বরং ভবন্তং কথময়ং লোকো ন জানাতীত্যাহ ত্রিভিরিতি। গুণময়ৈঃ সত্ত্বাদিগুণবিকারভূতৈঃ এভিস্ত্রিভির্ভাবৈঃ, মোহিতমিদং সর্ব্বং জগৎ কর্ত্তৃ, এভ্যো ভাবেভ্যঃ পরমতীতম্, অব্যয়মপরিণামিনঞ্চ মাম্, নাভিজানাতি সর্ব্বত এব ন জানাতি, এতদাবিষ্টত্বাবগমাৎ ॥১৩॥

নন্বং তর্হি কস্যাপি তত্ত্বজ্ঞানং ভবিতুং নার্হতীত্যাহ দৈবীতি। দীব্যতি জগত্যা ক্রীড়তীতি দেবঃ অহং তস্যেয়মিতি দৈবী স্বয়ং ক্রীড়ন্তী মৎক্রীড়াসম্পাদিনীত্যর্থঃ গুণময়ী সত্ত্বাদিগুণত্রয়াত্মিকা চ, এষা মম মায়া শক্তিঃ, দুরত্যয়া হি দুস্তরৈব। কিন্তু যে মামেব প্রপদ্যন্তে

ভারতভাবদীপঃ

শ্রয়েণৈব ব্রহ্মণো জগদুপাদানত্বকূটস্থত্বে নির্ব্বহত ইতি সাধূক্তং—ন ত্বহং তেষু তে ময়ীতি ॥১২॥ কথং তর্হি স্থূলসূক্ষ্মপ্রপঞ্চবাধেন জনা আত্মানং নাবগচ্ছন্তীত্যাশঙ্ক্যাহ—ত্রিভিরিতি। এভিঃ পূর্ব্বোক্তৈস্ত্রিবিধৈর্ভাবৈঃ প্রকাশপ্রবৃত্তিনিয়মাত্মৈর্গুণময়ৈঃ সত্ত্বরজস্তমোগুণবিকারৈরিদং চরাচরং প্রাণিজাতং জগচ্ছব্দবাচ্যং মোহিতং সদেভ্যো গুণেভ্যঃ পরং মাং ন জানাতি। যথা রজ্জ্বাং সর্পভ্রমেণ ব্যাকুলঃ সর্পাৎ পরাং রজ্জুং ন জানাতি তদ্বৎ। পরত্বে হেতু—অব্যয়ম্ এতে ভাবাঃ পরিণামিত্বাৎ ব্যয়বন্তঃ অহন্তু তদ্বিপরীতঃ সাক্ষী ইত্যব্যয়ঃ ॥১৩॥ দেবস্য জীব

শম ও দমপ্রভৃতি যে সকল সাত্ত্বিক ভাব, কাম ও ক্রোধপ্রভৃতি যে সকল রাজসিক ভাব এবং শোক ও মোহপ্রভৃতি যে সকল তামসিক ভাব আছে, সে গুলি আমার প্রকৃতি হইতেই উৎপন্ন হইতেছে বলিয়া জানিও। সুতরাং আমি কিন্তু সেগুলিতে নাই, অথ চ সেগুলি আমাতে আছে ॥১২॥

তাৎপর্য্য—আমি নির্গুণ ও নির্বিকার। সুতরাং আমি কোন গুণপ্রযুক্ত ভাবেই থাকিতে পারি না; তবে মানুষ যেমন ভ্রমবশতঃ শুক্তিকাতে রজতের ধর্ম্ম আছে বলিয়া মনে করে, তেমন ভ্রমবশতই প্রাকৃতিক সাত্ত্বিকাদি ভাব আমাতে আছে বলিয়া মনে করে ॥১২॥

গুণময় এই তিনটা ভাব এই সমগ্র জগৎটাকে মোহিত করিয়া রাখিয়াছে। অতএব আমি যে এই সকল ভাবের অতীত এবং অপরিণামী, তাহা এই জগৎ জানে না ॥১৩॥

তাৎপর্য্য—যাহার মোহ থাকে, সে লোক প্রকৃত বস্তু চিনিতে পারে না; তাই মুগ্ধ পথিক পথিস্থিত রজ্জুকে সর্প বলিয়া ধারণা করে। সেইরূপ এ ক্ষেত্রেও মায়ামুগ্ধ মানুষ—আমি যে গুণাতীত ও অপরিণামী তাহা বুঝিতে পারে না ॥১৩॥

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তত্ত্বজ্ঞানলাভায় শরণং গচ্ছন্তি; তে এতাং মায়াম্‌, তরন্তি অতিক্রামন্তি, ততশ্চ মাং জানন্তীত্যাশয়ঃ ॥১৪॥

তদেতন্মায়াতরণার্থং কথং সর্ব্ব এব ত্বাং ন প্রপদ্যন্ত ইত্যাহ নেতি। দুষ্কৃতিন ইতি নিত্য-যোগে মত্বর্থীয় ইন্‌। তেন দুষ্কৃতিনো নিত্যং পাপকর্ত্তারঃ, অতএব মূঢ়া বিবেকবিহীনাঃ, মায়য়া চ অপহৃতমাবৃতং জ্ঞানং যেষাং তে, ততশ্চাপি আসুরং ভাবং "দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ পারুষ্যমেব চ" ইত্যাদিনা বক্ষ্যমাণং স্বভাবম্‌, আশ্রিতা নরাধমাঃ, মাং ন প্রপদ্যন্তে ন ভজন্তি ॥১৫॥

ভারতভাবদীপঃ

কপেণ লীলয়া ক্রীড়তো মম সম্বন্ধিনীয়ং দৈবী হি প্রসিদ্ধা পিণ্ডব্রহ্মাণ্ডরূপেণ বিততৈষা মম চিন্মাত্রস্য মায়া মামহং ন জানামীতি সাক্ষিপ্রত্যক্ষত্বেনাপলাপানর্হানৃতস্য প্রপঞ্চস্যেন্দ্রজালাদেরিব প্রকাশিকা গুণময়ী সত্ত্বরজস্তমোগুণময়ী দুরত্যয়া দুরতিক্রমা যে মামেব সর্ব্বভূতস্থং ভগবন্তং বাসুদেবং প্রপদ্যন্তে বিষয়ীকুর্ব্বন্তি ত এবৈতাং মায়াং তরন্তি। অধিষ্ঠানজ্ঞানেনৈব সমূলস্য ভ্রমস্যোচ্ছেদো ভবতি ন তু জ্ঞানান্তরেণ বা বৃত্তিনিরোধেন বেত্যর্থঃ। অয়মর্থঃ—জীবেশ্বর-বিভাগশূন্যে শুদ্ধচিন্মাত্রে কল্পিতো মায়াদর্পণশ্চিৎপ্রতিবিম্বরূপং জীবং বশীকৃত্য বিম্বচৈতন্য-মনুরুধ্য প্রচলতি অয়স্কান্তমনুরুধ্যেব লোহশলাকা ইদমেব ঈশ্বরাধীনত্বং মায়ায়াঃ ঈশ্বরস্য চ মায়াদ্বারা সর্ব্বস্রষ্টৃত্বমপি। তথা চ শ্রুতিঃ—"অস্মান্মায়ী সৃজতে বিশ্বমেতত্তস্মিংশ্চান্যো মায়য়া সন্নিরুদ্ধ" ইতি। তথা চৈকৈব মায়াজীবেশ্বরয়োরুপাধির্দর্পণ ইব বিম্বপ্রতিবিম্বয়োর্বিম্ব-প্রতিবিম্বভাবানাক্রান্তমুভয়ানুস্যূতং শুদ্ধচিন্মাত্রমন্যত্তৃতীয়ং মুক্তপ্রাপ্যম্‌। জীবেশ্বরৌ চোপাধিপক্ষপাতদশায়ামল্পজ্ঞত্বসর্ব্বজ্ঞত্বশাস্যত্বশাসিতৃত্বাদিভাবং ভজেতে। তাবেব তদভাবে উপাধিপ্রচারদর্শিনাবুদাসীনবোধরূপতয়া জীবসাক্ষীশ্বরসাক্ষীতি শব্দাভ্যাং ব্যবহ্রিয়েতে। এবঞ্চ জীব ঈশ্বরারাধনাবাপ্তপ্রত্যক্তত্ত্বজ্ঞানেন মায়ায়াং নষ্টায়াং তৎকার্য্যস্যাপি নাশেন সাক্ষ্যাভাবাৎ সাক্ষিত্বমপি পরিত্যজ্য বিম্বপ্রতিবিম্বানুস্যূতং শুদ্ধং তৃতীয়ং চৈতন্যং প্রাপ্নোতীতি তদিদ-মুক্তং—দৈবী মায়েতি। মম মায়েতি চৈকস্যা এব জীবেশ্বরসম্বন্ধিত্বং জীবস্যেশ্বরভজনেন মায়াতরণমিতি চ ॥১৪॥ কুতস্তর্হি সর্ব্বে ত্বাং প্রপদ্য মায়াং ন তরন্তীত্যাশঙ্ক্যাহ—ন মামিতি।

আমার ক্রীড়াসম্পাদিনী গুণময়ী এই মায়াকে অতিক্রম করা দুষ্কর ; তবে যাঁহারা আমারই শরণাপন্ন হন, তাঁহারা এই মায়াকে অতিক্রম করিতে পারেন ॥১৪॥

তাৎপর্য্য—রজ্জু দর্শন করিয়া সর্পের ভ্রম জন্মিলে পর কেহ যদি বলে যে, উহা সর্প নহে, তবে সেই বাক্য শ্রবণ, নিজের পর্য্যালোচনা এবং রজ্জুর স্বরূপ দর্শন করার পরে যেমন আর সে সর্পভ্রম থাকে না ; সেইরূপ মিথ্যা জগৎটার উপরে সত্য বলিয়া ভ্রম জন্মিলে পর 'জগৎ সত্য নহে' এইরূপ গুরুবাক্য ও বেদান্তবাক্য শ্রবণ, সেইভাবে নিজের পর্য্যালোচনা এবং জগতের মিথ্যাত্ব দর্শন করার পরে আর এই মায়া থাকে না ॥১৪॥

চতুর্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন ! ।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ ! ॥১৬॥
তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে ।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তর্হি কীদৃশাস্তং ভজন্তীত্যাহ চতুরিতি। হে ভরতর্ষভ অর্জ্জুন! আর্ত্তো রোগাদিনা পীড়িতঃ, জিজ্ঞাসুর্জ্ঞানং প্রাপ্তুমিচ্ছুঃ, অর্থার্থী ইহামুত্র চ ভোগসাধনবিষয়লিপ্সুঃ, জ্ঞানী চ এতে চতুর্বিধাঃ, সুকৃতিনঃ প্রাক্তনপুণ্যশালিনো জনাঃ, মাং ভজন্তে, রোগাদিপীড়াপনয়নার্থং জ্ঞানলাভার্থং ভোগপ্রাপ্ত্যর্থং মোক্ষার্থঞ্চেতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

যতো দুষ্কৃতিনোঽতশ্চিত্তশুদ্ধ্যভাবান্মূঢ়াঃ আত্মানাত্মবিবেকহীনাঃ অতএব নরাধমা মাং ন প্রপদ্যন্তে কুতো দুষ্কৃতিনঃ যতো মায়য়াঽপহৃতং তিরস্কৃতং জ্ঞানমখণ্ডসংবিদ্রূপং ব্রহ্ম যেষাং তে অপহৃতজ্ঞানাঃ। এতেন মায়ায়া আবরণশক্তিরুক্তা। কিঞ্চ আসুরং অসুরাণাম্ বিরোচনাদীনাং ভাবং চিত্তাভিপ্রায়মাত্মৈবেহমহয্য ইত্যাদিনা শ্রুতং দেহেন্দ্রিয়সঙ্ঘাত এব সম্যক্ সন্তর্পণীয় ইত্যেবম্বিধমাশ্রিতাঃ। এতেন মায়ায়া বিপক্ষশক্তিরুক্তা। তদেবং মায়য়াঃ স্বরূপানন্দমাবৃত্য দেহাত্মভ্রমে জনিতে সতি তদভিমানাদ্দেহাদিপুষ্ট্যর্থং দুষ্কৃতং কুর্ব্বন্তি তেন চ মূঢ়াঃ সন্তো নরাধমা মাং ন প্রপদ্যন্তে। সর্ব্বানর্থমূলং মায়ৈবেত্যর্থঃ ॥১৫॥ যে তু সত্যপি দেহাত্মধ্যাসে মত্তো বিভ্যতি মৎপ্রীত্যর্থং সুকৃতমেবাচরন্তি তেঽপি চতুর্ব্বিধা ন কেবলং সর্ব্বে মদেককামা ইত্যাশয়েনাহ—চতুর্ব্বিধা ইতি। আর্ত্তঃ পীড়িতঃ পীড়াপরিহারার্থী। জিজ্ঞাসুঃ

সর্বদা পাপকারী, বিবেকহীন, মায়াবৃতজ্ঞান ও আসুর-ভাবাপন্ন নরাধমেরা, আমার শরণাপন্ন হয় না ॥১৫॥

তাৎপর্য্য—বিহিত নিত্য কার্য্য না করা, নিষিদ্ধ কার্য্য করা এবং ইচ্ছানুসারে ইন্দ্রিয়সুখে আসক্ত হওয়া, এই তিন প্রকারে পাপ জন্মিতে থাকে; তখন কি কর্ত্তব্য কি অকর্ত্তব্য এরূপ বিবেচনা থাকে না, মায়া যথার্থ জ্ঞানকে আবৃত করিয়া রাখে এবং আসুরিক ভাব উপস্থিত হয়। সুতরাং এ হেন নরাধমেরা পরহিংসাপ্রভৃতিই করিতে থাকে, আমাকে ভ্রমক্রমেও মনে করে না ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন! পীড়িত, জ্ঞানার্থী, ভোগলিপ্সু ও জ্ঞানী এই চতুর্বিধ লোক পুণ্যবান্ হইলে তাহারা আমার সেবা করিয়া থাকে ॥১৬॥

তাৎপর্য্য—পীড়িত লোক পুণ্যবান্ হইলে পীড়ার উপশমের জন্য আমার সেবা করে, পুণ্যবান্ জ্ঞানার্থী লোক জ্ঞানলাভের নিমিত্ত আমার উপাসনা করিয়া থাকে, ইহলোকে সুখ ও পরলোকে স্বর্গলাভের জন্যও পুণ্যবান্ মানুষ আমার আরাধনা করেন এবং জ্ঞানী লোক মুক্তিলাভের জন্য আমার সেবা করিয়া থাকেন ॥১৬॥

উদারাঃ সর্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্ ॥১৮॥

ভারতকৌমুদী

নম্বেষু চতুর্ষ্বপি মধ্যে কঃ শ্রেষ্ঠ ইত্যাহ তেষামিতি। তেষাং চতুর্বিধানাং জনানাং মধ্যে, নিত্যযুক্তঃ সর্ব্বকামপরিত্যাগান্ময়ি পরমেশ্বরে সর্ব্বদা সমাহিতচিত্তঃ, অতএব একস্মিন্নেব ময়ি ভক্তিরনুরক্তির্যস্য সঃ, জ্ঞানী তত্ত্ববিৎ, বিশিষ্যতে সর্বোত্তমো ভবতি। হি যস্মাৎ, অহং জ্ঞানিনঃ অত্যর্থং প্রিয়ঃ, আত্মৈকত্বাববোধাৎ, স জ্ঞানী চ মম প্রিয়ঃ, মদেকভক্তত্বাৎ ॥১৭॥

তর্হি কিমার্ত্তাদয়স্ত্বয়স্তব প্রিয়া এব নেত্যাহ উদারা ইতি। এতে আর্ত্তাদয়ঃ সর্ব এব, উদারা মদ্ভজনান্মহান্তঃ। অতএব মম প্রিয়া অপীত্যাশয়ঃ। জ্ঞানী তু মে আত্মৈব আত্মতুল্য এব প্রিয়ঃ, ইতি মে মতং নিশ্চয়ঃ। হি যস্মাৎ, স জ্ঞানী, যুক্তাত্মা ময়ি সমাহিতচিত্তঃ সন্, ন বিদ্যতে উত্তমা যস্যাস্তামনুত্তমাম্, গতিং গন্তব্যস্থানং মামেব, আস্থিত আশ্রিতঃ। আর্ত্তাদয়স্ত্রয়ো রোগনাশাদীন্ মাঞ্চ কাময়ন্তে, জ্ঞানী তু কেবলং মামেব কাময়ত ইতি স মমাত্মতুল্য এব প্রিয় ইতি ভাবঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

স্বজ্ঞাননাশার্থী। অর্থার্থী ধনাস্থর্থী। জ্ঞানী চেতি চতুর্ব্বিধা মাং ভজন্তে ॥১৬॥ কিং সর্ব্বেঽপি সমা এতে সুকৃতিন ইতি সাধারণ্যেন বিশেষণাদত আহ—তেষামিতি। তেষাং মধ্যে জ্ঞানী বিশিষ্যতে যতো নিত্যযুক্তঃ। আর্ত্তাদয়ো হি কামিনঃ কামপূর্ত্তৌ ন মদ্ভজনে যুক্তা ভবন্তি অয়ন্তু নিত্যযুক্ত একভক্তিশ্চৈকভাবেন ভজনং করোতি। তথা হি আর্ত্তা রোগিণঃ সূর্য্যং ভজন্তে। জিজ্ঞাসবঃ সরস্বতীম্। অর্থার্থিনঃ কুবেরাদীনিতি তেষাং তত্তৎ কামার্থিত্বেনানেকভক্তিত্বং দৃশ্যতে। তস্য নিত্যযুক্তত্বে একভক্তিত্বে চ হেতুঃ হি যতঃ জ্ঞানিনোঽহমত্যর্থং প্রিয়ঃ আত্মত্বাদেব আত্মা চ প্রিয়ঃ নিরুপাধিপ্রেমগোচরত্বাৎ। "তদেতৎ প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়োঽন্যস্মাৎ সর্বস্মাদান্তরং যদয়মাত্মে"তি শ্রুতেশ্চ। স চ জ্ঞানী মম প্রিয়ো ভক্তানাং দুর্লভত্বাদিতি ভাবঃ ॥১৭॥ উদারা ইতি। সর্ব্বেঽপ্যেতে উদারা উৎকৃষ্টা এব। জ্ঞানী তু মমাত্মৈবেতি মম মতং নিশ্চিতং হি যতঃ স যুক্তাত্মা অহমেব ভগবান্ বাসুদেব ইত্যভেদেন ময়ি সমাহিতচিত্তো মামেবানুত্তমাং শ্রেষ্ঠাং গতিমাস্থিতো ন তু মত্তোঽন্যদারোগ্যাদিকং কাময়ানো মদ্ভক্তিং করোতি। কিং তর্হি মৎপ্রাপ্ত্যর্থমেব মাং ভজত ইত্যর্থঃ ॥১৮॥ কিঞ্চ বাসুদেবঃ

এই চতুর্বিধ লোকের মধ্যে সর্ব্বদা আমাতে সমাহিতচিত্ত এবং একমাত্র আমার উপরে ভক্তিসম্পন্ন জ্ঞানী লোকই শ্রেষ্ঠ। কারণ, আমি জ্ঞানী লোকের অত্যন্ত প্রিয়, আবার জ্ঞানী লোকও আমার অত্যন্ত প্রিয় ॥১৭॥

তাৎপর্য্য—এই জগতে ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চারিটী পুরুষার্থ; তাহার মধ্যে মোক্ষ—পরমপুরুষার্থ বা সর্ব্বশ্রেষ্ঠ পুরুষার্থ। কেন না, অন্য সকল সুখেরই সীমা আছে এবং নাশও আছে, কিন্তু মোক্ষসুখের সীমা নাই বা নাশও নাই; তত্ত্বজ্ঞানে সেই মোক্ষ হয়। সুতরাং সকলের মধ্যেই তত্ত্বজ্ঞানী শ্রেষ্ঠ ॥১৭॥

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ ॥১৯॥
কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥২০॥

ভারতকৌমুদী

পুনরপি জ্ঞানিনোঽত্যর্থপ্রিয়ত্বং সমর্থয়তি বহূনামিতি। বহূনাং পুণ্যসঞ্চয়হেতুভূতানাং জন্মনামন্তে চরমে জন্মনি, বাসুদেবঃ সর্বমিতি জ্ঞানবান্ সন্, মাম্, প্রপদ্যতে তাদৃশজ্ঞান-পরিপাকাৎ প্রাপ্নোতি। অতএব স মহাত্মা সুদুর্লভঃ ॥১৯॥

বিষয়কামাস্তু সংসরন্ত্যেবেত্যাহ কামৈরিতি। তৈস্তৈঃ পুত্রকলত্রধনাদিবিষয়ৈঃ, কামৈরভিলাষৈঃ, হৃতানি আকৃষ্টানি জ্ঞায়ন্তে এভিরিতি জ্ঞানানি অন্তঃকরণানি যেষাং তে, স্বয়া প্রকৃত্যা স্বভাবেন, নিয়তা বদ্ধা জ্ঞানপরাঙ্মুখীকৃতা জনাঃ, তং তং নিয়মং বৈধোপবাসাদিকম্, আস্থায় অবলম্ব্য, অন্যদেবতাঃ কার্ত্তিকেয়াদীঃ, প্রপদ্যন্তে সেবন্তে। অতস্তে সংসরন্ত্যেবেত্যাশয়ঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

সর্বমিতি জ্ঞানবান্ যো বহূনাং জন্মনামন্তে চরমজন্মনি মাং প্রপদ্যতে সম্যগ্দর্শনেনাপরোক্ষীকরোতি স মহাত্মা ব্রহ্মভূতঃ সুদুর্লভ ইতি যোজনা ॥১৯॥ অন্যে তু তৈস্তৈঃ কামৈঃ পুত্রপশ্বাদি-বিষয়ৈঃ হৃতজ্ঞানাঃ হৃতং দূরীকৃতং জ্ঞানং বিবেকো যেষাং তে অন্যদেবতাঃ অহমেতস্যা আরাধনেনেদং ফলমবাপ্তবানীতি ভেদবুদ্ধ্যা প্রপদ্যন্তে ইন্দ্রাদীন্ তং তং নিয়মং চতুর্দশ্যুপ-বাসাদিকমাস্থায়। স্বয়া প্রকৃত্যা বক্ষ্যমাণবিধয়া দৈব্যা আসুর্য্যা বা নিয়তাঃ নিগৃহীতাঃ ॥২০॥ কিঞ্চ

ইঁহারা সকলেই প্রধান, তবে জ্ঞানী লোক আমার আত্মাই বটেন, ইহা আমার মত। কারণ, সেই জ্ঞানী লোক আমাতে সমাহিতচিত্ত হইয়া সর্বোত্তম গতিস্বরূপ আমাকেই আশ্রয় করিয়া থাকেন ॥১৮॥

তাৎপর্য্য—আর্ত্ত, জিজ্ঞাসু ও অর্থার্থী ইঁহারাও আমার ভক্ত বলিয়া প্রধান; কিন্তু জ্ঞানী আমার অভিন্নাত্মা প্রিয় বলিয়া অতিপ্রধান। কেন না, আর্ত্তপ্রভৃতি তিন প্রকার লোকের রোগনাশপ্রভৃতি অন্যান্য বিষয়ও কাম্য থাকে, আমিও কাম্য থাকি; আর জ্ঞানীর একমাত্র আমিই কাম্য হই। সুতরাং আমি যেমন তাঁহার অত্যন্ত প্রিয়, তেমন তিনিও আমার অত্যন্ত প্রিয়। সেই জন্যই জ্ঞানী আমার আত্মাই বটেন ॥১৮॥

জ্ঞানী লোক বহুজন্মের পরে 'বাসুদেবই সমস্ত' এইরূপ জানিয়া আমাকে লাভ করেন। সুতরাং সেই মহাত্মা অতিদুর্লভ ॥১৯॥

তাৎপর্য্য—জ্ঞানীর এক এক জন্মে একটু একটু করিয়া পুণ্য সঞ্চিত হয়, তাহার পর সেই পুণ্য প্রচুর হইয়া পড়িলেই 'ব্রহ্মই সমস্ত' এইরূপ তত্ত্বজ্ঞান জন্মে; তাহার বলেই তিনি আমাকে লাভ করেন, অর্থাৎ জীবন্মুক্ত হইয়া যান। সুতরাং সেরূপ মহাত্মা অতিদুর্লভই বটেন ॥১৯॥

যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্ ॥২১॥
স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যা রাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্ ॥২২॥

ভারতকৌমুদী

ততঃ কিং স্যাদিত্যাহ য ইতি। যো যো ভক্তঃ, শ্রদ্ধয়া এতদ্দেবতামূর্ত্তিপূজয়া এতৎ ফলমহং লপ্স্যে ইতি বিশ্বাসেন, যাং যাং তনুং দেবতামূর্ত্তিম্, অর্চ্চিতুমিচ্ছতি; অহম্, তস্য তস্য জনস্য, তাং তত্তদ্দেবতাতনুবিষয়াং শ্রদ্ধামেব অচলাং বিদধামি, তাসাং তাসাং সর্বাসামেব তনূনাং মদ্বিভূতিরূপত্বেন তদর্চ্চনস্যাপি মদর্চ্চনরূপত্বাদিতি ভাবঃ ॥২১॥

তৎপরঞ্চ কিং স্যাদিত্যাহ স ইতি। তয়া প্রাগুক্তয়া শ্রদ্ধয়া যুক্তঃ স ভক্তঃ, তস্যা ইন্দ্রাদি-দেবতাতনোঃ, রাধনং পূজাম্, ঈহতে কর্ত্তুং চেষ্টতে প্রবর্ত্তত ইত্যর্থঃ; ততশ্চ ময়ৈব বিহিতান্ তান্, কামান্ হি কাম্যফলান্যেব, লভতে। ইন্দ্রাদিদেবতানামপি মদ্বিভূতিরূপতয়া তদ্বিহিতানামপি মদ্বিহিতত্বমেবেত্যাশয়ঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

যো যো ভক্তঃ সাত্ত্বিকো রাজসস্তামসো বা যাং যাং তনুং তাদৃশীমেব দেবাদিরূপাং যক্ষরক্ষোরূপাং ভূতপ্রেতরূপাং বা মূর্ত্তিং শ্রদ্ধয়া তাদৃশ্যৈবার্চ্চিতুমিচ্ছতি তস্য তস্য ভক্তস্য তামেব শ্রদ্ধাং সাত্ত্বিকীং রাজসীং তামসীং বা অহং সর্ব্বেশ্বরোঽচলাং বিদধামি ॥২১॥ ততশ্চ স তয়া শ্রদ্ধয়া যুক্তঃ সন্ তস্যা মূর্ত্তেরারাধনং সমাধনং বশীকরণমীহতে ইচ্ছতি ততশ্চ কামান্ বিষয়ান্ লভতে ময়ৈব বিহিতানাজ্ঞাপিতান্ হিতান্ ঈপ্সিতান্ এতেন সর্ব্বাসাং দেবতানাং স্বাজ্ঞাবশবর্ত্তিত্বং দর্শিতম্

আর কামী লোকেরা সেই সেই কামনায় আকৃষ্টচিত্ত ও আপন আপন স্বভাবে বদ্ধ হইয়া সেই সেই নিয়ম অবলম্বন করিয়া অন্যান্য দেবতার উপাসনা করে ॥২০॥

তাৎপর্য্য—কামী লোকেরা পুত্র কামনা করিয়া কার্ত্তিকেয়ের পূজা করে, ধন কামনা করিয়া কুবেরের আরাধনা করে এবং আরোগ্য কামনা করিয়া সূর্য্যের সেবা করে; এই ভাবে তাহারা আজীবন বিভিন্ন কামনা করিয়া বিভিন্ন দেবতার উপাসনা করিতে থাকে। সুতরাং তাহাদের চিরদিনই কামনা চলিতে থাকায় বার বার জন্ম হয়, কিন্তু মুক্তি সুদূরপরাহতই থাকে ॥২০॥

যে যে ভক্ত শ্রদ্ধাপূর্ব্বক যে যে দেবতার মূর্ত্তি পূজা করিতে ইচ্ছা করে, আমি সেই সেই ভক্তের সেই সেই শ্রদ্ধাকেই অচলা করিয়া থাকি ॥২১॥

তাৎপর্য্য—ইন্দ্রপ্রভৃতি দেবতারাও আমারই বিভূতি। সুতরাং তাঁহাদের পূজা করিলেও আমারই পূজা করা হয়। অতএব আমি ভক্তদের শ্রদ্ধাকে অচলা করিয়া থাকি ॥২১॥

অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥২৩॥
অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তর্হীন্দ্রাদিদেবতাপূজাতো ভবৎপূজায়াঃ কো বিশেষ ইত্যাহ অন্তবদিতি। অল্পমেধসাম্ অল্পবুদ্ধীনাম্, ইন্দ্রাদিদেবতানাং মদ্বিভূতিরূপতয়া সর্ব্বথৈবানবগমাদিতি ভাবঃ, তেষাং দেবতান্তরমূর্ত্তিপূজকানাম্, তৎ ফলন্তু, অন্তবৎ বিনশ্বরং ভবতি। কুত ইত্যাহ দেবানিতি। দেবানিন্দ্রাদীন্ যজন্তে পূজয়ন্তীতি দেবযজঃ, দেবান্ ইন্দ্রাদীনেব, যান্তি প্রাপ্নুবন্তি; মদ্ভক্তা অপি ভক্ত্যা মৎপূজকাশ্চ, মাং যান্তি। অত্রায়মাশয়ঃ—ইন্দ্রাদিদেবতানাং মদ্বিভূতিরূপত্বেঽপি অঙ্গপ্রসারণসঙ্কোচনন্যায়েন তেষামপ্যুৎপত্তিবিনাশৌ বিদ্যেতে এব। ততশ্চ তেষাং নাশে তৎপ্রাপিণামপি নাশঃ। মম তু নিত্যত্বান্মৎপ্রাপিণাং কদাপি ন নাশঃ, "ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

॥২২॥ অল্পমেধসাম্। অথ "যত্রান্যৎ পশ্যত্যন্যচ্ছৃণোতি অন্যন্মনুতেঽন্যদ্বিজানাতি তদল্প"মিতি শ্রুতেঃ। দ্বৈতমল্পং তত্রৈব মেধা যেষাং তে, বাহ্যার্থাভিলাষিণামিত্যর্থঃ। তেষাং তৎফলমন্তবৎ সর্ব্বস্য বাহ্যার্থস্যান্তবত্ত্বাদেব। তুশব্দোঽভেদেনেশ্বরে ভক্তেভ্যো বিভেদার্থঃ যতো দেবযজো দেবান্ যজন্তে ইতি দেবযজস্তে দেবানন্তযুক্তানেব যান্তি। এবং যক্ষরক্ষোভক্তা যক্ষাদীনেব যান্তি ভূতপ্রেতভক্তাশ্চ ভূতাদীনেবেত্যপি দ্রষ্টব্যম্। মদ্ভক্তাস্তু মামেবানন্তং যান্তি অতস্তেঽনন্তফলভাজ ইত্যর্থঃ ॥২৩॥ এবং তর্হি কুতস্ত্বামেব সর্ব্বে ন প্রতিপদ্যন্ত ইত্যাশঙ্ক্যা-

সেই শ্রদ্ধাসম্পন্ন ভক্ত ইন্দ্রপ্রভৃতি দেবতার পূজা করে, তাহার পর অভীষ্ট ফল লাভ করিয়া থাকে; সে অভীষ্ট ফল আমিই দিয়া থাকি ॥২২॥

তাৎপর্য্য—পূর্ব্বেই বলিয়াছি যে, ইন্দ্রপ্রভৃতি দেবতারাও আমারই বিভূতি। অতএব তাঁহারা ভক্তদিগকে যে ফল দান করেন, তাহা আমারই দেওয়া হয় ॥২২॥

তবে সেই অল্পবুদ্ধি লোকদিগের সেই সকল ফল বিনশ্বর হইয়া থাকে এবং অন্যান্য-দেবতা-পূজক লোকেরা সেই সেই দেবতাকে লাভ করে, আর আমার ভক্তেরা আমাকে লাভ করিয়া থাকে ॥২৩॥

তাৎপর্য্য—ইন্দ্রপ্রভৃতি দেবতারা আমার বিভূতি হইলেও তাঁহাদের উৎপত্তি ও বিনাশ আছে। কারণ, মানুষ যেমন অঙ্গ প্রসারণ ও বিস্তার করে, আমিও তেমন ইন্দ্রপ্রভৃতি-দেবতাকে সৃষ্টির প্রারম্ভে উৎপাদন করি এবং প্রলয়ের সময়ে বিনাশ করিয়া থাকি। সুতরাং যাহারা তাঁহাদের পূজা করিয়া তাঁহাদিগকে পায়, তাহারাও তাঁহাদের সহিতই প্রলয়কালে বিনষ্ট হয়; আর আমি নিত্য বলিয়া আমার পূজকেরা আমাকে পাইয়া কখনও বিনষ্ট হয় না ॥২৩॥

নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥২৫॥

ভারতকৌমুদী

নন্থ ভবৎসেবিনামীদৃশাবিনশ্বরফললাভসম্ভবে কথং সর্ব্ব এব ভবন্তং ন সেবন্ত ইত্যাহ অব্যক্তমিতি। অবুদ্ধয়ঃ অজ্ঞানিনো জনাঃ, পরমিন্দ্রিয়াতীতম্, অব্যয়ম্ উৎপত্তিবিনাশশূন্যতয়া অপরিণামিণম্, অতএব ন বিদ্যতে উত্তমো যস্মাত্তমনুত্তমম্, মম, ভাবং চিন্ময়াদ্বিতীয়ানন্দ-স্বরূপম্, অজানন্তঃ সন্তঃ, অব্যক্তং জন্মনঃ পূর্বমসত্ত্বাৎ চৈত্রমৈত্রাদিবদেব অস্পষ্টং পিত্রোঃ শরীরে শুক্রশোণিতরূপেণাবস্থানাদপ্রকাশমিত্যর্থঃ, পরঞ্চ ব্যক্তিমাপন্নং কৃষ্ণরূপেণ প্রকাশং প্রাপ্তম্, মন্যন্তে চৈত্রমৈত্রাদিমিব মানুষমাত্রং সম্ভাবয়ন্তি। অতএব তে মাং ন সেবন্ত ইতি ভাবঃ ॥২৪॥

অথ কথং তে ভবতস্তং ভাবং ন জানন্তীত্যাহ নেতি। যোগঃ অঘটমানঘটনোপায়স্তৎ-সম্বন্ধিনী মায়া যোগমায়া তয়া সমাবৃতঃ পিহিতসচ্চিদ্রূপঃ, অহম্, সর্ব্বস্য জ্ঞানিবদজ্ঞানিনোঽপি, ন প্রকাশঃ ন বুদ্ধিগোচরঃ। অতএব অয়ম্, মূঢ়স্তয়ৈব মায়য়া মোহিতচিত্তো লোকঃ, অজং জন্মরহিতম্, অব্যয়ং বিনাশরহিতঞ্চ মাম্, ন অভিজানাতি সর্ব্বথা ন বুধ্যতে ॥২৫॥

ভারতভাবদীপঃ

জ্ঞানাদিত্যাহ—অব্যক্তমিতি। অব্যক্তং সর্ব্বোপাধিশূন্যত্বেনাস্পষ্টমপি বাসুদেবশরীরেণ ব্যক্তিমাপন্নম্ অস্মদাদিবচ্ছরীরাভিমানিনং মামবুদ্ধয়ো মন্যন্তে। যতো মম পরং ভাবং পরত্বমুৎকৃষ্টত্বমজানন্তঃ। উৎকৃষ্টত্বমেব বিশিনষ্টি—অব্যয়ং ন ব্যেতীত্যব্যয়মবিনাশিনম্, অনুত্তমং যস্মাদন্যদুৎকৃষ্টঞ্চ নাস্তি। নিরতিশয়মপৈশ্বর্য্যরূপমিত্যর্থঃ ॥২৪॥ কুতস্ত্বদ্বিষয়মজ্ঞানং লোকস্যেত্যত আহ—নাহমিতি। হে যোগ! যোগিন্! অর্শ আদ্যচ্ প্রত্যয়ান্তোঽয়ং যোগ-শব্দঃ। অহং তৎপদার্থঃ সর্ব্বস্য যোগিনস্ত্বংপদার্থমাত্রাভিজ্ঞস্য ন প্রকাশোঽস্মি, তত্র হেতুঃ—মায়াসমাবৃত ইতি। ভাষ্যে তু যোগো যুক্তির্গুণানাং ঘটনং সৈব যোগমায়া চিত্তসমাধির্ব্বা যোগো ভগবতস্তৎকৃতা মায়েতি ভগবৎসঙ্কল্পবশবর্ত্তিনী মায়েত্যর্থঃ। উত্তরার্দ্ধঃ স্পষ্টার্থঃ ॥২৫॥

অজ্ঞানী লোকেরা অতীন্দ্রিয় এবং অবিকারী আমার সর্বোত্তম অবস্থা না জানিয়া আমাকে পূর্ব্বে অপ্রকাশিত পরে প্রকাশিত বলিয়া মনে করে ॥২৪॥

তাৎপর্য্য—আমি যে চিন্ময়, পরমানন্দ ও অদ্বিতীয় পরব্রহ্ম, তাহা না জানিয়া অজ্ঞানীরা আমাকে চৈত্র ও মৈত্রপ্রভৃতি অন্যান্য মানুষের তুল্যই মনে করে। কারণ, চৈত্র ও মৈত্রপ্রভৃতি মানুষ যেমন জন্মের পূর্ব্বে পিতা ও মাতার শরীরে শুক্র ও শোণিতরূপে অবস্থান করে বলিয়া অপ্রকাশিত থাকে, তাহার পরে জন্ম হইলে চৈত্র ও মৈত্রপ্রভৃতিরূপে প্রকাশ পায়; আমিও সেইরূপই পূর্বে বসুদেব ও দেবকীর শরীরে শুক্র ও শোণিতরূপে থাকায় অপ্রকাশিত ছিলাম, পরে জন্ম হইলে কৃষ্ণরূপে প্রকাশিত হইয়াছি; ইহাই সেই অজ্ঞানীরা ধারণা করে ॥২৪॥

আমি যোগমায়ায় আবৃত থাকি বলিয়া সকলের হৃদয়ে স্বরূপে প্রকাশ পাই না। সুতরাং মূঢ় মানুষগণ জন্ম ও মৃত্যুবিহীন আমাকে চিনিতে পারে না ॥২৫॥

বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন ! ।
ভবিষ্যাণি চ ভূতানি মাস্তু বেদ ন কশ্চন ॥২৬॥
ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত ! ।
সর্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ ! ॥২৭॥

ভারতকৌমুদী

তচ্চৈত্রমৈত্রাদ্যসাধারণত্বমাত্মনো দর্শয়তি বেদেতি। হে অর্জ্জুন! অহম্, সমতীতানি, বর্ত্তমানানি, ভবিষ্যাণি চ, ভূতানি স্থাবরজঙ্গমাদীন্ সর্বান্ পদার্থান্, বেদ নিত্যাপ্রতিহত-জ্ঞানময়ত্বাৎ জানামি; কশ্চনাপি অজ্ঞানী জনস্তু, মাং ন বেদ ন জানাতি মন্মায়য়ৈব মোহিতত্বাৎ। অতো মানুষদেহোঽপ্যহমিতরমানুষাসাধারণ এবেতি ভাবঃ ॥২৬॥

কথং কশ্চনাপি ভবন্তং ন বেদেত্যাহ ইচ্ছেতি। হে পরন্তপ ভারত! সর্গে স্থূলদেহ-সৃষ্টৌ সত্যামেব, সর্ব্বভূতানি সর্ব এব প্রাণিনঃ, ইচ্ছা মনোঽনুকূলবিষয়েষু প্রাপ্ত্যভিলাষঃ দ্বেষো মনঃপ্রতিকূলবিষয়েষু পরিজিহীর্ষা চ তাভ্যাং সমুত্থেন উৎপন্নেন, দ্বন্দ্বানি শীতোষ্ণসুখদুঃখাদীনি বিপরীতযুগলানি তন্নিমিত্তো যো মোহো বিবেকরাহিত্যং তেন, সম্মোহম্ অহং সুখী অহং দুঃখী ইত্যাদিরূপং ভ্রমম্, যান্তি প্রাপ্নুবন্তি। অতএবাবিদ্যাবশীকৃতা বিদ্যাবেদ্যং মাং ন বিদন্তীতি ভাবঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

নন্থ ত্বদভিন্নং লোকং ত্বন্মায়া মোহয়তি চেত্ত্বাং কুতো ন মোহয়তীত্যত আহ—বেদাহমিতি। সত্যং সত্যপি লোকস্য মম চাভেদে ঔপাধিকভেদস্য সত্ত্বাদুপাধিধর্ম্মাভিমানিত্বাল্লোকো মূঢ়ঃ; তদভাবাচ্চাহং সর্ব্বজ্ঞ ইতি বিশেষঃ। অক্ষরার্থঃ স্পষ্টঃ ॥২৬॥ কেন পুনর্নিমিত্তেনাতীতাদীনি ভূতানি ন জানন্তীত্যাশঙ্ক্যাহ—ইচ্ছেতি। ইচ্ছা রাগঃ দ্বেষস্তাভ্যাং সমুত্থিতো দ্বন্দ্বমোহঃ শোভনাশোভনসত্যাসত্যনিত্যানিত্যাত্মানাত্মসু বিপর্য্যয়ঃ অশোভনে শোভনবুদ্ধিঃ শোভনে বা অশোভনবুদ্ধিরিত্যেবংরূপস্তেন। হে ভারত! ভরতান্বয়! সর্ব্বভূতানি সর্গে সৃষ্টিবিষয়ে

তাৎপর্য্য—যাহা ঘটিতে পারে না, তাহা ঘটাইবার উপায়ের নাম—'যোগ' এবং তৎসম্বন্ধিনী মায়ার নাম—'যোগমায়া' সেই যোগমায়াদ্বারা আমি সর্ব্বদাই অজ্ঞানীর নিকটে আবৃত থাকি। সুতরাং সেই অজ্ঞানী আমার স্বরূপ জানে না ॥২৫॥

অর্জ্জুন! আমি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত পদার্থই জানি; কিন্তু অন্য কেহই আমাকে জানে না ॥২৬॥

তাৎপর্য্য—আমি—নিত্য ও অপ্রতিহত জ্ঞানময়; সুতরাং জগতের সকল কালের ও সকল দেশের সকল পদার্থই আমার জ্ঞানের গোচর হয়; কিন্তু আমি কোন অজ্ঞানীরই জ্ঞানের গোচর হই না। কেন না, অজ্ঞানীরা আমার মায়াতেই মোহিত থাকে ॥২৬॥

শত্রুতাপন ভরতনন্দন! জন্ম হইলেই সকল প্রাণী ইচ্ছা ও দ্বেষের বিষয়ীভূত শীত ও গ্রীষ্ম এবং সুখ ও দুঃখপ্রভৃতি বিপরীত দুই দুইটা ভাবের মোহে ভ্রমপ্রাপ্ত হয় ॥২৭॥

যেষামন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥২৮॥
জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥২৯॥

ভারতকৌমুদী

তর্হি কেঽপি কিং ভবন্তং বিদন্তো ন ভজন্ত ইত্যাহ যেষামিতি। যেষাং পুণ্যকর্ম্মণাং জনানাম্, পাপম্, অন্তগতং পুণ্যৈঃ কর্ম্মভিরেব নাশপ্রাপ্তম্, তে, প্রাগুক্তেন দ্বন্দ্বমোহেন নির্ম্মুক্তাঃ পরিত্যক্তাঃ, অতএব দৃঢ়ব্রতা নিশ্চলনিয়মাঃ সন্তঃ, মাং ভজন্তে, পুণ্যাৎ পাপনাশেন মদ্বিষয়কজ্ঞানোদয়াদিত্যাশয়ঃ ॥২৮॥

ইদানীং চরিতার্থানাং প্রকারমাহ জরেতি। যে জনাঃ, অবশ্যম্ভাবিনোর্জরামরণয়োর্মোক্ষায় ত্যাগায়, মামাশ্রিত্য উপাস্যত্বেনাবলম্ব্য, যতন্তি তত্ত্বজ্ঞানলাভায় যতন্তে; তে জনাঃ, তৎ ব্রহ্ম "তত্ত্বমসি" ইতি তৎপদবাচ্যং পরমাত্মানম্, কৃৎস্নং সর্ব্বম্, আত্মনি দেহেন্দ্রিয়াদিসংঘাতে অধি ইত্যধ্যাত্মং ত্বংপদবাচ্যং জীবং লিঙ্গদেহাদিকঞ্চ, অখিলং কর্ম্ম চ নিষ্কামং বেদবিহিতং কার্য্যঞ্চ, বিদুর্জানন্তি। ততশ্চ চরিতার্থা ভবন্তীত্যাশয়ঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

মোহম্ অবিবেকং যান্তি, হে পরন্তপ! অয়ং ভাবঃ—যো হি সৃষ্টেরুপাদানং স্বরূপঞ্চ তত্ত্বতো জানাতি স ব্রহ্মবিৎ সর্বজ্ঞত্বাদতীতাদীন্ জানাতি। সৃষ্টৌ চ সর্ব্বেষাং মোহোঽস্তি অশোভনে স্ত্র্যাদৌ শোভনাধ্যাসাৎ অসত্যে প্রপঞ্চে সত্যত্বাধ্যাসাৎ, সত্যে চাত্মনোঽসঙ্গত্বেঽসত্যত্বাধ্যাসাৎ অনিত্যে স্বর্গাদৌ নিত্যত্বাধ্যাসাৎ অনাত্মনি দেহাদাবাত্মাধ্যাসাৎ। অতো বিপর্য্যয়েণ সৃষ্টিজ্ঞানং প্রতিবন্ধং তেন চ সার্বজ্ঞ্যং ন জায়তেঽস্মদাদীনামিতি ॥২৭॥ কেষাং তর্হি সার্বজ্ঞ্যং ভবতীত্যাশঙ্ক্যাহ—যেষাং দ্বিতি দ্বাভ্যাম্। যেষাং পুনর্জনানাং পুণ্যকর্ম্মণাং পাপম্ অন্তগতম্ অন্তং নাশং প্রাপ্তম্, দ্বিতীয়াশ্রিতেতি সমাসঃ। তে দ্বন্দ্বমোহ উক্তলক্ষণস্তেন নির্ম্মুক্তাঃ সন্তঃ প্রথমং দৃঢ়ব্রতাঃ শমদমাদিদার্ঢ্যভাজো ভূত্বা মাং ভজন্তে ॥২৮॥ ততশ্চ জরামরণয়োঃ

তাৎপর্য্য—জন্মিবার পর হইতেই প্রাণিগণের স্বভাবতই সুখের প্রতি ইচ্ছা এবং দুঃখের প্রতি বিদ্বেষ চলিতে থাকে; তখন প্রবল গ্রীষ্মের সময়ে শীতল বায়ু পাইলে 'আমি সুখী' এবং অগ্নির তাপ পাইলে 'আমি দুঃখী' এইরূপ মনে করে। ঐরূপ মনে করাটাই ভ্রম। কেন না, 'আমি'-শব্দে আত্মাই বুঝায়, দেহ বুঝায় না; তথাপি দেহের সুখে 'আমি সুখী' এবং দেহের দুঃখে 'আমি দুঃখী' এইরূপ ধারণা করে অর্থাৎ দেহটাকেই আত্মা বলিয়া মনে করে। সেই ভ্রমবশতই আমাকে জানিতে পারে না ॥২৭॥

পুণ্যের বলে যে সকল লোকের পাপ নষ্ট হয়, তাঁহারা ঐ ভ্রমবিহীন ও দৃঢ়-নিয়মশালী হইয়া আমার উপাসনা করেন ॥২৮॥

তাৎপর্য্য—পুণ্যের প্রভাবে পাপ নষ্ট হইলেই অজ্ঞান ও নষ্ট হয়, তখন জ্ঞান জন্মে এবং সেই জ্ঞানের বলে মানুষ আমাকে জানিয়া আমার উপাসনা করিতে থাকে ॥২৮॥

সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্‌গীতাপর্বণি একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

———০::০———

ভারতকৌমুদী

পরাধ্যায়গতমর্জ্জুনপ্রশ্নং সূচয়ন্ সাধকানাং চরিতার্থতায়াঃ প্রকারান্তরমাহ সাধিভূতেতি। সাধিভূতাদিপদার্থান্ পরাধ্যায়ে ভগবান্ স্বয়মেব ব্যাখ্যাস্যতি। যে জনাঃ, অধিভূতাধিদৈবাভ্যাং সহেতি সাধিভূতাধিদৈবস্তম্, অধিযজ্ঞেন সহেতি সাধিযজ্ঞস্তঞ্চ মাম্, বিদুর্জানন্তি; তে জনাঃ, প্রয়াণকালেঽপি মরণসময়েঽপি চ, যুক্তচেতসো ময়ি সমাহিতচিত্তাঃ সন্তঃ, মাং বিদুশ্চিরাভ্যাসপাটবাজ্জানন্তি চিন্তয়ন্তীত্যর্থঃ, ন পুনঃ প্রবলরোগাদিবিকলেন্দ্রিয়াঃ সন্তোঽপি মাং বিস্মরন্তীত্যাশয়ঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্‌গীতায়ামেকত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

প্রবাহাদাত্মনো মোক্ষায় মামাশ্রিত্য ময়ি সমাহিতচেতসো ভূত্বা যে যতন্তি যতন্তে জ্ঞানলাভায় বেদান্তশ্রবণাদৌ তে তৎ সর্ববেদান্তপ্রসিদ্ধং কৃৎস্নং ব্রহ্ম বিদুঃ। বিরাড়াদ্যুপাসকা হ্যকৃৎস্নব্রহ্মবিদঃ সূত্রকারণয়োর্নিষ্কলস্য চাজ্ঞানাৎ। শ্রীগোপালবালোপাসকাস্তু তৎপদলক্ষ্যকৃৎস্নব্রহ্মবিদোঽতস্তেঽধ্যাত্মাদিকং কার্ৎস্ন্যেন জানন্তি সর্ববিদো ভবন্তীত্যর্থঃ। অনেন যজ্জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যৎ জ্ঞাতব্যমবশিষ্যত ইত্যেকবিজ্ঞানেন সর্ববিজ্ঞানপ্রতিজ্ঞা যা পূর্বং কৃতা তস্যা উপসংহারো দর্শিতঃ। অধ্যাত্মম্ আত্মনি শরীরে স্থিতং প্রত্যগাত্মবিষয়ং বস্তু শুদ্ধং ত্বংপদার্থমিত্যর্থঃ। কর্ম্ম চ তত্ত্বংপদার্থজ্ঞানয়োঃ সাধনং শ্রবণাদিকং সর্বং বিদুঃ ॥২৯॥ এবং তৎপদার্থবিবেকং সদ্যোমুক্তিহেতুং সমাপ্য তৎপ্রাপ্ত্যুপায়ভূতান্যুপাসনানি ক্রমমুক্তিফলানি বিস্তরেণ বক্তুকামঃ সঙ্ক্ষেপেণ সূত্রয়তি—সাধিভূতেতি। অধিভূতঞ্চ অধিদৈবঞ্চ তাভ্যাং সহিতং

যাঁহারা জরা ও মৃত্যু হইতে মুক্ত হইবার জন্য আমাকে আশ্রয় করিয়া তত্ত্বজ্ঞানলাভের নিমিত্ত যত্ন করেন, তাঁহারাই সেই ব্রহ্ম, আধ্যাত্মিক সমস্ত বিষয় এবং সমস্ত নিষ্কাম কর্ম্ম জানিতে পারেন ॥২৯॥

তাৎপর্য্য—এস্থানে যত্ন করার মানেই—গুরুবাক্য ও বেদান্তবাক্য শ্রবণ করা, তদনুসারে বিচার করা এবং ধ্যান করা; তাহা করিতে থাকিলেই আমার অনুগ্রহে তত্ত্বজ্ঞান লাভ করিয়া মানুষ কৃতার্থ হইয়া যায় ॥২৯॥

অষ্টমোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

কিং তদ্‌ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম ! ।
অধিভূতঞ্চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে ॥১॥

ভারতকৌমুদী

পূর্ব্বাধ্যায়াস্তিমশ্লোকদ্বয়োক্তান্ ব্রহ্মাদিসপ্তবিষয়ান্ জিজ্ঞাসুরর্জ্জুন উবাচ কিমিতি। হে পুরুষোত্তম ! । অতএব ত্বং সর্ব্বং বক্তুং শক্যসীত্যাশয়ঃ। তৎ পূর্ব্বমুক্তং ব্রহ্ম কিম্, অধ্যাত্মং কিম্, কর্ম্ম কিম্, ত্বয়ৈব প্রোক্তমধিভূতং কিম্, ত্বয়া অধিদৈবঞ্চ কিমুচ্যতে ॥১॥

ভারতভাবদীপঃ

সাধিভূতাধিদৈবম্, তথাধিযজ্ঞেন সহিতং সাধিযজ্ঞঞ্চ মাং যে বিদুঃ উপাসতে তে যুক্তচেতসঃ। যতো নিত্যং সমাহিতচিত্তাস্ততো মাং প্রয়াণকালেঽপি সর্ব্বজনব্যামোহকে বিদুরেব। ভাবনাদার্ঢ্যাম্মরণকালেঽপি তস্য জ্ঞানস্য প্রমোষো ন ভবত্যতো ভগবতি নৈরন্তর্য্যেণ দৃঢ়া ভাবনা কর্ত্তব্যেতি ভাবঃ। অধিভূতাদিপদার্থস্তু ভগবানেব ব্যাখ্যাস্যতীতি নোক্তবন্তো বয়ম্ ॥৩০॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

ইতি নৈলকণ্ঠীয়ে গীতায়াং সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

———(::)———

পূর্ব্বস্মিন্নধ্যায়ে মায়োপহিতং ব্রহ্ম জগৎকারণমুক্তম্, তচ্চ উত্তমানামনুপাধিব্রহ্মপ্রতিপত্ত্যুপলক্ষণং মধ্যমানামুপাস্যং চেতি মত্বা প্রতিপত্তব্যং ব্রহ্ম তদ্বিষয় একঃ উপাসনাবিষয়াশ্চ ষট্ এবং সপ্ত প্রশ্নবিষয়াস্তে ব্রহ্ম তদ্বিদুরিত্যধ্যায়ান্তে সার্দ্ধশ্লোকেন ভগবতা সূত্রিতাস্তদ্বৃত্তিরূপোঽয়মধ্যায় আরভ্যতে। তত্র সূত্রিতানাং ব্রহ্মাদিশব্দানামর্থং বুভুৎসুরর্জ্জুন উবাচ—কিং

যাঁহারা অধিভূত, অধিদৈব ও অধিযজ্ঞের সহিত আমাকে জানেন, তাঁহারা মৃত্যুকালেও আমাতে সমাহিতচিত্ত হইয়া আমাকে চিন্তা করিতে থাকেন ॥৩০॥

তাৎপর্য্য—পরাধ্যায়ের প্রথমে কৃষ্ণ নিজেই অধিভূতপ্রভৃতি শব্দের ব্যাখ্যা করিবেন; সুতরাং এখানে আর তাহা করা হইল না। মৃত্যুকালে প্রবল রোগের আক্রমণে সকল ইন্দ্রিয়ই বিকল হইয়া যায়। অতএব তখন কোন ইন্দ্রিয়দ্বারাই কোন কার্য্য করা যায় না; কিন্তু যাঁহারা চিরদিন আমার ধ্যান করিয়া আসিতেছেন, তাঁহারা সে মৃত্যুকালেও সেই চির অভ্যাসের বলে আমাকে ধ্যান করিতে পারেন, তাহাতে তাঁহাদের পরম সদ্‌গতি লাভ হয় ॥৩০॥

অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন!।
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ ॥২॥

শ্রীভগবানুবাচ।

অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।
ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্মসংজ্ঞিতঃ ॥৩॥

ভারতকৌমুদী

অধীতি। হে মধুসূদন! অত্র পূর্ব্বাধ্যায়াস্তিমশ্লোকে উক্তঃ, অস্মিন্ দেহে সম্ভাব্যমানঃ অধিযজ্ঞঃ কঃ, কথং বাঽসৌ জ্ঞেয়শ্চেত্যেক এব প্রশ্ন ইতি প্রাঞ্চঃ। প্রয়াণকালে চ মরণসময়ে চ, নিয়তাত্মভিঃ সংযতচিত্তৈঃ, কথং কেন প্রকারেণ ত্বং জ্ঞেয়োঽসি ॥২॥

অথ ত্রিভিঃ সপ্তানাং প্রশ্নানামুত্তরং বক্ষ্যন্ একেনাদ্যানাং ত্রয়াণামুত্তরং শ্রীভগবানুবাচ অক্ষরমিতি। ন ক্ষরতি ন চলতীত্যক্ষরং জন্মাদিষড়্ভাববিকাররহিতং ব্রহ্ম, "এতদ্বৈ তদক্ষরং গার্গি" ইতি শ্রুতেঃ। "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইতি শ্রুতেঃ "দিক্কালাবাকাশাদিভ্যঃ" ইতি সাংখ্যসূত্রাচ্চ আকাশদিক্কালানামুৎপত্তিমত্ত্বেন বিকারবত্ত্বান্ন ব্রহ্মত্বম্। অথ

ভারতভাবদীপঃ

তৎকৃৎস্নং ব্রহ্মেতি প্রথমঃ প্রশ্নঃ। শেষঃ স্পষ্টার্থঃ শ্লোকঃ ॥১॥ অধিযজ্ঞঃ কথং কোঽত্র ক ইতি স্বরূপপ্রশ্নঃ। কথং জ্ঞেয় ইতি পদাপকর্ষেণ তত্তদুপাসনাপ্রকারপ্রশ্নশ্চেতি দ্বয়ং মিলিত্বা এক এব প্রশ্নঃ। শেষং স্পষ্টম্ ॥২॥ ক্রমেণৈষাং প্রশ্নানামুত্তরমাহ—অক্ষরমিত্যাদিভিস্ত্রিভিঃ। তত্র

অর্জ্জুন বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! সেই ব্রহ্ম কি? অধ্যাত্ম কি? ধর্ম্ম কি? অধিভূত কাহাকে বলিয়াছ? এবং অধিদৈবই বা কাহাকে বলিলে? ॥১॥

তাৎপর্য্য—বৃংহধাতুর উত্তর মন্ প্রত্যয়ে ব্রহ্মশব্দ নিষ্পন্ন হইয়াছে, তাহার অর্থ—বৃহৎ; তবে কি আকাশপ্রভৃতিও ব্রহ্ম? এ স্থানের আত্মশব্দের অর্থ—স্থূলদেহ; তাহাতে যাহা আছে, তাহা অধ্যাত্ম; তবে কি ইন্দ্রিয়গুলি বা সূক্ষ্মভূতগুলিও অধ্যাত্ম? কর্ম্মশব্দের অর্থ—কার্য্য; তবে কি লৌকিক ও বৈদিক উভয় কার্য্যই কর্ম্ম? পৃথিবীপ্রভৃতি ভূতগুলিকে অধিকার করিয়া যে যে ব্যাপার হয়, সেইগুলিই অধিভূত; তবে কি ভূমিকম্প ও বায়ুর চলনপ্রভৃতিও অধিভূত? দেবতাকে অধিকার করিয়া যাহা হয়, তাহার নাম—অধিদৈব; তবে কি বজ্রপাতপ্রভৃতিও অধিদৈব? ॥১॥

মধুসূদন! এই দেহে পূর্বোক্ত অধিযজ্ঞ কি? কি প্রকারেই বা তাহা জানা যায়? আর মৃত্যুকালেই বা তুমি কি প্রকারে সংযতচিত্ত লোকদিগের জ্ঞানগম্য হও?' ॥২॥

তাৎপর্য্য—ঋষিদের নিকট শুনিয়াছি—অধিযজ্ঞ দেহে থাকেন; তবে কি তিনি অগ্নি? তা'র পর মৃত্যুকালে ত সকল ইন্দ্রিয়ই বিকল হইয়া যায়, তবে তোমাকে মুমূর্ষু লোক কি করিয়া জানিবে? ॥২॥

ভারতকৌমুদী

জীবস্যাপি জন্মাদিষড়্ভাববিকারাভাবাদ্ব্রহ্মত্বমাস্তামিত্যাহ পরমমিতি। পরমং নিরুপাধিকং চিদাদিরূপঞ্চ। জীবস্য তু দেহাদ্যুপাধিমত্ত্বান্ন ব্রহ্মত্বম্। স্বস্যৈব ব্রহ্মণো ভাবোঽবস্থাবিশেষো দেহাদ্যুপাধ্যবচ্ছিন্নো ভোক্তৃভাবাপন্নো জীবঃ, আত্মানং দেহাদিসংঘাতমধিকৃত্য ভোক্তৃভাবেন বর্ত্তমানমিত্যধ্যাত্মমুচ্যতে। তথা ভূতানাং স্থাবরজঙ্গমানাং ভাবমুৎপত্তিম্ উদ্ভবং বৃদ্ধিঞ্চ করোতীতি সং, বিসর্গো দেবাদ্যুদ্দেশেন দ্রব্যত্যাগঃ, কর্ম্মসংজ্ঞিতঃ কর্ম্মনামা; "তে বা এতে আহুতী হুতে উৎক্রামতঃ" ইতি শ্রুতেঃ "অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজা॥" ইতি স্মৃতেশ্চ। এতচ্চ সন্ধ্যাবন্দনাদীনাং বৈধব্যাপারান্তরাণামপ্যুপলক্ষণম্ ॥৩॥

ভারতভাবদীপঃ

কিং তদ্ব্রহ্মেত্যস্যোত্তরমক্ষরং পরমং ব্রহ্মেতি। যৎ পরমমক্ষরং তদ্ব্রহ্মেতি যোজনা, অক্ষর-শব্দস্য বর্ণেষু রূঢ়ত্বাৎ। "ওমিত্যেতদক্ষর"মিত্যাদিশ্রুতৌ "ওমিত্যেকাক্ষরং ব্রহ্মে"তি স্মৃতৌ চ দর্শনেনাত্রাপি প্রণবস্যাক্ষরশব্দেন গ্রহণে প্রসক্তে পরমমিতি বিশেষণং প্রণবস্য পরব্রহ্মত্বা-সম্ভবাৎ। অতশ্চ "এতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্ত্যস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘ"মিতি শ্রুতিপ্রসিদ্ধমখণ্ডৈকরসং বস্তু অক্ষরশব্দিতং তদ্ব্রহ্মেতি প্রাঞ্চঃ। যদ্বা অক্ষরশব্দেন জীবঃ, "কূটস্থোঽক্ষর উচ্যতে" "উত্তমঃ পুরুষস্ত্বন্য" ইতি গীতাসু। "ক্ষরং প্রধানমমৃতাক্ষরং হরঃ ক্ষরাত্মানাবীশতে দেব এক" ইতি শ্রুতৌ চ কূটস্থপদেনামৃতপদেন চ বিশেষিতস্যাক্ষরপদস্য জীববাচিত্বদর্শনাৎ। অমৃতোঽক্ষরমিত্যপেক্ষিতে উষ্মাভাবশ্ছান্দসঃ। তথা চাক্ষরং জীবাখ্যং পরমং ব্রহ্ম, পরমমিতি বিশেষণেন সোপাধিকস্য পূর্ব্বাধ্যায়োক্তস্য ব্যাবৃত্তিঃ। নহি জীবস্য সোপাধিকস্য ব্রহ্মভাবঃ সম্ভবতি ব্যাবর্ত্তকোপাধৌ মায়াদর্পণে জাগ্রতি তয়োরভেদাযোগাৎ। কিং তদ্ ব্রহ্মেতি প্রশ্নে পরমমিতি বিশেষণাভাবেঽপি তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমিতি প্রশ্নোত্থা-পকে সূত্রে পরমত্ববাচিনা কৃৎস্নপদেন ব্রহ্মণো বিশেষিতত্বাদুত্তরেঽপি ব্রহ্মণ এব পরমমিতি বিশেষণং যুজ্যত এব। প্রশ্নেঽপি তচ্ছব্দেন কৃৎস্নত্বস্যৈব গ্রহাৎ। ততশ্চ কিং তৎ কৃৎস্নং ব্রহ্মেতি প্রশ্নে যদক্ষরং জীবাখ্যং তদেবাপেতোপাধিসম্বন্ধং সৎ কৃৎস্নং ব্রহ্মেতি তত্ত্বমসীতি মহাবাক্যার্থঃ প্রতীচো ব্রহ্মভাবঃ প্রতিপাদিতো ভবতীতি হৃদ্যম্। তথা স্বোঽনাগন্তুকো ভাবঃ স্বরূপং স্বভাবঃ শুদ্ধত্বম্পদার্থঃ সোঽধ্যাত্মমুচ্যতে। ভাষ্যে তু তস্যৈব পদস্য ব্রহ্মণঃ প্রতি-দেহং প্রত্যগাত্মভাবঃ স্বো ভাবঃ স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে অধ্যাত্মশব্দেনাভিধীয়ত ইতি। বিসর্গো দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগাত্মকো যাগঃ স কর্ম্মসংজ্ঞিতঃ। তমেব বিশিনষ্টি—ভূতেতি। ভূতানাং ভাবঃ সাত্ত্বিকাদিঃ স্বভাবঃ উদ্ভবশ্চ তয়োঃ করণাদ্ভূতভাবোদ্ভবকরঃ। তথা হি, বুদ্ধিঃ কর্ম্মানুসারিণীতি কর্ম্মানুসারিত্বং ভাবস্য স্মর্য্যতে তথা উদ্ভবোঽপি কর্ম্মত এব স্মর্য্যতে। "অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজা॥" ইতি ॥৩॥

কৃষ্ণ বলিলেন—বিকারবিহীন পরম পদার্থ—ব্রহ্ম, দেহস্থিত জীবাত্মা—অধ্যাত্ম এবং স্থাবর ও জঙ্গম সমস্ত পদার্থের উৎপত্তি ও বৃদ্ধিকারী ত্যাগ—কর্ম্ম ॥৩॥

অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্।
অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাং বর! ॥৪॥
অন্তকালে চ মামেব স্মরন্ মুক্ত্বা কলেবরম্।
যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

"অধিভূতঞ্চ কিং প্রোক্তম্" ইত্যাদীনাং মধ্যবর্ত্তিনাং ত্রয়াণামর্জ্জুনপ্রশ্নানামেকেন শ্লোকেনোত্তরমাহ অধীতি। হে দেহভৃতাং বর! মদনুগ্রহপাত্রত্বাদেবেতি ভাবঃ। ক্ষরতি নশ্যতীতি ক্ষরো বিনশ্বর উৎপত্তিমাংশ্চ, ভাবো দেহাদিপদার্থসমূহঃ, ভূতং প্রাণিসমূহমধিকৃত্য বর্ত্তমানমিত্যধিভূতম্। সর্ব্বস্মাৎ জনাৎ পূর্ব্ব ইতি পুরুষো ব্রহ্মা চ, দৈবতানামিন্দ্রাদীনাং দেবানাম্ অধি অধিপতিরিত্যধিদৈবতম্ অধিদৈবম্, "স যৎ পুর্বোঽস্মাৎ সর্বস্মাৎ সর্ব্বান্ পাপ্মন ঔষত্তস্মাৎ পুরুষঃ" ইতি শ্রুতেঃ "স বৈ শরীরী প্রথমঃ স বৈ পুরুষ উচ্যতে। আদিকর্ত্তা স ভূতানাং ব্রহ্মাগ্রে সমবর্ত্তত।" ইতি স্মৃতেশ্চ। অত্র দেহে স্থূলশরীরে, অহং বিষ্ণুরেব, অধিযজ্ঞো যজ্ঞানামধিষ্ঠাত্রী দেবতা যজ্ঞফলদাতা চ। যজ্ঞানাং দেহনিষ্পাদ্যত্বাজ্জন্যত্ব-সম্বন্ধেন যজ্ঞা দেহে বর্ত্তন্তে ইতি তদধিষ্ঠাত্রী দেবতাপি তত্রৈবাস্তীতি ভাবঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

ক্ষরো ভাবো জনিমদ্বস্তু কর্ম্মফলভূতং তৎসাধনভূতঞ্চ তদধিভূতমিত্যুচ্যতে। অধিদৈবতং পুরুষঃ সর্ব্বাসু পূর্ষু বসতীতি সর্ব্বকরণানুগ্রাহকঃ সকলদেবতাত্মা হিরণ্যগর্ভঃ। অধিযজ্ঞো যজ্ঞাভিমানী বিষ্ণুরন্তর্যামী সোঽহমেব দেহস্মি অত্রাস্মিন্ দেহে দেহভৃতাং বর ॥৪॥ অত্র ষট্-

তাৎপর্য্য—এই শ্লোকের অক্ষরশব্দের অর্থ—জন্মাদিষড়্ভাব-বিকার শূন্য (সে ষড়্ভাববিকার দ্বিতীয় অধ্যায়ে ২০ শ্লোকে বলা হইয়াছে)। পরমশব্দের অর্থ—উত্তম, অর্থাৎ উপাধিশূন্য (উপাধি—দেহপ্রভৃতি), চিন্ময়, আনন্দময় ও জ্ঞানময়। এইরূপ যিনি, তিনিই ব্রহ্ম। এ স্থানের আত্মশব্দের অর্থ—স্থূলশরীর, তাহাকে আশ্রয় করিয়া যে থাকে, তাহার নাম—অধ্যাত্ম, অর্থাৎ জীবাত্মা। দেবতাপ্রভৃতির উদ্দেশে যে ত্যাগ করা হয়, তাহার নাম—কর্ম্ম; এই কর্ম্মশব্দে যাগ, দান ও হোম এবং সন্ধ্যাবন্দনাদি বেদোক্ত সকল বৈধ কার্য্যই বুঝিতে হইবে। এই সকল কর্ম্মেই জগতের স্থাবর ও জঙ্গম সমস্ত পদার্থ উৎপন্ন হয় ও বৃদ্ধি লাভ করে, ইহা স্মৃতি বলিয়াছেন ॥৩॥

উৎপত্তি ও বিনাশশালী পদার্থ—অধিভূত, আদিপুরুষ ব্রহ্মা—অধিদৈব এবং এই দেহে আমিই অধিযজ্ঞ ॥৪॥

তাৎপর্য্য—ভূতের অর্থাৎ প্রাণিগণের আশ্রয়রূপে যাহা থাকে, তাহার নাম—অধিভূত; এই অর্থে পৃথিবী, জল, তেজ, বায়ু ও আকাশ এবং স্থূলদেহপ্রভৃতিও অধিভূত। ব্রহ্মা দেবগণের অধিপতি বলিয়া তিনি—অধিদৈব বা অধিদৈবত। আর আমি যজ্ঞের অধিপতি, যজ্ঞেশ্বর ও যজ্ঞের ফলদাতা বলিয়া আমার নাম—অধিযজ্ঞ; আমি অন্তর্যামিরূপে প্রাণিগণের দেহে থাকি ॥৪॥

ভারতকৌমুদী

ইদানীং "প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ" ইত্যর্জ্জুনসপ্তমপ্রশ্নোত্তরমাহৈকেন অন্তকাল ইতি। যঃ পুণ্যবান্, অন্তকালে মৃত্যুসময়ে, মাং স্মরন্নেব, কলেবরং দেহম্, মুক্ত্বা পরিত্যজ্য, পরলোকং প্রয়াতি ; স জনঃ, মদ্ভাবং যাতি মৎসাযুজ্যমেব লভতে ; অত্র সংশয়ো নাস্তি। অস্য যুক্তিং পরশ্লোক এবাহ ॥৫॥

ভারতভাবদীপঃ

প্রশ্নোত্তরেষু প্রথমে জীবস্য ব্রহ্মভাব উক্তঃ তং জানতাং প্রয়াণমেব নাস্তি। "ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবনীয়ন্তে ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ইতি শ্রুতেঃ। দ্বিতীয়ে শুদ্ধত্বম্পদার্থ উক্তস্তজ্জ্ঞানস্যাপি বস্তুতত্ত্ববিষয়ত্বান্ন তত্র ভাবনাপেক্ষাঽস্তীতি ন ভাবনাফলভূতকালে তৎ-প্রত্যয়োঽপেক্ষ্যতে। তৃতীয়চতুর্থয়োস্তু কর্ম্ম তৎসাধনভূতঞ্চ জন্যং বস্তূক্তং তত্রাপি ন ভাবনা-পেক্ষাস্তি অন্তকালে প্রবলেনৈব কর্ম্মণা চিত্তস্যাবরোধাত্তৎসাধনফলভূতস্যৈব স্মরণাবশ্যম্ভাবেন তত্র ভাবনায়া বৈয়র্থ্যাৎ। পারিশেষ্যাদন্ত্যয়োরেব কার্য্যকারণব্রহ্মণোঃ সোপাধিকনিরুপাধি-কয়োরন্যতরস্য ভাবনা সুদৃঢ়া চেদন্তকালে তৎপ্রত্যয়োঽবশ্যম্ভাবীতি তয়োরন্যতরং রূপং পরমাত্মানং স্মরন্ যঃ কলেবরং মুক্ত্বার্চ্চিরাদিমার্গেণ প্রয়াতি স ব্রহ্মলোকপ্রাপ্তিদ্বারা ক্রমেণ মদ্ভাবং মোক্ষং যাতীত্যাহ—অন্তকালে চেতি। স্পষ্টা যোজনা। নাস্ত্যত্র সংশয় ইতি। সোপাধিকব্রহ্মোপাস্তিং প্রকৃত্য "শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্যস্তাসাং মূর্দ্ধানমভিনিঃসৃতৈকা। তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষ্বঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি।" ইতি তদুপাসকস্য গতিপূর্ব্বকস্যামৃতত্বস্য শ্রবণাৎ। যস্তু শুদ্ধত্বম্পদার্থরূপমধ্যাত্মবস্তুমাত্রং বেদ অসৌ ব্রহ্মাত্মৈক্যজ্ঞানাভাবান্ন তস্য প্রাণা উৎক্রামন্তীত্যেতদ্বাক্যবিষয়ো ন ভবতি কিন্তু শতঞ্চৈকা চেত্যেতস্যৈব বিষয়ঃ। নন্বস্যাপ্যু-পাসকত্বাৎ কথমেতদিতি চেন্ন "ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাত গচ্ছতী"তি ন্যায়েন তস্যোভয়ভ্রষ্টত্বাসম্ভবাৎ। কঠবল্লীষু নিষ্কলপ্রত্যগাত্মবিদং কেবলযোগিনং প্রকৃত্য শতঞ্চৈকা চেত্যাম্নানাচ্চ। "বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ সন্ন্যাসযোগাদ্যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ। তে ব্রহ্ম লোকে তু পরান্তকালে পরামৃতাৎ পরিমুচ্যন্তি সর্ব্বে।" ইতি শ্রুতের্নিশ্চিতার্থানাং শোধিত-ত্বম্পদার্থানামেব ক্রমমুক্তিরবগম্যতে, ন চাত্র সুনিশ্চিতার্থা ইত্যনেন ব্রহ্মাত্মৈক্যনিশ্চয়বন্তো গ্রহীতুং শক্যাঃ। তেষাং গত্যভাবস্য প্রোক্তত্বাৎ। নাপ্যুপাসকাঃ অসম্ভবাৎ। উপাসনা হি নাম অতস্মিংস্তদ্বুদ্ধিঃ, যথা শালগ্রামে বিষ্ণুবুদ্ধিরেবং সূত্রবিরাড়ন্তর্যামিষ্বাত্মবুদ্ধিরিতি ন তদ্বন্তঃ সুনিশ্চিতার্থা ইতি বক্তুং শক্যম্। তস্মাদধ্যাত্মবিদাং ব্রহ্মাত্মৈক্যানবগমাদনুপাসকত্বে-নাস্ত্যপ্রত্যয়াভাবেঽপ্যর্চ্চিরাদিগতিপ্রাপ্তিরস্তীতি সর্ব্বমনবদ্যম্ ॥৫॥ ন কেবলং কার্য্যকারণ-

যে পুণ্যবান্ লোক মৃত্যুকালে আমাকে স্মরণ করিতে থাকিয়া দেহ ত্যাগ করিয়া প্রস্থান করেন, তিনি আমার সাযুজ্যমুক্তি লাভ করেন ; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৫॥

তাৎপর্য্য—বিশেষ পুণ্যবান্ লোকদের মৃত্যুকালে মন বিকল হয় না বলিয়া জ্ঞান থাকে ; তাঁহারা আমাকে স্মরণ করিতে পারেন। ইহার যুক্তি পরশ্লোকে বলা হইবে ॥৫॥

যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয়! সদা তদ্ভাবভাবিতঃ ॥৬॥
তস্মাৎ সর্ব্বেষু কালেষু মামনুস্মর যুধ্য চ।
ময্যর্পিতমনোবুদ্ধির্মামেবৈষ্যস্যসংশয়ঃ ॥৭॥

ভারতকৌমুদী

অন্তকালে মৎস্মরণেন মৎপ্রাপ্তিরেব ন নিয়তা, অপি তু অন্যস্মরণেনান্যপ্রাপ্তিরপীত্যাহ যং যমিতি। হে কৌন্তেয়! মানুষঃ অন্তে মৃত্যুকালে, যং যং বাপি ভাবং পদার্থং স্মরন্, কলেবরং ত্যজতি; সদা তদ্ভাবেন তচ্চিন্তয়া ভাবিতো বাসিতচিত্তস্তদাকারপ্রাপ্তচিত্তঃ সন্নিত্যর্থঃ, তং তং ভাবমেব, এতি প্রাপ্নোতি, তদ্ভাবেন ভাবিতত্বাদেব, মৃগং চিন্তয়ন্ কলেবরং ত্যজন্ মৃগত্বং প্রাপ্তো ভরত ইবেতি ভাবঃ ॥৬॥

ভারতভাবদীপঃ


তত ইতি। স্বভাবাদুগ্রাম্, কালদণ্ডোপমাং মহাভয়াম্, মৃত্যোর্জিহ্বামিব ঘোরাম্ ॥৮০॥

অব্রবীদিতি। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ শ্বেতঃ। তিষ্ঠ মা পলায়স্বেতি ভাবঃ ॥৮১॥

অশ্ব ও সারথি নিহত হইলে মহারথ শ্বেত রথ হইতে লাফাইয়া পড়িয়া ক্রোধে অধীর ও বিশেষ আকুল হইলেন ॥৭৭॥

তখন রথিশ্রেষ্ঠ শ্বেতকে রথবিহীন দেখিয়া ভীষ্ম নিশিত শরসমূহদ্বারা তাঁহার দেহের সকল দিকে তাড়ন করিলেন ॥৭৮॥

ভীষ্মের ধনু হইতে নির্গত বাণসমূহ আসিয়া তাড়ন করিতে লাগিলে শ্বেত আপন রথে ধনুখানাকে নিক্ষেপ করিয়া একটা স্বর্ণখচিত শক্তি গ্রহণ করিলেন ॥৭৯॥

শ্বেত নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া যুদ্ধে যে শক্তিটা গ্রহণ করিলেন, সেটা স্বভাবতঃ উগ্রমূর্ত্তি, কালদণ্ডের ন্যায় মহাভয়ঙ্কর এবং মৃত্যুর জিহ্বার ন্যায় ভয়ানক ছিল ॥৮০॥

তখন শ্বেত অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধে শান্তনুনন্দন ভীষ্মকে বলিলেন— 'এখন থাক, আমাকে দেখ এবং পুরুষ হও' ॥৮১॥

দৃষ্ট্বা শক্তিং মহাঘোরাং মৃত্যোর্দণ্ডসমপ্রভাম্।
শ্বেতস্য করনির্ম্মুক্তাং নির্ম্মুক্তোরগসন্নিভাম্ ॥৮৪॥ (বিশেষকম্)
অপতৎ সহসা রাজন্! মহোল্কেব নভস্তলাৎ।
জ্বলন্তীমন্তরীক্ষে তাং জ্বালাভিরিব সংবৃতাম্ ॥৮৫॥
অসম্ভ্রান্তস্তদা রাজন্! পিতা দেবব্রতস্তব।
অষ্টভির্নবভির্ভীষ্মঃ শক্তিং চিচ্ছেদ পত্রিভিঃ ॥৮৬॥ (যুগ্মকম্)
উৎকৃষ্টহেমবিকৃতা নিকৃতা নিশিতৈঃ শরৈঃ।
উচ্চুক্রুশুস্ততঃ সর্বে তাবকা ভরতর্ষভ! ॥৮৭॥

ভারতকৌমুদী

এবমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ শ্বেতঃ। চিকীর্ষুঃ কর্তুমিচ্ছন্। স্বাগে কঃ। করেণ নির্ম্মুক্তাং নিক্ষিপ্তাম্, নির্ম্মুক্তো নির্ম্মুক্তত্বক্ য উরগঃ সর্পস্তৎসন্নিভাম্ ॥৮২—৮৪॥

অপতদিতি। জ্বালাভিরর্চ্চিভিঃ। অসম্ভ্রান্তঃ স্থিরঃ স্থিত এব। অষ্টভিঃ পত্রিভিঃ বাণৈঃ, নবভিঃ খণ্ডৈঃ, তাং শক্তিং চিচ্ছেদ, অষ্টভিশ্ছেদে নব খণ্ডা এব ভবন্তি ॥৮৫—৮৬॥

উৎকৃষ্টেতি। উৎকৃষ্টেন হেম্না বিকৃতা খচিতা, নিকৃতা নিরাকৃতা। উচ্চুক্রুশুঃ আনন্দেনোচ্চৈঃ কোলাহলং চক্রুঃ, তাবকাস্বৎপক্ষীয়া লোকাঃ ॥৮৭॥

মহাধনুর্দ্ধর, পরাক্রমশালী ও অমেয়শক্তি শ্বেত যুদ্ধে ভীষ্মকে এইরূপ বলিয়া, আপনার (ধৃতরাষ্ট্রের) অনর্থ ঘটাইবার ইচ্ছা করিয়া পাণ্ডবগণের জয়ের জন্য সর্পতুল্য সেই শক্তিটাকে ভীষ্মের প্রতি নিক্ষেপ করিলেন। নরনাথ! তখন মহাভয়ঙ্কর, যমদণ্ডের তুল্য উজ্জ্বল এবং নির্ম্মুক্ত সর্পের সমান দীর্ঘ শ্বেতহস্তনিক্ষিপ্ত সেই শক্তিটা দেখিয়া আপনার পুত্রগণের মধ্যে মহা হাহাকার উপস্থিত হইল ॥৮২—৮৪॥

রাজা! বিশাল উল্কা যেমন আকাশ হইতে পতিত হয়, সেইরূপ সেই শক্তিটা বেগে ভীষ্মের প্রতি ধাবিত হইল। রাজা! তখন আপনার জ্যেষ্ঠতাত দেবব্রত ভীষ্ম স্থির থাকিয়াই আটটা বাণদ্বারা শিখাবেষ্টিতের ন্যায়ই যেন আকাশে জাজ্বল্যমান সেই শক্তিটাকে নয় খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥৮৫—৮৬॥

ভরতশ্রেষ্ঠ! উত্তমস্বর্ণখচিত সেই শক্তিটা ভীষ্মের নিশিত শরে প্রতিহত হইল বলিয়া আপনার পক্ষের সকল লোকই আনন্দে কোলাহল করিয়া উঠিল ॥৮৭॥

---

(৮৫)...জ্বালাভিরভিসংবৃতাম্—বা ব। (৮৭) উৎকৃষ্টহেমবিকৃতাং নিকৃতাম্...রা নি।

শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কালোপহতচেতাস্তু কর্ত্তব্যং নাভ্যজানত ॥৮৮॥
ক্রোধসংমূর্চ্ছিতো রাজন্! বৈরাটিঃ প্রহসন্নিব।
গদাং জগ্রাহ সংহৃষ্টো ভীষ্মস্য নিধনং প্রতি ॥৮৯॥
ক্রোধেন রক্তনয়নো দণ্ডপাণিরিবান্তকঃ।
ভীষ্মং সমভিদুদ্রাব জলৌঘ ইব পর্ব্বতম্ ॥৯০॥
তস্য বেগমসংবার্য্যং মত্বা ভীষ্মঃ প্রতাপবান্।
প্রহারবিপ্রমোক্ষার্থং সহসা ধরণীং গতঃ ॥৯১॥
শ্বেতঃ ক্রোধসমাবিষ্টো ভ্রাময়িত্বা তু তাং গদাম্।
রথে ভীষ্মস্য চিক্ষেপ যথা দেবো ধনেশ্বরঃ ॥৯২॥
তয়া ভীষ্মনিপাতিন্যা স রথো ভস্মসাৎ কৃতঃ।
সধ্বজঃ সহ সূতেন সাশ্বঃ সহযুগন্ধরঃ ॥৯৩॥

ভারতকৌমুদী

শক্তিমিতি। বৈরাটিঃ শ্বেতঃ। নাভ্যজানত নির্দ্ধারয়িতুং নাশক্নোৎ ॥৮৮॥
ক্রোধেতি। নিধনং প্রতি নিধনেচ্ছয়েত্যর্থঃ ॥৮৯॥
ক্রোধেনেতি। রক্তনয়নঃ শ্বেতঃ। জলস্য ওঘো বেগঃ ॥৯০॥
তস্যেতি। প্রহারবিপ্রমোক্ষার্থং গদাঘাতান্নিস্তারলাভার্থম্, ধরণীং গতো ভূমাবুৎপ্লুত্য পতিতঃ, রথং প্রত্যেব গদানিক্ষেপোপক্রমং দৃষ্ট্বেত্যাশয়ঃ ॥৯১॥
শ্বেত ইতি। ধনেশ্বরঃ কুবেরঃ, তস্যাপি গদাযোধিতয়া প্রসিদ্ধেঃ ॥৯২॥

কিন্তু শ্বেত শক্তিটাকে প্রতিহত দেখিয়া ক্রোধে অধীর ও কালোপহতচিত্ত হইয়া প্রথমে কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৮৮॥

তাহার পর শ্বেত ক্রোধে অধীর অথ চ সংহৃষ্ট হইয়া হাসিতে হাসিতেই যেন ভীষ্মের নিধনের জন্য গদা ধারণ করিলেন ॥৮৯॥

তৎপরে জলের বেগ যেমন পর্ব্বতের প্রতি ধাবিত হয়, সেইরূপ ক্রোধে আরক্তনয়ন শ্বেত দণ্ডধারী যমের ন্যায় ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৯০॥

শ্বেতের বেগ অনিবার্য্য মনে করিয়া প্রতাপশালী ভীষ্ম শ্বেতের প্রহার হইতে মুক্তি পাইবার জন্য তৎক্ষণাৎ রথ হইতে লাফাইয়া ভূতলে পতিত হইলেন ॥৯১॥

এদিকে ক্রোধাবিষ্ট শ্বেত কুবেরদেবের ন্যায় সেই গদাটাকে ঘূর্ণিত করিয়া ভীষ্মের রথের উপরে নিক্ষেপ করিলেন ॥৯২॥

(৯১)…প্রভাববিপ্রমোক্ষার্থম্…বা ব। (৯২) শ্বেতঃ ক্রোধবশাবিষ্টঃ…বা। (৯৩)… সাশ্ব সযুগবন্ধুরঃ—রা নি।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং ভীষ্মং দৃষ্ট্বা রথোত্তমাঃ।
অভ্যধাবন্ত সহিতাঃ শল্যপ্রভৃতয়ো রথাঃ ॥৯৪॥
ততোঽন্যং রথমাস্থায় ধনুর্বিস্ফার্য্য দুর্ম্মনাঃ।
শনকৈরভ্যয়াচ্ছ্বেতং গাঙ্গেয়ঃ প্রহসন্নিব ॥৯৫॥
এতস্মিন্নন্তরে ভীষ্মঃ শুশ্রাব বিপুলাং গিরম্।
আকাশাদীরিতাং দিব্যামাত্মনো হিতসম্ভবাম্ ॥৯৬॥
ভীষ্ম! ভীষ্ম! মহাবাহো! শীঘ্রং যত্নং কুরুষ্ব বৈ।
এষ হ্যস্য জয়ে কালো নির্দ্দিষ্টো বিশ্বযোনিনা ॥৯৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং দেবদূতেন ভাষিতম্।
সম্প্রহৃষ্টমনা ভূত্বা বধে তস্য মনো দধে ॥৯৮॥

ভারতকৌমুদী

ভস্মেতি। ভস্মসাৎ কৃতো ভগ্ন ইত্যর্থঃ। যুগন্ধরেণ দারুবিশেষেণ সহেতি সঃ ॥৯৩॥
বিরথমিতি। রথোত্তমা রথিশ্রেষ্ঠাঃ। রথা রথিনঃ ॥৯৪॥
তত ইতি। আস্থায় আরুহ্য। দুর্ম্মনা দুঃখিতচিত্তঃ, রথধ্বংসাৎ ॥৯৫॥
এতস্মিন্নিতি। বিপুলাং মহতীম্। ঈরিতাং দেবদূতেনোক্তাম্ ॥৯৬॥
অথ কাসৌ গীরিত্যাহ ভীষ্মেতি। যত্নং কুরুষ্ব শ্বেতবধে। বিশ্বযোনিনা ব্রহ্মণা ॥৯৭॥
এতদিতি। সম্প্রহৃষ্টমনাঃ, তদ্বধসম্ভবাৎ। মনো দধে ভীষ্ম ইতি শেষঃ ॥৯৮॥

তখন ভীষ্মনিপাতিনী সেই গদাটা যাইয়া ধ্বজ, সারথি, অশ্ব ও যুগন্ধর-কাষ্ঠের সহিত সেই রথখানাকে বিধ্বস্ত করিল ॥৯৩॥

এই সময়ে রথিশ্রেষ্ঠ ভীষ্মকে রথবিহীন দেখিয়া শল্যপ্রভৃতি রথিশ্রেষ্ঠ রথারোহীরা সম্মিলিত হইয়া শ্বেতের দিকে ধাবিত হইলেন ॥৯৪॥

এদিকে রথধ্বংসনিবন্ধন দুঃখিতচিত্ত ভীষ্মও অন্যরথে আরোহণপূর্ব্বক ধনু বিস্ফারিত করিয়া ধীরে ধীরে শ্বেতের দিকে যাইতে লাগিলেন ॥৯৫॥

এই সময়ে ভীষ্ম—আকাশ হইতে উচ্চারিত, নিজের হিতজনক ও মনোহর একটী স্বর্গীয় বাক্য শুনিতে পাইলেন—॥৯৬॥

'ভীষ্ম! ভীষ্ম! মহাবাহু! তুমি সত্বর শ্বেতকে বধ করিবার জন্য চেষ্টা কর। কারণ, বিধাতা এইটাই উহার জয়ের কাল নির্দ্দিষ্ট করিয়াছেন' ॥৯৭॥

ভীষ্ম দেবদূতের এই বাক্য শুনিয়া আনন্দিতচিত্ত হইয়া শ্বেতের বধে মনোনিবেশ করিলেন ॥৯৮॥

(৯৬)…আকাশোদীরিতাম্…হিতসংশ্রয়াম্—বা।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পদাতিনম্ ।
সহিতাস্ত্বভ্যবর্ত্তন্ত পরীপ্সন্তো মহারথাঃ ॥৯৯॥
সাত্যকির্ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ অভিমন্যুশ্চ বীর্য্যবান্ ॥১০০॥ (যুগ্মকম্)
এতানাপততো দৃষ্ট্বা দ্রোণশল্যকৃপৈঃ সহ ।
অবারয়দমেয়াত্মা বারিবেগানিবাচলঃ ॥১০১॥
সন্নিরুদ্ধেষু সর্বেষু পাণ্ডবেষু মহাত্মসু ।
শ্বেতঃ খড়্গমথাকৃষ্য ভীষ্মস্য ধনুরাচ্ছিনৎ ॥১০২॥
তদপাস্য ধনুশ্ছিন্নং ত্বরমাণঃ পিতামহঃ ।
দেবদূতবচঃ শ্রুত্বা বধে তস্য মনো দধে ॥১০৩॥
ততঃ প্রচরমাণস্তু পিতা দেবব্রতস্তব ।
অন্যৎ কার্ম্মুকমাদায় ত্বরমাণো মহারথঃ ॥১০৪॥

ভারতকৌমুদী

বিরথমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ ॥৯৯—১০০॥
এতানিতি। আপততঃ আগচ্ছতঃ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তির্ভীষ্মঃ ॥১০১॥
সন্নিরুদ্ধেম্বিতি। পাণ্ডবেষু পাণ্ডবপক্ষীয়েষু সাত্যকিপ্রভৃতিষু ॥১০২॥
তদিতি। অপাস্য পরিত্যজ্য। পিতামহো ভীষ্মঃ ॥১০৩॥

এই সময়ে সাত্যকি, ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, কৈকেয়, ধৃষ্টকেতু ও বলবান্ অভিমন্যু এই মহারথেরা রথিশ্রেষ্ঠ শ্বেতকে রথবিহীন ও পাদচারী দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সম্মিলিত হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৯৯—১০০॥

অজ্ঞেয়পরাক্রম ভীষ্ম ইঁহাদিগকে আসিতে দেখিয়া দ্রোণ, শল্য ও কৃপের সহিত মিলিত হইয়া—পর্ব্বত যেমন জলের বেগ নিবারণ করে, সেইরূপ ইঁহাদিগকে নিবারণ করিলেন ॥১০১॥

পাণ্ডবপক্ষীয় মহাত্মারা সকলে নিবারিত হইলে শ্বেত তরবারি আকর্ষণ করিয়া ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥১০২॥

তখন ভীষ্ম সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া দেবদূতের বাক্য শুনিয়া সত্বর শ্বেতবধে মনোনিবেশ করিলেন ॥১০৩॥

---

(৯৯)···সহিতাস্ত্ত্বভ্যবর্ত্তন্ত পরীক্ষন্তো মহারথাঃ—বা। (১০১) এতানাপততঃ সর্ব্বান্··· রা নি। (১০২) স নিরুদ্ধেষু···রা নি।

ক্ষণেন সজ্যমকরোচ্ছক্রচাপসমপ্রভম্।
পিতা তে ভরতশ্রেষ্ঠ! শ্বেতং দৃষ্ট্বা মহারথৈঃ ॥১০৫॥
বৃতং তং মনুজব্যাঘ্রৈর্ভীমসেনপুরোগমৈঃ।
অভ্যবর্ত্তত গাঙ্গেয়ঃ শ্বেতং সেনাপতিং দ্রুতম্ ॥১০৬॥ (বিশেষকম্)
আপতন্তং ততো ভীষ্মো ভীমসেনং প্রতাপবান্।
আজঘ্নে বিশিখৈঃ ষষ্ট্যা সেনান্যং স মহারথঃ ॥১০৭॥
অভিমন্যুঞ্চ সমরে পিতা দেবব্রতস্তব।
আজঘ্নে ভরতশ্রেষ্ঠস্ত্রিভিঃ সন্নতপর্ববিভিঃ ॥১০৮॥
সাত্যকিঞ্চ শতেনাজৌ ভরতানাং পিতামহঃ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা কৈকেয়ঞ্চাপি পঞ্চভিঃ ॥১০৯॥
তাংশ্চ সর্বান্ মহেষ্বাসান্ পিতা দেবব্রতস্তব।
বারয়িত্বা শরৈর্ঘোরৈঃ শ্বেতমেবাভিদুদ্রুবে ॥১১০॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রচরমাণঃ অভিধাবন্। সজ্যং সগুণম্। বৃতং বেষ্টিতম্ ॥১০৪—১০৬॥
আপতন্তমিতি। ষষ্ট্যা ষষ্টিসংখ্যকৈঃ, সেনান্যম্ অন্যতমসেনাপতিম্ ॥১০৭॥
অভিমন্যুমিতি। ত্রিভির্বিশিখৈরিত্যনুবৃত্তিঃ ॥১০৮॥
সাত্যকিমিতি। আজৌ যুদ্ধে, শতাদিভির্বিশিখৈরাজঘ্ন ইত্যনুবৃত্তিঃ ॥১০৯॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥১১০॥

তাহার পর আপনার জ্যেষ্ঠতাত মহারথ ভীষ্ম সত্বর ইন্দ্রধনুর তুল্য অন্য একখানা ধনু লইয়া ক্ষণকালমধ্যে তাহাতে গুণারোপণ করিলেন এবং ভরত-শ্রেষ্ঠ! ভীমসেনপ্রভৃতি নরশ্রেষ্ঠ মহারথেরা শ্বেতকে পরিবেষ্টন করিতে আসিতেছেন দেখিয়া বিরাটসেনাপতি শ্বেতের প্রতি দ্রুত ধাবিত হইলেন ॥১০৪—১০৬॥

তাহার পর অন্যতম সেনাপতি ভীমসেন আসিতে লাগিলে, প্রতাপশালী মহারথ ভীষ্ম ষষ্টিসংখ্যক বাণদ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥১০৭॥

এবং আপনার জ্যেষ্ঠতাত ভরতশ্রেষ্ঠ ভীষ্ম তিনটা অবনতপর্ব বাণদ্বারা যুদ্ধে অভিমন্যুকে প্রহার করিলেন ॥১০৮॥

তৎপরে ভীষ্ম যুদ্ধে শতসংখ্যক বাণদ্বারা সাত্যকিকে, বিংশতিসংখ্যক বাণ-দ্বারা ধৃষ্টদ্যুম্নকে এবং পঞ্চসংখ্যক বাণদ্বারা কৈকেয়কে তাড়ন করিলেন ॥১০৯॥

(১০৬) বৃতং তং তৈর্নরব্যাঘ্রৈঃ...ব।

ততঃ শরং মৃত্যুসমং ভারসাধনমুত্তমম্ ।
বিকৃষ্য বলবান্ ভীষ্মঃ সমধত্ত দুরাসদম্ ॥১১১॥
ব্রহ্মাস্ত্রেণ সুসংযুক্তং তং শরং লোমবাহিনম্ ।
দদৃশুর্দেবগন্ধর্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ ॥১১২॥
স তস্য কবচং ভিত্ত্বা হৃদয়ঞ্চামিতৌজসঃ ।
জগাম ধরণীং বাণো মহাশনিরিব জ্বলন্ ॥১১৩॥
অস্তং গচ্ছন্ যথাদিত্যঃ প্রভামাদায় সত্বরঃ ।
এবং জীবিতমাদায় শ্বেতদেহাজ্জগাম সঃ ॥১১৪॥
তং ভীষ্মেণ নরব্যাঘ্রং তথা বিনিহতং যুধি ।
প্রপতন্তমপশ্যাম গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্ ॥১১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভারসাধনং সকললক্ষ্যভেদসাধকম্। বিকৃষ্য ধনুরাকৃষ্য ॥১১১॥

ব্রহ্মেতি। ব্রহ্মাস্ত্রেণ ব্রহ্মাস্ত্রমন্ত্রেণ। লোমবাহিনং সরলগমনার্থং পুচ্ছদেশে কঙ্কপত্রধারিণম্ ॥১১২॥

স ইতি। তস্য শ্বেতস্য। মহাশনির্মহাবজ্রঃ ॥১১৩॥

অস্তমিতি। সত্বরঃ সন্ গচ্ছতীতি শেষঃ। এবং তথা, জীবিতং জীবনম্ ॥১১৪॥

এইভাবে আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম ভয়ঙ্কর বাণসমূহদ্বারা সেই সকল মহাধনুর্দ্ধরকে বারণ করিয়া শ্বেতের প্রতিই ধাবিত হইলেন ॥১১০॥

তাহার পর মহাবল ভীষ্ম ধনু আকর্ষণ করিয়া মৃত্যুর তুল্য, সকললক্ষ্যভেদকারী, উত্তম ও দুর্দ্ধর্ষ একটা বাণ শ্বেতের প্রতি সন্ধান করিলেন ॥১১১॥

তখন দেবতা, গন্ধর্ব, পিশাচ, নাগ ও রাক্ষসেরা ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত ও কঙ্কপত্রধারী সেই বাণটাকে দেখিতে লাগিলেন ॥১১২॥

ক্রমে মহাবজ্রের ন্যায় উজ্জ্বল সেই বাণটা যাইয়া অমিততেজা শ্বেতের কবচ ও হৃদয় ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিল ॥১১৩॥

অস্তোন্মুখ সূর্য্য যেমন নিজের কিরণ লইয়া সত্বর অস্তাচলে গমন করেন, সেইরূপ সেই বাণটা শ্বেতের দেহ হইতে তাঁহার জীবন লইয়া গমন করিল ॥১১৪॥

তখন আমরা দেখিলাম—পর্ব্বতচ্যুত শৃঙ্গের ন্যায় যুদ্ধে ভীষ্মনিহত নরশ্রেষ্ঠ শ্বেত ভূতলে পতিত হইলেন ॥১১৫॥

(১১১)…সমাধত্ত দুরাসদম্—রা নি। (১১৩)… জ্বলদগ্নিসমৌজসঃ…বা ব। (১১৪)… জগাম হ—রা নি।

অশোচন্ পাণ্ডবাস্তত্র ক্ষত্রিয়াশ্চ মহারথাঃ।
প্রহৃষ্টাস্তু সুতাস্তুভ্যং কুরবশ্চাপি সর্বশঃ ॥১১৬॥
ততো দুঃশাসনো রাজন্! শ্বেতং দৃষ্ট্বা নিপাতিতম্।
বাদিত্রনির্ঘোষৈর্ঘোরৈর্নৃত্যতি স্ম সমন্ততঃ ॥১১৭॥
তস্মিন্ হতে মহেষ্বাসে ভীষ্মেণাহবশোভিনা।
প্রাবেপন্ত মহেষ্বাসাঃ শিখণ্ডিপ্রমুখা রথাঃ ॥১১৮॥
ততো ধনঞ্জয়ো রাজন্! বার্ষ্ণেয়শ্চাপি সর্বশঃ।
অবহারং শনৈশ্চক্রুর্নিহতে বাহিনীপতৌ ॥১১৯॥
ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত!।
তাবকানাং পরেষাঞ্চ নর্দতাঞ্চ মুহুর্মুহুঃ ॥১২০॥

ভারতকৌমুদী

তমিতি। প্রপতন্তং ভূতলে লুঠন্তম্ ॥১১৫॥

অশোচন্নিতি। ক্ষত্রিয়া বিরাটাদয়ঃ। তুভ্যং তব সুতা দুর্য্যোধনাদয়ঃ ॥১১৬॥

তত ইতি। সমন্ততঃ স্বস্থানে সর্ব্বাসু দিক্ষু ঘূর্ণন্ ॥১১৭॥

তস্মিন্নিতি। আহবশোভিনা বীরকান্ত্যা যুদ্ধশোভিনা ॥১১৮॥

তত ইতি। বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ, সর্বশঃ অন্যে সর্বে। অবহারং যুদ্ধবিরামম্ ॥১১৯॥

তত ইতি। অবহারো যুদ্ধবিরামো জাত ইতি শেষঃ। তেষাং পাণ্ডবানাম্। মুহুর্মুহুঃ, নর্দতামুৎসাহেন গর্জতাম্, তাবকানাং পরেষাঞ্চ সেনাপতীনামপ্যবহারো জাতঃ ॥১২০॥

সেই সময়ে পাণ্ডবেরা ও পাণ্ডবপক্ষীয় বিরাটপ্রভৃতি মহারথ ক্ষত্রিয়েরা শ্বেতের জন্য শোক করিতে লাগিলেন; আর আপনার পুত্রেরা ও অন্য সকল কুরুপক্ষীয়েরা আনন্দিত হইলেন ॥১১৬॥

রাজা! তাহার পর দুঃশাসন শ্বেতকে নিপতিত দেখিয়া ভয়ঙ্কর বাদ্যধ্বনির সহিত সকল দিকে ঘুরিয়া ঘুরিয়া নৃত্য করিতে লাগিলেন ॥১১৭॥

যুদ্ধশোভী ভীষ্ম মহাধনুর্দ্ধর শ্বেতকে বধ করিলে শিখণ্ডিপ্রভৃতি মহাধনুর্দ্ধর রথীরা কম্পিত হইতে থাকিলেন ॥১১৮॥

রাজা! বিরাটসেনাপতি শ্বেত নিহত হইলে অর্জ্জুন, কৃষ্ণ এবং অন্য সকলেই ধীরে ধীরে সে দিনের মত যুদ্ধের অবসান করিলেন ॥১১৯॥

ভরতনন্দন! তাহার পর আপনার পক্ষীয় সৈন্য ও পাণ্ডবপক্ষীয় সৈন্যগণের এবং মুহুর্মুহুঃ সিংহনাদকারী আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় সেনাপতিগণের যুদ্ধনিবৃত্তি হইল ॥১২০॥

(১২০)... ততোঽবহারং সৈন্যানামুভয়েষাঞ্চ ভারত!... নর্দতাং হর্ষতাং স্বনঃ—বা।

পার্থা বিমনসো ভূত্বা ন্যবর্ত্তন্ত মহারথাঃ।
চিন্তয়ন্তো বধং ঘোরং দ্বৈরথেন পরন্তপাঃ ॥১২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে শ্বেতবধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———০:———

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

———:*:———

ধৃতরাষ্ট্র উবাচ।
শ্বেতে সেনাপতৌ তাত! সংগ্রামে নিহতে পরৈঃ।
কিমকুর্ব্বন্ মহেষ্বাসাঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥১॥
সেনাপতিং সমাকর্ণ্য শ্বেতং যুধি নিপাতিতম্।
তদর্থং যততাঞ্চাপি পরেষাং প্রপলায়িনাম্ ॥২॥
মনঃ প্রীণাতি মে বাক্যং জয়ং সঞ্জয়! শৃণ্বতঃ।
প্রত্যবায়ং চিন্তয়তো লজ্জাং প্রাপ্নোতি মে নহি ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পার্থা ইতি। বধং শ্বেতস্য, দ্বৈরথেন দ্বৈরথযুদ্ধেন ॥১২১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

শ্বেত ইতি। হে তাত! বৎস! সঞ্জয়!। পরৈর্ভীষ্মাদিভিঃ ॥১॥
সেনেতি। তদর্থং শ্বেতরক্ষার্থম্। প্রপলায়িনাং বৃত্তান্তঞ্চ সমাকর্ণ্যেত্যর্থঃ। মে মনঃ প্রীণাতি প্রীতিমনুভবতি। তথা হে সঞ্জয়! তবেদৃশং বাক্যং স্বকীয়ং জয়ঞ্চ শৃণ্বতঃ, প্রত্যবায়ং

শত্রুতাপন ও মহারথ পাণ্ডবেরা দ্বৈরথযুদ্ধে ভয়ঙ্করভাবে ভীষ্মকর্ত্তৃক শ্বেতের বধ চিন্তা করিতে থাকিয়া বিষণ্ণচিত্ত হইয়া নিবৃত্তি পাইলেন' ॥১২১॥

———:*:———

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস সঞ্জয়! বিরাটসেনাপতি শ্বেত যুদ্ধে ভীষ্মকর্ত্তৃক নিহত হইলে, মহাধনুর্দ্ধর পাণ্ডবগণ ও পাঞ্চালগণ কি করিলেন? ॥১॥

(১২১)…ঘোরং কৌরবাণাং পরন্তপ!—বা। (৩)…প্রত্যুপায়ং চিন্তয়ন্তঃ সজ্জনাঃ প্রস্রবন্তি মে—রা নি।

স হি বীরোঽনুরক্তশ্চ বৃদ্ধঃ কুরুপতিস্তদা।
কৃতং বৈরং সদা তেন পিতুঃ পুত্রেণ ধীমতা ॥৪॥
তস্যোদ্বেগভয়াচ্চাপি সংশ্রিতঃ পাণ্ডবান্ পুরা।
সর্বং বলং পরিত্যজ্য দুর্গং সংশ্রিত্য তিষ্ঠতি ॥৫॥
পাণ্ডবানাং প্রতাপেন দুর্গদেশং প্রবিশ্য চ।
সপত্নশতসংবাধে সত্যেবং সমবস্থিতঃ ॥৬॥
আশ্চর্য্যং বৈ সদা তেষাং পুরা রাজ্ঞাং সুদুর্মতিঃ।
ততো যুধিষ্ঠিরে ভক্তঃ কথং সঞ্জয়! সূদিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

পাণ্ডবেষ্বাত্মনঃ পাপাচরণম্, চিন্তয়তোঽপি মে মনঃ, লজ্জাং নহি প্রাপ্নোতি, জয়শ্রবণজনিতা-নন্দেনাকুলীকৃতত্বাদিতি ভাবঃ ॥২—৩॥

শ্বেতেতিহাসমাহ চতুর্ভিঃ শ্লোকৈঃ। স ইতি। স বীরো বৃদ্ধশ্চ কুরুপতির্ভীষ্মঃ, তদা আদৌ, শ্বেতং প্রতি অনুরক্ত এবাসীৎ। কিন্তু পিতুর্বিরাটস্য ধীমতা পুত্রেণ শ্বেতেন, তেন কুরুপতিনা সহ সদা বৈরং কৃতম্, উত্তরগোগ্রহাৎ পরমিত্যাশয়ঃ ॥৪॥

তস্যেতি। তস্য ভীষ্মস্য, উদ্বেগেন শঙ্কয়া যুক্তং ভয়ম্ উদ্বেগভয়ং তস্মাৎ। মধ্যপদলোপী সমাসঃ। তিষ্ঠতি স্ম শ্বেত ইতি শেষঃ ॥৫॥

পাণ্ডবানামিতি। সপত্নশতসংবাধে বহুশত্রুপীড়াসম্ভবেঽপি ॥৬॥

দেখ সঞ্জয়! বিরাটসেনাপতি শ্বেত যুদ্ধে নিপাতিত হইয়াছেন এবং তাঁহার রক্ষার জন্য যত্নবান্ বিপক্ষেরা পলায়ন করিয়াছে এই বৃত্তান্ত শুনিয়া আমার মন প্রীতিই অনুভব করিতেছে, কিন্তু তোমার বাক্য ও জয়ের বৃত্তান্ত শুনায় পাণ্ডবগণের প্রতি নিজের অন্যায় আচরণ স্মরণ করিয়াও আমার মন লজ্জা পাইতেছে না ॥২—৩॥

বীর ও বৃদ্ধ ভীষ্ম প্রথমে শ্বেতের প্রতি অনুরক্তই ছিলেন; কিন্তু উত্তর-গোগ্রহের পর হইতে বিরাটপুত্র বুদ্ধিমান্ শ্বেত ভীষ্মের সহিত সর্ব্বদাই শত্রুতা করিতেন; (তাহাতেই ভীষ্ম শ্বেতের বিদ্বেষী হইয়াছিলেন) ॥৪॥

সুতরাং শ্বেত ভীষ্মের আশঙ্কায় ও ভয়ে পূর্বেই পাণ্ডবগণের আশ্রয় লইয়া-ছিলেন এবং নিজের সমস্ত সৈন্য ত্যাগ করিয়া দুর্গ অবলম্বন করিয়া থাকিতেন ॥৫॥

বহু শত্রুর আক্রমণসম্ভাবনা থাকিলেও শ্বেত দুর্গ আশ্রয় করিয়া পাণ্ডব-গণের প্রতাপে এযাবৎ সুস্থ ছিলেন ॥৬॥

(৪)…কৃতবৈরঃ…বা। (৬)…দুর্গং দেশং নিবেশ্য চ। সপত্নান্ সততং বাধন্নার্য্যবৃত্তিমনু-ষ্ঠিতঃ—রা নি। (৭) আশ্চর্য্যো বৈ…বা।

প্রক্ষিপ্তঃ সম্মতঃ ক্ষুদ্রঃ পুত্রো মে পুরুষাধমঃ।
ন যুদ্ধং রোচয়েদ্ভীষ্মো ন চাচার্য্যঃ কথঞ্চন ॥৮॥
ন কৃপো ন চ গান্ধারী নাহং সঞ্জয়! রোচয়ে।
ন বাসুদেবো বার্ষ্ণেয়ো ধর্ম্মরাজশ্চ পাণ্ডবঃ ॥৯॥
ন ভীমো নার্জ্জুনশ্চৈব ন যমৌ পুরুষর্ষভৌ।
বার্য্যমাণো ময়া নিত্যং গান্ধার্য্যা বিদুরেণ চ ॥১০॥
জামদগ্ন্যেন রামেণ ব্যাসেন চ মহাত্মনা।
দুর্য্যোধনো যুধ্যমানো নিত্যমেব হি সঞ্জয়! ॥১১॥
কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ পাপকৃৎ।
দুঃশাসনস্য চ তথা পাণ্ডবান্ নান্বচিন্তয়ৎ ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অথ দক্ষিণগোগ্রহপ্রবৃত্তেষু সুশর্ম্মাদিষু কীদৃশ আসীদিত্যাহ আশ্চর্য্যমিতি। পুরা তেষাং সুশর্ম্মাদীনাং রাজ্ঞাং সম্বন্ধে, আশ্চর্য্যং সাতিশয়মেব, সুদুর্মতিঃ অতীববৈরদূষিতবুদ্ধিরাসীৎ শ্বেতঃ; ততশ্চ দক্ষিণগোগ্রহযুদ্ধে পাণ্ডবৈর্জ্জয়লাভাৎ যুধিষ্ঠিরে ভক্তঃ অভবৎ। হে সঞ্জয়! কথং সুদিত ঈদৃশঃ সুদুর্দ্ধর্ষঃ শ্বেতঃ কথং নিপাতিতো ভীষ্মেণ ॥৭॥

ইদানীং দুর্য্যোধনমাক্ষিপতি প্রেতি। প্রক্ষিপ্তঃ অস্থিরমতিঃ, সম্মতঃ কর্ণাদীনাং প্রিয়ঃ, ক্ষুদ্রঃ অল্পবুদ্ধিঃ। আচার্য্যো দ্রোণঃ ॥৮॥

নেতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ ॥৯॥

নেতি। যমৌ নকুলসহদেবৌ। যুধ্যমানো ভবিতুমিচ্ছতীতি শেষঃ। আস্থায় অবলম্ব্য, সৌবলস্য শকুনেঃ। পাণ্ডবান্ পাণ্ডবানাং বীরত্বাদিগুণান্ ॥১০—১২॥

পূর্ব্বে (দক্ষিণগোগ্রহযুদ্ধে) সুশর্ম্মাদি রাজার উপরে শ্বেত অত্যন্তবিদ্বেষী ছিলেন; পরে যুধিষ্ঠিরের অনুরক্ত হইয়াছিলেন। সঞ্জয়! এ হেন শ্বেতকে ভীষ্ম কি করিয়া নিপাতিত করিলেন! ॥৭॥

আমার পুত্র পুরুষাধম দুর্য্যোধনটা অস্থিরবুদ্ধি, কর্ণপ্রভৃতির প্রিয় এবং অল্পবুদ্ধি। কেন না, সঞ্জয়! ভীষ্ম বা দ্রোণ কোন প্রকারেই যুদ্ধ করা ভাল মনে করেন নাই ॥৮॥

আর কৃপাচার্য্য, গান্ধারী, আমি, বৃষ্ণিবংশীয় কৃষ্ণ এবং ধর্ম্মরাজ যুধিষ্ঠির, আমাদেরও যুদ্ধ করার ইচ্ছা ছিল না ॥৯॥

তা'র পর ভীম, অর্জ্জুন, নকুল, এবং সহদেবও যুদ্ধ করিবার ইচ্ছা করেন নাই। বরং, আমি, গান্ধারী, বিদুর, জমদগ্নিনন্দন পরশুরাম ও মহাত্মা বেদব্যাস,

তস্যাহং ব্যসনং ঘোরং মন্যে প্রাপ্তন্তু সঞ্জয় ! ।
শ্বেতস্য চ বিনাশেন ভীষ্মস্য বিজয়েন চ ॥১৩॥
সংক্রুদ্ধঃ কৃষ্ণসহিতঃ পার্থঃ কিমকরোদ্‌যুধি ।
অর্জ্জুনাদ্ধি ভয়ং ভূয়স্তন্মে তাত ! ন শাম্যতি ॥১৪॥
স হি শূরশ্চ কৌন্তেয়ঃ ক্ষিপ্রকারী ধনঞ্জয়ঃ ।
মন্যে শরৈঃ শরীরাণি শত্রূণাং প্রমথিষ্যতি ॥১৫॥
ঐন্দ্রিমিন্দ্রানুজসমং মহেন্দ্রসদৃশং বলে ।
অমোঘক্রোধসঙ্কল্পং দৃষ্ট্বা বঃ কিমভূন্মনঃ ॥১৬॥
তথৈব বেদবিচ্ছূরো জ্বলনার্কসমদ্যুতিঃ ।
ইন্দ্রাস্ত্রবিদমেয়াত্মা প্রপতন্ সমিতিঞ্জয়ঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তস্যেতি। ব্যসনং বিপদম্। প্রাপ্তমুপস্থিতম্ ॥১৩॥

সংক্রুদ্ধ ইতি। পার্থোঽর্জ্জুনঃ। ভূয়ো বহুলম্ ॥১৪॥

স ইতি। ক্ষিপ্রকারী দ্রুতাস্ত্রক্ষেপী। প্রমথিষ্যতি আলোড়য়িষ্যতি ॥১৫॥

ঐন্দ্রিমিতি। হে সঞ্জয়! ইন্দ্রানুজঃ কৃষ্ণস্তৎসমম্, বলেমহেন্দ্রসদৃশম্, অমোঘৌ অব্যর্থৌ ক্রোধসঙ্কল্পৌ যস্য তম্, ঐন্দ্রিম্ ইন্দ্রপুত্রমর্জ্জুনং দৃষ্ট্বা, বো যুষ্মাকম্, মনঃ, কিং কীদৃশমভূৎ। বিষাদবিকলমেবাভূদিতি ভাবঃ ॥১৬॥

তথেতি। জ্বলনার্কসমদ্যুতিঃ অগ্নিসূর্য্যতুল্যতেজাঃ। প্রপতন্ গচ্ছন্নেব, সমিতিঞ্জয়ো যুদ্ধজেতা ॥১৭॥

আমরা সর্ব্বদাই যুদ্ধ করিতে বারণ করিয়াছি ; তথাপি পাপকারী দুর্য্যোধন—কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতানুবর্ত্তী হইয়া সর্ব্বদা যুদ্ধ করিবারই ইচ্ছা করে ; কিন্তু সঞ্জয় ! পাণ্ডবগণের বীরত্বপ্রভৃতিগুণ স্মরণ করে না ॥১০—১২॥

অথ চ সঞ্জয় ! শ্বেতের বিনাশে ও ভীষ্মের জয়ে দুর্য্যোধনের ভয়ঙ্কর বিপদই উপস্থিত হইয়াছে বলিয়া আমি মনে করি ॥১৩॥

কৃষ্ণের সহিত মিলিত অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে কি করিয়াছিলেন ? বৎস ! সঞ্জয় ! অর্জ্জুন হইতে আমার যে গুরুতর ভয় আছে, তাহা কিছুতেই নিবৃত্তি পায় না ॥১৪॥

কারণ, কুন্তীনন্দন অর্জ্জুন বীর ও ক্ষিপ্রকারী। সুতরাং আমি মনে করি—তিনি বাণদ্বারা শত্রুপক্ষের শরীরগুলিকে মন্থন করিয়া থাকিবেন ॥১৫॥

সঞ্জয় ! বুদ্ধিতে কৃষ্ণের তুল্য, বলে ইন্দ্রের সমান এবং অব্যর্থক্রোধ ও অব্যর্থসঙ্কল্প অর্জ্জুনকে দেখিয়া তোমাদের মন কিরূপ হইয়াছিল ? ॥১৬॥

বজ্রসংস্পর্শরূপাণামস্ত্রাণাঞ্চ প্রযোজকঃ।
স খড়্গাক্ষেপহস্তস্তু ঘোষং চক্রে মহারথঃ ॥১৮॥
স সঞ্জয়! মহাপ্রাজ্ঞো দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নঃ কিমকরোচ্ছ্বেতে যুধি নিপাতিতে ॥১৯॥
পুরা চৈবাপরাধেন বধেন চ চমূপতেঃ।
মন্যে মনঃ প্রজজ্বাল পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥২০॥
তেষাং ক্রোধং চিন্তয়ংস্তু অহঃসু চ নিশাসু চ।
ন শান্তিমধিগচ্ছামি দুর্য্যোধনকৃতেন হি।
কথঞ্চাভূন্মহাযুদ্ধং সর্ব্বমাচক্ষ্ব সঞ্জয়! ॥২১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! স্থিরো ভূত্বা তবাপনয়নো মহান্।
ন চ দুর্য্যোধনে দোষমিমমাধাতুমর্হসি ॥২২॥

ভারতকৌমুদী

বজ্রেতি। প্রযোজকো নিক্ষেপকঃ। খড়্গাক্ষেপে অসেরাকর্ষণে হস্তো যস্য সঃ ॥১৮॥
স ইতি। কিমকরোৎ, কৌরবাণামাক্রমণমেবাকরোদিত্যাশয়ঃ ॥১৯॥
পুরেতি। অপরাধেন বিবদানাদিনানাত্যাচারেণ। চমূপতেঃ শ্বেতস্য ॥২০॥
তেষামিতি। দুর্য্যোধনস্য কৃতেন কার্য্যেণ। কথং কীদৃশম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

বেদবিৎ, বীর, অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী, ঐন্দ্রাস্ত্রজ্ঞ ও অজ্ঞেয়শক্তি অর্জুন যুদ্ধে যাইয়াই জয় করিয়া থাকেন ॥১৭॥

আর মহারথ অর্জুন বজ্রের তুল্য অস্ত্র নিক্ষেপ করেন এবং তরবারি আকর্ষণ করিয়াই সিংহনাদ করিয়া থাকেন ॥১৮॥

সঞ্জয়! যুদ্ধে শ্বেত নিপাতিত হইলে দ্রুপদরাজার পুত্র মহাপ্রাজ্ঞ ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন কি করিয়াছিলেন? ॥১৯॥

আমি মনে করি—আমাদের পূর্ব্বকৃত অপরাধে ও সেনাপতি শ্বেতের বধে মহাত্মা পাণ্ডবগণের মন ক্রোধে জ্বলিয়া উঠিয়াছিল ॥২০॥

দুর্য্যোধনের ব্যবহারে পাণ্ডবগণের যে ক্রোধ জন্মিয়াছে, তাহা চিন্তা করিয়া আমি দিনে বা রাত্রিতে কোন সময়েই শান্তি পাইতেছি না। সে যাহা হউক, সঞ্জয়! কিরূপ মহাযুদ্ধ হইয়াছিল, তাহার বৃত্তান্ত সকল বল' ॥২১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! স্থির হইয়া শ্রবণ করুন। আপনারই ত গুরুতর দুর্নীতি। সুতরাং আপনি দুর্য্যোধনের উপরে এ দোষের আরোপ করিতে পারেন না ॥২২॥

গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃঙ্ মতিস্তব।
সন্দীপ্তে ভবনে যদ্বৎ কূপস্য খননং তথা ॥২৩॥
গতপূর্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
তাবকানাং পরেষাঞ্চ পুনর্যুদ্ধমবর্ত্তত ॥২৪॥
শ্বেতন্তু নিহতং দৃষ্ট্বা বিরাটস্য চমূপতিম্।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥২৫॥
শঙ্খঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥২৬॥
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং যুধি।
মহতা রথসংঘেন সমন্তাৎ পরিরক্ষিতঃ ॥২৭॥ (বিশেষকম্)
সৃজন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥২৮॥
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজং পরীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥২৯॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। অপনয়নঃ অত্যাচারঃ। পুংস্ত্বমার্ষম্। আধাতুমারোপয়িতুম্ ॥২২॥

গতেতি। গতোদকে খাতে। সন্দীপ্তে অগ্নিনা দগ্ধে, তদগ্নিনির্বাপণার্থং খননম্ ॥২৩॥

গতেতি। গতঃ পূর্বাহ্নস্য ভূয়িষ্ঠো বহুলাংশো যস্য তস্মিন্ ॥২৪॥

শ্বেতমিতি। অমীষাং শ্লোকানাং সপ্তচত্বারিংশাধ্যায়গতেদৃশশ্লোকানামৈক্যকাল্পনীকত্বেঽপি ব্যক্তিভেদবিষয়ত্বান্ন পুনরুক্তিদোষঃ। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম। শঙ্খোঽপি বিরাটপুত্র এব। হব্যবাট্ অগ্নিঃ। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু ॥২৫—২৭॥

মহারাজ! জল চলিয়া গেলে যেমন খালে সেতুবন্ধনের বুদ্ধি এবং গৃহ দগ্ধ হইয়া গেলে পর যেমন সেই অগ্নিনির্ব্বাপণের জন্য কূপখননের ইচ্ছা, এখন আপনার এ বুদ্ধিও সেইরূপই ॥২৩॥

সে যাহা হউক, সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বাহ্নের অধিক অংশ অতীত হইলে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয়গণের পুনরায় যুদ্ধারম্ভ হইল ॥২৪॥

বিরাটরাজার সেনাপতি শ্বেতকে নিহত দেখিয়া এবং শল্যরাজাকে কৃতবর্ম্মার সহিত একরথে অবস্থিত লক্ষ্য করিয়া—ঘৃতদ্বারা অগ্নির ন্যায় শঙ্খ ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং বলবান্ শঙ্খ ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনু বিস্ফারিত করিয়া সকল দিকে বিশাল রথিসমূহে পরিরক্ষিত হইয়া যুদ্ধে মদ্ররাজ শল্যকে বধ করিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেন ॥২৫—২৭॥

বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্! পুত্রঃ শল্যস্য মানিতঃ ॥৩০॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥৩১॥ (কলাপকম্)
নানাধাতুবিচিত্রাণি কার্ম্মুকাণি মহাত্মনাম্।
বিস্ফারিতান্যদৃশ্যন্ত তোয়দেষ্বিব বিদ্যুতঃ ॥৩২॥
তে তু বাণময়ং বর্ষং শঙ্খমূর্দ্ধ্ন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥৩৩॥
ততঃ ক্রুদ্ধো মহেম্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য ননর্দ্দ পৃতনাপতিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সৃজন্নিতি। সৃজন্ নিক্ষিপন্। মত্তবারণবিক্রমং মত্তহস্তিতুল্যপরাক্রমম্। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। মাগধো মগধরাজঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, কাম্বোজঃ কম্বোজরাজঃ। দায়াদঃ পুত্রঃ, সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥২৮—৩১॥

নানেতি। নানাধাতুবিচিত্রাণি স্বর্ণাদিবহুধাতুখচিতানি। তোয়দেষু মেঘেষু ॥৩২॥

ত ইতি। নিদাঘান্তে গ্রীষ্মাবসানে, অনিলোদ্ধূতা বায়ুচালিতাঃ, নগে পর্ব্বতে ॥৩৩॥

এবং শঙ্খ বাণবর্ষণ করিতে থাকিয়া শল্যের রথের দিকে গমন করিতে লাগিলেন। রাজা! তখন কোশলরাজ বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, সম্মানী শল্যের পুত্র রুক্মরথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কম্বোজরাজ সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ, আপনার পক্ষের এই সাত জন রথী মত্ত হস্তীর তুল্য বিক্রমশালী শঙ্খকে আসিতে দেখিয়া, মৃত্যুর দন্তের ভিতরে প্রবিষ্টের ন্যায় অবস্থিত মদ্ররাজ শল্যকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া, সকল দিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিলেন ॥২৮—৩১॥

সেই সময়ে আমরা দেখিলাম—মেঘের উপরে যেমন বিদ্যুৎ প্রকাশ পায়, সেইরূপ সেই মহাত্মাদের হাতে নানাধাতুখচিত ধনু সকল বিস্ফারিত হইয়াছে ॥৩২॥

তাহার পর গ্রীষ্মাবসানে বায়ুচালিত মেঘ সকল যেমন পর্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ সেই সাত জন রথী শঙ্খের মস্তকের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৩৩॥

(৩৩)···মেঘা ইব নভোজলম্—বা।

ততো ভীষ্মো মহাবাহুর্বিনদ্য জলদো যথা।
তালমাত্রং ধনুর্গৃহ্য শঙ্খমভ্যদ্রবদ্রণে ॥৩৫॥
তমুদ্যন্তমুদীক্ষ্যাথ মহেষ্বাসং মহাবলম্।
সন্ত্রস্তা পাণ্ডবী সেনা বাতবেগহতেব নৌঃ ॥৩৬॥
তত্রার্জ্জুনঃ সংত্বরিতঃ শঙ্খস্যাসীৎ পুরঃসরঃ।
ভীষ্মাদ্রক্ষ্যোঽয়মদ্যেতি তত্র যুদ্ধমবর্ত্তত ॥৩৭॥
হাহাকারো মহানাসীদ্ যোধানাং যুধি যুধ্যতাম্।
তেজস্তেজসি সংপৃক্তমিত্যেবং বিস্ময়ং যযুঃ ॥৩৮॥
অথ শল্যো গদাপাণিরবতীর্য্য মহারথাৎ।
শঙ্খস্য চতুরো বাহানবধীদ্ভরতর্ষভ! ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তেষাং সপ্তানামেব, আচ্ছিদ্য সম্যক্ ছিত্ত্বা, পৃতনাপতিঃ শঙ্খঃ ॥৩৪॥
তত ইতি। তালমাত্রং তালতরুপ্রমাণং বৃহৎ, গৃহ্য গৃহীত্বা ॥৩৫॥
তমিতি। উদ্যন্তং যুদ্ধায়োদ্যতম্, উদীক্ষ্য দৃষ্ট্বা। নৌস্তরিঃ ॥৩৬॥
তত্রেতি। পুরঃসরঃ অগ্রবর্ত্তী। ইতি মনসি বিভাব্যেতি শেষঃ ॥৩৭॥
হাহেতি। যোধানামুভয়পক্ষীয়াণামেব। সংপৃক্তং সম্মিলিতম্ ॥৩৮॥
অথেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, বাহান্ অশ্বান্ ॥৩৯॥

তাহার পর মহাধনুর্দ্ধর শঙ্খ ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত সাতটা ভল্লদ্বারা তাঁহাদের সাত জনেরই সাতখানা ধনু ছেদন করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥৩৪॥

তৎপরে মহাবাহু ভীষ্ম মেঘের ন্যায় গর্জন করিয়া তালবৃক্ষপ্রমাণ বিশাল ধনু ধারণপূর্ব্বক শঙ্খের প্রতি যুদ্ধে ধাবিত হইলেন ॥৩৫॥

তদনন্তর মহাধনুর্দ্ধর ও মহাবল ভীষ্মকে যুদ্ধে উদ্যত দেখিয়া পাণ্ডবসেনা বায়ুবেগতাড়িতা নৌকার ন্যায় ভীত হইয়া পড়িল ॥৩৬॥

'আজ ভীষ্ম হইতে শঙ্খকে রক্ষা করিতে হইবে' ইহা মনে করিয়া অর্জ্জুন তখন সত্বর যাইয়া শঙ্খের অগ্রবর্ত্তী হইলেন। সেই সময়ে যুদ্ধারম্ভ হইল ॥৩৭॥

এই সময়ে সমরাঙ্গনে যুধ্যমান যোদ্ধৃগণের অত্যন্ত হাহাকার উপস্থিত হইল এবং 'একটা তেজ অপর তেজে মিলিত হইয়াছে' ভাবিয়া তাহারা বিস্ময়াপন্ন হইল ॥৩৮॥

---

(৩৭) ততোঽর্জ্জুনঃ···ততো যুদ্ধম্·রা নি। (৩৯)···বাহানহনৎ···রা নি।

স হতাশ্বাদ্রথাত্তূর্ণং খড়্গমাদায় বিদ্রুতঃ।
বীভৎসোশ্চ রথং প্রাপ্য পুনঃ শান্তিমবিন্দত ॥৪০॥
ততো ভীষ্মরথাত্তূর্ণমুৎপতন্তি পতত্রিণঃ।
যৈরন্তরীক্ষং ভূমিশ্চ সর্বতঃ সমবস্তৃতা ॥৪১॥
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ কেকয়াংশ্চ প্রভদ্রকান্।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ পাতয়ামাস পত্রিভিঃ ॥৪২॥
উৎসৃজ্য সমরে রাজন্! পাণ্ডবং সব্যসাচিনম্।
অভ্যদ্রবত পাঞ্চাল্যং দ্রুপদং সেনয়া বৃতম্ ॥৪৩॥
প্রিয়সম্বন্ধিনং রাজন্! শরাংশ্চ বিকিরন্ বহূন্।
অগ্নিনেব প্রদগ্ধানি বনানি শিশিরাত্যয়ে ॥৪৪॥
শরদগ্ধান্যদৃশ্যন্ত সৈন্যানি দ্রুপদস্য হ।
অত্যতিষ্ঠদ্রণে ভীষ্মো বিধূম ইব পাবকঃ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

স ইতি। স শঙ্খঃ। বিদ্রুতো গতঃ সন্। বীভৎসোরর্জ্জুনস্য ॥৪০॥

তত ইতি। উৎপতন্তি উড্ডয়ন্তে স্ম, পতত্রিণো বাণাঃ। সমবস্তৃতা ব্যাপ্তা ॥৪১॥

পাঞ্চালানিতি। প্রহরতাং যোদ্ধৄণাম্। পত্রিভির্বাণৈঃ ॥৪২॥

উদিতি। অভ্যদ্রবত অভ্যধাবৎ। প্রিয়সম্বন্ধিনং দ্রৌপদ্যাঃ পিতৃত্বাৎ। বিকিরন্ নিক্ষিপন্। শিশিরাত্যয়ে শীতাপগমে। অত্যতিষ্ঠৎ অতিশয়েন স্থিতঃ ॥৪৩—৪৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শল্য গদা ধারণ করিয়া রথ হইতে নামিয়া যাইয়া শঙ্খের চারিটা অশ্বকেই বধ করিলেন ॥৩৯॥

তখন শঙ্খ তরবারি ধারণ করিয়া হতাশ্ব রথ হইতে সত্বর যাইয়া অর্জ্জুনের রথে উঠিয়া পুনরায় শান্তি লাভ করিলেন ॥৪০॥

তাহার পর ভীষ্মের রথ হইতে সত্বর সত্বর বাণ সকল উড়িতে লাগিল; যে বাণগুলি যাইয়া আকাশ ও পৃথিবীকে সকল দিকে ব্যাপ্ত করিয়াছিল ॥৪১॥

তদনন্তর যোদ্ধৃশ্রেষ্ঠ ভীষ্ম বাণদ্বারা পাঞ্চাল, মৎস্য, কেকয় ও প্রভদ্রক-দেশীয় সৈন্যগণকে নিপাত করিতে লাগিলেন ॥৪২॥

রাজা! তখন তিনি যুদ্ধে পাণ্ডুনন্দন অর্জ্জুনকে পরিত্যাগ করিয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে থাকিয়া সৈন্যে পরিবেষ্টিত প্রিয়সম্বন্ধী পাঞ্চালরাজ

(৪০) স হতাশ্বো রথাৎ…ততঃ শান্তিম্…পি বা। (৪৪) প্রিয়ং সম্বন্ধিনং রাজন্! শরানবকিরন্ বহূন্…রা নি।

মধ্যন্দিনে যথাদিত্যং তপন্তমিব তেজসা।
ন শেকুঃ পাণ্ডবেয়স্য যোধা ভীষ্মং নিরীক্ষিতুম্ ॥৪৬॥
বীক্ষাঞ্চক্রুঃ সমন্তাত্তে পাণ্ডবা ভয়পীড়িতাঃ।
ত্রাতারং নাভ্যপদ্যন্ত গাবঃ শীতার্দ্দিতা ইব ॥৪৭॥
সা তু যৌধিষ্ঠিরী সেনা গাঙ্গেয়শরপীড়িতা।
সিংহেনেব বিনির্ভিন্না শুক্লা গৌরিব গোপতে! ॥৪৮॥
হতে বিপ্রদ্রুতে সৈন্যে নিরুৎসাহে বিমর্দ্দিতে।
হাহাকারো মহানাসীৎ পাণ্ডুসৈন্যেষু ভারত! ॥৪৯॥
ততো ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকার্ম্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব ॥৫০॥

ভারতকৌমুদী

মধ্যন্দিন ইতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। পাণ্ডবেয়স্য যুধিষ্ঠিরস্য ॥৪৬॥

বীক্ষামিতি। বীক্ষাঞ্চক্রুর্দদৃশুঃ, সমন্তাৎ সর্বাসু দিক্ষু। ত্রাতারং রক্ষকম্ ॥৪৭॥

সেতি। বিনির্ভিন্না সংঘাদ্বিশ্লেষিতা, শুক্লত্বানেন তস্যাঃ সেনায়া অপি শুক্লপরিচ্ছদাদিমত্ত্বং সূচিতম্, একেবশব্দঃ সম্ভাবনয়াম্, হে গোপতে! পৃথিবীপতে! ॥৪৮॥

হত ইতি। বিপ্রদ্রুতে পলায়িতে, সৈন্যে পাণ্ডবসেনায়াম্ ॥৪৯॥

দ্রুপদের দিকে ধাবিত হইলেন। রাজা! ক্রমশঃ বসন্তকালে অগ্নিদগ্ধ বনের ন্যায় দ্রুপদের সৈন্যগণকে ভীষ্মের বাণে দগ্ধ হইতে দেখা গেল। পরে ধূমশূন্য অগ্নির ন্যায় ভীষ্ম সমরাঙ্গনে দৃঢ়ভাবে অবস্থান করিতে লাগিলেন ॥৪৩—৪৫॥

ক্রমশঃ পাণ্ডবসৈন্যেরা মধ্যাহ্নকালীন তেজোদীপ্ত সূর্য্যের ন্যায় ভীষ্মের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৪৬॥

তৎকালে ভয়পীড়িত সেই পাণ্ডবসৈন্যেরা সকল দিকে দৃষ্টিপাত করিতে লাগিল, কিন্তু শীতার্ত্ত গোগণের ন্যায় কাহাকেও রক্ষক পাইল না ॥৪৭॥

রাজা! সিংহ যেমন শুভ্রবর্ণ গোসমূহকে যূথচ্যুত করে, সেইরূপ ভীষ্মের শর সকল যুধিষ্ঠিরের সেই সৈন্যকে পীড়িত করিয়া সংঘচ্যুত করিল ॥৪৮॥

ভরতনন্দন! অনেক সৈন্য নিহত, পলায়িত, নিরুৎসাহ ও বিমর্দ্দিত হইলে, পাণ্ডবসেনার মধ্যে গুরুতর হাহাকার উত্থিত হইল ॥৪৯॥

তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম সর্বদা ধনুখানাকে মণ্ডলাকার করিয়া তীক্ষ্ণ-বিষ সর্পের তুল্য উজ্জ্বলমুখ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫০॥

(৪৭)…ত্রাতারং নাধ্যগচ্ছন্ত…রা নি। (৪৮) অয়ং শ্লোকঃ পি নাস্তি। (৪৯) হতবিপ্রদ্রুতে…পি।

শরৈরেকায়নীকুর্বন্ দিশঃ সর্বা যতব্রতঃ।
জঘান পাণ্ডবরথানাদিশ্যাদিশ্য ভারত ! ॥৫১॥
ততঃ সৈন্যেষু ভগ্নেষু মথিতেষু চ সর্ব্বশঃ।
প্রাপ্তে চাস্তং দিনকরে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫২॥
ভীষ্মঞ্চ সমুদীর্য্যন্তং দৃষ্ট্বা পার্থা মহাহবে।
অবহারমকুর্বন্ত সৈন্যানাং ভরতর্ষভ ! ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে শঙ্খযুদ্ধে প্রথমদিবসাবহারে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তত ইতি। মণ্ডলং গোলাকারং কার্ম্মুকং যস্য সঃ। আশীবিষান্ তীক্ষ্ণবিষান্ ॥৫০॥

শরৈরিতি। একায়নীকুর্ব্বন্ একমাত্রপথীকুর্ব্বন্। যতব্রতশ্চিরব্রহ্মচর্য্যব্রতো ভীষ্মঃ। আদিশ্য আদিশ্য 'যমালয়ং যাহি' ইত্যেবমাজ্ঞাপ্যাজ্ঞাপ্য ॥৫১॥

তত ইতি। ভগ্নেষু সংঘবিচ্যুতেষু। কিঞ্চন ন প্রাজ্ঞায়ত অন্ধকারাবরণাৎ ॥৫২॥

ভীষ্মমিতি। সমুদীর্য্যন্তং শত্রুবিনাশায়োদ্যন্তম্। অবহারং যুদ্ধবিরামম্ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শ্বেত ইতি ॥১—৫০॥ একায়নীকুর্ব্বন্ একমার্গাঃ কুর্ব্বন্ ॥৫১—৫৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

ভরতনন্দন ! চিরসংযমী ভীষ্ম সমস্ত দিঙ্মণ্ডলকেই নিজবাণের একমাত্র পথ করিয়া আদেশ দিয়া দিয়া পাণ্ডবপক্ষের রথিগণকে বধ করিতে লাগিলেন ॥৫১॥

তৎপরে সমগ্র পাণ্ডবসৈন্য সংঘচ্যুত ও আলোড়িত হইলে এবং সূর্য্য অস্ত গেলে, অন্ধকার উপস্থিত হওয়ায় কিছুই জানা গেল না ॥৫২॥

ভরতশ্রেষ্ঠ ! তখন পাণ্ডবগণ ভীষ্মকে মহাযুদ্ধে স্বপক্ষবিনাশে সমুদ্যত দেখিয়া আপন সৈন্যদিগকে যুদ্ধ হইতে বিরত করিলেন' ॥৫৩॥

---

(৫২)···মথিতেষু চ ভারত !···পি।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

কৃতেঽবহারে সৈন্যানাং প্রথমে ভরতর্ষভ ! ।
ভীষ্মে চ যুদ্ধসংরব্ধে হৃষ্টে দুর্য্যোধনে তথা ॥১॥
ধর্ম্মরাজস্ততস্তূর্ণমভিগম্য জনার্দ্দনম্।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্বৈঃ সর্বৈশ্চৈব জনেশ্বরৈঃ ॥২॥
শুচা পরময়া যুক্তশ্চিন্তয়ানঃ পরাজয়ম্।
বাষ্ণেয়মব্রবীদ্রাজন্ ! দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্ ॥৩॥ (বিশেষকম্)
কৃষ্ণ ! পশ্য মহেষ্বাসং ভীষ্মং ভীমপরাক্রমম্।
শরৈর্দহন্তং সৈন্যং মে গ্রীষ্মে কক্ষমিবানলম্ ॥৪॥
কথমেনং মহাত্মানং শক্ষ্যামঃ প্রতিবীক্ষিতুম্।
লেলিহ্যমানং সৈন্যং মে হবিষ্মন্তমিবানলম্ ॥৫॥

ভারতকৌমুদী

কৃত ইতি। অবহারে যুদ্ধবিরামে, প্রথমে দিবসে। যুদ্ধায় সংরব্ধে মহোৎসাহিনি। জনেশ্বরৈ রাজভিঃ। চিন্তয়ানশ্চিন্তয়মানঃ। বাষ্ণেয়ং কৃষ্ণম্ ॥১—৩॥

কৃষ্ণেতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। কক্ষং তৃণরাশিং দহন্তম্ ॥৪॥

কথমিতি। লেলিহ্যমানং পুনঃ পুনর্গ্রসন্তম্। হবিষ্মন্তং ঘৃতযুক্তম্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ রাজা। সেই প্রথম দিনে সৈন্যগণকে যুদ্ধ হইতে বিরত করিলে, অথ চ ভীষ্ম যুদ্ধের জন্য বিশেষ উৎসাহী থাকিলে এবং দুর্য্যোধন আনন্দিত হইলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির নিজের পরাজয় ভাবিয়া অত্যন্ত শোকার্ত্ত হইয়া সকল ভ্রাতা ও সকল রাজার সহিত সত্বর কৃষ্ণের নিকট যাইয়া ভীষ্মের বিক্রমের বিষয় স্মরণ করিয়া কৃষ্ণকে বলিলেন—॥১—৩॥

'কৃষ্ণ। দেখ—গ্রীষ্মকালে অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ মহাধনুর্দ্ধর ও ভয়ঙ্কর পরাক্রমশালী ভীষ্ম বাণদ্বারা আমার সৈন্যগণকে দগ্ধ করিতেছেন ॥৪॥

ঘৃতাহুতিযুক্ত অগ্নির ন্যায় মহাবল ভীষ্ম আমার সৈন্যগণকে গ্রাস করিতেছেন, এ অবস্থায় আমরা কি করিয়া উঁহার প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ হইব ? ॥৫॥

এনং হি পুরুষব্যাঘ্রং ধনুষ্মন্তং মহাবলম্ ।
দৃষ্ট্বা বিপ্রদ্রুতং সৈন্যং সমরে মার্গণাহতম্ ॥৬॥
শক্যো জেতুং যমঃ ক্রুদ্ধো বজ্রপাণিশ্চ সংযুগে ।
বরুণঃ পাশভৃদ্বাপি কুবেরো বা গদাধরঃ ॥৭॥
ন তু ভীষ্মো মহাতেজাঃ শক্যো জেতুং মহাবলঃ ।
সোঽহমেবং গতে মগ্নো ভীষ্মাগাধজলেঽপ্লবে ॥৮॥
আত্মনো বুদ্ধিদৌর্বল্যাদ্ভীষ্মমাসাদ্য কেশব ! ।
বনং যাস্যামি বার্ষ্ণেয় ! শ্রেয়ো মে তত্র জীবিতুম্ ॥৯॥
ন ত্বিমান্ পৃথিবীপালান্ দাতুং ভীষ্মায় মৃত্যবে ।
ক্ষপয়িষ্যতি সেনাং মে কৃষ্ণ ! ভীষ্মো মহাস্ত্রবিৎ ॥১০॥

ভারতকৌমুদী

এনমিতি। বিপ্রদ্রুতং পলায়িতম্। মার্গণৈর্ভীষ্মস্যৈব শরৈরাহতম্ ॥৬॥
শক্য ইতি। বজ্রপাণিরিন্দ্রঃ, সংযুগে যুদ্ধে। পাশভৃৎ পাশধারী ॥৭॥
নেতি। ভীষ্ম এব অগাধজলং তস্মিন্, অপ্লবে ভেলকরহিতে ॥৮॥
আত্মন ইতি। বুদ্ধের্দৌর্বল্যাদল্পত্বাৎ, আসাদ্য যুদ্ধে প্রাপ্য তত্র পরাজয়াৎ ॥৯॥
নেতি। মৃত্যবে যমস্বরূপায়, দাতুং ন শ্রেয় ইত্যনুবৃত্তিঃ ॥১০॥

আমার অনেক সৈন্য যুদ্ধে ধনুর্দ্ধারী ও মহাবল এই পুরুষশ্রেষ্ঠকে দেখিয়া এবং উঁহার বাণে আহত হইয়া পলায়ন করিয়াছিল ॥৬॥

দেখ, যুদ্ধে ক্রুদ্ধ যমকে, বজ্রপাণি ইন্দ্রকে, পাশহস্ত বরুণকে এবং গদাধারী কুবেরকেও জয় করিতে পারা যায় ॥৭॥

কিন্তু মহাতেজা ও মহাবল ভীষ্মকে জয় করিতে পারা যায় না। সুতরাং এই অবস্থায় আমি ভেলাশূন্য ভীষ্মরূপ অগাধজলে মগ্ন হইলাম ॥৮॥

বৃষ্ণিনন্দন কৃষ্ণ ! আমি নিজের বুদ্ধির দোষে যুদ্ধে ভীষ্মের সহিত মিলিত হইয়া তাহাতে প্রথমেই পরাজিত হওয়ায় বনেই যাইব, সেখানে জীবন ধারণ করা বরং ভাল ॥৯॥

কিন্তু সাক্ষাৎ যমস্বরূপ ভীষ্মের হস্তে এই রাজগণকে সমর্পণ করা ভাল নহে। কেন না, কৃষ্ণ ! মহাস্ত্রবিৎ ভীষ্ম আমার সৈন্যগণকে একেবারে ক্ষয় করিয়া ফেলিবেন ॥১০॥

---

(৬) এতং হি পুরুষব্যাঘ্রম্·—রা নি। (৯)···শ্রেয়ো বা মে ন জীবিতম্—পি। (১০) ন ত্বেতান্···রা নি।

যথাঽনলং প্রজ্বলিতং পতঙ্গাঃ সমভিদ্রুতাঃ।
বিনাশায়োপগচ্ছন্তি তথা মে সৈনিকো জনঃ ॥১১॥
ক্ষয়ং নীতোঽস্মি বার্ষ্ণেয় ! রাজ্যহেতোঃ পরাক্রমী।
ভ্রাতরশ্চৈব মে বীরাঃ কর্শিতাঃ শরপীড়িতাঃ ॥১২॥
মৎকৃতে ভ্রাতৃহার্দ্দেন রাজ্যাদ্‌ভ্রষ্টাস্তথা সুখাৎ।
জীবিতং বহু মন্যেঽহং জীবিতং হ্যদ্য দুর্লভম্‌ ॥১৩॥
জীবিতস্য চ শেষেণ তপস্তপ্স্যামি দুশ্চরম্‌।
ন ঘাতয়িষ্যামি রণে মিত্রাণীমানি কেশব ! ॥১৪॥
রথান্‌ মে বহুসাহস্রান্‌ দিব্যৈরস্ত্রৈর্মহাবলঃ।
ঘাতয়ত্যনিশং ভীষ্মঃ প্রবরাণাং প্রহারিণাম্‌ ॥১৫॥
কিন্নু কৃত্বা হিতং মে স্যাদ্‌ব্রূহি মাধব ! মা চিরম্‌।
মধ্যস্থমিব পশ্যামি সমরে সব্যসাচিনম্‌ ॥১৬॥

ভারতকৌমুদী

যথেতি। পতঙ্গাঃ শলভাঃ, সমভিদ্রুতা অতিসত্বরাঃ সন্তঃ ॥১১॥
ক্ষয়মিতি। নীতোঽস্মি ভীষ্মেণ। পরাক্রমী সন্নপ্যহম্‌ ॥১২॥
মদিতি। মৎকৃতে মন্নিমিত্তে, ভ্রাতৃহার্দ্দেন ভ্রাতৃস্নেহেন, ভ্রষ্টা ভ্রাতরঃ ॥১৩॥
জীবিতস্যেতি। শেষেণ অবশিষ্টকালেন। ন ঘাতয়িষ্যামি ভীষ্মেণ ॥১৪॥
রথানিতি। প্রবরাণাং মে প্রহারিণাং যোধানাং রথান্‌। ঘাতয়তীতি স্বার্থে ইন্‌ ॥১৫॥

পতঙ্গসমূহ (ফড়িংগুলি) যেমন বিনাশের জন্যই প্রজ্বলিত অগ্নির মধ্যে যাইয়া দ্রুত পতিত হয়, সেইরূপ আমার সৈন্যেরা ভীষ্মের নিকটে যাইবে ॥১১॥

হায় ! কৃষ্ণ ! আমি পরাক্রমশালী হইয়াও রাজ্যের জন্য ক্ষয় প্রাপ্ত হইলাম এবং আমার বীর ভ্রাতারাও ভীষ্মের বাণে পীড়িত হইয়া কৃশ হইয়া গিয়াছেন ॥১২॥

আমার ভ্রাতারা ভ্রাতৃস্নেহবশতঃ আমার জন্যই রাজ্য ও সুখ হইতে ভ্রষ্ট হইয়াছেন। কিন্তু আমি উঁহাদের জীবনই বহু মনে করি, অথচ যুদ্ধে উঁহাদের জীবন দুর্লভ ॥১৩॥

কেশব ! আমি জীবনের অবশিষ্ট সময়ে দুষ্কর তপস্যাই করিব, কিন্তু যুদ্ধে এই মিত্রগণকে বিনাশ করাইব না ॥১৪॥

কারণ, মহাবল ভীষ্ম দিব্য অস্ত্রদ্বারা আমার প্রধান যোদ্ধৃগণের বহুসহস্র রথ সর্বদা বিনষ্ট করিবেন ॥১৫॥

---

(১১)···বিনাশায়ৈব···রা নি। (১৪) জীবিতস্য তু···পি।

একো ভীমঃ পরং শক্ত্যা যুধ্যত্যেষ মহাভুজঃ।
কেবলং বাহুবীর্য্যেণ ক্ষত্রধর্ম্মমনুস্মরন্ ॥১৭॥
গদয়া বীরঘাতিন্যা যথোৎসাহং মহামনাঃ।
করোত্যসুকরং কর্ম্ম রথাশ্বনরদন্তিষু ॥১৮॥
নালমেষ ক্ষয়ং কর্ত্তুং পরসৈন্যস্য মারিষ !।
আর্জবেনৈব যুদ্ধেন বীর ! বর্ষশতৈরপি ॥১৯॥
একোঽস্ত্রবিৎ সখা তেঽয়ং সোঽপ্যস্মান্ সমুপেক্ষতে।
নির্দহ্যমানান্ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥২০॥
দিব্যান্যস্ত্রাণি ভীষ্মস্য দ্রোণস্য চ মহাত্মনঃ।
ধক্ষ্যন্তি ক্ষত্রিয়ান্ সর্বান্ প্রযুক্তানি পুনঃ পুনঃ ॥২১॥

ভারতকৌমুদী

কিমিতি। মধ্যস্থমুদাসীনমিব পশ্যামি অকিঞ্চিৎকরণাৎ। সব্যসাচিনমর্জ্জুনম্ ॥১৬॥
এক ইতি। পরমুত্তমম্। কেবলং বাহুবীর্য্যেণ ন তু ধনুরাদিনা ॥১৭॥
গদয়েতি। অসুকরং দুষ্করং বহুবীরবধাদিকং কর্ম্ম ॥১৮॥
নেতি। নালং ন সমর্থঃ। হে মারিষ! আর্য্য!। আর্জবেনৈব সরলভাবেনৈব ॥১৯॥
এক ইতি। অস্ত্রবিৎ দেবাদীনাম্, সখা অর্জ্জুনঃ ॥২০॥
দিব্যানীতি। ধক্ষ্যন্তি দগ্ধান্ করিষ্যন্তি। প্রযুক্তানি নিক্ষিপ্তানি ॥২১॥

কৃষ্ণ! কি করিলে আমার মঙ্গল হইবে, তাহা তুমি সত্বর বল, বিলম্ব করিও না। আমি যুদ্ধে অর্জ্জুনকে উদাসীনের ন্যায় দেখিতেছি ॥১৬॥

একমাত্র এই মহাবাহু ভীমসেনই ক্ষত্রিয়ধর্ম্ম স্মরণ করিয়া কেবল বাহুবলে আপন শক্তি অনুসারে উত্তম যুদ্ধ করিতেছেন ॥১৭॥

এই মহাত্মা আপন উৎসাহ অনুসারে বীরঘাতিনী গদাদ্বারা বিপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিবিষয়ে দুষ্কর কার্য্য করিতেছেন ॥১৮॥

কিন্তু মাননীয় বীর! কেবল একাকী ইনি সরলভাবে যুদ্ধ করিয়া বহুশত বৎসরেও বিপক্ষসৈন্যের ক্ষয় করিতে সমর্থ হইবেন না ॥১৯॥

একমাত্র অস্ত্রজ্ঞ তোমার এই যে সখা (অর্জ্জুন) রহিয়াছেন, ইনিও আমাদিগকে উপেক্ষাই করিতেছেন; এদিকে মহাত্মা ভীষ্ম ও দ্রোণ নিঃশেষে দগ্ধ করিবার উপক্রম করিয়াছেন ॥২০॥

মহাত্মা ভীষ্ম ও দ্রোণকর্ত্তৃক বার বার নিক্ষিপ্ত দিব্য অস্ত্র সকল আমার পক্ষের সমস্ত ক্ষত্রিয়কে দগ্ধ করিয়া ফেলিবে ॥২১॥

(১৭)…যুধ্যত্যেব…রা নি। (১৮)…রথাশ্চ নরপঙ্‌ক্তিষু—নি।

কৃষ্ণ! ভীষ্মঃ সুসংরব্ধঃ সহিতঃ সর্বপার্থিবৈঃ।
ক্ষপয়িষ্যতি নো নূনং যাদৃশোঽস্য পরাক্রমঃ ॥২২॥
স ত্বং পশ্য মহাভাগ! যোগীশ্বর! মহারথম্।
ভীষ্মং যঃ শময়েৎ সংখ্যে দাবাগ্নিং জলদো যথা ॥২৩॥
তব প্রসাদাদ্‌গোবিন্দ! পাণ্ডবা নিহতদ্বিষঃ।
স্বরাজ্যমনুসম্প্রাপ্তা মোদিষ্যন্তে সবান্ধবাঃ ॥২৪॥
এবমুক্ত্বা ততঃ পার্থো ধ্যায়ন্নাস্তে মহামনাঃ।
চিরমন্তর্ম্মনা ভূত্বা শোকোপহতচেতনঃ ॥২৫॥
শোকার্ত্তং তমথো জ্ঞাত্বা দুঃখোপহতচেতসম্।
অব্রবীত্তত্র গোবিন্দো হর্ষয়ন্ সর্বপাণ্ডবান্ ॥২৬॥
মা শুচো ভরতশ্রেষ্ঠ! ন ত্বং শোচিতুমর্হসি।
যস্য তে ভ্রাতরঃ শূরাঃ সর্বলোকেষু ধন্বিনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

কৃষ্ণেতি। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ। নঃ অস্মান্ ॥২২॥
স ইতি। পশ্য অনুসন্ধেহি। শময়েৎ নিবারয়েৎ সংখ্যে যুদ্ধে ॥২৩॥
তবেতি। অনুসম্প্রাপ্তাঃ সন্তঃ ॥২৪॥
এবমিতি। পার্থো যুধিষ্ঠিরঃ। অন্তরন্তরস্থে বিষাদে মনো যস্য সঃ ॥২৫॥
শোকেতি। দুঃখোপহতচেতসং দুঃখাক্রান্তচিত্তম্ ॥২৬॥

কৃষ্ণ! ভীষ্মের যেরূপ পরাক্রম রহিয়াছে, তাহাতে উনি অত্যন্ত ক্রুদ্ধ ও সকল রাজার সহিত মিলিত হইয়া নিশ্চয়ই আমাদিগকে ধ্বংস করিবেন ॥২২॥

অতএব মহাভাগ যোগীশ্বর কৃষ্ণ! মেঘ যেমন দাবাগ্নিকে নিবারণ করে, সেইরূপ যিনি যুদ্ধে ভীষ্মকে নিবারণ করিতে পারিবেন, এমন মহারথের অনুসন্ধান কর ॥২৩॥

কৃষ্ণ! তোমার অনুগ্রহে পাণ্ডবেরা শত্রুসংহার ও আপন রাজ্য লাভ করিয়া বন্ধুবর্গের সহিত আমোদ অনুভব করিবেন ॥২৪॥

এইরূপ বলিয়া মহামনা যুধিষ্ঠির বিষণ্ণমনা ও শোকার্ত্তচিত্ত হইয়া দীর্ঘকাল উপবেশন করিয়া রহিলেন ॥২৫॥

তৎপরে কৃষ্ণ তাঁহাকে শোকার্ত্ত ও দুঃখিতচিত্ত জানিয়া সকল পাণ্ডবকে আনন্দিত করিতে থাকিয়া বলিতে লাগিলেন—॥২৬॥

(২৬) শোকার্ত্তং পাণ্ডবং দৃষ্ট্বা দুঃখেনাবৃতচেতসম্...পি।

অহঞ্চ প্রিয়কৃদ্রাজন্ ! সাত্যকিশ্চ মহারথঃ ।
বিরাটদ্রুপদৌ চেমৌ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥২৮॥
তথৈব সবলাশ্চেমে রাজানো রাজসত্তম ! ।
ত্বৎপ্রসাদং প্রতীক্ষন্তে ত্বদ্ভক্তাশ্চ বিশাংপতে ! ॥২৯॥
এষ তে পার্ষতো নিত্যং হিতকামঃ প্রিয়ে রতঃ ।
সৈনাপত্যমনুপ্রাপ্তো ধৃষ্টদ্যুম্নো মহাবলঃ ॥৩০॥
শিখণ্ডী চ মহাবাহো ! ভীষ্মস্য নিধনং কিল ।
এতচ্ছ্রুত্বা ততো রাজা ধৃষ্টদ্যুম্নং মহারথম্ ॥৩১॥
অব্রবীৎ সমিতৌ তস্যাং বাসুদেবস্য শৃণ্বতঃ ।
ধৃষ্টদ্যুম্ন ! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি মারিষ ! ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মেতি। মা শুচঃ শোকং ন কুরু। শোকাভাবে কারণমাহ যস্যেতি ॥২৭॥
অহমিতি। প্রিয়কৃদিতি বচনবিপরিণামেন সর্বত্রান্বয়ঃ ॥২৮॥
তথেতি। সবলাঃ সসৈন্যাঃ। তব প্রসাদমনুগ্রহম্ ॥২৯॥
এষ ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। সৈনাপত্যং সেনাপতিত্বম্ ॥৩০॥
শিখণ্ডীতি। নিধনং মরণকারণম্, কিলেত্যৈতিহ্যে। সমিতৌ সভায়াম্। হে মারিষ ! আর্য্য ! পত্ন্যা জ্যেষ্ঠত্বাদীদৃশং সম্বোধনম্ ॥৩১—৩২॥

'ভরতশ্রেষ্ঠ ! যাঁহার ভ্রাতারা বীর ও সমগ্র জগতে ধনুর্দ্ধর বলিয়া প্রসিদ্ধ, সেই আপনি শোক করিতে পারেন না। সুতরাং শোক করিবেন না ॥২৭॥

রাজা ! আমি, মহারথ সাত্যকি, এই বিরাট ও দ্রুপদ এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, আমরা সকলেই আপনার প্রিয়কারী ॥২৮॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ! সৈন্যগণের সহিত এই রাজারাও আপনার ভক্ত এবং আপনার অনুগ্রহের প্রতীক্ষা করেন ॥২৯॥

এই পৃষতনন্দন মহাবল ধৃষ্টদ্যুম্নও সর্ব্বদাই আপনার হিতৈষী ও প্রিয়কার্য্যে নিরত ; অথ চ ইনিই আপনার সেনাপতির পদ পাইয়াছেন ॥৩০॥

তা'র পর মহাবাহু ! আমরা শুনিয়াছি যে, শিখণ্ডীও ভীষ্মের মৃত্যুর কারণ হইবেন'। এই কথা শুনিয়া তাহার পর রাজা যুধিষ্ঠির সেই সভায় কৃষ্ণের সমক্ষে মহারথ ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'আর্য্য ধৃষ্টদ্যুম্ন ! আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ করুন ॥৩১—৩২॥

(২৮)…সাত্যকিশ্চ মহাবলঃ…পি। (২৯)…ত্বদ্ভক্তাশ্চ বিশেষতঃ—পি। (৩০) অয়ং তে…পি।

নাতিক্রম্যং ভবেত্তচ্চ বচনং মম ভাষিতম্।
ভবান্ সেনাপতির্মহ্যং বাসুদেবেন সম্মিতঃ ॥৩৩॥
কার্ত্তিকেয়ো যথা নিত্যং দেবানামভবৎ পুরা।
তথা ত্বমপি পাণ্ডূনাং সেনানীঃ পুরুষর্ষভ! ॥৩৪॥
স ত্বং পুরুষশার্দ্দূল! বিক্রম্য জহি কৌরবান্।
অহঞ্চ তেঽনুযাস্যামি ভীমঃ কৃষ্ণশ্চ মারিষ! ॥৩৫॥
মাদ্রীপুত্রৌ চ সহিতৌ দ্রৌপদেয়াশ্চ দংশিতাঃ।
যে চান্যে পৃথিবীপালাঃ প্রধানাঃ পুরুষর্ষভ! ॥৩৬॥
তত উদ্ধর্ষয়ন্ সর্বান্ ধৃষ্টদ্যুম্নোঽভ্যভাষত।
অহং দ্রোণান্তকঃ পার্থ! বিহিতঃ শম্ভুনা পুরা ॥৩৭॥
রণে ভীষ্মং কৃপং দ্রোণং তথা শল্যং জয়দ্রথম্।
সর্বানদ্য রণে দৃপ্তান্ প্রতিযোৎস্যামি পার্থিব! ॥৩৮॥

ভারতকৌমুদী

নেতি। মহ্যং মম, সম্মিতঃ সমানঃ ॥৩৩॥
কার্ত্তিকেয় ইতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্, সেনানীঃ সেনাপতিঃ ॥৩৪॥
স ইতি। পূর্ব্বযুদ্ধে অর্জ্জুনস্যৌদাসীন্যাদাক্ষেপেণ তদনুল্লেখঃ ॥৩৫॥
মাদ্রীতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ। অনুযাস্যন্তীতি বিপরিণামেনানুবৃত্তিঃ ॥৩৬॥
তত ইতি। উদ্ধর্ষয়ন্ অধিকমানন্দয়ন্। হে পার্থ! যুধিষ্ঠির! ॥৩৭॥
রণ ইতি। রণে সর্বস্মিন্নেব যুদ্ধ ইত্যপুনরুক্তিঃ, দৃপ্তান্ দর্পযুক্তান্ ॥৩৮॥

আমার সে বাক্য আপনি লঙ্ঘন করিবেন না। আপনি কৃষ্ণের তুল্য এবং আমার সেনাপতি হইয়াছেন ॥৩৩॥

পুরুষশ্রেষ্ঠ! পূর্বকালে কার্ত্তিক যেমন সর্ব্বদা দেবগণের সেনাপতি হইতেন, সেইরূপ আপনিও বর্ত্তমানে আমার সেনাপতি হইয়াছেন ॥৩৪॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! সেই আপনি কৌরবগণকে সংহার করুন। আর্য্য! আমি, ভীম ও কৃষ্ণ আমরা আপনার অনুগমন করিব ॥৩৫॥

পুরুষশ্রেষ্ঠ! সম্মিলিত নকুল ও সহদেব, যুদ্ধসজ্জায় সজ্জিত দ্রৌপদীর পুত্রগণ এবং অন্য যে সকল প্রধান প্রধান রাজা আছেন, তাঁহারা আপনার অনুসরণ করিবেন' ॥৩৬॥

তাহার পর ধৃষ্টদ্যুম্ন সকলকে আনন্দিত করতঃ বলিলেন—'পৃথানন্দন! পূর্ব্বকালে মহাদেব আমাকে দ্রোণহন্তা করিয়া সৃষ্টি করিয়াছেন ॥৩৭॥

(৩৮)…সর্ব্বানদ্য রণে দৃষ্ট্বা…পি।

অথোৎক্রুষ্টং মহেষ্বাসৈঃ পাণ্ডবৈর্যুদ্ধদুর্মদৈঃ।
সমুদ্যতে পার্থিবেন্দ্রে পার্ষতে শত্রুসূদনে ॥৩৯॥
তমব্রবীৎ পুনঃ পার্থঃ পার্ষতং পৃতনাপতিম্।
ব্যূহঃ ক্রৌঞ্চারুণো নাম সর্বশত্রুনিবর্হণঃ ॥৪০॥
যং বৃহস্পতিরিন্দ্রায় তদা দেবাসুরেঽব্রবীৎ।
তং যথাবৎ প্রতিব্যূহ পরানীকবিনাশনম্ ॥৪১॥
অদৃষ্টপূর্বং রাজানঃ পশ্যন্তু কুরুভিঃ সহ।
তথোক্তঃ স নৃদেবেন বিষ্ণুর্বজ্রভৃতা যথা ॥৪২॥
প্রভাতে সর্ব্বসৈন্যানামগ্রে চক্রে ধনঞ্জয়ম্।
আদিত্যপথগঃ কেতুস্তস্যাদ্ভুতমনোরমঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

অথেতি। উৎক্রুষ্টম্ আনন্দধ্বনিঃ কৃতঃ। সমুদ্যতে যুদ্ধায়, পার্ষতে ধৃষ্টদ্যুম্নে ॥৩৯॥
তমিতি। পার্থো যুধিষ্ঠিরঃ, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। ব্যূহঃ অস্তি ॥৪০॥
যমিতি। দেবাসুরে যুদ্ধে। প্রতিব্যূহ প্রতিব্যূহভাবেন রচয় ॥৪১॥
অদৃষ্টেতি। অদৃষ্টপূর্ব্বং ব্যূহম্। নৃদেবেন যুধিষ্ঠিরেণ ॥৪২॥
প্রভাত ইতি। চক্রে ধৃষ্টদ্যুম্নঃ স্থাপিতবান্। আদিত্যপথগঃ অত্যুচ্চ ইত্যর্থঃ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

কৃতেঽবহারে ইতি ॥১—৩॥ কক্ষং তৃণম্ ॥৪—৭॥ অপ্লবে উডুপশূন্যে ॥৮—১৮॥ আর্জ্জবেন অকুটিলেন দিব্যাস্ত্রমায়াহীনেন ॥১৯—২৪॥ অন্তর্মনাঃ বিমনাঃ ॥২৫—২৯॥ নিধনং

অতএব রাজা! যুদ্ধদর্পিত ভীষ্ম, দ্রোণ, কৃপ, শল্য ও জয়দ্রথ ইহাদের সকলের সহিতই আজ আমি সমরাঙ্গনে প্রতিপক্ষভাবে যুদ্ধ করিব ॥৩৮॥

তাহার পর ক্ষত্রিয়শ্রেষ্ঠ ও শত্রুদমন ধৃষ্টদ্যুম্ন যুদ্ধের জন্য উদ্যত হইলে মহাধনুর্দ্ধর ও যুদ্ধদুর্দ্ধর্ষ পাণ্ডবেরা উচ্চ আনন্দধ্বনি করিলেন ॥৩৯॥

পরে যুধিষ্ঠির পুনরায় সেনাপতি ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'সমস্ত শত্রুর পরাজয়কারী ক্রৌঞ্চারুণনামে একপ্রকার ব্যূহ আছে ॥৪০॥

দেবাসুরযুদ্ধের সময়ে বৃহস্পতি ইন্দ্রের নিকট যে ব্যূহের বিবরণ বলিয়াছিলেন, বিপক্ষসৈন্যবিনাশক সেই ব্যূহ যথানিয়মে রচনা করুন ॥৪১॥

কৌরবগণের সহিত আমাদের পক্ষীয় রাজারা সেই অদৃষ্টপূর্ব্ব ব্যূহ দর্শন করুন'। ইহার পরে ইন্দ্র যেমন বিষ্ণুর নিকট বলিয়াছিলেন, সেইরূপ রাজা যুধিষ্ঠির ক্রৌঞ্চারুণব্যূহের বিবরণ ধৃষ্টদ্যুম্নের নিকট বলিলেন ॥৪২॥

(৩৯)···শত্রুতাপনে—পি। (৪০)···ততঃ পার্থঃ···রা নি। (৪১)···প্রতিব্যূহম্···রা নি।